পরিষদ্ গ্রন্থাবলী—৬২শ

মিলিন্দপঞ্‌হো

মিলিন্দপ্রশ্ন

মূল পালি ও সটীক বঙ্গানুবাদ

প্রথম ভাগ দ্বিতীয় খণ্ডের

প্রথম অংশ

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য

শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের

আনুকূল্যে

বঙ্গীয় সাহিত্যপরিষদ্ হইতে

শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক

প্রকাশিত

বুদ্ধাব্দ ২৪৫৪, সন ১৩১৮

মূল্য ৸০

আদিব্রাহ্মসমাজ যন্ত্রে
শ্রীরণগোপাল চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত
৫৫নং আপারচিৎপুর রোড্, কলিকাতা

নিবেদন

দুই ভাগ ও চারি খণ্ডে সমস্ত গ্রন্থখানি প্রকাশ করিবার কথা ছিল, কিন্তু অতর্কিত কারণবিশেষে তাহা হইয়া উঠিল না; এবং বিলম্বও অত্যধিক হইয়া পড়িয়াছে। সম্প্রতি বাধ্য হইয়া প্রথম ভাগ দ্বিতীয় খণ্ডের প্রথম অংশ প্রকাশিত করিতে হইল। ইহার পরে দ্বিতীয় অংশ প্রকাশ করা হইবে। সমগ্র দ্বিতীয় খণ্ডের টীকা সেই সময়েই দেওয়া যাইবে। সম্পূর্ণ দুইখণ্ড অর্থাৎ মূলগ্রন্থের প্রথম ভাগ বাহির হইলে অবশিষ্ট ভাগ দুই খণ্ডে বাহির না করিয়া এক খণ্ডে করা হইবে, এবং তাহার মূল অংশ দেবনাগর-অক্ষরে মুদ্রিত হইবে।

কলিকাতা,
ফাল্গুনী পূর্ণিমা, ১৩১৮। }

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য।

সংশোধন ও সংযোজন

২১৯-৪, ৬ এগ্গং ;—২২০. ৭ আকড্ঢিয়ন্তস্স ;—২২৪. ২ উপ্পজ্জতি, ৯ বিসয়স্স ;—২২৫. ৪ উপ্পজ্জতি ; ১০ "কপ্পাসসুখুমে বা" ইহার পর সংযোজনীয়—কম্বলসুখুমে বা ;—২২৬. ১৩ এগ্গং ; ২২৭. ৩ পসারিতং, ৬ হোন্তীতি, ১১ কুম্ভি ;—২২৮. ১ কুম্ভিতো ;—২৩২. ১০ কপ্পকোটিসতসহস্সানি, ১১ বহুং ;—২৩৩. ৯ কপ্পকোটিসতসহস্সানি, ২০, ২৪ বহু শতসহস্রকোটি ;—২৩৭. ৫ -মনুপ্পত্তিয়া, ২৯ "নাগসেন" পদ হইবে না ;—২৩৮. ১২ পব্বাজেয্য ;—২৪১. ৫ বীতংসা, চন্দভাগা, ৮ গণীয়তি, ১০ ছত্তগাহকো ;—২৪২. ১ দিট্ঠধম্ম-, ৯, ১১ সুয়ন্তি ;—২৪৩. ৩ এই পঙ্‌ক্তি পরবর্ত্তী পঙ্‌ক্তির সহিত যোজনীয় ;—২৪৪. ১১ বহুলং ;—২৪৬. ৫ সণিকং, ৮, ৯ সণিকং ;—২৪৯. ২২, ২৫০. ৪০, ২৩, "হেতু উদ্‌ঘাটিত (অপাকৃত)" স্থানে "হেতুর উদ্‌ঘাত (উচ্ছেদ)" হইবে ;—২৬৬. ১৯ ঔপপাতিক ;—২৭৩-১৪ মহান্‌-অতিমহান্‌ ;—২৭৬. ৩ পক্‌খন্দিকা, ৪ সব্বং ; ২৭৭. ২০ "কুপ্যমান" স্থলে "কুপিত" হইবে ; অনুবাদের অন্যত্রও এইরূপ ;—২৮০. ১২ সো'পি, ১৪ "কোন" স্থানে "(কর্ম্মসমূহের)" হইবে,—২৮১. ১৩ কর্ম্মোৎপন্ন ;—২৮২. ৫ পুব্বে কতহেতূ'তি ;—২৮৫. ৮ বহুলং ;—২৯৫, ২১ মুদ্রিত অংশ কাটিয়া পঠনীয় :—'সাধু ভদন্ত নাগসেন, ইহা এইরূপই; আমি এইরূপই স্বীকার করিতেছি।—২৯৭. ৩ কুসলং ;—৩০১. ১১ হাসনিয়ং ;—৩০৫. ২০ পরিত্রসমূহ ;—৩০৬. ১৩ নালে, ১৮ পরিত্রসমূহ ;—৩০৭. ১৭ ভৈষজ্যসমূহের ;—৩০৮.৩ পাটয়মানো ;—৩১৪.২৫ "ব্রাহ্মণগৃহপতিযুক্ত পঞ্চশালক গ্রামে" স্থানে "পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতিগণের মধ্যে" হইবে।

মিলিন্দপঞ্হো

১৯। ‘ভন্তে, নাগসেন, বুদ্ধো সব্বঞ্ঞূ’তি ?’

‘আম মহারাজ, ভগবা সব্বঞ্ঞূ ; ন চ ভগবতো সততং সমিতং ঞাণদস্সনং পচ্চুপট্ঠিতং, আবজ্জনপটিবদ্ধং ভগবতো সব্বঞ্ঞুতঞ্ঞাণং ; আবজ্জিত্বা যদিচ্ছকং ৫ জানাতীতি।’

‘তেন হি ভন্তে নাগসেন, বুদ্ধো অসব্বঞ্ঞূ, যদি তস্স পরিয়েসনায় সব্বঞ্ঞুতঞ্ঞাণং হোতীতি।’

‘বাহসতং খো মহারাজ, বীহীনং অড্ঢচূলঞ্চ বাহা বীহি সত্তম্মণানি দ্বে চ তুম্বা

চতুর্থ পরিচ্ছেদ

১০ উভয় কোটিক প্রশ্ন

প্রথম বর্গ

(পূর্ব্বানুবৃত্ত)

বুদ্ধ কি সর্ব্বজ্ঞ ?

১৯। ‘ভদন্ত নাগসেন, বুদ্ধ কি সর্ব্বজ্ঞ ?’

১৫ ‘হাঁ মহারাজ, ভগবান্ সর্ব্বজ্ঞ ; কিন্তু তাঁহার জ্ঞান-দর্শন সতত অবিচ্ছেদে প্রত্যুপস্থিত থাকে না ; ভগবানের সর্ব্বজ্ঞত্ব-জ্ঞান তাঁহার ধ্যান-নিয়মিত, তিনি ধ্যান করিয়া যাহা ইচ্ছা জানিতে পারেন।’

‘ভদন্ত নাগসেন, যদি পর্য্যেষণা করিয়া বুদ্ধের সর্ব্বজ্ঞত্ব জ্ঞান হয়, তবে তিনি

২০ ‘মহারাজ (মনে করুন) এক শত গাড়ী ধান রহিয়াছে, এবং এক এক গাড়িতে

এক'চ্ছরকখণে পবত্তচিত্তস্স এত্তকা বীহিলকখং ঠপিযমানে পরিকখয়ং পরিয়াদানং গচ্ছেয্যুং ?

২০। 'তত্রি'মে সত্তবিধা চিত্তা পবত্তন্তি—যে তে মহারাজ, সরাগা সদোসা, সমোহা, সক্কিলেসা, অভাবিতকায়া, অভাবিতসীলা, অভাবিতচিত্তা, অভাবিত-
৫ পঞ্ঞা, তেসং তং চিত্তং গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি; কিঙ্কারণং ? অভাবিতত্তা চিত্তস্স। যথা মহারাজ, বংসনালস্স বিততস্স বিত্থিন্নস্স সংসিব্বিত-বিসিব্বিতস্স সাখাজটাজটিতস্স আকড্ঢিযন্তস্স গরুকং হোতি আগমনং দন্ধং, কিঙ্কারণং ? সংসিব্বিত-বিসিব্বিতত্তা সাখানং, এবমেব খো তে মহারাজ, যে সরাগা, সদোসা, সমোহা, সক্কিলেসা, অভাবিতকায়া, অভাবিতসীলা, অভাবিতচিত্তা, অভাবিত-
১০ পঞ্ঞা, তেসং তং চিত্তং গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি; কিঙ্কারণং ? সংসিব্বিত-বিসিব্বিতত্তা কিলেসেহি। ইদং পঠমং চিত্তং।

২১। 'তত্রি'দং দুতিয়ং চিত্তং বিভত্তিমাপজ্জতি—যে তে মহারাজ, সোতাপন্না, পিহিতাপায়া, দিট্ঠিপ্পত্তা, বিঞ্ঞাতসত্থুসাসনা তেসং তং চিত্তং তীসু ঠানেসু লহুকং

ধানের পরিমাণ সাত 'অম্মণ' ও দুই 'তুম্বা'; এখন কোন অভ্যাসক্তচিত্ত ব্যক্তি কি
১৫ এক নিমেষে পরীক্ষা করিয়া ঠিকরূপে বলিয়া দিতে পারে যে, এই স্থাপিত শকটে এত লক্ষ ধান আছে ?

২০। 'এখানে এই সপ্তবিধ চিত্ত প্রবৃত্ত হইয়া থাকে। যে সকল লোকেরা মহারাজ, সরাগ, সদ্বেষ, সমোহ সক্লেশ (ক্লেশ-লোভাদি), অভাবিতকায় (যাহারা শরীরের অবস্থানাদি বিষয়ে চিন্তা করে নাই), অভাবিতশীল, অভাবিতচিত্ত, ও অভাবিতপ্রজ্ঞ, তাঁহাদের চিত্ত (-বৃত্তি) গুরুপ্রযত্নে উৎপন্ন হয় ও ধীরে (কার্য্যে)
২০ প্রবৃত্ত হয়। কি জন্য ? যেহেতু চিত্তকে তাঁহারা ভাবিত করেন নাই। যেমন মহারাজ, (অপরাপর বংশ-শাখার সহিত) স্যূতানুস্যূত, শাখা-জটা-জড়িত, বিতত-বিস্তীর্ণ বিশাল বংশনাল গুরু প্রযত্নের দ্বারা ধীরে আকৃষ্ট হইয়া থাকে, সেইরূপ মহারাজ, যাঁহারা সরাগ, সদ্বেষ, সমোহ, সক্লেশ অভাবিতকায়, অভাবিতশীল, অভাবিতচিত্ত ও অভাবিতপ্রজ্ঞ, তাঁহাদের চিত্ত গুরু প্রযত্নে উৎপন্ন হয়, ও ধীরে প্রবৃত্ত হইয়া থাকে।
২৫ কি জন্য ? যেহেতু তাহা ক্লেশে স্যূতানুস্যূত থাকে। ইহা প্রথম চিত্ত।

২১। 'এখন এই দ্বিতীয় চিত্তকে (আর সমস্ত হইতে) বিভাগ করা যাইতেছে—মহারাজ, যাঁহারা শ্রোতাপন্ন হইয়াছেন, যাঁহাদের নরক বন্ধ হইয়াছে, যাঁহারা

উপ্পজ্জতি দন্ধং পবত্ততি ; কিঙ্কারণং ? তীসু ঠানেসু চিত্তস্স পরিসুদ্ধত্তা, উপরি কিলেসানং অপ্পহীনত্তা। যথা মহারাজ, বংসনালস্স তিপব্বগণ্ঠিপরিসুদ্ধস্স উপরি সাখাজটাজটিতস্স আকড্ঢিযন্তস্স যাব তিপব্বং তাব লহুকং এতি, ততো উপরি থদ্ধং ; কিঙ্কারণং ? হেট্ঠা পরিসুদ্ধত্তা, উপরি সাখাজটাজটিতত্তা ; এবমেব খো
৫ মহারাজ, যে তে সোতাপন্না, পিহিতাপায়া, দিট্ঠিপ্পত্তা, বিঞ্ঞাতসত্থুসাসনা, তেসং তং চিত্তং তীসু ঠানেসু লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি, উপরিভূমিসু গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি ; কিঙ্কারণং ? তীসু ঠানেসু পরিসুদ্ধত্তা, উপরি কিলেসানং অপ্পহীনত্তা। ইদং তৃতিযং চিত্তং।

২২। 'তত্রি'দং ততিযং চিত্তং বিভত্তিমাপজ্জতি—যে তে মহারাজ, সকদাগামিনো,
১০ যেসং রাগদোসমোহা তনুভূতা, তেসং তং চিত্তং পঞ্চসু ঠানেসু লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি ; উপরিভূমিসু গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি ; কিঙ্কারণং ? পঞ্চসু ঠানেসু পরিসুদ্ধত্তা, উপরি কিলেসানং অপ্পহীনত্তা। যথা মহারাজ, বংসনালস্স

সম্যক্ দর্শন প্রাপ্ত হইয়াছেন ও যাঁহারা শাস্তার (বুদ্ধের) অনুশাসনকে বিশেষরূপে জানিয়াছেন, তাঁহাদের চিত্ত তিনস্থানে লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও শীঘ্র প্রবৃত্ত হয় ;
১৫ কিন্তু তাহার উপরিস্থিত ভূমিতে গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও ধীরে প্রবৃত্ত হয়। কি জন্য ? যেহেতু স্থানত্রয়ে তাঁহাদের চিত্ত পরিশুদ্ধ থাকে, এবং তদুপরি তাহার ক্লেশ বিনষ্ট থাকে না। যেমন মহারাজ, যদি কোন বংশনালের প্রথম হইতে পর্ব্বত্রয় পর্য্যন্ত গ্রন্থিগুলি পরিশুদ্ধ (অর্থাৎ পরিস্কৃত) থাকে, আর তদুপরি তাহা শাখা-জটায় বিজড়িত হয়, তবে ইহাকে আকর্ষণ করিলে পর্ব্বত্রয় পর্য্যন্ত শীঘ্রই আগমন করে, কিন্তু তাহার
২০ উপরে স্তব্ধ হইয়া থাকে ; কি জন্য ? যেহেতু নীচে তাহা পরিশুদ্ধ ও উপরে শাখা-জটায় জড়িত থাকে ; এই প্রকারই মহারাজ, যাঁহারা শ্রোতাপন্ন হইয়াছেন, যাঁহাদের নরক রুদ্ধ হইয়াছে, যাঁহারা সম্যক্ দশন প্রাপ্ত হইয়াছেন, ও যাঁহারা শাস্তার অনুশাসনকে বিশেষরূপে জানিয়াছেন, তাঁহাদের সেই চিত্ত স্থানত্রয়ে লঘু প্রযত্নে উৎপন্ন হয়, শীঘ্র প্রবৃত্ত হয়, এবং উপরিভূমিতে গুরু প্রযত্নে উৎপন্ন ও বিলম্বে প্রবৃত্ত হইয়া
২৫ থাকে। ইহা দ্বিতীয় চিত্ত।

২২। 'তাহাদের মধ্যে এই তৃতীয় চিত্তকে বিভাগ করা যাইতেছে—মহারাজ, যাঁহারা সকৃদাগামী, যাঁহাদের রাগ, দ্বেষ ও মোহ সূক্ষ্ম হইয়া গিয়াছে, তাঁহাদের সেই চিত্ত পঞ্চ স্থানে লঘু প্রযত্নে উৎপন্ন ও শীঘ্র প্রবৃত্ত হয়, এবং উপরিভূমিতে গুরু প্রযত্নে উৎপন্ন হয় এবং বিলম্বে প্রবৃত্ত হয়। কি জন্য ? কারণ, পঞ্চস্থানে তাহা পরিশুদ্ধ

পঞ্চপব্বগণ্ঠিপরিসুদ্ধস্‌স উপরি সাখাজটাজটিতস্‌স আকড্‌ঢিয়ন্তস্‌স যাব পঞ্চপব্বং তাব লহুকমেতি, ততো উপরি থদ্ধং ; কিঙ্কারণং ? হেট্‌ঠা পরিসুদ্ধত্তা, উপরি সাখা-জটাজটিতত্তা ; এবমেব খো মহারাজ, যে তে সকদাগামিনো, যেসং রাগদোসমোহা তনুভূতা, তেসং তং চিত্তং পঞ্চসু ঠানেসু লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি, উপরি-

৫ ভূমিসু গরুকং উপজ্জতি দন্ধং পবত্ততি ; কিঙ্কারণং ? পঞ্চসু ঠানেসু চিত্তস্‌স পরি-সুদ্ধত্তা, উপরি কিলেসানং অপ্পহীনত্তা। ইদং ততিয়ং চিত্তং।

২৩। 'তত্রি'দং চতুত্থং চিত্তং বিভত্তিমাপজ্জতি—যে তে মহারাজ, অনাগামিনো, যেসং পঞ্চো'রম্ভাগিয়ানি সংযোজনানি পহীনানি, তেসং তং চিত্তং দসসু ঠানেসু লহুকং উপ্পজ্জতি, লহুকং পবত্ততি; উপরিভূমিসু গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি ; কিঙ্কারণং ?

১০ দসসু ঠানেসু চিত্তস্‌স পরিসুদ্ধত্তা, উপরি কিলেসানং অপ্পহীনত্তা। যথা মহারাজ, বংসনালস্‌স দসপব্বগণ্ঠিপরিসুদ্ধস্‌স উপরি সাখাজটাজটিতস্‌স আকড্‌ঢিয়ন্তস্‌স যাব দসপব্বং তাব লহুকং এতি, ততো উপরি থদ্ধং ; কিঙ্কারণং ? হেট্‌ঠা পরিসুদ্ধত্তা

থাকে ও তদুপরি ক্লেশ সমূহ বিনষ্ট থাকে না। যেমন মহারাজ, যদি কোন বংশনালের পঞ্চম পর্ব্ব পর্য্যন্ত গ্রন্থিগুলি পরিশুদ্ধ থাকে, এবং তাহার উপরে তাহা শাখা-জটায় জড়িত

১৫ হয়, তবে আকর্ষণ করিলে তাহা পঞ্চপর্ব্বপর্য্যন্ত শীঘ্রই আগমন করে, কিন্তু তাহার উপরে স্তব্ধ হইয়া থাকে ; কি জন্য ? যেহেতু নীচে তাহা পরিশুদ্ধ, এবং উপরে শাখা-জটায় জড়িত থাকে ; এই প্রকার মহারাজ,যাঁহারা সকৃদাগামী, যাঁহাদের রাগ, দ্বেষ ও মোহ সূক্ষ্ম হইয়া গিয়াছে, তাঁহাদের সেই চিত্ত পঞ্চস্থানে লঘু প্রযত্নে উৎপন্ন হয়, ও শীঘ্র প্রবৃত্ত হয়, কিন্তু তদুপরি গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিলম্বে প্রবৃত্ত হয়। কি

২০ জন্য ? কারণ, পঞ্চস্থানে চিত্ত পরিশুদ্ধ থাকে, এবং তদুপরি তাহার ক্লেশ বিনষ্ট থাকে না। ইহা তৃতীয় চিত্ত।

২৩। 'তাহাদের মধ্যে এই চতুর্থ চিত্তকে বিভাগ করা যাইতেছে—মহারাজ, যাঁহারা অনাগামী, যাঁহাদের পঞ্চবিধ নিম্নভাগস্থ বন্ধনসমূহ নষ্ট হইয়া গিয়াছে, তাঁহাদের সেই চিত্ত দশ স্থানে লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও শীঘ্র প্রবৃত্ত হয়, এবং তদুপরি-

২৫ ভূমিতে গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিলম্বে প্রবৃত্ত হয়। কারণ কি ? কেননা, দশ স্থানে তাঁহাদের চিত্ত পরিশুদ্ধ থাকে, এবং তদুপরি ক্লেশসমূহ বিনষ্ট থাকে না। যেমন মহা-রাজ, যদি কোন বংশনালের দশ পর্ব্ব পর্য্যন্ত গ্রন্থিগুলি পরিশুদ্ধ থাকে, এবং তাহার উপরে তাহা শাখা-জটায় জড়িত হয়, তবে তাহাকে আকর্ষণ করিলে দশ পর্ব্ব পর্য্যন্ত তাহা শীঘ্রই আগমন করে, এবং তাহার উপরে স্তব্ধ থাকে ; কিজন্য ? কেননা,

উপরি সাখাজটাজটিতা; এবমেব খো মহারাজ, যে অনাগামিনো, যেসং পঞ্চো'-রম্ভাগিয়ানি সংযোজনানি পহীনানি, তেসং তং চিত্তং দসসু ঠানেসু লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি, উপরিভূমিসু গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি; কিঙ্কারণং? দসসু ঠানেসু চিত্তস্‌স পরিসুদ্ধত্তা, উপরি কিলেসানং অপ্পহীনত্তা। ইদং চতুত্থং চিত্তং।

২৪। 'তত্রি'দং পঞ্চমং চিত্তং বিভত্তিমাপজ্জতি—যে তে মহারাজ, অরহন্তো, খীণাসবা, ধোতমলা, বন্তকিলেসা, বুসিতবন্তো কতকরণীয়া, ওহিতভারা, অনুপ্পত্তসদত্থা, পরিক্খীণভবসংযোজনা, পত্তপটিসম্ভিদা, সাবকভূমিসু পরিসুদ্ধা, তেসং তং চিত্তং সাবকবিষয়ে লহুকং উপজ্জতি লহুকং পবত্ততি, পচ্চেকবুদ্ধভূমিসু গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি; কিঙ্কারণং? পরিসুদ্ধত্তা সাবকবিসয়ে, অপরিসুদ্ধত্তা পচ্চেকবুদ্ধ-
১০ বিসয়ে। যথা মহারাজ, বংসনালস্‌স সব্বপব্বগণ্ঠিপরিসুদ্ধস্‌স আকড্‌ঢিয়ন্তস্‌স লহুকং হোতি অগামনং অদন্ধং; কিঙ্কারণং? সব্বপব্বগণ্ঠিপরিসুদ্ধত্তা, অগহনত্তা বংসস্‌স; এবমেব খো মহারাজ, যে তে অরহন্তো, খীণাসবা, ধোতমলা, বন্তকিলেসা,

তাহা নীচে পরিশুদ্ধ থাকে এবং উপরে শাখা-জটায় জড়িত থাকে; এইরকমই মহারাজ, যাঁহারা অনাগামী, যাঁহাদের পঞ্চবিধ নিম্নভাগস্থ বন্ধনসমূহ নষ্ট হইয়া গিয়াছে,
১৫ তাঁহাদের সেই চিত্ত দশ স্থান পর্য্যন্ত লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও শীঘ্র প্রবৃত্ত হয়, এবং তদুপরি-ভূমিতে গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিলম্বে প্রবৃত্ত হয়; কি কারণে? কারণ, দশ স্থানে তাঁহাদের চিত্ত পরিশুদ্ধ থাকে, এবং তদুপরি ক্লেশসমূহ বিনষ্ট থাকে না। ইহা চতুর্থ চিত্ত।

২৪। 'তাহাদের মধ্যে এই চতুর্থ চিত্তকে বিভক্ত করা যাইতেছে—মহারাজ,
২০ যাঁহারা অর্হৎ, যাঁহাদের আসবসমূহ ক্ষীণ, মলসমূহ ধৌত, ও ক্লেশসমূহ নিষ্ক্রান্ত হইয়া গিয়াছে, যাঁহারা কর্ত্তব্য কার্য্য সম্পন্ন করিয়া বাস করিয়াছেন, যাঁহাদের ভার নামিয়া গিয়াছে, যাঁহারা সদর্থ প্রাপ্ত হইয়াছেন, যাঁহাদের ভবসংযোগ পরিক্ষীণ হইয়াছে, যাঁহারা (চতুর্বিধ) প্রতিসম্ভিদা প্রাপ্ত হইয়াছেন, এবং যাঁহারা নিখিল শ্রাবক[illegible]তে পরিশুদ্ধ, তাঁহাদের সেই চিত্ত শ্রাবকভূমিসমূহে লঘু প্রযত্নে উৎপন্ন [illegible]শীঘ্র প্রবৃত্ত
২৫ হয়; কিন্তু প্রত্যেকবুদ্ধ-ভূমিতে গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিল[illegible]বৃত্ত হয়। কারণ কি? কারণ, শ্রাবকভূমিসমূহে তাহা পরিশুদ্ধ এবং [illegible]বুদ্ধ-ভূমিসমূহে পরিশুদ্ধ নহে। যেমন মহারাজ, যদি কোন বংশনালের [illegible]বেই গ্রন্থিসমূহ পরিষ্কৃত,

বুসিতবন্তো কতকরণীয়া, ওহিতভারা, অনুপ্পত্তসদত্থা, পরিক্খীণভবসংযোজনা, পত্তপটি-
সম্ভিদা, সাবকভূমিসু পরিসুদ্ধা, তেসং তং চিত্তং সাবকবিসয়ে লহুকং উপজ্জতি
লহুকং পবত্ততি, পচ্চেকবুদ্ধভূমিসু গরুকং উপজ্জতি দন্ধং পবত্ততি; কিস্কারণং?
পরিসুদ্ধত্তা সাবকবিসয়ে, অপরিসুদ্ধত্তা পচ্চেকবুদ্ধবিসয়ে। ইদং পঞ্চমং চিত্তং।

৫ ২৫। 'তত্রি'দং ছট্ঠং চিত্তং বিভত্তিমাপজ্জতি—যে তে মহারাজ, পচ্চেকবুদ্ধা,
সযম্ভুনো অনাচরিয়কা, একচারিনো খগ্গবিসাণকপ্পা, সকবিসয়ে পরিসুদ্ধবিমলচিত্তা,
তেসং তং চিত্তং সকবিসয়ে লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি, সব্বঞ্ঞুবুদ্ধভূমিসু
গরুকং উপ্পজ্জতি দন্ধং পবত্ততি; কিস্কারণং? পরিসুদ্ধত্তা সকবিসয়ে, মহন্তত্তা
সব্বঞ্ঞুবুদ্ধবিসয়স্স। যথা মহারাজ, পুরিসো সকবিসয়ং পরিত্তং নদিং রত্তিম্'পি
১০ বা দিবাপি বা যদিচ্ছিকং অসম্ভীতো ওতরেয্য, অথাপরতো মহাসমুদ্দং গম্ভীরং বিত্থতং
অগাধমপারং দিস্বা ভাযেয্য, দন্ধাযেয্য, ন বিসহেয্য ওতরিতুং, কিস্কারণং? চিন্নত্তা

থাকে তবে আকর্ষণ করিলে তাহা শীঘ্রই আগমন করে; কিজন্য? কেননা, তাহাদের
সমস্ত পর্ব্বেই গ্রন্থিগুলি পরিষ্কৃত, এবং তজ্জন্য তাহা কোথাও আকৃষ্ট হইয়া থাকে না;
এইরূপ মহারাজ, যাঁহারা অর্হৎ, যাঁহাদের আসবসমূহ ক্ষীণ, মলসমূহ ধৌত ও ক্লেশ-
১৫ সমূহ নিষ্ক্রান্ত হইয়াছে, যাঁহারা কর্ত্তব্য কার্য্য সম্পন্ন করিয়া বাস করিয়াছেন, যাঁহাদের
ভার নামিয়া গিয়াছে, যাঁহারা সদর্থ প্রাপ্ত হইয়াছেন, যাঁহাদের ভবসংযোগ পরিক্ষীণ
হইয়া গিয়াছে, যাঁহারা প্রতিসম্ভিদা প্রাপ্ত হইয়াছেন, এবং যাঁহারা নিখিল শ্রাবক-
ভূমিতে পরিশুদ্ধ, তাঁহাদের সেই চিত্ত শ্রাবকভূমিসমূহে লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও
শীঘ্র প্রবৃত্ত হয়, কিন্তু প্রত্যেকবুদ্ধ-ভূমিসমূহে গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিলম্বে
২০ প্রবৃত্ত হয়; কারণ কি? কারণ শ্রাবকভূমিসমূহে তাহা পরিশুদ্ধ এবং প্রত্যেক-
বুদ্ধ-ভূমিসমূহে পরিশুদ্ধ নহে। ইহা পঞ্চম চিত্ত।

২৫। 'তাহাদের মধ্যে এই ষষ্ঠ চিত্তকে বিভক্ত করা যাইতেছে—যাঁহারা প্রত্যেক-
বুদ্ধ, স্বয়ম্ভু, যাঁহাদের আচার্য্য নাই, যাঁহারা গণ্ডারের শৃঙ্গের ন্যায় একাকী বিচরণ
করেন, যাঁহাদের চিত্ত স্বকীয় ভূমিতে পরিশুদ্ধ ও বিমল, তাঁহাদের চিত্ত স্বকীয়
২৫ ভূমিতে লঘু প্রযত্নে উৎপন্ন হয়, ও শীঘ্র প্রবৃত্ত হয়, কিন্তু সর্ব্বজ্ঞবুদ্ধ-ভূমিতে তাহা
গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিলম্বে প্রবৃত্ত হয়; কারণ কি? কারণ তাহা স্বভূমিতেই
পরিশুদ্ধ এবং সর্ব্বজ্ঞবুদ্ধ-ভূমি মহান্। যেমন মহারাজ, স্বকীয় ভূমিতে কোন ব্যক্তি
ক্ষুদ্র নদীতে দিবা বা রাত্রিতে ভীত না হইয়া যথেচ্ছরূপে অবতরণ করিয়া থাকে,

সকবিসয়স্‌স, মহন্তত্তা চ মহাসমুদ্দস্‌স ; এবমেব খো মহারাজ, যে তে পচ্চেকবুদ্ধা সয়ম্ভুনো অনাচরিয়কা, একচারিনো খগ্‌গবিসাণকপ্পা, সকবিসয়ে পরিসুদ্ধবিমলচিত্তা, তেসং তং চিত্তং সকবিষয়ে লহুকং উপজ্জতি লহুকং পবত্ততি, সব্‌বঞ্‌ঞুবুদ্ধভূমিসু গরুকং উপজ্জতি দন্ধং পবত্ততি ; কিঙ্কারণং ? পরিসুদ্ধত্তা সকবিসয়স্‌স, মহন্তত্তা
৫ সব্‌বঞ্‌ঞুবুদ্ধবিষয়স্‌স। ইদং ছট্‌ঠং চিত্তং।

২৬। 'তত্রি'দং সত্তমং চিত্তং বিভত্তিমাপজ্জতি—যে তে মহারাজ, সম্মাসম্বুদ্ধা, সব্‌বঞ্‌ঞুনো, দসবলধরা, চতুবেসারজ্জ-বিসারদা, অট্‌ঠারসহি বুদ্ধধম্মেহি সমন্নাগতা, অনন্তজিনা, অনাবরণঞ্‌ঞাণা, তেসং তং চিত্ত সব্‌বত্থ লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি ; কিঙ্কারণং ? সব্‌বত্থ পরিসুদ্ধত্তা। অপি নু খো মহারাজ, নারাচস্‌স
১০ সুধোতস্‌স বিমলস্‌স নিগ্‌গণ্ঠিস্‌স সুখুমধারস্‌স অজিম্‌হস্‌স অবঙ্কস্‌স অকুটিলস্‌স দল্‌হ-চাপসমারূল্‌হস্‌স খোমসুখুমে বা কপ্পাসসুখুমে বা বলবনিপাতিতস্‌স দন্ধায়িতত্তং বা লগ্‌গনং বা হোতীতি।'

কিন্তু অন্যত্র অগাধ-গম্ভীর অপার-বিস্তৃত মহাসমুদ্র দর্শন করিয়া ভীত হয় ও ইতস্ততঃ করে, এবং তাহাতে অবতরণ করা সহ্য করিতে পারে না ; কারণ কি ? কারণ, সে
১৫ স্বভূমিতে বিচরণ করিয়াছে (অর্থাৎ তাহা তাঁহার জ্ঞাত) ও মহাসমুদ্র মহান্ ; এইরূপ মহারাজ, যাঁহারা প্রত্যেকবুদ্ধ, স্বয়ম্ভু, যাঁহাদের আচার্য্য নাই, যাঁহারা গণ্ডারের শৃঙ্গের ন্যায় একাকী বিচরণ করেন, যাঁহাদের চিত্ত স্বকীয় ভূমিতে পরিশুদ্ধ ও বিমল, তাঁহাদের চিত্ত স্বকীয় ভূমিতে লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও শীঘ্র প্রবৃত্ত হয়, কিন্তু সর্ব্বজ্ঞ-বুদ্ধ-ভূমিতে তাহা গুরু প্রযত্নে উৎপন্ন হয় ও বিলম্বে প্রবৃত্ত হয়। কারণ কি ? কারণ,
২০ তাহা স্ববিষয়ে পরিশুদ্ধ, ও সর্ব্বজ্ঞবুদ্ধ-ভূমি মহান্। ইহা ষষ্ঠ চিত্ত।

২৬। 'তাহাদের মধ্যে এই সপ্তম চিত্তকে বিভক্ত করা যাইতেছে—মহারাজ, যাঁহারা সম্যক্‌সম্বুদ্ধ, সর্ব্বজ্ঞ ও দশবলধারী, যাঁহারা চতুর্বিধ বৈশারদ্য-লাভে বিশারদ, অষ্টাদশ বুদ্ধধর্ম্মে সমন্বিত, অনন্তবিজয়কারী ও অনাবরণজ্ঞানশালী, তাঁহাদের চিত্ত সর্ব্বত্রই লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও শীঘ্র প্রবৃত্ত হয় ; কারণ কি ? কারণ তাহা সর্ব্বত্র
২৫ পরিশুদ্ধ। মহারাজ, যদি কোন বিমল সুধৌত গ্রন্থিহীন সূক্ষ্মধার অজিহ্ম-অবক্র-অকুটিল দৃঢ়চাপসমারূঢ় নারাচকে ক্ষৌমসূক্ষ্ম, কার্পাসসূক্ষ্ম,বা কম্বলসূক্ষ্ম বস্ত্রে বলপূর্ব্বক নিক্ষেপ করা যায়, তবে কি তাহার (প্রবেশ করিতে) কোন বিলম্ব হয়, না তাহা লাগিয়া যায় ?'

'নহি ভন্তে; কিঙ্কারণং? সুখুমত্তা বথানং, সুধোতত্তা নারাচস্স, নিপাতস্স চ বলবত্তা'তি।'

'এবমেব খো মহারাজ, যে তে সম্মাসম্বুদ্ধা, সব্বঞ্ঞুনো, দসবলধরা, চতুবেসারজ্জ-বিসারদা, অট্ঠারসহি বুদ্ধধম্মেহি সমন্নাগতা, অনন্তজিনা, অনাবরণঞাণা, তেসং
৫ তং চিত্তং সব্বত্থ লহুকং উপ্পজ্জতি লহুকং পবত্ততি; কিঙ্কারণং? সব্বত্থ পরিসুদ্ধত্তা। ইদং সত্তমং চিত্তং।

২৭। 'তত্র মহারাজ, যমিদং সব্বঞ্ঞুবুদ্ধানং চিত্তং, তং ছন্নম্'পি চিত্তানং গণনং অতিক্কমিত্বা অসঙ্খেয়্যেন গুণেন পরিসুদ্ধঞ্চ লহুকঞ্চ। যস্মা চ ভগবতো চিত্তং পরিসুদ্ধঞ্চ লহুকঞ্চ, তস্মা মহারাজ, ভগবা যমকপাটিহীরং দস্সেতি, যমকপাটিহীরে
১০ মহারাজ, ঞাতব্বং—বুদ্ধানং ভগবন্তানং চিত্তং এবং লহুপরিবত্ত'ন্তি, ন তত্থ সক্কা উত্তরিং কারণং বত্তুং। তে'পি মহারাজ, পাটিহীরা সব্বঞ্ঞুবুদ্ধানং চিত্তং উপাদায় গণনম্'পি সঙ্খম্'পি কলম্'পি কলভাগম্'পি ন উপেন্তি। আবজ্জনপটিবদ্ধং মহারাজ, ভগবতো সব্বঞ্ঞুতঞ্ঞাণং, আবজ্জিত্বা যদিচ্ছকং জানাতি। যথা মহারাজ,

'না ভদন্ত; (তাহার বিলম্ব হয় না)। কারণ কি? কারণ বস্ত্রসমূহ সূক্ষ্ম, নারাচ
১৫ শুদ্ধ ও তাহাকে অতি বলপূর্ব্বক নিক্ষেপ করা হয়।'

'এই প্রকারেই মহারাজ, যাঁহারা সম্যক্‌সম্বুদ্ধ, সর্ব্বজ্ঞ ও দশবলধারী, যাঁহারা চতুর্বিধ বৈশারদ্য-লাভে বিশারদ, অষ্টাদশ বুদ্ধধর্ম্ম-সমন্বিত, অনন্তবিজয়কারী, ও অনাবরণ-জ্ঞানশালী, তাঁহাদের সেই চিত্ত সর্ব্বত্রই লঘু প্রযত্নে উৎপন্ন হয় ও শীঘ্র প্রবৃত্ত হয়। কারণ কি? কারণ তাহা সর্ব্বত্র পরিশুদ্ধ। ইহা সপ্তম চিত্ত।

২০ ২৭। 'তাহাদিগের মধ্যে মহারাজ, এই যে সম্যক্‌সম্বুদ্ধগণের চিত্ত,ইহা (অপর) ষড়্‌বিধ চিত্তের গণনাকে অতিক্রম করিয়া অসংখ্যেয় গুণে পরিশুদ্ধ ও লঘু (ক্ষিপ্র-কার্য্যক্ষম)। যেহেতু মহারাজ, ভগবানের চিত্ত পরিশুদ্ধ ও লঘু, সেই জন্যই তিনি যুগল-আশ্চর্য্য দেখাইয়াছিলেন। এবং ইহাতেই জানা যায় যে, ভগবান্ বুদ্ধগণের চিত্ত এইরূপ ক্ষিপ্র প্রবৃত্ত হয়। এ বিষয়ে আর অপর কারণ বলিতে
২৫ পারা যায় না। মহারাজ, সর্ব্বজ্ঞবুদ্ধগণের চিত্তকে অবলম্বন করিয়া উৎপন্ন সেই আশ্চর্য্যসমূহকে গণনা করিতে, সংখ্যা করিতে, অংশ করিতে বা বিভাগ করিতে পারা যায় না। মহারাজ, ভগবানের সর্ব্বজ্ঞত্বজ্ঞান ধ্যান-প্রতিবদ্ধ, তিনি ধ্যান করিয়া যাহা ইচ্ছা জানিতে পারেন। মহারাজ, লোক যেমন এক হস্তে স্থাপিত

পুরিসো হত্থে ঠপিতং যং কিঞ্চি দুতিয়ে হত্থে ঠপেয্য, বিবটেন মুখেন বাচং নিচ্ছারেয্য, মুখগতং ভোজনং গিলেয্য, উম্মীলেত্বা বা নিমীলেয্য, নিমীলেত্বা বা উম্মীলেয্য, সমিঞ্জিতং বা বাহং পসারেয্য, পসারিতং বা বাহং সমিঞ্জেয্য, চিরতরং এতং মহারাজ, লহুতরং ভগবতো সব্বঞ্ঞুতঞ্ঞাণং, লহুতরং আবজ্জনং, আবজ্জিত্বা যদিচ্ছকং

৫ জানাতি। আবজ্জনবিকলমত্তকেন তে তাবতা বুদ্ধা ভগবন্তো অসব্বঞ্ঞুনো নাম ন হোন্তি।'

'আবজ্জনম্'পি ভন্তে নাগসেন, পরিয়েসনায কাতব্বং। ইঙ্ঘ মং তত্থ কারণেন সঞ্ঞাপেহীতি।'

'যথা মহারাজ, পুরিসস্স অড্ঢস্স মহদ্ধনস্স মহাভোগস্স পহূত-জাতরূপ-রজত-

১০ বিত্তূ'পকরণস্স পহূতধনধঞ্ঞস্স সালি-বীহি-যব-তণ্ডুল-তিল-মুগ্গ-মাস-পুব্ব'-ন্নাপর'ণ্ণ-সপ্পি-তেল-নবনীত-খীর-দধি-মধু-গুল-ফাণিতা চ খলোপী-কুম্ভী-পীঠর-কোট্ঠ-ভাজন-গতা ভবেয্যুং, তস্স চ পুরিসস্স পাহুনকো আগচ্ছেয্য ভত্তারহো ভত্তাভিকঙ্খী,

কোন বস্তুকে দ্বিতীয় হস্তে স্থাপিত করে, বিবৃত বদনে বাক্য উচ্চারণ করে, মুখগত ভোজনকে গলাধঃকরণ করে, চক্ষু উন্মীলিত করিয়া আবার নিমীলিত

১৫ করে বা নিমীলিত চক্ষুকে উন্মীলিত করে, সঙ্কুচিত বাহুকে প্রসারিত করে বা প্রসারিত বাহুকে সঙ্কুচিত করে; এই সমস্ত কার্য্য অপেক্ষাও মহারাজ, ভগবানের সর্ব্বজ্ঞত্ব-জ্ঞান শীঘ্রতর হইয়া থাকে, ইহার তুলনায় ঐ সমস্ত কার্য্যই অধিকতর বিলম্বে হয়। তাঁহার ধ্যান শীঘ্রতর এবং ধ্যান করিয়া তিনি যাহা ইচ্ছা করেন জানিতে পারেন। তাঁহাদিগকে ধ্যান করিতে হয় ইহাই কেবল বৈকল্য, কিন্তু

২০ তাহাতেই সেই ভগবান্ বুদ্ধগণ অসর্ব্বজ্ঞ হন না।'

'ভদন্ত নাগসেন, ধ্যানও ত (অবিজ্ঞাত বস্তুর) পর্য্যেষণার জন্য; আসুন, আপনি আমাকে কারণ দেখাইয়া বুঝাইয়া দিন।'

'মহারাজ, কোন এক মহাধন মহাভোগ আঢ্য ব্যক্তি আছেন; ইঁহার স্বর্ণ-রজত ও বিত্ত-উপকরণ প্রচুর, ধন-ধান্য প্রভূত, এবং শালি, ব্রীহি, যব, তণ্ডুল,

২৫ তিল, মুদ্গ, ও মাষ—এই পূর্ব্বান্ন ও অপরান্ন, এবং ঘৃত, তৈল, নবনীত, ক্ষীর, দধি, মধু, গুড় ও চিনি হাঁড়ি, কুঁড়া, ভাঁড়, গোলাঘর ও অন্যান্য পাত্রে (পূর্ণ) রহিয়াছে। তাঁহার নিকটে যদি কোন অন্নদানযোগ্য অন্নার্থী অতিথি

তস্স চ গেহে যং রদ্ধং ভোজনং তং পরিনিট্ঠিতং ভবেয্য, কুম্ভীতো তণ্ডুলে নীহরিত্বা ভোজনং রন্ধেয্য ; অপি নু খো সো মহারাজ, পুরিসো তাবতকেন ভোজনবেকল্ল-মত্তকেন অধনো নাম কপণো নাম ভবেয্যা'তি ?'

'নহি ভন্তে ; চক্কবত্তিরঞ্ঞো ঘরে'পি ভন্তে, অকালে ভোজনবেকল্লং হোতি, কিং পন গহপতিকস্সা'তি ?'

'এবমেব খো মহারাজ, তথাগতস্স আবজ্জনবিকলমত্তকং সব্বঞ্ঞুতঞ্ঞাণং, আ-বজ্জিত্বা যদিচ্ছকং জানাতি। যথা বা পন মহারাজ, রুক্খো অস্স ফলিতো ওণত-বিনতো পিণ্ডিভারভরিতো, ন কিঞ্চি তত্থ পতিতং ফলং ভবেয্য ; অপি নু খো সো মহারাজ, রুক্খো তাবতকেন পতিতফলবেকল্লমত্তকেন অফলো নাম ভবেয্যা'তি ?'

১০ 'নহি ভন্তে ; পতনপটিবদ্ধানি তানি রুক্খফলানি, পতিতে যদিচ্ছকং লভতীতি।'

'এবমেব খো মহারাজ, তথাগতস্স আবজ্জনপটিবদ্ধং সব্বঞ্ঞুতঞ্ঞাণং, আবজ্জিত্বা যদিচ্ছকং জানাতীতি।'

আগমন করে, আর (সেই সময়ে) যদি তাঁহার গৃহে রন্ধন করা ভোজন শেষ

১৫ হইয়া গিয়া থাকে, তবে কুঁড়া হইতে তণ্ডুল বাহির করিয়া আবার রন্ধন করিতে হইবে। মহারাজ, সেই পুরুষের এই যে (শীঘ্র) ভোজন প্রদানে বৈকল্য, কেবল এইটুকুর জন্য কি তাঁহাকে অধন বা কৃপণ বলিতে পারা যায় ?'

'না ভদন্ত ; চক্রবর্ত্তী রাজারও গৃহে অসময়ে ভোজন-বৈকল্য উপস্থিত হয়, গৃহস্থ লোকের আর কথা কি ?'

২০ 'এই প্রকারই মহারাজ, তথাগতের সর্ব্বজ্ঞত্ব-জ্ঞান এইটুকু অংশে বিকল যে, ধ্যান করিতে হয় ; ধ্যান করিলেই তিনি যাহা ইচ্ছা জানিতে পারেন। অথবা মহারাজ, যেমন একটি বৃক্ষ, যাহা ফলিত হওয়ায় ও ফলস্তবকে পূর্ণ হওয়ায় বিনতাবনত হইয়া রহিয়াছে, কিন্তু তাহা হইতে কোন ফলই পতিত হয় নাই। এখন মহারাজ, ফলপতন-বিষয়ে যে তাহার বিকলতা, তাহাতেই কি সেই বৃক্ষটি ফলহীন

২৫ হইবে ?'

'না ভদন্ত ; সেই বৃক্ষফলসমূহ পতনে প্রতিবদ্ধ হইয়া রহিয়াছে ; পতিত হইলেই লোকে যাহা ইচ্ছা লইতে পারে।'

'এই প্রকারই মহারাজ, তথাগতের সর্ব্বজ্ঞত্ব-জ্ঞান ধ্যানপ্রতিবদ্ধ, ধ্যান করিলেই তিনি যাহা ইচ্ছা জানিতে পারেন।'

'ভন্তে নাগসেন, আবজ্জিত্বা আবজ্জিত্বা বুদ্ধো যদিচ্ছকং জানাতীতি ?'

'আম মহারাজ ; ভগবা আবজ্জিত্বা আবজ্জিত্বা যদিচ্ছকং জানাতি। যথা মহারাজ, চক্কবত্তিরাজা যদা চক্করতনং সরতি—উপেতু মে চক্করতন'ন্তি, সরিতে চক্করতনং উপেতি; এবমেব খো মহারাজ, তথাগতো আবজ্জিত্বা আবজ্জিত্বা যদিচ্ছকং ৫ জানাতীতি।'

'দল্হং ভন্তে নাগসেন, কারণং বুদ্ধো সব্বঞ্ঞূ; সম্পটি'চ্ছাম—বুদ্ধো সব্বঞ্ঞূ'তি।'

২৮। 'ভন্তে নাগসেন, দেবদত্তো কেন পব্বাজিতো'তি ?'

'ছয়িমে মহারাজ, খত্তিয়কুমারা—ভদ্দিয়ো চ, অনুরুদ্ধো চ, আনন্দো চ, ভগু চ, ১০ কিম্বিলো চ, দেবদত্তো চ, উপালি কপ্পকো সত্তমো অভিসম্বুদ্ধে সত্থরি সক্যকুলানন্দজননে ভগবন্তং অনুপ্পবজন্তা নিক্খমিংসু ; তে ভগবা পব্বাজেসীতি।'

'ভদন্ত নাগসেন, ধ্যান করিলেই বুদ্ধ যাহা ইচ্ছা জানিতে পারেন ?'

'হাঁ মহারাজ, ধ্যান করিলেই ভগবান্ যাহা ইচ্ছা জানিতে পারেন। যেমন মহারাজ, চক্রবর্ত্তী রাজা যখন স্মরণ করেন যে, "আমার চক্ররত্ন উপস্থিত হউক," তখন ১৫ স্মরণ করিবামাত্রই তাহা উপস্থিত হয়, এইরূপই মহারাজ, তথাগত ধ্যান করিয়া যাহা ইচ্ছা জানিতে পারেন।'

'ভদন্ত নাগসেন, বুদ্ধ যে সর্ব্বজ্ঞ, তাহার দৃঢ় কারণ আছে; আমি সম্যক্ স্বীকার করিতেছি যে, বুদ্ধ সর্ব্বজ্ঞ।'

দেবদত্তের প্রব্রজ্যা

২০ ২৮। 'ভদন্ত নাগসেন, দেবদত্তকে কে প্রব্রজ্যা প্রদান করিয়াছিলেন ?'

'মহারাজ, ভদ্রিক, অনুরুদ্ধ, আনন্দ, ভৃগু, কিম্বিল ও দেবদত্ত, এই ছয় জন ক্ষত্রিয়কুমার, এবং সপ্তম নাপিত উপালি শাক্যকুলের আনন্দজননকারী শাস্তা (বুদ্ধ) যখন অভিসম্বুদ্ধ হন, তখনই তাঁহাকে অনুসরণ করিয়া নিষ্ক্রান্ত হইয়াছিলেন, এবং পরে ভগবান্ তাঁহাদিগকে প্রব্রজ্যা প্রদান করেন।'

'ননু ভন্তে, দেবদত্তেন পব্বজিত্বা সঙ্ঘো ভিন্নো'তি ?'

'আম মহারাজ ; দেবদত্তেন পব্বজিত্বা সঙ্ঘো ভিন্নো। ন গিহী সঙ্ঘং ভিন্দতি, ন ভিক্খুনী, ন সিক্খমানা, ন সামণেরো, ন সামণেরী সঙ্ঘং ভিন্দতি, ভিক্খু পকতত্তো সমানসংবাসকো সমানসীমায়ং ঠিতো সঙ্ঘং ভিন্দতীতি।'

৫ 'সঙ্ঘভেদকো ভন্তে, পুগ্গলো কিং কম্মং ফুসতীতি ?'

'কপ্পট্ঠিতিকং মহারাজ, কম্মং ফুসতীতি ?'

'কিম্পন ভন্তে নাগসেন, বুদ্ধো জানাতি—দেবদত্তো পব্বজিত্বা সঙ্ঘং ভিন্দিস্সতি, সঙ্ঘং ভিন্দিত্বা কপ্পং নিরয়ে পচ্চিস্সতীতি ?'

'আম মহারাজ, তথাগতো জানাতি—দেবদত্তো পব্বজিত্বা সঙ্ঘং ভিন্দিস্সতি, ১০ সঙ্ঘং ভিন্দিত্বা কপ্পং নিরয়ে পচ্চিস্সতীতি।'

'যদি ভন্তে নাগসেন, বুদ্ধো জানাতি—দেবদত্তো পব্বজিত্বা সঙ্ঘং ভিন্দিস্সতি, সঙ্ঘং ভিন্দিত্বা কপ্পং নিরয়ে পচ্চিস্সতীতি, তেন হি ভন্তে নাগসেন, বুদ্ধো কারুণিকো অনুকম্পকো হিতেসী সব্বসত্তানং অহিতমপনেত্বা হিতমুপদহতীতি যং বচনং

'ভদন্ত নাগসেন, দেবদত্ত প্রব্রজিত হইয়া কি সঙ্ঘ ভেদ করিয়াছিল ?'

১৫ 'হাঁ মহারাজ ; দেবদত্ত প্রব্রজিত হইয়া সঙ্ঘ ভেদ করিয়াছিল। গৃহী, বা ভিক্ষুণী, বা শিক্ষার্থী, বা সামণের, বা সামণেরী সঙ্ঘ ভেদ করে না ; সমর্থ সমস্থানবাসকারী ও সমানমর্য্যাদাস্থিত ভিক্ষু সঙ্ঘ ভেদ করে।'

'ভদন্ত, সঙ্ঘভেদকারী লোক কোন্ কর্ম্ম লাভ করে ?'

'মহারাজ, সেই কর্ম্ম লাভ করিয়া থাকে যাহা কল্প পর্য্যন্ত অবস্থান করে।'

২০ 'ভদন্ত নাগসেন, বুদ্ধ কি জানিতেন যে, দেবদত্ত প্রব্রজিত হইয়া সঙ্ঘ ভেদ করিবে, এবং তাহা করিয়া কল্প পর্য্যন্ত নরকে পচিবে ?'

'হাঁ মহারাজ ; তথাগত জানিতেন যে, দেবদত্ত প্রব্রজিত হইয়া সঙ্ঘ ভেদ করিবে, এবং তাহা করিয়া কল্প পর্য্যন্ত নরকে পচিবে।'

'ভদন্ত নাগসেন, যদি বুদ্ধ জানিতেন যে, দেবদত্ত প্রব্রজিত হইয়া সঙ্ঘ ভেদ ২৫ করিবে, ও তাহা করিয়া কল্প পর্য্যন্ত নরকে পচিবে, তবে, আপনারা যে বলিয়া থাকেন "বুদ্ধ কারুণিক, অনুকম্পাকারী, ও সর্ব্ব জীবের হিতৈষী ; এবং তিনি অহিত অপনোদন করিয়া হিত উৎপাদন করেন ;"—তাহা মিথ্যা। আর যদি তিনি না

তং মিচ্ছা। যদি তং অজানিত্বা পব্বাজেসি, তেন হি বুদ্ধো অসব্বঞ্ঞূ। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো তবানুপ্পত্তো; বিজটেহি এতং মহাজটং, ভিন্দ পরপ্পবাদং, অনাগতে অদ্ধানে তয়া সদিসা বুদ্ধিমন্তো ভিক্খূ দুল্লভা ভবিস্সন্তি। এত্থ তব বলং পকাসেহীতি।'

৫ ২৯। 'কারুণিকো মহারাজ, ভগবা সব্বঞ্ঞূ চ। কারুঞ্ঞেন মহারাজ, ভগবা সব্বঞ্ঞুতঞাণেন দেবদত্তস্স গতিং ওলোকেন্তো অদ্দস দেবদত্তং অপরাপরিয়কম্মং আযূহিত্বা অনেকানি কপ্পকোটিসহস্সানি নিরয়েন নিরয়ং বিনিপাতেন বিনিপাতং গচ্ছন্তং। তং ভগবা সব্বঞ্ঞুতঞাণেন জানিত্বা—ইমস্স অপরিয়ন্তকতং কম্মং মম সাসনে পব্বজিতস্স পরিয়ন্তকতং ভবিস্সতি, পুরিমং উপাদায়

১০ পরিয়ন্তকতং দুক্খং ভবিস্সতি; অপব্বজিতো'পি অয়ং মোঘপুরিসো কপ্পট্ঠিয়মেব কম্মং আযূহিস্সতীতি কারুঞ্ঞেন দেবদত্তং পব্বাজেসীতি।'

'তেন হি ভন্তে নাগসেন, বুদ্ধো বধিত্বা তেলেন মক্খেতি, পপাতে পাতেত্বা হত্থং দেতি, মারেত্বা জীবিতং পরিয়েসতি, যং সো পঠমং দুক্খং দত্বা পচ্ছা সুখং উপদহতীতি!'

---

১৫ জানিয়া তাহাকে প্রব্রজ্যা প্রদান করিয়া থাকেন, তবে তিনি অসর্বজ্ঞ। অতএব ইহাও উভয়কোটিক প্রশ্ন, আপনার নিকটে ইহা উপস্থিত হইয়াছে। এই মহাজটিলতাকে আপনি বিবৃত করুন, পরকীয় প্রবাদকে বিদীর্ণ করুন। ভবিষ্যৎ সময়ে আপনার ন্যায় বুদ্ধিমান্ ভিক্ষু দুর্লভ হইয়া উঠিবেন, আপনি এখানে নিজের বল প্রকাশিত করুন।'

২০ ২৯। 'মহারাজ, ভগবান্ কারুণিক এবং সর্ব্বজ্ঞ। ভগবান্ করুণা করিয়া মহারাজ, সর্ব্বজ্ঞতা জ্ঞানের দ্বারা দেবদত্তের গতি অবলোকন করিতে করিতে দেখিলেন যে, সে অপরাপর কর্ম্ম সঞ্চয় করিয়া অনেক শতসহস্রকোটি কল্প পর্য্যন্ত নিরয় হইতে নিরয়ে ও অপায় হইতে অপায়ে গমন করিতেছে। ভগবান্ সর্ব্বজ্ঞতাজ্ঞানে তাহা জানিয়া (ভাবিলেন যে), "আমার শাসনে (ধর্ম্মে) প্রব্রজিত হইলে ইহার অসীম কর্ম্ম সসীম হইবে,

২৫ এবং পূর্ব্বকর্ম্মজাত দুঃখেরও শেষ হইবে; প্রব্রজিত না হইলে এই ব্যর্থপুরুষ কল্প পর্য্যন্ত কর্ম্ম সঞ্চয় করিবে।" অতএব তিনি করুণা করিয়া দেবদত্তকে প্রব্রজিত করিয়াছেন।'

'তাহা হইলে ভদন্ত নাগসেন, বুদ্ধ (প্রথমে) আঘাত করিয়া (পরে আঘাতস্থানে) তৈল মাখাইয়া দেন, প্রপাত (পর্ব্বতের উচ্চস্থান) হইতে ফেলিয়া দিয়া হস্তাবলম্বন প্রদান করেন, এবং মারিয়া ফেলিয়া জীবন অন্বেষণ করেন, কেননা তিনি প্রথমে

৩০ দুঃখ দান করিয়া পশ্চাৎ সুখ বিধান করেন!'

'বধেতি'পি মহারাজ, তথাগতো সত্তানং হিতবসেন, পাতেতি'পি সত্তানং হিতবসেন, মারেতি'পি সত্তানং হিতবসেন; বধিত্বাপি মহারাজ, তথাগতো সত্তানং হিতমেব উপদহতি, পাতেত্বাপি সত্তানং হিতমেব উপদহতি, মারেত্বাপি সত্তানং হিতমেব উপদহতি। যথা মহারাজ, মাতাপিতরো নাম বধেত্বাপি পাতয়িত্বাপি পুত্তানং হিতমেব
৫ উপদহন্তি, এবমেব খো মহারাজ, তথাগতো বধেতি'পি সত্তানং হিতবসেন, পাতেতি'পি সত্তানং হিতবসেন, মারেতি'পি সত্তানং হিতবসেন; বধিত্বাপি মহারাজ, তথাগতো সত্তানং হিতমেব উপদহতি, পাতেত্বাপি সত্তানং হিতমেব উপদহতি, মারেত্বাপি সত্তানং হিতমেব উপদহতি। যেন যেন যোগেন সত্তানং গুণবড্‌ঢি হোতি, তেন তেন সব্বসত্তানং হিতমেব উপদহতি। সচে মহারাজ, দেবদত্তো ন পব্বজেয্য, গিহি-
১০ ভূতো সমানো নিরয়সংবত্তনিকং বহুং পাপকম্মং কত্বা অনেকানি কপ্পকোটিসহস্সানি নিরয়েন নিরয়ং বিনিপাতেন বিনিপাতং গচ্ছন্তো বহুং দুক্খং বেদয়িস্সতি।

'মহারাজ তথাগত জীবসমূহের হিতের জন্য আঘাতও করিয়া থাকেন, জীবসমূহের হিতের জন্য ফেলিয়াও দিয়া থাকেন, এবং জীবসমূহের হিতের জন্য মারিয়াও থাকেন। মহারাজ, তথাগত আঘাত করিয়াও জীব সমূহের হিতই বিধান করেন,
১৫ ফেলিয়া দিয়াও জীবসমূহের হিতই বিধান করেন, এবং মারিয়াও জীবসমূহের হিতই বিধান করে। মহারাজ, যেমন পিতা-মাতা আঘাত করিয়াও এবং ফেলিয়া দিয়াও পুত্রগণের হিতই বিধান করেন, তথাগতও এই প্রকার জীবসমূহের হিতের জন্য আঘাতও করেন, জীবসমূহের হিতের জন্য ফেলিয়াও দেন, এবং জীবসমূহের হিতের জন্য মারিয়াও ফেলেন। মহারাজ, তথাগত আঘাত করিয়াও জীবগণের
২০ হিতই বিধান করেন, ফেলিয়া দিয়াও জীবগণের হিতই বিধান করেন, এবং মারিয়া ফেলিয়াও জীবগণের হিতই বিধান করেন। যে-যে প্রকারে জীবের গুণবৃদ্ধি হয়, তিনি সেই-সেই প্রকারে সর্ব্বজীবের হিতই বিধান করেন। মহারাজ, দেবদত্ত যদি প্রব্রজিত না হইত, এবং গৃহী থাকিয়া নিরয়সম্পাদক বহু পাপকর্ম্ম করিয়া অনেক শতসহস্রকোটি কল্প পর্য্যন্ত নিরয় হইতে নিরয়ে, এবং অপায়
২৫ হইতে অপায়ে গমন করিত, তাহা হইলে বহু দুঃখ অনুভব করিত। ভগবান্ তাহা জানিয়া এই অভিপ্রায়ে করুণা করিয়া দেবদত্তকে প্রব্রজিত করিয়াছেন যে, আমার

তং ভগবা জানমানো কারুঞ্ঞেন দেবদত্তং পব্বাজেসি—মম সাসনে পব্বজিতস্স দুক্খং পরিয়ন্তকতং ভবিস্সতীতি ; কারুঞ্ঞেন গরুকং দুক্খং লহুকং অকাসি।

৩০। যথা মহারাজ, ধনযসসিরিঞাতিবলেন বলবা পুরিসো অত্তনো ঞাতিং বা মিত্তং বা রঞ্ঞা গরুদণ্ডং ধারেন্তং অত্তনো বহুবিস্সত্থভাবেন সমত্থতায় গরুকং দণ্ডকং লহুকং কারেতি, এবমেব খো মহারাজ, ভগবা বহূনি কপ্পকোটিসতসহস্সানি দুক্খং বেদিয়মানং দেবদত্তং পব্বাজেত্বা সীলসমাধিপঞ্ঞাবিমুত্তিবলসমত্থভাবেন গরুকং দুক্খং লহুকং অকাসি। যথা বা পন মহারাজ, কুসলো ভিসক্কো সল্লকত্তো গরুকং ব্যাধিং বলবোসধবলেন লহুকং করোতি, এবমেব খো মহারাজ, বহূনি কপ্পকোটিসহস্সানি দুক্খং বেদিয়মানং দেবদত্তং ভগবা যোগঞ্ঞুতায় পব্বাজেত্বা কারুঞ্ঞবলোপত্থদ্ধধম্মোসধবলেন গরুকং দুক্খং লহুকং অকাসি। অপি নু খো সো মহারাজ, ভগবা বহুবেদনীয়ং দেবদত্তং অপ্পবেদনীয়ং করোন্তো কিঞ্চি অপুঞ্ঞং আপজ্জেয্যা'তি ?'

'ন কিঞ্চি ভন্তে, অপুঞ্ঞং আপজ্জেয্য, অন্তমসো গদ্দুহনমত্তম্'পীতি।'

'ইমম্'পি খো ত্বং মহারাজ, কারণং অত্থতো সম্পটি'চ্ছ, যেন কারণেন ভগবা দেবদত্তং পব্বাজেসি।

শাসনে প্রব্রজিত হইলে তাহার দুঃখের শেষ করা হইবে। অতএব তিনি করুণা করিয়া তাহার গুরু দুঃখকে লঘু করিয়াছেন।

৩০। মহারাজ, যেমন কোন ধন-যশ-শ্রী ও জ্ঞাতি-বলে বলবান্ ব্যক্তি রাজকর্তৃক গুরুদণ্ডে দণ্ডিত কোন স্বকীয় জ্ঞাতি বা মিত্রের গুরু দণ্ডকে নিজের বহু বিশ্বস্ততায় সামর্থ্য-হেতু লঘু করিয়া দিতে পারে, এইরূপই ভগবান্ শতসহস্রকোটি কল্প ব্যাপিয়া দুঃখানুভবকারী দেবদত্তকে প্রব্রজিত করিয়া (নিজের) শীল, সমাধি, প্রজ্ঞা বিমুক্তি ও বলের সামর্থ্যে তাহার গুরু দুঃখকে লঘু করিয়া দিয়াছেন। অথবা যেমন মহারাজ, কোন কুশল শল্যকর্তা (অস্ত্রচিকিৎসক) ভিষক্ বীর্য্যশালী ঔষধের বলে গুরু ব্যাধিকে লঘু করেন, মহারাজ, এই প্রকারই উপায়জ্ঞতা হেতু ভগবান্ বহুকোটি কল্প ব্যাপিয়া দুঃখানুভবকারী দেবদত্তকে প্রব্রজিত করিয়া কারুণ্যদৃঢ়ীকৃত ধর্ম্ম-ঔষধের দ্বারা তাহার গুরু দুঃখকে লঘু করিয়া দিয়াছেন। মহারাজ, যে দেবদত্ত বহুকাল দুঃখ অনুভব করিত, তাহাকে অল্পকাল দুঃখ-অনুভবকারী করিয়া দিয়া কি ভগবান্ অপুণ্য প্রাপ্ত হইবেন ?'

'ভদন্ত, কোনো অপুণ্য প্রাপ্ত হইবেন না, অত্যল্পমাত্রও না।'

'মহারাজ, তবে আপনি এ কারণকেও সত্যরূপে স্বীকার করুন, যাহাতে ভগবান্ দেবদত্তকে প্রব্রজিত করিয়াছিলেন।

৩১। 'অপরম্'পি মহারাজ উত্তরিং কারণং সুণোহি, যেন কারণেন ভগবা দেবদত্তং পব্বাজেসি। যথা মহারাজ, চোরং আগুচারিং গহেত্বা রঞ্ঞো দস্সেয়্যুং—"অযং তে দেব, চোরো আগুচারী, ইমস্স যং ইচ্ছসি তং দণ্ডং পণেহীতি ;" তমেনং রাজা এবং বদেয্য—"তেন হি ভণে, ইমং চোরং বহিনগরং নীহরিত্বা আঘাতনে সীসং
৫ ছিন্দথা'তি ;" "এবং দেবা'তি" খো তে রঞ্ঞো পটিস্সুত্বা তং বহিনগরং নীহরিত্বা আঘাতনং নযেয়্যুং ; তং এনং পস্সেয্য কোচিদেব পুরিসো রঞ্ঞো সন্তিকা লদ্ধবরো লদ্ধযসধনভোগো আদেয্যবচনো বলবি'চ্ছিতকারী ; সো তস্স কারুঞ্ঞং কত্বা তে পুরিসে এবং বদেয্য—"অলং ভো, কিং তুম্হাকং ইমস্স সীসচ্ছেদনেন ? তেন হি ভো ইমস্স হত্থং বা পাদং বা ছিন্দিত্বা জীবিতং
১০ রক্খথ ; অহমেতস্স কারণা রঞ্ঞো সন্তিকে পটিবচনং করিস্সামীতি ;" তে তস্স বলবতো বচনেন তস্স চোরস্স হত্থং বা পাদং বা ছিন্দিত্বা জীবিতং রক্খেয়্যুং ; অপি নু খো সো মহারাজ, পুরিসো এবংকারী তস্স চোরস্স কিচ্চকারী অস্সা'তি ?'

৩১। মহারাজ, এ সম্বন্ধে আরও পরবর্ত্তী কারণ শ্রবণ করুন, যাহাতে তিনি দেবদত্তকে প্রব্রজিত করিয়াছিলেন। মহারাজ, যেমন মনুষ্যগণ পাপকারী চোরকে
১৫ গ্রহণ করিয়া রাজাকে দেখায় এবং বলে—"দেব এই চোর পাপকারী, আপনি যাহা ইচ্ছা করেন, ইহার দণ্ড বিধান করুন ;" তখন রাজা তাহার সম্বন্ধে বলেন—"ওহে, বহির্নগরে লইয়া গিয়া বধ্যস্থানে ইহার শীর্ষচ্ছেদন কর ;" তাহারা তাঁহার আদেশ স্বীকারপূর্ব্বক তাহাকে নগরের বাহিরে আনিয়া বধ্যস্থানে লইয়া যায় ; তখন যদি কোন বলবান্ অভীপ্সিতকারী (প্রভাবশালী) শ্রদ্ধের ব্যক্তি,—যিনি রাজার নিকটে
২০ কোন বরলাভ করিয়াছেন, এবং যশ, ধন ও ভোগ প্রাপ্ত হইয়াছেন,—তাহাকে দেখিতে পান, তবে, তিনি তাহার প্রতি করুণা করিয়া সেই সমস্ত মনুষ্যকে এই বলেন—"না না, ওহে, ইহার শীর্ষচ্ছেদন করিয়া তোমাদের কি হইবে ? তোমরা ইহার হস্ত বা পদ ছেদন করিয়া জীবন রক্ষা কর ; ইহার জন্য রাজার নিকটে আমি উত্তর প্রদান করিব ;" তাহারা সেই বলবানের কথায় তাহার হস্ত বা পদ
২৫ ছেদন করিয়া জীবন রক্ষা করিবে। মহারাজ, সেই ব্যক্তি এইরূপ করিয়া ঐ চোরের কি কোন কার্য্যকারী হইয়া থাকেন ?'

'জীবিতদায়কো সো ভন্তে, পুরিসো তস্‌স চোরস্‌স; জীবিতে দিন্নে কিং তস্‌স অকতং নাম অত্থীতি?'

'যা পন তস্‌স হত্থপাদচ্ছেদনে বেদনা, সো তায় বেদনায় কিঞ্চি অপুঞ্‌ঞং আপজ্জেয্যা'তি?'

৫ 'অত্তনা কতেন সো ভন্তে, চোরো দুক্‌খং বেদনং বেদিয়তি, জীবিতদায়কো পন পুরিসো ন কিঞ্চি অপুঞ্‌ঞং আপজ্জেয্যা'তি।'

'এবমেব খো মহারাজ, ভগবা কারুঞ্‌ঞেন দেবদত্তং পব্‌বাজেসি,—মম সাসনে পব্‌বজিতস্‌স দুক্‌খং পরিয়ন্তকতং ভবিস্‌সতীতি। পরিয়ন্তকতঞ্চ মহারাজ, দেবদত্তস্‌স দুক্‌খং। দেবদত্তো মহারাজ, মরণকালে—

১০ "ইমেহি অট্‌ঠীহি তমগ্‌গপুগ্‌গলং
দেবাতিদেবং নরদম্মসারথিং।
সমন্তচক্‌খুং সতপুঞ্‌ঞলক্‌খণং
পাণেহি বুদ্ধং সরণং উপেমি॥"

—ইতি পাণু'পেতং সরণমগমাসি।'

১৫ 'ভদন্ত, তিনি ত তাহার জীবনদাতা; তিনি যখন জীবন দান করিয়াছেন, তখন আর তাঁহার কি না করা হইয়াছে?'

'তাহার হস্ত-পদ ছেদন করায় যে বেদনা হইয়াছে, তাহাতে কি তিনি কোনো অপুণ্য প্রাপ্ত হইবেন?'

'ভদন্ত, সেই চোর নিজের কার্য্যে দুঃখ-বেদনা অনুভব করিয়াছে, জীবনপ্রদ ব্যক্তি ২০ কোনো অপুণ্য প্রাপ্ত হইবেন না।'

'এই প্রকারই মহারাজ, ভগবান্ করুণা করিয়া দেবদত্তকে প্রব্রজিত করেন, তিনি ভাবিয়াছিলেন যে, আমার শাসনে প্রব্রজিত হইলে তাহার দুঃখের শেষ করা হইবে। মহারাজ, দেবদত্তের দুঃখের শেষ করা হইয়াছিল। মহারাজ, দেবদত্ত মরণকালে এই বলিয়া যাবজ্জীবন শরণ গ্রহণ করেন—

২৫ "যে জন প্রধান এই অস্থি জন হ'তে,
দেবেরও দেব যিনি, যিনি নরগণে
চালন করেন, যথা সারথি বৃষভে,
চারিদিকে দৃষ্টি যাঁর, যাঁর একশত
পুণ্যের লক্ষণ, সেই বুদ্ধদেবে আমি
৩০ শরণ গ্রহণ করি যত দিন বাঁচি।"

৩২। 'দেবদত্তো মহারাজ, ছকোট্ঠাসে কতে কপ্পে, অতিক্কন্তে পঠমকোট্ঠাসে সঙ্ঘং ভিন্দি; পঞ্চকোট্ঠাসে নিরয়ে পচ্চিত্বা ততো মুচ্চিত্বা অট্ঠি'স্সরো নাম পচ্চেক-বুদ্ধো ভবিস্সতি। অপি নু খো সো মহারাজ, ভগবা এবংকারী দেবদত্তস্স কিচ্চ-কারী অস্সা'তি?'

৫ 'সব্বদদো ভন্তে নাগসেন, তথাগতো দেবদত্তস্স, যং তথাগতো দেবদত্তং পচ্চেক-বোধিং পাপেস্সতি। কিং তথাগতেন দেবদত্তস্স অকতং নাম অত্থীতি?'

'যং পন মহারাজ, দেবদত্তো সঙ্ঘং ভিন্দিত্বা নিরয়ে দুক্খং বেদনং বেদিয়তি, অপি নু খো ভগবা ততোনিদানং কিঞ্চি অপুঞ্ঞং আপজ্জেয্যা'তি?'

'নহি ভন্তে; অত্তনা কতেন ভন্তে, দেবদত্তো কপ্পং নিরয়ে পচ্চতি; দুক্খপরিয়ন্ত-

১০ কারকো সত্থা ন কিঞ্চি অপুঞ্ঞং আপজ্জেয্যা'তি।'

'ইমম্'পি খো ত্বং মহারাজ, কারণং অত্থতো সম্পটি'চ্ছ, যেন কারণেন ভগবা দেব-দত্তং পব্বাজেসি।'

৩৩। 'অপরম্'পি মহারাজ, উত্তরিং কারণং সুণোহি, যেন কারণেন ভগবা দেবদত্তং পব্বাজেসি। যথা মহারাজ, কুসলো ভিসক্কো সল্লকত্তো বাতপিত্তসেম্হ-

১৫ ৩২। 'মহারাজ, এই কল্পকে যদি ছয় ভাগে বিভক্ত করা যায়, তবে, ইহার প্রথম ভাগ শেষ হইলে দেবদত্ত সঙ্ঘ ভেদ করিয়াছিল, অতএব সে অপর পঞ্চ ভাগ নরকে পচিয়া তাহার পর তাহা হইতে মুক্ত হইবে, ও অর্থেশ্বর নামে প্রত্যেকবুদ্ধ হইবে। মহারাজ, ভগবান্ এইরূপ করিয়া কি দেবদত্তের কোন কার্য্যকারী হইয়াছিলেন?'

'ভদন্ত নাগসেন, তথাগত যখন দেবদত্তকে প্রত্যেক-বোধি (প্রত্যেক-বুদ্ধগণের

২০ জ্ঞান) লাভ করাইবেন, তখন তিনি তাহাকে সমস্তই দিয়াছেন। তথাগত দেবদত্তের করেন নাই, এমন কি আছে?'

'আর মহারাজ, দেবদত্ত যে সঙ্ঘ ভেদ করিয়া নিরয়ে দুঃখ-বেদনা অনুভব করি-তেছে, ভগবান্ কি তন্নিমিত্ত কোনো অপুণ্য প্রাপ্ত হইবেন?'

'না ভদন্ত; দেবদত্ত নিজের কার্য্যে কল্প পর্য্যন্ত নরকে পচিতেছে, তাহার দুঃখের

২৫ শেষকারী তথাগত কোনো অপুণ্য প্রাপ্ত হইবেন না।'

'মহারাজ, এ কারণকেও আপনি সত্য বলিয়া স্বীকার করুন, যাহাতে ভগবান্ দেব-দত্তকে প্রব্রজিত করিয়াছিলেন।'

৩৩। মহারাজ, আরও পরবর্ত্তী কারণ শ্রবণ করুন, যে কারণে ভগবান্ দেবদত্তকে প্রব্রজিত করিয়াছিলেন। মহারাজ, কোন শল্যকর্ত্তা (অস্ত্রচিকিৎসক) নিপুণ ভিষক্ বাত,

সন্নিপাত-উতুপরিণাম-বিসমপরিহার-ওপক্কমিকোপক্কন্তং পূতিকুণপদুগ্গন্ধাভিসন্নং অন্তো-সল্লং সুসিরগতং পুব্বলোহিতসম্পুণ্ণং বণং বূপসমন্তো বণমুখং কক্খলতিখিণখারকটুকেন ভেসজ্জেন অনুলিম্পতি পরিপচ্চনায়, পরিপচ্চিত্বা মুদুভাবমুপগতং সত্থেন বিকন্তয়িত্বা দহতি সলাকায়, দড্ঢে খারলবণং দেতি, ভেসজ্জেনানুলিম্পতি বণরূহণায় ব্যাধিতস্স

৫ সোত্থিভাবমনুপত্তিয়া; অপি নু খো মহারাজ, ভিসক্কো সল্লকত্তো অহিতচিত্তো ভেসজ্জেনানুলিম্পতি, সত্থেন বিকন্তেতি, দহতি সলাকায়, খারলবণং দেতীতি ?'

'নহি ভন্তে; হিতচিত্তো সোত্থিকামো তানি কিরিয়ানি করোতীতি।'

'যা পন'স্স ভেসজ্জকিরিয়াকরণেন উপ্পন্না দুক্খবেদনা, তততোনিদানং সো ভিসক্কো সল্লকত্তো কিঞ্চি অপুঞ্ঞং আপজ্জেয্যা'তি ?'

১০ 'হিতচিত্তো ভন্তে, সোত্থিকামো ভিসক্কো সল্লকত্তো তানি কিরিয়ানি করোতি, কিং সো ততোনিদানং অপুঞ্ঞং আপজ্জেয্যাতি ? সগ্গগামী সো ভন্তে ভিসক্কো সল্লকত্তো'তি।'

পিত্ত ও শ্লেষ্মার সন্নিপাত, ঋতুপরিণাম ও বিষমপরিহার হেতু উৎপন্ন ও উৎপন্ন হইতে উন্মুখ পূতিশবসদৃশদুর্গন্ধযুক্ত, অভিষ্যন্দমান, অভ্যন্তরে শল্যবিশিষ্ট, সুষিরগত

১৫ (ক্রমশঃ ছিদ্রকারী) রক্ত ও পূয-পরিপূর্ণ ব্রণকে উপশান্ত করিতে হইলে (প্রথমে) পাকাইবার জন্য কঠোর তীক্ষ্ণ ক্ষারের ন্যায় জ্বালাকর ঔষধ দ্বারা ব্রণমুখে প্রলেপ প্রদান করেন, এবং তাহাতে তাহা পাকিয়া মৃদুভাব প্রাপ্ত হইলে শস্ত্র দ্বারা ছেদন করিয়া শলাকা দ্বারা দগ্ধ করেন, এবং দগ্ধ করা হইলে, তাহাতে ক্ষার-লবণ নিক্ষেপ করেন ও ঔষধ দ্বারা অনুলিপ্ত করিয়া দেন এবং ইহাতে

২০ ব্রণ ভাল হইয়া যায়, ও ঐ ব্যাধিত ব্যক্তি স্বস্তিভাব প্রাপ্ত হয়। মহারাজ, সেই শল্যকর্ত্তা চিকিৎসক কি অহিতচিত্ত হইয়া তাহার ব্রণে ঔষধ দ্বারা অনুলেপন প্রদান করেন, শস্ত্র দ্বারা ছেদন করেন, শলাকা দ্বারা দগ্ধ করেন ও তাহাতে ক্ষার-লবণ নিক্ষেপ করেন ?'

'না ভদন্ত নাগসেন; হিতচিত্ত হইয়াই তিনি সমস্ত কার্য্য করেন।'

২৫ 'আর ভৈষজ্যক্রিয়া করায় তাহার যে দুঃখ-বেদনা উপস্থিত হয়, তন্নিমিত্ত কি সেই শল্যকর্ত্তা চিকিৎসক কোনও অপুণ্য প্রাপ্ত হইবেন ?'

'সেই শল্যকর্ত্তা ভিষক্ হিতচিত্ত হইয়া তাহার স্বস্তি কামনা করিয়া সেই সমস্ত কার্য্য করেন; অতএব কেন তিনি তন্নিমিত্ত অপুণ্য প্রাপ্ত হইবেন ? তিনি ত ভদন্ত নাগসেন, স্বর্গগামী হইবেন।'

'এবমেব খো মহারাজ, ভগবা কারুঞ্ঞেন দেবদত্তং পব্বাজেসি দুক্খপরিমুত্তিয়া।

৩৪। 'অপরম্'পি মহারাজ, উত্তরিং কারণং সুণোহি, যেন কারণেন ভগবা দেবদত্তং পব্বাজেসি। যথা মহারাজ, পুরিসো কণ্টকেন বিদ্ধো অস্স; অথ'ঞ্ঞতরো পুরিসো তস্স হিতকামো সোত্থিকামো তিণ্হেন কণ্টকেন বা সত্থমুখেন বা সমন্তা ছিন্দিত্বা পগ্ঘরন্তেন লোহিতেন তং কণ্টকং নীহারেয্য; অপি নু খো সো মহারাজ, পুরিসো অহিতকামো তং কণ্টকং নীহরতীতি?'

'নহি ভন্তে; হিতকামো সো ভন্তে, পুরিসো সোত্থিকামো তং কণ্টকং নীহরতি। সচে সো ভন্তে পুরিসো তং কণ্টকং ন নীহরেয্য, মরণং বা সো তেন পাপুণেয্য, মরণমত্তং বা দুক্খ'ন্তি।'

'এবমেব খো মহারাজ, তথাগতো কারুঞ্ঞেন দেবদত্তং পব্বাজেসি দুক্খপরিমুত্তিয়া। সচে মহারাজ, ভগবা দেবদত্তং ন পব্বাজেয্য কপ্পকোটিসতসহস্সম্'পি দেবদত্তো ভবপরম্পরায় নিরয়ে পচ্চেয্যা'তি।'

'এই প্রকারই মহারাজ, ভগবান্ করুণা করিয়া দুঃখ হইতে সর্ব্বতোভাবে মোচন করিবার জন্য দেবদত্তকে প্রব্রজিত করিয়াছেন।

৩৪। 'আরও পরবর্ত্তী কারণ শ্রবণ করুন মহারাজ, যাহাতে ভগবান্ দেবদত্তকে প্রব্রজিত করিয়াছেন। মহারাজ, যেমন এক জন লোক কণ্টক-বিদ্ধ হইয়াছে, (এখন) তাহার প্রতি হিতচিত্ত হইয়া, তাহার স্বস্তি কামনা করিয়া যদি কোন লোক তীক্ষ্ণ কণ্টক দ্বারা, বা শস্ত্রমুখ দ্বারা, যেখানে কণ্টক বিদ্ধ হইয়াছে তাহার চতুর্দ্দিকে ছেদনপূর্ব্বক তাহা হইতে গলদ্-রক্তের সহিত ঐ কণ্টককে বহির্গত করে, তবে মহারাজ, সেই পুরুষ কি অহিতকাম হইয়া ঐ কণ্টককে বহির্গত করে?'

'না ভদন্ত; সে তাহার হিতচিত্ত হইয়া, স্বস্তিকাম হইয়া ঐ কণ্টক বহির্গত করে। ঐ ব্যক্তি যদি সেই কণ্টক বহির্গত করিয়া না দিত, তাহা হইলে তাহাতেই সে মৃত্যু প্রাপ্ত হইত, অথবা মৃত্যুর পরিমাণ দুঃখ প্রাপ্ত হইত।'

'এই প্রকারই মহারাজ, তথাগত করুণা করিয়া দেবদত্তকে দুঃখ হইতে সর্ব্বতোভাবে মোচন করিবার জন্য প্রব্রজিত করেন; যদি না করিতেন, তবে শতসহস্রকোটি কল্প পর্য্যন্ত জন্মপরম্পরায় তাহাকে নিরয়ে পচিতে হইত।'

'অনুসোতগামিং ভন্তে নাগসেন, দেবদত্তং তথাগতো পটিসোতং পাপেসি, বিপথপটিপন্নং দেবদত্তং পন্থে পটিপাদেসি, পপাতে পতিতস্স দেবদত্তস্স পতিট্ঠং অদাসি, বিসমগতং দেবদত্তং তথাগতো সমং আরোপেসি। ইমে চ ভন্তে নাগসেন হেতু, ইমানি চ কারণানি ন সক্কা অঞ্ঞেন সন্দস্সেতুং অঞ্ঞত্র তবাদিসেন বুদ্ধিমতা'তি!'

৫ ৩৫। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—"অট্ঠি'মে ভিক্খবে হেতু অট্ঠ পচ্চয়া মহতো ভূমিচালস্স পাটুভাবায়া'তি।" অসেসবচনং ইদং, নিস্সেসবচনং ইদং, নিপ্পরিয়ায়বচনং ইদং; ন'ত্থ'ঞ্ঞো নবমো হেতু মহতো ভূমিচালস্স পাটুভাবায়, যদি ভন্তে নাগসেন, অঞ্ঞো নবমো হেতু ভবেয্য মহতো ভূমিচালস্স পাটুভাবায়, তম্'পি ভগবা হেতুং কথেয্য; যস্মা চ খো ভন্তে নাগসেন,
১০ ন'ত্থি অঞ্ঞো নবমো হেতু মহতো ভূমিচালস্স পাটুভাবায়, তস্মা অনাচিক্খিতো ভগবতা। অয়ঞ্চ নবমো হেতু দিস্সতি মহতো ভূমিচালস্স পাটুভাবায় যং বেস্সন্তরেন রঞ্ঞা মহাদানে দীয়মানে সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা। যদি ভন্তে

'ভদন্ত নাগসেন, দেবদত্ত (পাপের) অনুকূল প্রবাহে ভাসিয়া যাইতেছিল, তথাগত তাহাকে তাহারই প্রতিকূল প্রবাহে আনিয়াছেন; তিনি বিপথগত
১৫ দেবদত্তকে পথে আনিয়াছেন; প্রপাত হইতে পতিত দেবদত্তকে অবলম্বন প্রদান করিয়াছেন; বিষমস্থানপতিত দেবদত্তকে সমস্থানে আনয়ন করিয়াছেন! এই সমস্ত হেতু, ও এই সমস্ত কারণকে ভদন্ত নাগসেন, ভবাদৃশ বুদ্ধিমান ব্যক্তি ভিন্ন অপর কেহ অন্যত্র প্রদর্শন করিতে পারে না!'

ভূমিকম্পের কারণ

২০ ৩৫। ভদন্ত নাগসেন, ভগবান্ বলিয়াছেন—"হে ভিক্ষুগণ, মহাভূমিকম্প-প্রাদুর্ভাবের এই আট হেতু, এই আট কারণ;" ইহা তাঁহার অশেষ বচন, নিঃশেষ বচন ও নিষ্পর্য্যায় বচন; মহাভূমিকম্প-প্রাদুর্ভাবের অন্য কোন নবম হেতু নাই; ভদন্ত নাগসেন, যদি মহাভূমিকম্প-প্রাদুর্ভাবের অন্য কোন নবম হেতু থাকিত, তবে ভগবান্ তাহাও বলিতেন, কিন্তু ভদন্ত নাগসেন, যেহেতু অন্য কোন নবম হেতু নাই, সেইজন্যই তিনি
২৫ তাহা বলেন নাই। কিন্তু মহাভূমিকম্প-প্রাদুর্ভাবের এই নবম হেতু দেখা যাইতেছে যে, রাজা বিশ্বান্তর মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী সপ্তবার কম্পিত হইয়া উঠিয়াছিল। ভদন্ত নাগসেন, যদি মহাভূমিকম্পের আটটিমাত্র হেতু, আটটিমাত্র

নাগসেন, অট্‌ঠে'ব হেতু অট্‌ঠ পচ্চয়া, তেন হি বেস্‌সন্তরেন রঞ্‌ঞা মহাদানে দীয়মানে সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা'তি যং বচনং তং মিচ্ছা। যদি বেস্‌সন্তরেন রঞ্‌ঞা মহাদানে দীয়মানে সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা, তেন হি অট্‌ঠে'ব হেতু অট্‌ঠ পচ্চয়া মহতো ভূমিচালস্‌স পা'তুভাবায়া'তি" তম্পি বচনং মিচ্ছা। অয়ম্'পি
৫ উভতোকোটিকো পঞ্‌হো সুখুমো দুন্নিবেঠিযো অন্ধকরণো চ গম্ভীরো চ; সো তবানুপ্পত্তো, নে'সো ইতরপঞ্‌ঞেন সক্কা বিস্‌সজ্জেতুং অঞ্‌ঞত্র তথাবিধেন বুদ্ধিমতা'তি।'

৩৬। 'ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"অট্‌ঠি'মে ভিক্খবে হেতু অট্‌ঠ পচ্চয়া মহতো ভূমিচালস্‌স পাতুভাবায়া'তি।" বেস্‌সন্তরেন'পি রঞ্‌ঞা মহাদানে
১০ দীয়মানে সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা। তঞ্চ পন অকালিকং কদাচু'প্পত্তিকং, অট্‌ঠহি হেতূহি বিপ্পমুত্তং, তস্মা অগণিতং অট্‌ঠহি হেতূহি। যথা মহারাজ, লোকে তয়ো যেব মেঘা গণীয়ন্তি—বস্‌সিকো, হেমন্তিকো, পাবুসকো'তি; যদি তে মুঞ্চিত্বা অঞ্‌ঞো মেঘো পবস্‌সতি, ন সো মেঘো গণীয়তি সম্মতেহি মেঘেহি, অকালমেঘো'-তে'ব সঙ্খং গচ্ছতি; এবমেব খো মহারাজ, বেস্‌সন্তরেন রঞ্‌ঞা মহাদানে দীয়মানে

১৫ কারণ থাকে, তবে, বিশ্বান্তর নরপতি মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী সপ্তবার কম্পিত হইয়াছিল,—এই যে কথা, তাহা মিথ্যা। (অপর পক্ষে) যদি বিশ্বান্তর নরপতি মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী সপ্তবার কম্পিত হইয়া থাকে, তবে, মহাভূমিকম্প প্রাদুর্ভাবের 'এই আট্‌টিমাত্র হেতু, এই আট্‌টিমাত্র কারণ,'—এই যে কথা, তাহাও মিথ্যা। অতএব ইহাও উভয়কোটিক প্রশ্ন, এবং ইহা সূক্ষ্ম, দুর্বি-
২০ বরণ, অন্ধকরণ ও গম্ভীর। ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে। ভবাদৃশ বুদ্ধি-মান্ ভিন্ন অন্য কোন হীনপ্রজ্ঞ ব্যক্তি ইহার উত্তর করিতে সমর্থ হইবে না।'

৩৬। 'মহারাজ ভগবান্ ইহা বলিয়াছেন—"ভিক্ষুগণ, মহাভূমিকম্প-প্রাদুর্ভাবের এই অষ্ট হেতু, এই অষ্ট কারণ;" এবং বিশ্বান্তর নরপতিও মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী সপ্তবার কম্পিত হইয়াছিল। কিন্তু তাহা অকালিক, ও কাদাচিৎক,
২৫ এবং অষ্ট হেতু হইতে তাহা বহির্গত; এইজন্য ইহাদের মধ্যে তাহাকে গণনা করা হয় নাই। মহারাজ, যেমন, লোকে ত্রিবিধ মেঘ গণিত হইয়া থাকে—বার্ষিক, হৈমন্তিক ও প্রবর্ষুক; ইহা ছাড়িয়া অপর কোন মেঘ যদি বর্ষণ করে, তবে সম্মত ঐ ত্রিবিধ মেঘের সহিত তাহা গণিত হয় না, তাহা "অকালিক মেঘ" এই

যং সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা, অকালিকং এতং কদাচুপ্পত্তিকং, অট্ঠহি হেতূহি বিপ্পমুত্তং, ন তং গণীয়তি অট্ঠহি হেতূহি। যথা বা পন মহারাজ, হিমবন্তা পব্বতা পঞ্চ নদীসতানি সন্দন্তি, তেসং মহারাজ, পঞ্চন্নং নদীসতানং দসে'ব নদিয়ো নদী-গণনায় গণীয়ন্তি, সেয্যথীদং—গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী, সিন্ধু, সরস্সতী
৫ বেত্রবতী, বিতংসা চন্দ্রভাগা; অবসেসা নদীগণনায় অগণিতা, কিঙ্কারণং? ন তা নদিয়ো ধুবসলিলা; এবমেব খো মহারাজ, বেস্সন্তরেন রঞ্ঞা মহাদানে দীয়মানে যং সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা, অকালিকং এতং কদাচুপ্পত্তিকং, অট্ঠহি হেতূহি বিপ্পমুত্তং, ন তং গণীয়তি অট্ঠহি হেতূহি। যথা বা পন মহারাজ, রঞ্ঞো সতম্'পি দ্বিসতম্'পি অমচ্চা হোন্তি, তেসং ছযেব জনা অমচ্চগণনায় গণীয়ন্তি, সেয্যথীদং—
১০ সেনাপতি, পুরোহিতো, অক্খদস্সো, ভণ্ডাগারিকো, ছত্তগ্গাহকো, খগ্গে গাহকো; এতেযেব অমচ্চগণনায় গণীয়ন্তি, কিঙ্কারণং? যুত্তত্তা রাজগুণেহি; অবসেসা অগণিতা, অমচ্চা'তে'ব সঙ্খং গচ্ছন্তি; এবমেব খো মহারাজ, বেস্সন্তরেন রঞ্ঞা মহাদানে দীয়মানে সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা, অকালিকং এতং কদাচুপ্পত্তিকং অট্ঠহি হেতূহি বিপ্পমুত্তং, ন তং গণীয়তি অট্ঠহি হেতূহি।

১৫ শব্দে অভিহিত হইয়া থাকে; এইরূপই মহারাজ, বিশ্বান্তর নরপতি মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী যে সপ্তবার কম্পিত হইয়াছিল, তাহা অকালিক, কাদাচিৎক, ও অষ্ট হেতুর বহির্গত; অষ্ট হেতুর মধ্যে তাহাকে গণনা করা হয় না। অথবা যেমন মহারাজ, হিমবান্ পর্ব্বত হইতে পঞ্চশত নদী প্রবাহিত হইতেছে; মহারাজ, এই পঞ্চশত নদীর মধ্যে দশটি নদী নদীগণনায় গণিত হইয়া থাকে, যথা—গঙ্গা, যমুনা,
২০ অচিরবতী, শরভূ, মহী, সিন্ধু, সরস্বতী, বেত্রবতী, বিতংসা, ও চন্দ্রভাগা; অবশিষ্ট নদীসমূহ নদীগণনায় গণিত হয় না, কারণ কি? যেহেতু তাহারা স্থিরসলিলা নহে; এই প্রকারই মহারাজ, বিশ্বান্তর নরপতি মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী যে সপ্তবার কম্পিত হইয়াছিল, তাহা অকালিক, কাদাচিৎক, এবং অষ্টহেতু হইতে বহির্গত, অষ্টহেতুর মধ্যে গণিত হয় নাই। অথবা যেমন মহারাজ, রাজার একশতও
২৫ বা দ্বিশতও অমাত্য থাকেন, কিন্তু তাহার মধ্যে ছয়জনই অমাত্যগণনার মধ্যে গণিত হইয়া থাকেন, যথা—সেনাপতি, পুরোহিত, অক্ষদর্শী, ভাণ্ডাগারিক, ছত্রগ্রাহক, ও খড়্গগ্রাহক; কারণ কি? যেহেতু তাহারা রাজগুণযুক্ত; অবশিষ্ট সকলে অমাত্য-গণনায় গণিত হন না, তাঁহারা কেবল 'অমাত্য' এইমাত্র অভিহিত হইয়া থাকেন; এই প্রকারই মহারাজ, বিশ্বান্তর নৃপতি মহাদান দিতে আরম্ভ করিলে মহাপৃথিবী যে
৩০ সপ্তবার কম্পিত হইয়াছিল, তাহা অকালিক, কাদাচিৎক, ও অষ্টহেতু হইতে বহির্গত, অষ্টহেতুর মধ্যে তাহা গণিত হয় নাই।

৩৭। 'সুয়তি নু খো মহারাজ, এতরহি জিনসাসনে কতাধিকারানং দিট্ঠধম্ম-সুখবেদনীয়ং কম্মং, কিত্তি চ যেসং অব্ভু'গ্গতা দেবমনুস্সেসূ'তি ?'

'আম ভন্তে; সুয়তি এতরহি জিনসাসনে কতাধিকারানং দিট্ঠধম্মসুখবেদনীয়ং কম্মং, কিত্তি চ যেসং অব্ভুগ্‌তা দেবমনুস্সেসূ'তি; সত্ত তে জনা'তি।'

৫ 'কো চ কো চ মহারাজা'তি ?'

'সুমনো চ ভন্তে, মালাকারো, একসাটকো চ ব্রাহ্মণো, পুণ্ণো চ ভতকো, মল্লিকা চ দেবী, গোপালমাতা চ দেবী, সুপ্পিয়া চ উপাসিকা, পুণ্ণা চ দাসীতি—ইমে সত্ত দিট্ঠ-ধম্মসুখবেদনীয়া সত্তা, কিত্তি চ ইমেসং অব্ভুগ্গতা দেবমনুস্সেসূ'তি।'

'অপরে'পি সুয়তি নু খো অতীতে মানুসকেনে'ব সরীরদেহেন তিদসভবনং

১০ গতা'তি ?'

'আম ভন্তে; সুয়তীতি।'

'কো চ কো চ মহারাজা'তি ?'

৩৭। 'মহারাজ, যাঁহাদের কীর্ত্তিশব্দ দেব ও মনুষ্যসমূহের মধ্যে অভ্যুদ্গত হইয়াছে, এবং যাঁহারা জিনশাসনে অধিকার প্রাপ্ত হইয়াছেন, এতাদৃশ লোকগণের এমন কোন

১৫ কর্ম্ম শুনিতে পাওয়া যায় কি, যাহার (ফলরূপ) সুখ-বেদনা এই লোকেই অনুভব করিতে পারা যায় ?

'হাঁ, ভদন্ত; যাঁহাদের কীর্ত্তি দেব ও মনুষ্যসমূহে অভ্যুদ্গত হইয়াছে, এবং যাঁহারা জিনশাসনে অধিকার প্রাপ্ত হইয়াছেন, এতাদৃশ লোকগণের সেই কর্ম্ম শুনিতে পাওয়া যায়, যাহার (ফলরূপ) সুখবেদনা এই লোকেই অনুভব করিতে পারা যায়।

২০ তাঁহারা সাতজন ছিলেন।'

'কে কে মহারাজ ?'

'ভদন্ত, মালাকার সুমনা, ব্রাহ্মণ একশাটক, ভৃত্য পূর্ণ, দেবী মল্লিকা, দেবী গোপাল-মাতা, উপাসিকা সুপ্রিয়া ও দাসী পূর্ণা, এই সাতজন তাদৃশ কর্ম্ম করিয়াছিলেন, যাহাতে তাঁহাদের সুখানুভব এই লোকেই দৃষ্ট হইয়াছিল। এবং তাঁহাদের কীর্ত্তিশব্দ

২৫ দেব ও মনুষ্যলোকে অভ্যুদ্গত হইয়াছিল।'

'মহারাজ, পুরাকালে আরও কি কোন কোন লোকের নাম শুনিতে পাওয়া যায়, যাঁহারা এই মানবীয় শরীরেই ত্রিদশভবনে (স্বর্গ) গমন করিয়াছিলেন ?'

'হাঁ ভদন্ত, শুনিতে পাওয়া যায়।'

'মহারাজ কে কে ?'

'গুত্তিলো চ গন্ধব্বো, সাধীনো চ রাজা, নিমী চ রাজা, মন্ধাতা চ রাজা'তি ইমে চতুরো জনা সুয়্যন্তি—তেনে'ব মানুসকেন সরীরদেহেন তিদসভবনং গতা'তি; সুচিরম্'পি কতং সুয়্যতি সুকতদুক্কত'ন্তি।'

'সুতপুব্বং পন তয়া মহারাজ, অতীতে বা অদ্ধানে, বত্তমানে বা অদ্ধানে ইত্থ-
৫ নামস্স দানে দীয়মানে সকিং বা দ্বিক্খত্তুং বা তিক্খত্তুং বা মহাপঠবী কম্পিতা'তি?'

'নহি ভন্তে'তি।'

'অত্থি মে মহারাজ, আগমো অধিগমো পরিয়ত্তিসবনং সিক্খাবলং সুস্সূসা পরিপুচ্ছা আচরিয়ু'পাসনং, ময়াপি ন-সুতপুব্বং—ইত্থন্নামস্স দানে দীয়মানে সকিং বা দ্বিক্খত্তুং বা তিক্খত্তুং বা মহাপঠবী কম্পিতা'তি ঠপেত্বা বেস্সন্তরস্স রাজবসভস্স
১০ দানবরং। ভগবতো চ মহারাজ, কস্সপস্স, ভগবতো চ সক্যমুনিনো'তি দ্বিন্নং বুদ্ধানং অন্তরে গণনপথং বীতিবত্তা বস্সকোটিয়ো অতিক্কন্তা, তত্থ'পি মে সবনং ন'ত্থি—ইত্থন্নামস্স দানে দীয়মানে সকিং বা দ্বিক্খত্তুং বা তিক্খত্তুং বা মহাপঠবী কম্পিতা'তি। ন মহারাজ, তাবতকেন বিরিয়েন তাবতকেন পরক্কমেন মহাপঠবী

'গন্ধর্ব্ব গুত্তিল, রাজা স্বাধীন, রাজা নিমি, ও রাজা মান্ধাতা, এই চারি জন,
১৫ শুনিতে পাওয়া যায়, সেই মনুষ্যশরীরেই ত্রিদশভবন গমন করিয়াছিলেন।'

'সুকৃত বা দুষ্কৃত বহু পূর্ব্বে করিলেও তাহা শুনা যায়, কিন্তু মহারাজ, আপনি বর্ত্তমান কালে বা অতীত কালে অমুকের দান-প্রদান আরব্ধ হইলে একবার, বা দুইবার, বা তিন বার মহাপৃথিবীকে কম্পিত হইতে শুনিয়াছেন কি?'

'না ভদন্ত।'

২০ 'মহারাজ, আমার আগম, অধিগম, বুদ্ধবচনশ্রবণ, শিক্ষাবল, শুশ্রূষা, পরিপৃচ্ছা, ও আচার্য্যোপাসনা আছে, কিন্তু আমিও পূর্ব্বে শুনি নাই যে, কেবল রাজর্ষভ বিশ্বান্তরের পরম দান ভিন্ন অমুকের দান-প্রদান আরব্ধ হইলে একবার, বা দুইবার, বা তিনবার মহাপৃথিবী কম্পিত হইয়াছে। মহারাজ, ভগবান্ কশ্যপ ও ভগবান্ শাক্যমুনি, এই দুই বুদ্ধের মধ্যে গণনাপথাতিক্রান্ত কোটি-কোটি বৎসর অতীত হইয়া
২৫ গিয়াছে, ইহার মধ্যেওত আমি শ্রবণ করি নাই যে, অমুকের দান-প্রদান আরব্ধ হইলে মহাপৃথিবী একবার, বা দুইবার, বা তিনবার কম্পিত হইয়াছিল। মহারাজ, তাবন্মাত্র বীর্য্যে, তাবন্মাত্র পরাক্রমে, মহাপৃথিবী কম্পিত হয় না; ইহা যখন গুণভার-ভরিতা হয়, সমগ্র শুচি (পবিত্র) কর্ম্মের গুণভারে ভারাক্রান্ত হয়, তখন আর ধারণ

কম্পতি, গুণভারভরিতা মহারাজ, সব্বসোচেয্যকিরিয়গুণভারভরিতা ধারেতুং ন বিসহন্তী মহাপঠবী চলতি কম্পতি পবেধতি। যথা মহারাজ, সকটস্স অতিভারভরিতস্স নাভিয়ো চ নেমিয়ো চ ফলন্তি, অক্খো ভিজ্জতি, এবমেব খো মহারাজ, সব্বসোচেয্যকিরিয়গুণভারভরিতা মহাপঠবী ধারেতুং ন বিসহন্তী চলতি কম্পতি

৫ পবেধতি। যথা বা পন মহারাজ, গগনং অনিলবেগসঞ্ছাদিতং উস্সন্নজলভারভরিতং অতিবাতেন ফুটিতত্তা নদতি রবতি গলগলায়তি, এবমেব খো মহারাজ, মহাপঠবী রঞ্ঞো বেস্সন্তরস্স দানবলবিপুলউস্সন্নভারভরিতা ধারেতুং ন বিসহন্তী চলতি কম্পতি পবেধতি। নহি মহারাজ, রঞ্ঞো বেস্সন্তরস্স চিত্তং রাগবসেন পবত্ততি, ন দোসবসেন পবত্ততি, ন মোহবসেন পবত্ততি, ন মানবসেন পবত্ততি, ন

১০ দিট্‌ঠিবসেন পবত্ততি, ন কিলেসবসেন পবত্ততি, ন বিতক্কবসেন পবত্ততি, ন অরতিবসেন পবত্ততি, অথ খো দানবসেন বহুলং পবত্ততি—"কিন্তি অনাগতা যাচকা মম সন্তিকে আগচ্ছেয্যুং, আগতা চ যাচকা যথাকামং লভিত্বা অত্তমনা ভবেয্যুন্তি" সততং সমিতং দানম্পতি মানসং ঠপিতং হোতি। রঞ্ঞো মহারাজ, বেস্সন্তরস্স সততং সমিতং দসসু ঠানেসু মানসং ঠপিতং হোতি—দমে সমে খন্তিয়ং সংবরে যমে নিয়মে

১৫ করিতে পারে না, এতএব চলিত হয়, কম্পিত হয় ও প্রবেপিত হয়। মহারাজ, যেমন অতিভারভরিত শকটের নাভি ও নেমি বিশীর্ণ হয়, ও অক্ষ ভগ্ন হয়, এই প্রকারই মহারাজ, সমগ্র শুচিকর্ম্মের গুণভারে ভারাক্রান্তা হইয়া মহাপৃথিবী ধারণ করিতে সমর্থ না হওয়ায় চলিত, কম্পিত ও প্রবেপিত হয়। অথবা যেমন মহারাজ, অনিল ও জলবেগ-সংছন্ন গগন প্রবল জলভারে আক্রান্ত হইয়া

২০ অতিবাত দ্বারা স্ফুটিত হওয়ায় নাদ করে, রব করে, ও গুড়্‌গুড়্ শব্দ করে, এই প্রকার মহারাজ, মহাপৃথিবী বিশ্বান্তর রাজার দানবলের বিপুল প্রবল ভারে আক্রান্ত হওয়ায় ধারণ করিতে সমর্থ না হইয়া চলিত, কম্পিত ও প্রবেপিত হইয়াছিল। মহারাজ, রাজা বিশ্বান্তরের চিত্ত রাগ, বা দ্বেষ, বা মোহ, বা মান, বা দৃষ্টি (নাস্তিকতা), বা ক্লেশ, বা বিতর্ক, বা অরতি-বশে প্রবৃত্ত হয় নাই, কিন্তু বহুলভাবে দানবশেই

২৫ প্রবৃত্ত হইয়াছিল যে, 'কি প্রকারে অনাগত যাচক সকল আমার নিকটে আগমন করিবে, এবং আগমন করিয়া যথাভিলষিত দ্রব্য লাভ করিয়া সুখী হইবে।' তিনি এইরূপে নিয়ত অবিচ্ছেদে দানের প্রতি চিত্তকে স্থাপিত করিতেন। মহারাজ, রাজা বিশ্বান্তরের এই দশ স্থানে নিয়ত অবিচ্ছেদে চিত্ত স্থাপিত থাকিত, যথা—দম,

অক্কোধে অবিহিংসায়ং সচ্চে সোচেয্যে। রঞ্‌ঞো মহারাজ, বেস্‌সন্তরস্‌স কামেসনা পহীনা, ভবেসনা পটিপ্পস্‌সদ্ধা, ব্রহ্মচরিয়েসনায়ে'ব উস্‌সুক্কং আপন্নো। রঞ্‌ঞো মহারাজ, বেস্‌সন্তরস্‌স অত্তরক্‌খা পহীনা, পররক্‌খায় উস্‌সুক্কং আপন্নো—"কিন্তি ইমে সত্তা সমগ্‌গা অস্‌সু অরোগা সধনা দীঘায়ুকা'তি" বহুলং যেব মানসং পবত্ততি। দদমানো চ মহারাজ, বেস্‌সন্তরো রাজা তং দানং ন ভবসম্পত্তিহেতু দেতি, ন ধনহেতু দেতি, ন পটিদানহেতু দেতি, ন উপলাপনহেতু দেতি, ন আয়ুহেতু দেতি, ন বণ্ণহেতু দেতি, ন সুখহেতু দেতি, ন বলহেতু দেতি, ন যসহেতু দেতি, ন পুত্তহেতু দেতি, ন ধীতুহেতু দেতি, অথ খো সব্বঞ্‌ঞুতঞাণস্‌স হেতু সব্বঞ্‌ঞুতঞাণরতনস্‌স কারণা এবরূপে অতুলবিপুলানুত্তরে দানবরে অদাসি। সব্বঞ্‌ঞুতং পত্তো চ ইমং গাথং অভাসি—

"জালিং কণ্হাজিনং ধীতং মদ্দিদেবিং পতিব্বতং।
চজমানো ন চিন্তেসিং বোধিয়া যেব কারণা'তি॥"

শম, ক্ষান্তি, সংবর, যম, নিয়ম, অক্রোধ, অহিংসা, সত্য ও শুদ্ধি। মহারাজ, রাজা বিশ্বান্তরের কামৈষণা বিনষ্ট, ও ভবৈষণা উপশান্ত হইয়াছিল, তিনি কেবল ব্রহ্মচর্য্যৈষণায় ঔৎসুক্য প্রাপ্ত হইতেন। তাঁহার আত্মরক্ষা প্রহীণ হইয়াছিল, কিন্তু পরের রক্ষার জন্য উৎসুক থাকিতেন। তাঁহার মানস বহুলভাবে এইরূপে প্রবর্ত্তিত হইত—'কেমন করিয়া এই জীবসকল সমগ্র (সম্মিলিত বা পরিপূর্ণ) হইয়া উঠিবে, এবং নীরোগ, সধন ও দীর্ঘায়ু হইতে পারিবে।' মহারাজ, বিশ্বান্তর রাজা দান দিবার সময় ঐ দানকে পরলোকে উত্তম জন্মলাভের জন্য দান করিতে না, তিনি ধনের জন্য দান করিতেন না, প্রতিদানের জন্য দান করিতেন না, তোষামাদের জন্য দান করিতেন না, নিজের দীর্ঘ আয়ু লাভের জন্য দান করিতেন না, সুখ, বল, যশ, পুত্র বা দুহিতার জন্য দান করিতেন না; কিন্তু সর্ব্বজ্ঞতা-জ্ঞানের জন্য, সর্ব্বজ্ঞতা-জ্ঞানরত্নের নিমিত্ত তিনি এইরূপে অতুল-বিপুল অনুত্তর পরম দানসমূহ প্রদান করিয়াছিলেন। তিনি সর্ব্বজ্ঞত্বলাভ করিয়া এই গাথা গাইয়াছিলেনঃ—

"(কুমার) জালিকে, দুহিতাকে, পতিব্রতা
মহিষী মদ্রীকে আর (সেই) কৃষ্ণাজিনে
করিয়াছি ত্যাগ, কিন্তু (তাহাদের তরে)
চিন্তা করি নাই শুধু বোধির কারণে।"

৩৮। 'বেস্সন্তরো মহারাজ, রাজা অক্কোধেন কোধং জিনাতি, অসাধুং সাধুনা জিনাতি, কদরিয়ং দানেন জিনাতি, অলিকবাদিনং সচ্চেন জিনাতি, সব্বং অকুসলং কুসলেন জিনাতি।

'তস্স এবং দদমানস্স ধম্মানুগতস্স ধম্মসীসকস্স দাননিস্সন্দবলবিরিয়বিপুল-
৫ বিহারেন হেট্ঠা মহাবাতা সঞ্চলন্তি, সনিকং সনিকং সকিং সকিং আকুলাকুলা বায়ন্তি, ওণমন্তি উন্নমন্তি বিনমন্তি, ছিন্নপত্তা পাদপা পপতন্তি, গুম্বগুম্বং বলাহকা গগনে সন্ধাবন্তি, রজোসঞ্চিতা বাতা দারুণা হোন্তি, গগনং উপ্পীলিতং, বাতা বায়ন্তি সহসা ধমধমায়ন্তি, মহতিমহা ভীমো সদ্দো নিচ্ছরতি ; তেসু বাতেসু কুপিতেসু উদকং সনিকং সনিকং চলতি, উদকে চলিতে খুব্ভন্তি মচ্ছকচ্ছপা, জায়ন্তি যমকযমকা উম্মিয়ো, তসন্তি
১০ জলচরা সত্তা, জলবীচি যুগনদ্ধো বত্ততি, বীচিনাদো পবত্ততি, ঘোরা বুব্বুলা উট্ঠহন্তি, ফেণমালা ভবন্তি, উত্তরতি মহাসমুদ্দো, দিসাবিদিসং ধাবতি উদকং, উস্সোতপটি-সোতমুখা সন্দন্তি সলিলধারা, তসন্তি অসুরা গরুলা নাগা যক্খা, উব্বিজ্জন্তি—কিন্নু

৩৮। মহারাজ, রাজা বিশ্বান্তর অক্রোধের দ্বারা ক্রোধকে, সাধু (কার্য্য) দ্বারা অসাধুকে, দানের দ্বারা কৃপণকে, সত্যের দ্বারা মিথ্যাবাদীকে, এবং কুশলের দ্বারা সমস্ত
১৫ অকুশলকে জয় করিয়াছিলেন।'

'যিনি ধর্ম্মে অনুগত, ও ধর্ম্মকে শীর্ষস্থানীয়রূপে গ্রহণ করিয়াছেন, (সেই রাজা বিশ্বান্তর) যখন দান করিতেন, তখন দানের পরিণামফলস্বরূপ বলবীর্য্যের বিপুল বিহরণে নিম্নে মহাবায়ু সঞ্চলিত হইয়া উঠে, ও শনৈঃ শনৈঃ এক-একবার আকুল-ব্যাকুল হইয়া প্রবাহিত হয়, এবং অবনত উন্নত ও বিনত হয় ; বদ্ধমূল পাদপসমূহ
২০ পতিত হয়, রাশি-রাশি মেঘসমূহ গগনে সংধাবিত হয়, ধূলিব্যাপ্ত বায়ুসমূহ দারুণ হয়, আকাশ উৎপীড়িত হয়, বায়ুসমূহ প্রবাহিত হয় এবং সহসা ধম-ধম শব্দ করে ও অতিমহান্ ভীম শব্দ নির্গত হয় ; এবং সেই সমস্ত বায়ু কুপিত হইলে শনৈঃ শনৈঃ জল নড়িতে আরম্ভ করে, জল নড়িতে আরম্ভ করিলে মৎস্যকচ্ছপগণ ক্ষুব্ধ হইয়া উঠে, দুইটি-দুইটি করিয়া তরঙ্গসমূহ উৎপন্ন হয়, জলচর জীবগণ ত্রস্ত হয়, জলবীচি
২৫ দুইটি-দুইটি একত্র সম্বদ্ধ হইয়া প্রবৃত্ত হওয়ায় বীচিশব্দ উদ্ভূত হয়, ঘোর বুদ্বুদসমূহ উত্থিত হয়, ফেনমালা আবির্ভূত হয়, মহাসমুদ্র উৎপ্লুত হইয়া (উছলিয়া) উঠে, জল দিগ্-বিদিকে ছুটিতে থাকে, জলধারা স্রোতের অনুকূল-প্রতিকূল উভয় মুখে প্রবাহিত হয় ; এবং অসুরগণ, গরুড়গণ, নাগগণ ও যক্ষগণ ত্রস্ত ও উদ্বিগ্ন হইয়া উঠে যে, 'কি ! কি জন্য সাগর বিপরিবর্ত্তন প্রাপ্ত হইতেছে (অর্থাৎ আলোড়িত হই-

খো কথম্ খো সাগরো বিপরিবত্ততীতি, গমনপথমেসন্তি ভীতচিত্তা ; খুভিতে লুলিতে জলধরে পকম্পতি মহাপঠবী সনগা সসাগরা, পরিবত্ততি সিনেরুগিরি কূটসেল-সিখরো বিনমমানো হোতি, বিমনা হোন্তি অহি-নকুল-বিলার-কোট্ঠুক-সূকর-মিগ-পক্খিনো, রুদন্তি যক্খা অপ্পেসক্খা, হসন্তি যক্খা মহেসক্খা কম্পমানায় মহাপঠবিয়া।'

৫ ৩৯। 'যথা মহারাজ, মহতিমহাপরিযোগে উদ্ধনগতে উদকসম্পুন্নে আকিন্নতণ্ডুলে হেট্ঠতো অগ্গি জলমানো পঠমং তাব পরিযোগং সন্তাপেতি, পরিযোগো সন্তত্তো উদকং সন্তাপেতি, উদকং সন্তত্তং তণ্ডুলং সন্তাপেতি, তণ্ডুলং সন্তত্তং উম্মুজ্জতি নিমুজ্জতি, বুব্বুলকজাতং হোতি, ফেণমালি উত্তরতি ;—এবমেব খো মহারাজ, বেস্সন্তরো রাজা যং লোকে দুচ্চজং তং চজি, তস্স তং দুচ্চজং চজন্তস্স দানস্স সভাব-

১০ নিস্সন্দেন হেট্ঠা মহাবাতা ধারেতুং ন বিসহন্তা পরিকুপ্পিংসু, মহাবাতেসু পরিকুপিতেসু উদকং কম্পি, উদকে কম্পিতে মহাপঠবী কম্পি ; ইতি তদা মহাবাতা চ উদকং চ পঠবী চা'তি—ইমে তয়ো একমনা বিয় অহেসুং মহাদাননিস্সন্দেন বিপুলবল-

ভেছে) !' এবং ভীতচিত্ত হইয়া পলায়ন-পথ অন্বেষণ করে ; সমুদ্র ('জলধর') ক্ষুভিত-লুলিত হইলে সপর্ব্বত ও সসাগর মহাপৃথিবী প্রকম্পিত হইয়া উঠে, অতুচ্চশিলাময়-

১৫ শিখরযুক্ত সুমেরু পর্ব্বত ঘুরিতে থাকে ও বিনত হইয়া পড়ে, অহি-নকুল বিড়াল-শৃগাল, শূকরমৃগসমূহ ও পক্ষিসমূহ বিষণ্ণ হয়, এবং অল্পশক্তি যক্ষগণ রোদন করে, ও মহাশক্তি যক্ষগণ হাস্য করে ;—(মহারাজ), যখন মহাপৃথিবী কম্পমান হইতে আরম্ভ করে।

৩৯। 'যেমন মহারাজ, যদি এক অতিবৃহৎ স্থালীকে চুল্লীর উপরে স্থাপন করিয়া জল-

২০ পূর্ণ করিয়া তাহাতে তণ্ডুল নিক্ষেপ করা যায়, তবে তাহার নীচে জলন্ত অগ্নি প্রথমে স্থালীকে সন্তপ্ত করে, সন্তপ্ত স্থালী জলকে সন্তপ্ত করে, জল সন্তপ্ত হইয়া তণ্ডুলকে সন্তপ্ত করে, এবং তণ্ডুল সন্তপ্ত হইয়া উন্মগ্ন-নিমগ্ন হয়, বুদ্বুদসমূহ উৎপন্ন হয়, ও ফেন-মালা উৎপ্লুত হয় ; এইরূপই মহারাজ, রাজা বিশ্বান্তর লোকে যাহা দুস্ত্যাজ্য, তাহা ত্যাগ করিয়াছেন, সেই দুস্ত্যাজ্য বস্তুর ত্যাগকারী তাঁহার দানের স্বাভাবিক পরিণামে

২৫ নিম্নে মহাবায়ুসমূহ (পৃথিবী ও জলকে) ধারণ করিতে সমর্থ না হইয়া পরিকম্পিত হইয়াছিল, মহাবায়ুসমূহ পরিকম্পিত হইলে জল কম্পিত হইয়াছিল, এবং জল কম্পিত হইলে মহাপৃথিবী কম্পিত হইয়াছিল। এইরূপে সেই সময়ে মহাবায়ুসমূহ, জলসমূহ ও পৃথিবী সেই মহাদানের পরিণামের বিপুল বলবীর্য্য-হেতু যেন একচিত্ত হইয়া উঠিয়া-

বিরিযেন ; ন'ত্থি এদিসো মহারাজ, অঞ্‌ঞস্‌স দানানুভাবো যথা বেস্‌সন্তরস্‌স রঞ্‌ঞো মহাদানানুভাবো।

৪০। 'যথা মহারাজ, মহিয়া বহুবিধা মণয়ো বিজ্জন্তি, সেয্যথীদং—ইন্দনীলো মহানীলো জোতিরসো বেলুরিযো উম্মাপুপ্‌ফো সিরীসপুপ্‌ফো মনোহরো সুরিযকন্তো ৫ চন্দকন্তো বজিরো কজ্জোপক্কমকো ফুস্‌সরাগো লোহিতঙ্কো মসারগল্লো, এতে সব্বে অতিক্কম্ম চক্কবত্তিমণি অগ্গমক্খাযতি, চক্কবত্তিমণি মহারাজ, সমন্তা যোজনং ওভাসেতি ; এবমেব খো মহারাজ, যং কিঞ্চি মহিয়া দানং বিজ্জতি অপি অসদিসদানং পরমং, তং সব্বং অতিক্কম্ম বেস্‌সন্তরস্‌স রঞ্‌ঞো মহাদানং অগ্গমক্খাযতি। বেস্‌সন্তরস্‌স মহারাজ, রঞ্‌ঞো মহাদানে দীয়মানে সত্তক্খত্তুং মহাপঠবী কম্পিতা'তি।'

১০ ৪১। 'অচ্ছরিযং ভন্তে নাগসেন বুদ্ধানং! অব্ভুতং ভন্তে নাগসেন বুদ্ধানং! যং তথাগতো বোধিসত্তো সমানো অসমো লোকেন, এবংখন্তি এবংচিত্তো এবং-অধিমুত্তি, এবং-অধিপ্পাযো। বোধিসত্তানং ভন্তে নাগসেন, পরক্কমো দক্খাপিতো, পারমী চ

ছিল। মহারাজ, রাজা বিশ্বান্তরের মহাদানের প্রভাবের ন্যায় অপরের দানের ঈদৃশ প্রভাব নাই।

১৫ ৪০। 'মহারাজ, যেমন পৃথিবীতে বহুবিধ মণি আছে, যথা—ইন্দ্রনীল, মহানীল, জ্যোতীরস, বৈদূর্য্য, উমাপুষ্প, শিরীষপুষ্প, মনোহর, সূর্য্যকান্ত, চন্দ্রকান্ত, হীরক, 'কজ্জোপক্কমক', পুষ্পরাগ, পদ্মরাগ ও কর্ব্বরমণি ;—কিন্তু চক্রবর্ত্তী-নামক মণি এই সমস্তকে অতিক্রম করিয়া অগ্রে আখ্যাত হয়,—মহারাজ, চক্রবর্ত্তী মণি চারিদিকে এক যোজন উদ্ভাসিত করে ; এইরূপ মহারাজ, পৃথিবীতে যাহা কিছু অনুপম উৎকৃষ্ট ২০ দান আছে, রাজা বিশ্বান্তরের মহাদান সেই সমস্তকে অতিক্রম করিয়া অগ্রে আখ্যাত হয়। মহারাজ, রাজা বিশ্বান্তরের মহাদান যখন প্রদত্ত হইতেছিল, তখন সাতবার মহাপৃথিবী কম্পিত হইয়াছিল।'

৪১। 'ভদন্ত নাগসেন, বুদ্ধগণের ইহা আশ্চর্য্য, বুদ্ধগণের ইহা অদ্ভুত যে, তথাগত বোধিসত্ত্ব হইয়াও লোকে অসমান, ও ঈদৃশক্ষান্তিযুক্ত, ঈদৃশচিত্তযুক্ত, ২৫ ঈদৃশভাবযুক্ত, ও ঈদৃশ-অভিপ্রায়যুক্ত ছিলেন! ভদন্ত নাগসেন, আপনি বোধিসত্ত্বগণের পরাক্রম দেখাইয়াছেন! জিনগণের পরমোৎকর্ষ উদ্ভাসিত করিয়াছেন!

জিনানং ভিয্যো ওভাসিতা, চরিয়ং চরতো'পি তাব তথাগতস্স সদেবকে লোকে সেট্‌ঠভাবো অনুদস্সিতো। সাধু ভন্তে নাগসেন, থোমিতং জিনসাসনং, জোতিতা জিনপারমী, ছিন্না তিত্থিয়ানং বাদগণ্ঠি, ভিন্না পরপ্পবাদকুম্ভা, পঞ্হো গম্ভীরো উত্তানীকতো, গহনং অগহনং কতং, সম্মালদ্ধং জিনপুত্তানং নিব্বাহনং! এবমেতং গণিবরপবর, তথা সম্পটি'চ্ছামা'তি।

৪২। 'ভন্তে নাগসেন, তুম্হে এবং ভণথ—"সিবিরাজেন যাচকস্স চক্খূনি দিন্নানি অন্ধস্স সতো পুন দিব্বচক্খূনি উপ্পন্নানীতি।" এতম্'পি বচনং সকসটং সনিগ্গহং সদোসং; "হেতুসমুগ্ঘাতে অহেতুস্মিং অবত্থুম্হি ন'ত্থি দিব্বচক্খুস্স উপ্পাদো'তি" সুত্তে বুত্তং। যদি ভন্তে নাগসেন, সিবিরাজেন যাচকস্স চক্খূনি দিন্নানি, তেন হি "পুন দিব্বচক্খূনি উপ্পন্নানীতি" যং বচনং তং মিচ্ছা। যদি দিব্বচক্খূনি উপ্পন্নানি, তেন হি "সিবিরাজেন যাচকস্স চক্খূনি দিন্নানীতি" যং বচনং, তম্'পি

তথাগত যখন (বোধি) চর্য্যার অনুষ্ঠান করিতেছিলেন, তখনও তাঁহার দেব ও মনুষ্য-লোকে শ্রেষ্ঠত্ব প্রদর্শিত করিয়াছেন! সাধু ভদন্ত নাগসেন, জিনশাসন প্রশংসিত হইয়াছে, জিনগণের পরমোৎকর্ষ দ্যোতিত হইয়াছে, তীর্থিকগণের বাদ-গ্রন্থি ছিন্ন হইয়াছে, প্রতিপক্ষের প্রবাদরূপ কুম্ভ সমূহ ভগ্ন হইয়াছে, গম্ভীর প্রশ্নকে পরিষ্কার করা হইয়াছে, যাহা গহন ছিল, তাহা অগহন করা হইয়াছে, জিনপুত্রগণ সম্যক্‌রূপে সমাধান লাভ করিয়াছেন! হে গণনায়কশ্রেষ্ঠেরও অতিশ্রেষ্ঠ, ইহা এই রকমই; আমি সেইরূপেই ইহা স্বীকার করিতেছি!

রাজা শিবি

৪২। 'ভদন্ত নাগসেন, আপনারা বলেন—"শিবি রাজা যাচককে চক্ষুযুগল দান করিয়া অন্ধ হইলে আবার তাঁহার দিব্য চক্ষু উৎপন্ন হইয়াছিল।" এ কথাও সমল সনিগ্রহ ও সদোষ। সূত্রে উক্ত হইয়াছে—"হেতু উদ্ঘাটিত (অপাকৃত) হইলে, হেতুর অভাবে কারণের অভাবে দিব্য চক্ষুর উৎপত্তি হয় না।" ভদন্ত নাগসেন, যদি শিবি রাজা যাচককে চক্ষুযুগল দান করিয়া থাকেন, তাহা হইলে, "আবার দিব্য চক্ষুযুগল উৎপন্ন হইয়াছিল,"—এই যে কথা, তাহাও মিথ্যা; আবার যদি দিব্য চক্ষুযুগল উৎপন্ন হইয়া থাকে, তবে, "শিবি রাজা যাচককে চক্ষুযুগল দান করিয়াছিলেন"—এই যে কথা,

মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো, গণ্ঠিতো'পি গণ্ঠিতরো, বেধতো'পি বেধতরো, গহনতো'পি গহনতরো, সো তবানুপ্পত্তো; তত্থ ছন্দমভিজনেহি নিব্বাহনায় পরবাদানং নিগ্গহায়া'তি!'

'দিন্নানি মহারাজ, সিবিরাজেন যাচকস্‌স চক্খূনি; তত্থ মা বিমতিং উপ্পাদেহি। পুন
৫ দিব্বানি চ চক্খূনি উপ্পন্নানি; তত্থাপি মা বিমতিং জনেহীতি।'

'অপি নু খো ভন্তে নাগসেন, হেতুসমুগ্ঘাতে অহেতুস্মিং অবত্থুস্মিং দিব্বচক্খু উপ্পজ্জতীতি?'

'নহি মহারাজা'তি।'

'কিম্পন ভন্তে, এত্থ কারণং যেন কারণেন হেতুসমুগ্ঘাতে অহেতুস্মিং অবত্থুম্হি
১০ দিব্বচক্খু উপ্পজ্জতি? ইঙ্ঘ, তাব কারণেন মং সঞ্ঞাপেহীতি।'

৪৩। 'কিম্পন মহারাজ, অত্থি লোকে সচ্চং যেন সচ্চবাদিনো সচ্চকিরিয়ং করোন্তীতি?'

তাহাও মিথ্যা। ইহাও উভয়কোটিকে প্রশ্ন, গ্রন্থিযুক্ত হইতেও গ্রন্থিযুক্ততর, বেধক হইতেও বেধকতর, এবং গহন হইতেও গহনতর; ইহা আপনার নিকট উপস্থিত
১৫ হইয়াছে, অতএব আপনি সমাধানের জন্য ও প্রতিপক্ষবাদের নিগ্রহের জন্য ইচ্ছা উৎপাদন করুন!

'মহারাজ, শিবিরাজা যাচককে চক্ষুযুগল দান করিয়াছিলেন, সে বিষয়ে আপনি বিরুদ্ধ বুদ্ধি উৎপাদন করিবেন না; এবং তাঁহার আবার দিব্য চক্ষুযুগল উৎপন্ন হইয়াছিল, তাহাতেও বিরুদ্ধ বুদ্ধি উৎপাদন করিবেন না।'

২০ ভদন্ত নাগসেন, তবে কি হেতু উদ্ঘাটিত হইলে হেতুর অভাবে কারণের অভাবে দিব্য চক্ষু উৎপন্ন হইতে পারে?'

'না মহারাজ।'

'ভদন্ত, তবে এখানে কারণ কি, যে কারণে হেতু সমুদ্ঘাটিত হইলেও হেতুর অভাবে কারণের অভাবে দিব্যচক্ষু উৎপন্ন হয়? আসুন, কারণ দিয়া আমাকে সম্যকরূপে
২৫ জানাইয়া দিন!'

৪৩। 'মহারাজ, সত্য বলিয়া কি লোকে কিছু আছে, যাহার দ্বারা সত্যবাদিগণ সত্য-ক্রিয়া করিয়া থাকেন?'

'আম ভন্তে; অত্থি লোকে সচ্চং নাম। সচ্চেন ভন্তে নাগসেন, সচ্চবাদিনো সচ্চকিরিয়ং কত্বা দেবং বস্সাপেন্তি, অগ্গিং নিব্বাপেন্তি, বিসং পটিহনন্তি, অঞ্ঞম্'পি বিবিধং কত্তব্বং করোন্তীতি।'

'তেন হি মহারাজ,যুজ্জতি সমেতি সিবিরাজস্স সচ্চবলেন দিব্বচক্খূনি উপ্পন্নানীতি। ৫ সচ্চবলেন মহারাজ, অবত্থুস্মিং দিব্বচক্খু উপ্পজ্জতি, সচ্চং যেব তত্থ বত্থু ভবতি দিব্বচক্খুস্স উপ্পাদায়। যথা মহারাজ, যে কেচি সিদ্ধা সচ্চমনুগায়ন্তি—"মহামেঘো পবস্সতূ'তি," তেসং সহ সচ্চমনুগীতেন মহামেঘো পবস্সতি। অপি নু খো মহারাজ, অত্থি আকাসে বস্সহেতু সন্নিচিতো, যেন হেতুনা মহামেঘো পবস্সতীতি?'

'নহি ভন্তে; সচ্চং যেব তত্থ হেতু ভবতি মহতো মেঘস্স পবস্সনায়া'তি।'

১০ 'এবমেব খো মহারাজ, ন'ত্থি তস্স পকতিহেতু; সচ্চং যেবে'ত্থ বত্থু ভবতি দিব্বচক্খুস্স উপ্পাদায়া'তি।

৪৪। 'যথা বা পন মহারাজ, যে কেচি সিদ্ধা সচ্চমনুগায়ন্তি—"জলিতপজ্জলিত-মহাঅগ্গিক্খন্ধো পটিনিবত্ততূ'তি," তেসং সহ সচ্চমনুগীতেন জলিতপজ্জলিত-মহা-অগ্গিক্খন্ধো খণেন পটিনিবত্ততি। অপি নু খো মহারাজ, অত্থি তস্মিং জলিত-

১৫ 'হাঁ ভদন্ত; লোকে সত্য আছে। ভদন্ত নাগসেন, সত্যবাদিগণ সত্যের দ্বারা সত্য-ক্রিয়া করিয়া দেবকে (মেঘকে) বৃষ্টি করান, অগ্নিকে নির্বাপিত করেন, বিষকে প্রতিহত করেন, এবং অন্যও বিবিধ কর্তব্য করিয়া থাকেন।'

'তাহা হইলে মহারাজ,ইহাও যুক্ত ও সঙ্গত হয় যে,শিবি রাজার সত্যবলে দিব্য চক্ষু-যুগল উৎপন্ন হইয়াছিল। মহারাজ, সত্যবলে কারণের অভাবেও দিব্যচক্ষু উৎপন্ন হয়; ২০ সত্যই সেখানে দিব্যচক্ষু উৎপত্তির কারণ হয়। যেমন, মহারাজ, যে-কোন সিদ্ধব্যক্তি-গণ (এই বলিয়া) সত্যের গান করেন যে, "মহামেঘ বর্ষণ করুক!" তাঁহাদের সেই সত্যগানের সঙ্গে মহামেঘ বর্ষণ করে; এস্থলে মহারাজ, আকাশে কি বৃষ্টির হেতু সঞ্চিত হইয়া থাকে, যে হেতুর দ্বারা মহামেঘ বর্ষণ করে?'

'না ভদন্ত; মহামেঘের বর্ষণের জন্য সত্যই সেখানে হেতু হয়।'

২৫ 'এই প্রকারই মহারাজ, তাহার স্বাভাবিক কোন হেতু নাই, সেখানে দিব্যচক্ষুর উৎপত্তিবিষয়ে সত্যই হেতু হইয়া থাকে।

৪৪। 'অথবা যেমন মহারাজ, যে-কোন সিদ্ধ ব্যক্তিগণ এই বলিয়া সত্যের গান করেন যে, "জ্বলিত-প্রজ্বলিত মহান্ অগ্নিরাশি প্রতিনিবৃত্ত হইয়া যাউক!" তাঁহাদের সেই সত্যগানের সঙ্গে সেই জ্বলিত-প্রজ্বলিত মহান্ অগ্নিরাশি ক্ষণকালে প্রতিনিবৃত্ত

পজ্জলিতে মহাঅগ্‌গিক্‌খন্ধে হেতু সন্নিচিতো, যেন হেতুনা জলিতপজ্জলিত মহা-অগ্‌গিক্‌খন্ধো খণেন পটিনিবত্ততীতি ?'

'নহি ভন্তে ; সচ্চং যেব তথ বত্থু হোতি তস্‌স জলিতপজ্জলিতস্‌স মহাঅগ্‌গি-ক্‌খন্ধস্‌স খণেন পটিনিবত্তনায়া'তি ।'

৫ 'এবমেব খো মহারাজ' ন'ত্থি তস্‌স পকতিহেতু, সচ্চং যেবে'ত্থ বত্থু ভবতি দিব্‌বচক্‌খুস্‌স উপ্পাদায়া'তি ।'

৪৫। যথা বা পন মহারাজ, যে কেচি সিদ্ধা সচ্চমনুগায়ন্তি—"বিসং হলাহলং অগদং ভবতূ'তি," তেসং সহ সচ্চমনুগীতেন বিসং হলাহলং খণেন অগদং ভবতি। অপি নু খো মহারাজ, অত্থি তস্মিং হলাহলবিসে হেতু সন্নিচিতো, যেন হেতুনা বিসং হলাহলং

১০ খণেন অগদং ভবতীতি ?'

'নহি ভন্তে; সচ্চং যেব তত্থ হেতু ভবতি বিসস্‌স হলাহলস্‌স খণেন পটিঘাতায়া'তি ।'

'এবমেব খো মহারাজ, বিনা পকতিহেতুং সচ্চং যেবে'ত্থ বত্থু ভবতি দিব্‌বচক্‌খুস্‌স উপ্পাদায়া'তি ।'

৪৬। 'চতুন্নম্'পি মহারাজ, অরিয়সচ্চানং পটিবেধায় ন'ত্থ'ঞ্‌ঞং বত্থু, সচ্চং

১৫ বত্থুং করিত্বা চত্তারি অরিয়সচ্চানি পটিবিজ্ঝন্তীতি ।

হইয়া যায় ; এস্থলে মহারাজ, সেই জ্বলিত-প্রজ্বলিত মহান্ অগ্নিরাশিতে কি হেতু সঞ্চিত থাকে, যাহাতে ক্ষণকালে সেই অগ্নিরাশি প্রতিনিবৃত্ত হইতে পারে ?'

'না ভদন্ত ; সেই জ্বলিত-প্রজ্বলিত মহান্ অগ্নিরাশির প্রতিনিবৃত্তির জন্য সত্যই সেখানে কারণ হয় ।'

২০ 'এই প্রকারই মহারাজ, তাহার স্বাভাবিক কোন কারণ নাই ; দিব্যচক্ষুর উৎপত্তির জন্য সত্যই সেখানে কারণ হইয়া থাকে ।

৪৫। 'অথবা আবার যেমন মহারাজ, যে-কোন সিদ্ধব্যক্তিগণ এই বলিয়া সত্যের গান করেন যে, "হলাহল বিষ ঔষধ হউক !" তাঁহাদের সেই সত্যগানের সঙ্গে হলাহল বিষ ক্ষণকালমধ্যে ঔষধ হয় ; মহারাজ, সেই হলাহল বিষে কি হেতু সঞ্চিত

২৫ থাকে, যাহাতে হলাহল বিষ ক্ষণকালে ঔষধ হয় ?'

'না ভদন্ত ; সেই হলাহল বিষের প্রতিঘাতের জন্য সত্যই সেখানে হেতু হয় ।'

'এই প্রকারই মহারাজ, দিব্যচক্ষুর উৎপত্তির জন্য সেখানে স্বাভাবিক হেতুর অভাবে, সত্যই হেতু হইয়া থাকে ।

৪৬। মহারাজ, আর্য্যসত্যচতুষ্টয়েও প্রবেশ করিবার (অর্থাৎ লাভ করিবার)

৩০ অন্য হেতু নাই ; সত্যকে হেতু করিয়া আর্য্যসত্যচতুষ্টয়ে প্রবেশ করা যায় ।

'অত্থি মহারাজ, চীনবিসয়ে চীনরাজা। সো মহাসমুদ্দে বলিং কাতুকামো চতুমাসে চতুমাসে সচ্চকিরিয়ং কত্বা সীহরথেন অন্তোমহাসমুদ্দে যোজনং পবিসতি। তস্স রথ-সীসস্স পুরতো মহাবারিক্খন্ধো পটিক্কমতি, নিক্খন্তস্স পুন ওথরতি। অপি নু খো মহারাজ, সো মহাসমুদ্দো সদেবমনুস্সেন'পি লোকেন পকতিকায়বলেন সক্কা পটিক্কমা-

৫ পেতু'ন্তি?'

'অতিপরিত্তকে'পি ভন্তে, তলাকে উদকং ন সক্কা সদেবমনুস্সেন'পি লোকেন পকতিকায়বলেন পটিক্কমাপেতুং, কিং পন মহাসমুদ্দে উদক'ন্তি।'

'ইমিনাপি মহারাজ, কারণেন সচ্চবলং ঞাতব্বং; ন'ত্থি তং ঠানং যং সচ্চেন ন পত্তব্ব'ন্তি।

১০ ৪৭। 'নগরে মহারাজ, পাটলিপুত্তে অসোকো ধম্মরাজা সনেগমজানপদঅমচ্চভটবল-মহামত্তেহি পরিবুতো গঙ্গং নদিং নবসলিলসম্পুণ্ণং সমতিত্তিকং সমভরিতং পঞ্চযোজন-সতায়ামং যোজনপুথুলং সন্দমানং দিস্বা অমচ্চে এবমাহ—"অত্থি কোচি ভণে, সমত্থো (যো) ইমং মহাগঙ্গং পটিসোতং সন্দাপেতু'ন্তি?"

'মহারাজ, চীনদেশে চীনরাজ আছেন। তিনি মহাসমুদ্রে বলি প্রদান করিবার

১৫ কামনায় প্রতিচতুর্থমাসে সত্যক্রিয়া করিয়া সিংহরথে (আরোহণপূর্ব্বক) সমুদ্র-মধ্যে একযোজন পরিমাণ প্রবেশ করেন। তাঁহার রথশীর্ষের অগ্রে মহান্ জলরাশি প্রতিবদ্ধ হইয়া চলিয়া যায়, এবং তিনি নিষ্ক্রান্ত হইলে পুনর্ব্বার বিস্তৃত হয়। মহারাজ, সেই মহাসমুদ্রকে দেবলোকেরও সহিত মনুষ্যলোক কি স্বাভাবিক শরীরবলের দ্বারা প্রতিবদ্ধ করিয়া ফিরাইতে পারে?'

২০ 'ভদন্ত, অতিক্ষুদ্র তড়াগেও মনুষ্যলোক দেবগণেরও সহিত জলকে স্বাভাবিক শরীরবলের দ্বারা প্রতিবদ্ধ করিয়া ফিরাইতে পারে না, মহাসমুদ্রের জলের কথা আর কি?'

'এ কারণেও মহারাজ, সত্যের বল জানা উচিত; সে স্থান নাই, যাহা সত্যের দ্বারা প্রাপ্য না হয়।

২৫ ৪৭। 'মহারাজ, পাটলিপুত্রে ধর্ম্মরাজ অশোক নৈগম (পৌর), জানপদ, অমাত্য, সৈন্যবল ও মহামন্ত্রীতে পরিবৃত হইয়া নবসলিলসম্পূর্ণ তীরে-তীরে পরিপূর্ণ সমভরিত পঞ্চশতযোজনদীর্ঘ ও একযোজনবিস্তৃত প্রবহমান গঙ্গানদীকে দর্শন করিয়া অমাত্যগণকে বলিয়াছিলেন "এমন কি কোন সমর্থ ব্যক্তি আছেন, যিনি এই মহাগঙ্গাকে প্রতিকূল স্রোতে বহাইতে পারেন?"

'অমচ্চা আহংসু—"দুক্করং দে'বা'তি।"

'তস্মিং যেব গঙ্গাকূলে ঠিতা বিন্দুমতী নাম গণিকা অস্সোসি—'রঞ্‌ঞা কির এবং বুত্তং—"সক্কা নু খো ইমং মহাগঙ্গং পটিসোতং সন্দাপেতু'ন্তি?"' সা এবমাহ—'অহং হি নগরে পাটলিপুত্তে গণিকা রূপু'পজীবিনী অন্তিমজীবিকা। মম ৫ তাব রাজা সচ্চকিরিয়ং পস্সতু'তি!'

'অথ সা সচ্চকিরিয়ং অকাসি। সহ তস্সা সচ্চকিরিয়ায় খণেন সা মহাগঙ্গা গলগলন্তী পটিসোতং সন্দিত্থ মহতো জনকায়স্স পস্সতো। অথ রাজা মহাগঙ্গায় আবট্টউমিবেগজনিতং হলাহলসদ্দং সুত্বা বিম্হিতো অচ্ছরিয়'ব্ভুতজাতো অমচ্চে এবমাহ—"কিস্সায়ং ভণে, মহাগঙ্গা পটিসোতং সন্দতীতি?"

১০ '"বিন্দুমতী মহারাজ, গণিকা তব বচনং সুত্বা সচ্চকিরিয়ং অকাসি, তস্সা সচ্চকিরিয়ায় মহাগঙ্গা উব্‌ভমুখা সন্দতী'তি।"

'অথ সংবিগ্‌গহদয়ো রাজা তুরিততুরিতো সয়ং গন্ত্বা তং গণিকং পুচ্ছি—"সচ্চং কির জে, তয়া সচ্চকিরিয়ায় অয়ং গঙ্গা পটিসোতং সন্দাপিতা'তি?"

'"আম দেবা'তি।"

১৫ 'অমাত্যগণ বলিয়াছিলেন—"দেব, ইহা দুষ্কর।"

'সেই গঙ্গাকূলে অবস্থিত বিন্দুমতী নামে এক গণিকা তাহা শুনিয়াছিল যে, রাজা বলিয়াছেন—"এই মহাগঙ্গাকে প্রতিকূল স্রোতে বহাইতে পারা যায় কি?"

'সে বলিয়াছিল—"আমি পাটলিপুত্র নগরে রূপোপজীবিনী গণিকা; আমার জীবিকা অত্যন্ত নিকৃষ্ট। রাজা আমার সত্যক্রিয়া দর্শন করুন!'

২০ অনন্তর সে সত্যক্রিয়া করিল, এবং তাহার সঙ্গে-সঙ্গে ক্ষণকালের মধ্যেই মহান্ জনসংঘ দর্শন করিতে করিতে সেই মহাগঙ্গা গল্‌-গল্‌ শব্দ করিয়া প্রতিকূল স্রোতে বহিতে লাগিল। অনন্তর রাজা মহাগঙ্গার আবর্ত্ত ও ঊর্মিবেগের হলাহল-শব্দ শ্রবণ করিয়া বিস্মিত, আশ্চর্য্য ও অদ্ভুতভাবাবিষ্ট হইয়া অমাত্যগণকে বলিলেন—"ওহে কি জন্য মহাগঙ্গা প্রতিকূল স্রোতে বহিতেছে?"

২৫ '"মহারাজ, বিন্দুমতী গণিকা আপনার কথা শ্রবণ করিয়া সত্যক্রিয়া করিয়াছে, সেই সত্যক্রিয়ায় মহাগঙ্গা ঊর্দ্ধমুখে বহিতেছে।"

'অনন্তর রাজা সংবিগ্নহৃদয় হইয়া শীঘ্র শীঘ্র স্বয়ং সেই গণিকার নিকট গমন করিয়া জিজ্ঞাসা করিলেন—"অয়ে, সত্যই কি তোমার সত্যক্রিয়ার দ্বারা এই গঙ্গা প্রতিকূল স্রোতে প্রবাহিত হইয়াছে?"

৩০ '"হাঁ দেব।"

'রাজা আহ—"কিন্তে তব বলং অত্থি ? কো বা তে বচনং আদীয়তি অনুম্মত্তো ? কেন ত্বং বলেন ইমং মহাগঙ্গং পটিসোতং সন্দাপেসীতি ?"

'সা আহ—"সচ্চবলেনাহং মহারাজ, ইমং মহাগঙ্গং পটিসোতং সন্দাপেসি'ন্তি।"

'রাজা আহ—"কিন্তে সচ্চবলং অত্থি চোরিয়া ধুত্তিয়া অসতিয়া ছিন্নিকায় পাপিয়া

৫ ভিন্নসীমায় অতিক্কন্তিকায় অন্ধজনবিলোপিকায়া'তি !"

'"সচ্চং মহারাজ, তাদিসিকা অহং। তাদিসিকায়'পি মে মহারাজ, সচ্চকিরিয়া অত্থি, যায়াহং ইচ্ছমানা সদেবকম্'পি লোকং পরিবত্তেয্য'ন্তি।"

'রাজা আহ—"কতমা পন সা হোতি সচ্চকিরিয়া ? ইঙ্ঘ, মং সাবেহীতি।"

'"যো মে মহারাজ, ধনং দেতি, খত্তিয়ো বা, ব্রাহ্মণো বা, বেস্সো বা, সুদ্দো বা,

১০ অঞ্ঞো বা কোচি, তেসং সমকং যেব উপট্ঠহামি ; খত্তিয়ো'তি বিসেসো ন'ত্থি, সুদ্দো'তি অতিমঞ্ঞনা ন'ত্থি, অনুনয়পটিঘবিপ্পমুত্তা ধনসামিকং পরিচরামি। এসা মে দেব সচ্চকিরিয়া, যায়াহং ইমং মহাগঙ্গং পটিসোতং সন্দাপেসি'ন্তি।"

'রাজা বলিলেন—"সে বিষয়ে তোমার কি বল আছে ? কোন বা অনুন্মত্ত ব্যক্তি তোমার কথা গ্রহণ করে ? কোন বলে তুমি মহাগঙ্গাকে প্রতিকূল স্রোতে প্রবাহিত

১৫ করিতেছ ?"

'"মহারাজ, আমি সত্যবলে এই মহাগঙ্গাকে প্রতিকূল স্রোতে প্রবাহিত করিতেছি।'

'রাজা বলিলেন—"তোমার আবার সত্য বল কি ?—যে চৌর্য্যশীলা, ধূর্ত্তা, অসতী, পুংশ্চলী, মর্য্যাদালঙ্ঘনকারিণী, এবং যে (সদাচার) অতিক্রম করে, ও

২০ অন্ধ লোকগণের বিলোপ সাধন করে !"

'"সত্য মহারাজ, আমি সেইরূপ। কিন্তু সেইরূপ হইলেও মহারাজ, আমার সত্যক্রিয়া আছে, যাহা দ্বারা, আমি ইচ্ছা করিলে, দেবলোকেরও সহিত (এই) লোককে পরিবর্ত্তিত করিতে পারি !"

'রাজা বলিলেন—"আচ্ছা সেই সত্যক্রিয়া কি, আমাকে শ্রবণ করাও।"

২৫ "মহারাজ, যে আমাকে ধন প্রদান করে,—ক্ষত্রিয়, বা ব্রাহ্মণ, বা বৈশ্য, বা শূদ্র, অথবা অপর কেহ,—তাহাদিগকে সমভাবেই আমি সেবা করিয়া থাকি ; ক্ষত্রিয় বলিয়া (আমার নিকট) কোন বিশেষ নাই, এবং শূদ্র বলিয়াও কোন অবমাননা নাই ; আমি অনুনয় ও দ্বেষ-বিমুক্ত হইয়া ধনস্বামীর সেবা করিয়া থাকি। দেব, এই আমার সত্যক্রিয়া, যাহা দ্বারা আমি এই মহাগঙ্গাকে প্রতিকূল স্রোতে প্রবাহিত

৩০ করিয়াছি।"

৪৮। 'ইত্তি'পি মহারাজ, সচ্চে ঠিতা ন কিঞ্চি অথং ন বিন্দন্তি। দিন্নানি চ মহারাজ, সিবিরাজেন যাচকস্স চক্খুনি, দিব্বচক্খুনি চ উপ্পন্নানি, তঞ্চ সচ্চকিরিয়ায়। যং পন সুত্তে বুত্তং—"মংসচক্খুস্মিং নট্ঠে অহেতুস্মিং অবত্থুম্হি ন'ত্থি দিব্বচক্খুস্স উপ্পাদো'তি," তং ভাবনাময়ং চক্খুং সন্ধায় বুত্ত'ন্তি, এবমেতং মহারাজ, ধারেহীতি।'

৫ 'সাধু ভন্তে নাগসেন, সুনিব্বেঠিতো পঞ্হো, সুনিদ্দিট্ঠো নিগ্গহো, সুমদ্দিতা পরপ্পবাদা! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি!"

৪৯। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—"তিণ্ণং খো পন ভিক্খবে, সন্নিপাতা গব্ভস্স অবক্কন্তি হোতি; ইধ মাতাপিতরো চ সন্নিপতিতা হোন্তি, মাতা চ উতুনী হোতি, গন্ধব্বো চ পচ্চুপট্ঠিতো হোতি; ইমেসং খো ভিক্খবে তিণ্ণং
১০ সন্নিপাতা গব্ভস্স অবক্কন্তি হোতি।" অসেসবচনমেতং, নিস্সেসবচনমেতং, নিপ্পরিয়ায়বচনমেতং, অরহস্সবচনমেতং, সদেবমনুস্সানং মজ্ঝে নিসীদিত্বা ভণিতং।

৪৮। 'এইরূপেও মহারাজ, সত্যস্থিত ব্যক্তিগণ যে, কোন বস্তু লাভ করেন না, তাহা নহে। মহারাজ, শিবিরাজ যাচককে চক্ষুযুগল দান করিয়াছিলেন, এবং সত্য-ক্রিয়ার দ্বারা তাঁহার দিব্য চক্ষু উৎপন্ন হইরাছিল। আর যে সূত্রে উক্ত হইয়াছে—
১৫ "মাংসচক্ষু নষ্ট হইলে হেতুর অভাবে, কারণের অভাবে দিব্য চক্ষুর উৎপত্তি হয় না," ইহা ভাবনাময় চক্ষুকে অভিপ্রায় করিয়া বলা হইয়াছে। মহারাজ, এইরূপ ইহাকে অবধারণ করুন।'

'সাধু ভদন্ত নাগসেন! আপনি সুন্দররূপে প্রশ্ন বিবৃত করিয়াছেন! আপনি (এই প্রশ্নের) পরাজয়স্থানকে সুন্দররূপে নির্দ্দেশ করিয়া দিয়াছেন, ও প্রতিপক্ষ
২০ বাদসমূহকে সুন্দররূপে মর্দ্দিত করিয়াছেন! ইহা এইরূপই; এইরূপেই ইহা আমি গ্রহণ করিতেছি!'

গর্ভসঞ্চার

৪৯। 'ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—"ভিক্ষুগণ, তিনের সম্মিলনে গর্ভসঞ্চার হয়; পিতা-মাতা সম্মিলিত হন, মাতা ঋতুমতী হন, এবং গন্ধর্ব্ব উপস্থিত
২৫ হয়; ভিক্ষুগণ, এই তিনের সম্মিলনে গর্ভসঞ্চার হয়।" (গর্ভসঞ্চারসম্বন্ধে তাঁহার) ইহা অশেষ বাক্য, নিঃশেষ বাক্য, এবং ইহা তিনি অপর কোন পর্য্যায়ে বলেন নাই; ইহা রহস্য কথা নহে, সদেব মনুষ্যগণের মধ্যে উপবিষ্ট হইয়া তিনি ইহা বলিয়াছেন।

অয়ঞ্চ তিন্নং সন্নিপাতা গব্ভস্স অবক্কন্তি দিস্সতি,—দুকূলেন তাপসেন পারিকায় তাপসিয়া উতুনীকালে দক্খিণেন হত্থ'ঙ্গুট্ঠেন নাভি পরামট্ঠা, তস্স তেন নাভিপরামসনেন সামো কুমারো নিব্বত্তো। মাতঙ্গেনাপি ইসিনা ব্রাহ্মণকঞ্ঞায় উতুনীকালে দক্খিণেন হত্থ'ঙ্গুট্ঠেন নাভি পরামট্ঠা, তস্স তেন পরামসনেন মণ্ডব্যো মাণবকো

৫ নিব্বত্তো'তি। যদি ভন্তে নাগসেন, ভগবতা ভণিতং—"তিন্নং খো পন ভিক্খবে, সন্নিপাতা গব্ভস্স অবক্কন্তি হোতীতি," তেন হি সামো চ কুমারো, মণ্ডব্যো চ মাণবকো উভো'পি তে নাভিপরামসনেন নিব্বত্তা'তি যং বচনং, তং মিচ্ছা। যদি তথাগতেন ভণিতং— সামো চ কুমারো, মণ্ডব্যো চ মাণবকো নাভিপরামসনেন নিব্বত্তা'তি, তেন হি—"তিন্নং খো পন ভিক্খবে, সন্নিপাতা গব্ভস্স অবক্কন্তি

১০ হোতীতি" যং বচনং, তম্'পি মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো, সুগম্ভীরো, সুনিপুণো বিসয়ো বুদ্ধিমন্তানং। সো তবানুপ্পত্তো; ছিন্দ বিমতিপথং, ধারেহি ঞাণবরপজ্জোত'ন্তি!'

৫০। 'ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"তিন্নং খো পন ভিক্খবে, সন্নিপাতা গব্ভস্স অবক্কন্তি হোতি; ইধ মাতাপিতরো চ সন্নিপতিতা হোন্তি, মাতা চ উতুনী

১৫ কিন্তু এই দুয়ের সম্মিলনে গর্ভসঞ্চার দেখা যাইতেছে—দুকূল-নামক তাপস পারিকা-নাম্নী তাপসীকে ঋতুকালে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ দ্বারা নাভিতে স্পর্শ করিয়াছিলেন, তাঁহার সেই নাভিস্পর্শে শ্যাম-নামক কুমার উৎপন্ন হয়। মাতঙ্গ ঋষি কোন ব্রাহ্মণ-কন্যাকে ঋতুকালে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠের দ্বারা নাভিতে স্পর্শ করেন, তাঁহার সেই স্পর্শে মাণ্ডব্য মাণবক উৎপন্ন হয়। ভদন্ত নাগসেন, যদি ভগবান্ বলিয়া থাকেন—

২০ "ভিক্ষুগণ, তিনের সম্মিলনে গর্ভসঞ্চার হয়," তবে কুমার শ্যাম ও মাণবক মাণ্ডব্য, এই উভয়ে নাভিস্পর্শে উৎপন্ন হইয়াছিল, এই যে কথা, তাহা মিথ্যা। আবার যদি তথাগত বলিয়া থাকেন—"কুমার শ্যাম ও মাণবক মাণ্ডব্য নাভিস্পর্শে উৎপন্ন হইয়াছিল," তবে, "তিনের সম্মিলনে গর্ভসঞ্চার হয়,"—এই যে কথা, তাহাও মিথ্যা। এই প্রশ্নও উভয়কোটিক ও সুগম্ভীর, বুদ্ধিমানদের ইহা সুনিপুণ (বিচার্য্য) বিষয়।

২৫ এই প্রশ্ন আপনার নিকট উপস্থিত হইয়াছে, আপনি এতৎসম্বন্ধে বিরুদ্ধবুদ্ধিরূপ পথকে ছেদন করুন, ও উত্তম জ্ঞানালোক ধারণ করুন!'

৫০। 'মহারাজ ভগবন্ ইহাও বলিয়াছেন—"ভিক্ষুগণ, তিনের সম্মিলনে গর্ভসঞ্চার হয়; মাতা-পিতা সম্মিলিত হন, মাতা ঋতুমতী হন, ও গন্ধর্ব্ব উপস্থিত হয়; এই-

হোতি, গন্ধব্বো চ পচ্চুপট্‌ঠিতো হোতি; এবং তিণ্ণং সন্নিপাতা গব্ভস্‌স অবক্কন্তি হোতীতি।" ভণিতঞ্চ—"সামো চ কুমারো, মণ্ডব্যো চ মাণবকো নাভিপরামসনেন নিব্বত্তা'তি।"

'তেন হি ভন্তে নাগসেন, যেন কারণেন পঞ্হো সুবিনিচ্ছিতো হোতি, তেন
৫ কারণেন মং সঞ্ঞাপেহীতি।'

'সুতপুব্বং পন তয়া মহারাজ, সঙ্কিচ্চো চ কুমারো, ইসিসিঙ্গো চ তাপসো, থেরো চ কুমারকস্‌সপো, ইমিনা নাম তে নিব্বত্তা'তি?'

'আম ভন্তে; সুয়তি। অব্ভুগ্গতা তেসং জাতি—দ্বে মিগধেনুয়ো তাব উতুনী-কালে দ্বিন্নং তাপসানং পস্‌সাবট্‌ঠানং আগন্ত্বা সসম্ভবং পস্‌সাবং পিবিংসু। তেন
১০ পস্‌সাবসম্ভবেন সঙ্কিচ্চো চ কুমারো, ইসিসিঙ্গো চ তাপসো নিব্বত্তা। থেরস্‌স উদায়িস্‌স ভিক্‌খুনুপস্‌সয়ং উপগতস্‌স রত্তচিত্তেন ভিক্‌খুনিয়া অঙ্গজাতং উপনিজ্ঝায়ন্তস্‌স সম্ভবং কাসাবে মুচ্চি। অথ খো আয়স্মা উদায়ী তং ভিক্‌খুনিং এতদবোচ—"গচ্ছ ভগিনি, উদকং আহর, অন্তরবাসকং ধোবিস্‌সামীতি।"

'"দেহ'য্য, অহমেব ধোবিস্‌সামীতি।"
১৫ 'ততো সা ভিক্‌খুনী উতুনী সময়ে তং সম্ভবং একদেসং মুখেন অগ্গহেসি, একদেসং

রূপে তিনের সম্মিলনে গর্ভসঞ্চার হয়।" এবং ইহাও তিনি বলিয়াছেন—"কুমার শ্যাম ও মাণবক মাণ্ডব্য নাভিস্পর্শে উৎপন্ন হইয়াছে।"

'তাহা হইলে ভদন্ত নাগসেন, যে কারণে এই প্রশ্নের সুন্দররূপ নির্ণয় হইতে পারে, তাহা দ্বারা আমাকে বুঝাইয়া দিন।'

২০ 'মহারাজ, আপনি কি পূর্ব্বে ইহা শুনিয়াছেন যে, কুমার সংকৃত্য (সংস্কৃত্য), তাপস ঋষিশৃঙ্গ, ও স্থবির কুমারকাশ্যপ এই প্রকারে উৎপন্ন হন?'

'হাঁ ভদন্ত; শুনা যায় (এইরূপে) তাঁহাদের জন্ম হইয়াছিল—ঋতুকালে দুইটি মৃগী দুইজন তাপসের প্রস্রাব-স্থানে আসিয়া সশুক্র প্রস্রাব পান করে; সেই প্রস্রাব-মিশ্রিত শুক্র পান করায় কুমার সংকৃত্য ও তাপস ঋষিশৃঙ্গ উৎপন্ন হন। ভিক্ষুণীনিবাস-
২৫ স্থলে উপস্থিত স্থবির উদায়ী যখন অনুরক্তচিত্তে ভিক্ষুণীর জননেন্দ্রিয় চিন্তা করিতেছিলেন, তখন কাষায় বসনে তাঁহার শুক্র পতিত হইয়াছিল। অনন্তর আয়ুষ্মান্ উদায়ী সেই ভিক্ষুণীকে বলিয়াছিলেন—"যাও ভগিনী, জল আনয়ন কর, আমি আমার অন্তর্বাস ধৌত করিব।"

ইহাতে ভিক্ষুণী উত্তর করিয়াছিল—"আর্য্য, আমিই তাহা ধুইব।"
৩০ পরে সেই ভিক্ষুণী ঋতুকালে সেই শুক্রের একাংশ মুখ দ্বারা গ্রহণ করে, ও একাংশ

অঙ্গজাতে পক্খিপি। তেন থেরো কুমারকস্সপো নিব্বত্তো'তি এবমেতং জনো আহা'তি।'

'অপি নু খো ত্বং মহারাজ, সদ্দহসি তং বচন'ন্তি ?'

'আম ভন্তে; বলবং তত্থ মযং কারণং উপলভাম, যেন মযং কারণেন সদ্দহাম—

৫ ইমিনা কারণেন নিব্বত্তা'তি।'

'কিম্পনে'ত্থ মহারাজ, কারণ'ন্তি ?'

'সুপরিকম্মকতে ভন্তে, কললে বীজং নিপতিত্বা খিপ্পং সংবিরূহতীতি ?'

'আম মহারাজা'তি।'

'এবমেব খো ভন্তে, সা ভিক্খুনী উতুনী সমানা সক্তি্তে কললে, রুহিরে পচ্ছিন্নবেগে,

১০ ঠপিতায় ধাতুয়া, তং সম্ভবং গহেত্বা তস্মিং কললে পক্খিপি, তেন তস্সা গব্ভো সণ্ঠাসি, এবং তত্থ কারণং পচ্চেম তেসং নিব্বত্তিয়া'তি।'

'এবমেতং মহারাজ, তথা সম্পটি'চ্ছামি —যোনিবসেন গব্ভো সম্ভবতীতি। সম্পটি-চ্ছসি পন ত্বং মহারাজ, কুমারকস্সপস্স গব্ভাবক্কমন'ন্তি ?'

'আম ভন্তে'তি।'

১৫ জননেন্দ্রিয়ে নিক্ষেপ করে, তাহাতে স্থবির কুমারকাশ্যপ উৎপন্ন হন। লোকে ইহা এই প্রকার বলিয়া থাকে।'

'মহারাজ, আপনি কি সে কথায় শ্রদ্ধা করেন ?'

'হাঁ ভদন্ত; আমরা সেখানে বলবৎ কারণ দেখিতে পাই, যাহাতে শ্রদ্ধা করি।'

'মহারাজ, এখানে (সেই) কারণ কি ?'

২০ 'সুপরিষ্কৃত কর্দ্দমে নিপতিত হইয়া বীজ শীঘ্র অঙ্কুরিত হয় ?'

'হাঁ, মহারাজ।'

'এই প্রকারই ভদন্ত, ভিক্ষুণী ঋতুমতী হইয়া, কলল সম্পন্ন হইলে, রুধিরের বেগ শান্ত হইলে, ও ধাতু প্রকৃতিস্থ হইলে সেই শুক্র গ্রহণ করিয়া ঐ কললে নিক্ষেপ করিয়াছিল, ও তাহাতে তাহার গর্ভ হইয়াছিল। এই প্রকারে সেখানে

২৫ তাহাদের উৎপত্তি বিষয়ে কারণ জানিতে পারি।'

'মহারাজ, ইহা এইরূপই; আমি সেইরূপই স্বীকার করিতেছি যে, যোনিনিবন্ধন গর্ভ সম্ভব হইয়া থাকে। মহারাজ, আপনি কুমারকাশ্যপের গর্ভসঞ্চার স্বীকার করেন ?

'হাঁ ভদন্ত।'

'সাধু মহারাজ, পচ্চাগতো'সি মম বিসয়ং; একবিধেন'পি গব্ভস্সাবক্কন্তিং কথয়ন্তো মমানুবলং ভবিস্সসি। অথ যা পন তা দ্বে মিগধেনুয়ো পস্সাবং পিবিত্বা গব্ভং পটিলভিংসু, তাসং তং সদ্দহসি গব্ভস্সাবক্কমন'ন্তি?'

'আম ভন্তে; যং কিঞ্চি ভুত্তং পীতং খায়িতং লেহিতং সব্বন্তং কললং ওসরতি, ৫ ঠানগতং বুদ্ধিমাপজ্জতি। যথা ভন্তে নাগসেন, যা কাচি সরিতা নাম সব্বা তা মহাসমুদ্দং ওসরতি, ঠানগতা বুদ্ধিমাপজ্জন্তি; এবমেব খো ভন্তে নাগসেন, যং কিঞ্চি ভুত্তং পীতং খায়িতং লোহিতং, সব্বন্তং কললং ওসরতি, ঠানগতং বুদ্ধিমাপজ্জতি। তেনাহং কারণেন সদ্দহামি—মুখগতেন'পি গব্ভস্সাবক্কন্তি হোতীতি।'

'সাধু মহারাজ, বালহ্‌তরং উপগতো'সি মম বিসয়ং; মুখপানেন'পি দ্বয়সন্নিপাতো ১০ ভবতি। সঙ্কিচ্চস্স কুমারস্স, ইসিসিঙ্গস্স তাপসস্স, থেরস্স চ কুমারকস্সপস্স গব্ভাবক্কমনং সম্পটি'চ্ছসীতি?'

'আম ভন্তে; সন্নিপাতো ওসরতীতি।'

'সাধু মহারাজ! আপনি আমার পক্ষে আসিয়া পড়িয়াছেন! এক প্রকারে গর্ভসঞ্চার হয়, ইহা বলিলেও আপনি আমার অনুকূল হইবেন। এখন ঐ যে সেই ১৫ মৃগীদ্বয় প্রস্রাব পান করিয়া গর্ভ লাভ করিয়াছিল, তাহাদের সেই গর্ভসঞ্চারে কি আপনি শ্রদ্ধা করেন?'

'হাঁ ভদন্ত, যাহা কিছু ভুক্ত, পীত, খাদিত বা লীঢ় হয়, তৎসমুদয় কললে গমন করে, ও সেইস্থানে থাকিয়া তাহা বৃদ্ধি প্রাপ্ত হয়। ভদন্ত নাগসেন' যেমন যে-কোন নদী থাকে, তাহারা সকলেই মহাসমুদ্রে গমন করে ও সেই স্থানে থাকিয়া বৃদ্ধি প্রাপ্ত ২০ হয়, এই প্রকারই ভদন্ত নাগসেন যাহা কিছু ভুক্ত, পীত, খাদিত বা লীঢ় হয়, তৎসমুদয় কললে গমন করে, ও সেইস্থানে থাকিয়া বৃদ্ধি প্রাপ্ত হয়। সেই কারণেই আমি শ্রদ্ধা করি যে মুখগত (শুক্রের) দ্বারাও গর্ভ সঞ্চার হয়।'

'সাধু মহারাজ, আপনি দৃঢ়রূপে আমার পক্ষে উপস্থিত হইয়াছেন! মুখ দ্বারা (শুক্র-) পানেও দুয়ের (মাতা-পিতার) সম্মিলন হয়। কুমার সংকৃত্য, ২৫ তাপস ঋষিশৃঙ্গ ও স্থবির কুমারকাশ্যপের গর্ভরূপে সঞ্চার আপনি স্বীকার করিতেছেন?'

'হাঁ ভদন্ত; (এখানে দুয়ের অর্থাৎ পিতা-মাতার) সম্মিলন উপস্থিত হইতে পারে।

৫১। সামো'পি মহারাজ, কুমারো, মণ্ডব্যো'পি মাণবকো তীস্সু সন্নিপাতেসু অন্তোগধা একরসা যেব পুরিমেন; তত্থ কারণং বক্খামি। দুকূলো চ মহারাজ, তাপসো পারিকা চ তাপসী উভো'পি তে অরঞ্ঞবাসা অহেসুং পবিবেকাধিমুত্তা উত্তম'ত্থগবেসকা, তপতেজেন যাব ব্রহ্মলোকং সন্তাপেসুং। তেসং তদা সক্কো দেবানমিন্দো সায়পাতং উপট্ঠানং আগচ্ছতি। সো তেসং গরুগতমেত্তায় উপধারেন্তো অদ্দস অনাগতমদ্ধানে দ্বিন্নম্'পি তেসং চক্খূনং অন্তরধানং, দিস্বা তে এবমাহ—"একং মে ভোন্তো বচনং করোথ; সাধু, একং পুত্তং জনেয্যাথ, সো তুম্হাকং উপট্ঠাকো ভবিস্সতি আলম্বনো চা'তি।" "অলং কোসিয়, মা এবং ভণীতি" তে তস্স তং বচনং ন সম্পটি'চ্ছিংসু। অনুকম্পকো অত্থকামো সক্কো দেবানমিন্দো দুতিয়ম্'পি ততিয়ম্'পি তে এবমাহ—"একং মে ভোন্তো বচনং করোথ; সাধু, একং পুত্তং জনেয্যাথ, সো তুম্হাকং উপট্ঠাকো ভবিস্সতি আলম্বনো চা'তি।" ততিয়ম্'পি তে আহংসু—"অলং কোসিয়, মা ত্বং অম্হে অনত্থে নিযোজেহি। কদায়ং কায়ো ন ভিজ্জিস্সতি? ভিজ্জতু অয়ং কায়ো ভেদনধম্মো। ভিজ্জন্তিয়া'পি ধরণিয়া, পতন্তে'পি সেলসিখরে, ফলন্তে'পি আকাসে, পতন্তে'পি

৫১। 'মহারাজ, কুমার শ্যাম ও মাণবক মাণ্ডব্যও তিনের সম্মিলনের অন্তর্গত ও পূর্ব্বসদৃশই; তাহার কারণ বলিব। মহারাজ, তাপস দুকূল, ও তাপসী পারিকা উভয়েই অরণ্যবাসী ছিলেন। তাঁহারা বিবিক্তদেশেচ্ছু হইয়াছিলেন, ও পরমার্থের অন্বেষণ করিতেছিলেন। তাঁহাদের তপস্যার তেজে ব্রহ্মলোক পর্যন্ত সন্তপ্ত হইয়া উঠিয়াছিল। সেই সময়ে দেবেন্দ্র শক্র সায়ং ও প্রাতঃকালে তাঁহাদের নিকট উপস্থিত হইতেন। তিনি তাঁহাদের প্রতি গুরুজনগত মৈত্রী হেতু চিন্তা করিয়া দেখিয়াছিলেন যে, ভবিষ্যতে তাঁহাদের দুই জনেরই চক্ষু অন্তর্হিত হইবে। তিনি এই দেখিয়া তাঁহাদিগকে বলিয়াছিলেন "আপনারা আমার একটি কথা করুন; ভাল, আপনাদিগকে একটি পুত্র উৎপাদন করিতে হইবে; সে আপনাদের পরিচারক ও আলম্বন হইবে।" "না কৌশিক, এরূপ বলিবেন না"—এই বলিয়া তাঁহারা তাঁহার কথা স্বীকার করেন নাই। অনুকম্পাকারী প্রয়োজনকাম দেবেন্দ্র শক্র প্রয়োজনসিদ্ধি ইচ্ছা করিয়া দ্বিতীয়বারও, তৃতীয়বারও তাঁহাদিগকে বলিয়াছিলেন—"আপনারা আমার একটি কথা করুন; ভাল, আপনাদিগকে একটি পুত্র উৎপাদন করিতে হইবে; সে আপনাদের পরিচারক ও আলম্বন হইবে।" তৃতীয়বারও তাঁহারা বলিয়াছিলেন—"না কৌশিক; আপনি আমাদিগকে অনর্থে নিযুক্ত করিবেন না। কখন এই শরীর বিনষ্ট না হইবে? এই শরীর বিনষ্ট হউক, বিনষ্ট হওয়া ইহার স্বভাব। পৃথিবী বিদীর্ণ হইলেও, শৈলশিখর পতিত হইলেও, আকাশ ফাটিয়া গেলেও, এবং চন্দ্র-

চন্দিমসুরিয়ে নে'ব মযং লোকেধম্মেহি মিস্‌সয়িস্‌সাম। মা ত্বং অম্‌হাকং সম্মুখভাবং উপগচ্ছ। উপগতস্‌স তে এসো বিস্‌সাসো—অনত্থচরো ত্বং মঞ্‌ঞে'তি।" ততো সক্কো দেবানমিন্দো তেসং মনং অলভমানো গরুগতো পঞ্জলিকো পুন যাচি—"যদি মে বচনং ন উস্‌সহথ কাতুং, যদা তাপসী উতুনী হোতি পুপ্‌ফবতী, তদা ত্বং ভন্তে,
৫ দক্‌খিণেন হত্থ'ঙ্গুট্‌ঠেন নাভিং পরামসেয্যাসি, তেন সা গব্‌ভং লচ্ছতি। সন্নিপাতো যেবে'স গব্‌ভাবক্কন্তিয়া'তি।" "সক্কোম'হং কোসিয়, তং বচনং কাতুং, ন তাবতকেন অম্‌হাকং তপো ভিজ্জতি, হোতূ'তি" সম্পটি'চ্ছিংসু।

'তায় চ পন বেলায় দেবভবনে অত্থি দেবপুত্তো উস্‌সন্নকুসলমূলো খীণায়ুকো, আয়ুক্‌খয়ং পত্তো যদিচ্ছকং সমত্থো ওক্কমিতুং অপি চক্কবত্তিকুলে'পি। অথ সক্কো
১০ দেবানমিন্দো তং দেবপুত্তং উপসঙ্কমিত্বা এবমাহ—"এহি খো মারিস, সুপ্পভাতো তে দিবসো, অত্থসিদ্ধি উপগতা, যমহং তে উপট্‌ঠানমাগমিং। রমণীয়ে তে ওকাসে বাসো ভবিস্‌সতি, পতিরূপে কুলে পটিসন্ধি ভবিস্‌সতি, সুন্দরেহি মাতাপিতূহি বড্‌ঢে

সূর্য্য পতিত হইলেও আমরা লোকধর্ম্মের সহিত মিশ্রিত হইব না। আপনি আমাদের সম্মুখে আসিবেন না; আসিলে আপনার প্রতি এই বিশ্বাস হইবে যে, মনে হয়,
১৫ আপনি অনর্থ আচরণ করেন।" পরে দেবেন্দ্র শক্র তাঁহাদের মন না পাইয়া গুরুসমীপে উপস্থিত ও প্রাঞ্জলি হইয়া পুনর্ব্বার প্রার্থনা করিলেন—"যদি আমার কথা করিতে আপনারা উৎসাহ না করেন, তবে, যখন তাপসী ঋতুমতী পুষ্পবতী হইবেন, ভদন্ত, তখন আপনি দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা তাঁহার নাভি স্পর্শ করিবেন, তাহাতে তিনি গর্ভ লাভ করিবেন। ইহাও গর্ভসঞ্চারের সম্মিলন।" "কৌশিক,
২০ আমি আপনার কথা করিতে পারিব; ততটুকুতে আমাদের তপ নষ্ট হইবে না, তাহাই হউক;"—এই বলিয়া তাঁহারা ইহা স্বীকার করিলেন।

'সেই সময়ে দেবভবনে এক দেবপুত্র ছিলেন। তাঁহার (সেই স্বর্গবাসের) মূলীভূত কুশল কর্ম্ম উৎপন্ন হইয়া গিয়াছিল, ও আয়ু ক্ষীণ হইয়া আসিয়াছিল। আয়ুক্ষয়প্রাপ্ত হইয়া তিনি যথেচ্ছায় চক্রবর্ত্তী নৃপতির বংশেও জন্মগ্রহণ করিতে সমর্থ ছিলেন।
২৫ অনন্তর দেবেন্দ্র শক্র সেই দেবপুত্রের নিকট উপস্থিত হইয়া বলিলেন—'আর্য্য, আগমন করুন। (আজ) আপনার দিন সুপ্রভাত! অর্থসিদ্ধি উপস্থিত! কেননা, আজ আমি আপনার নিকটে উপস্থিত হইয়াছি। রমণীয় স্থানে আপনার বাস হইবে; অনুরূপ বংশে জন্ম গ্রহণ হইবে; সুন্দর মাতা-পিতার দ্বারা বর্দ্ধিত

তব্‌বো ভবিস্‌সসি, এহি মে বচনং করোহাতি”—যাচি। দুতিয়ম্‌’পি ততিয়ম্‌’পি যাচি সিরসি পঞ্জলিকতো।

‘ততো সো দেবপুত্তো এবমাহ—“কতমং তং মারিস, কুলং, যং তং অভিক্‌খণং কিত্তয়সি পুনপ্পুন’ন্তি?”

৫ ‘“দুকুলো চ তাপসো, পারিকা চ তাপসীতি।”

‘সো তস্‌স বচনং সুত্বা তুট্‌ঠো সম্পটি’চ্ছি—“সাধু মারিস, যো তব ছন্দো সো হোতু। আকঙ্খমানো অহং মারিস, পত্থিতে কুলে উপ্পজ্জেয্যং। কিম্‌হি কুলে উপ্পজ্জামি অণ্ডজে বা, জলাবুজে বা, সংসেদজে বা, ওপপাতিকে বাতি?”

‘“জলাবুজায় মারিস, যোনিয়া উপ্পজ্জাহীতি।”

১০ ‘অথ সক্কো দেবানমিন্দো উপ্পত্তিদিবসং বিগণেত্বা দুকূলস্‌স তাপসস্‌স আরোচেসি—“অমুকস্মিং নাম দিবসে তাপসী উতুনী ভবিস্‌সতি পুপ্‌ফবতী। তদা ত্বং ভন্তে, দক্‌খিণেন হত্থ’ঙ্গুট্‌ঠেন নাভিং পরামসেয্যাসি।”

‘তস্মিং মহারাজ, দিবসে তাপসী চ উতুনী পুপ্‌ফবতী অহোসি, দেবপুত্তো চ তত্থুপগো পচ্চুপট্‌ঠিতো অহোসি, তাপসো চ দক্‌খিণেন হত্থ’ঙ্গুট্‌ঠেন তাপসিয়া নাভিং পরামসি।

১৫ হইবেন। আগমন করুন, আমার কথা করুন।” এই বলিয়া শক্র প্রার্থনা করিলেন। তিনি মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া দ্বিতীয় বারও, তৃতীয় বারও প্রার্থনা করিলেন।

‘অনন্তর সেই দেবপুত্র বলিলেন—“আর্য্য, যাহাকে আপনি নিরন্তর বারবার কীর্ত্তন করিতেছেন, সেই বংশ কোন?”

২০ “তাপস দুকূল, ও তাপসী পারিকা।”

‘সেই দেবপুত্র তাঁহার কথা শ্রবণে তুষ্ট হইয়া তাহা স্বীকার করিলেন—“সাধু আর্য্য, আপনার যাহা ইচ্ছা, তাহা হউক। আর্য্য, আমি ইচ্ছা করি, আমি প্রথিত বংশে উৎপন্ন হইব। কিন্তু কোন কুলে উৎপন্ন হইব—অণ্ডজ, বা জরায়ুজ, বা স্বেদজ, বা ঔপপাতিক?”

২৫ ‘“আর্য্য, জরায়ুজ যোনিতে উৎপন্ন হউন।”

‘অনন্তর দেবেন্দ্র শক্র উৎপত্তিদিবস গণনা করিয়া তাপস দুকূলকে কহিলেন—“তাপসী অমুক দিবসে ঋতুমতী পুষ্পবতী হইবেন, ভদন্ত, আপনি সেই সময়ে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা তাঁহার নাভি স্পর্শ করিবেন।”

‘মহারাজ, সেই দিবসে তাপসী ঋতুমতী পুষ্পবতী হইয়াছিলেন; দেবপুত্রও

৩০ সেখানে আগত হইয়া বর্ত্তমান ছিলেন, এবং তাপসও দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা

ইতি তে তয়ো সন্নিপাতা অহেসুং। নাভিপরামসনেন তাপসিয়া রাগো উদপাদি; সো পন’স্‌সা রাগো নাভিপরামসনং পটিচ্চ। মা ত্বং সন্নিপাতং অজ্ঝাচারমেব মঞ্ঞি। উহসনম্’পি সন্নিপাতো, উল্লপনম্’পি সন্নিপাতো, উপনিজ্ঝায়নম্’পি সন্নিপাতো। পুব্বভাগভাবতো রাগস্‌স উপ্পাদায় আমসনেন সন্নিপাতো জায়তি, সন্নিপাতা
৫ ওক্কমনং হোতীতি অনজ্ঝাচারে’পি মহারাজ, পরামসনেন গব্‌ভাবক্কন্তি হোতি। যথা মহারাজ, অগ্‌গি জলমানো অপরামসনেন’পি উপগতস্‌স সীতং ব্যপহন্তি, এবমেব খো মহারাজ, অনজ্ঝাচারে’পি পরামসনেন গব্‌ভস্‌সাবক্কন্তি হোতি।

৫২। ‘চতুন্নং বসেন মহারাজ, সত্তানং গব্‌ভাবক্কন্তি হোতি—কম্মবসেন, যোনিবসেন, কুলবসেন, আযাচনবসেন। অপি চ সব্বে’পে’তে সত্তা কম্মসম্ভবা কম্মসমুট্‌ঠানা।
১০ কথং মহারাজ, কম্মবসেন সত্তানং গব্‌ভাবক্কন্তি হোতি? উস্‌সন্নকুসলমূলা মহারাজ, সত্তা যদিচ্ছিকং উপ্পজ্জন্তি খত্তিয়মহাসালকুলে বা, ব্রাহ্মণমহাসালকুলে বা, গহপতিমহাসালকুলে বা, দেবেসু বা, অণ্ডজায় বা যোনিয়া, জলাবুজায় বা যোনিয়া, সংসেদজায় বা যোনিয়া, ওপপাতিকায় বা যোনিয়া। যথা মহারাজ, পুরিসো অড্‌ঢো মহদ্ধনো মহাভোগো পহূতজাতরূপরজতো পহূতবিত্তূ’পকরণো পহূতধনধঞ্ঞো

---

১৫ নাভি স্পর্শ করিয়াছিলেন। এই রূপে তিনেরই সম্মিলন হইয়াছিল। নাভিস্পর্শে তাপসীর রাগ (কামভাব) উৎপন্ন হইয়াছিল; তাঁহার সেই রাগ নাভিস্পর্শনিবন্ধন। মহারাজ, কেবল অধ্যাচারকেই (অর্থাৎ সুরতকর্ম্মাচরণকেই) সম্মিলন মনে করিবেন না। (স্ত্রীলোকের সহিত) উচ্চহাস্যও সম্মিলন, উচ্চালাপও সম্মিলন, এবং একাগ্রতায় চিন্তা করাও সম্মিলন। প্রথমত রাগের উৎপত্তির জন্য
২০ স্পর্শ দ্বারা সম্মিলন হয়, এবং সম্মিলন হইতে গর্ভ সঞ্চার হয়। এইরূপে মহারাজ, অধ্যাচার না হইলেও স্পর্শ দ্বারা গর্ভসঞ্চার হয়। মহারাজ, যেমন জ্বলন্ত অগ্নি সমীপাগত ব্যক্তিকে স্পর্শ না করিয়াও তাহার শীত নষ্ট করে, এই প্রকারই. মহারাজ, অধ্যাচার না করিলেও স্পর্শদ্বারা গর্ভসঞ্চার হয়।

৫২। ‘মহারাজ চারি হেতুতে জীবগণের গর্ভসঞ্চার হয়—কর্ম্মহেতু, যোনিহেতু,
২৫ কুলহেতু, ও যাচ্ঞাহেতু; তবে এই সমস্ত জীবই কর্ম্ম হইতে সমুদ্ভূত ও কর্ম্মমূলক। মহারাজ, কি প্রকারে কর্ম্মহেতু জীবগণের গর্ভসঞ্চার হয়? মহারাজ, যাহাদের কুশলধর্ম্মরূপ মূল উৎসন্ন হইয়াছে (অর্থাৎ স্বর্গাদিবাসের কারণরূপ পুণ্য শেষ হইয়াছে), এতাদৃশ জীবগণ ইচ্ছানুসারে মহাবিভবশালী ক্ষত্রিয়, ব্রাহ্মণ বা গৃহপতিবংশে, বা দেবগণমধ্যে, বা অণ্ডজযোনি, জরায়ুজযোনি, স্বেদজযোনি, বা ঔপপাতিক
৩০ যোনিতে উৎপন্ন হয়। মহারাজ, যেমন কোন আঢ্য, মহাধন, মহাভোগ, প্রভুতস্বর্ণ রজত,

পহূতঞাতিপক্খো দাসিং বা দাসং বা খেত্তং বা বত্থুং বা গামং বা নিগমং বা জনপদং বা যং কিঞ্চি মনসা অভিপত্থিতং, যদিচ্ছকং দ্বিগুণতিগুণম্'পি ধনং দত্বা কিণাতি, এবমেব খো মহারাজ, উস্সন্নকুসলমূলা সত্তা যদিচ্ছকং উপ্পজ্জন্তি খত্তিয়মহাসালকুলে বা, ব্রাহ্মণমহাসালকুলে বা, গহপতিমহাসালকুলে বা, দেবেসু বা, অণ্ডজায় বা যোনিয়া,
৫ জলাবুজায় বা যোনিয়া, সংসেদজায় বা যোনিয়া, ওপপাতিকায় বা যোনিয়া। এবং কম্মবসেন সত্তানং গব্ভাবক্কন্তি হোতি।

৫৩। 'কথং যোনিবসেন সত্তানং গব্ভাবক্কন্তি হোতি? কুক্কুটানং মহারাজ, বাতেন গব্ভাবক্কন্তি হোতি, বলাকানং মেঘসদ্দেন গব্ভাক্কন্তি হোতি, সব্বে'পি দেবা অগব্ভসেয্যকা সত্তা যেব; তেসং নানাবণ্ণেন গব্ভাবক্কন্তি হোতি। যথা মহারাজ,
১০ মনুস্সা নানাবণ্ণেন মহিয়া চরন্তি—কেচি পুরতো পটিচ্ছাদেন্তি, কেচি পচ্ছতো পটিচ্ছাদেন্তি, কেচি নগ্গা হোন্তি, কেচি ভণ্ডূ হোন্তি সেতপটধরা, কেচি মোলিবদ্ধা হোন্তি, কেচি ভণ্ডূ কাসাববসনা হোন্তি, কেচি কাসাববসনা মোলিবদ্ধা হোন্তি, কেচি চম্মবসনা হোন্তি, কেচি রস্মিয়ো নিবাসেন্তি,—সব্বে'পে'তে মনুস্সা নানাবণ্ণেন মহিয়া চরন্তি;

প্রভূতবিত্তোপকরণ, প্রভূতধনধান্য, প্রভূতজ্ঞাতিজন পুরুষ দাস, বা দাসী, বা ক্ষেত্র,
১৫ বা গৃহ, বা গ্রাম, বা নিগম, বা জনপদ, অথবা যাহা কিছু মনে প্রার্থনা করেন, ইচ্ছানুসারে দ্বিগুণ বা ত্রিগুণও ধন দান করিয়া তাহা ক্রয় করেন, এইরূপই মহারাজ, উৎসন্নকুশলমূল জীবগণ ইচ্ছানুসারে মহাবিভবশালী ক্ষত্রিয়, বা ব্রাহ্মণ, বা গৃহপতি-বংশে, বা দেবগণমধ্যে, অথবা অণ্ডজযোনি, জরায়ুজযোনি, স্বেদজযোনি, বা ঔপপাতিক যোনিতে উৎপন্ন হয়। এইরূপে কর্ম্মবশে জীবগণের গর্ব্ভসঞ্চার হয়।

২০ ৫৩। 'যোনিবশে কিরূপে জীবগণের গর্ভসঞ্চার হয়? মহারাজ কুক্কুটগণের বায়ুর দ্বারা গর্ভ সঞ্চার হয়; বলাকাগণের মেঘশব্দে গর্ভসঞ্চার হয়; দেবগণ সকলেই অগর্ভশায়ী জীবই; তাহাদের নানা প্রকারে গর্ভসঞ্চার হইয়া থাকে। যেমন মহারাজ মনুষ্যেরা নানাপ্রকারে পৃথিবীতে বিচরণ করে,—কেহ কেহ পুরোভাগ (বস্ত্রদ্বারা) আচ্ছাদন করে, কেহ কেহ পশ্চাদ্ভাগ আচ্ছাদন করে, কেহ কেহ নগ্ন থাকে, কেহ
২৫ কেহ মুণ্ডিত হইয়া শ্বেতবসন ধারণ করে, কেহ কেহ কেশচূড়া ধারণ করে, কেহ কেহ মুণ্ডিত ও কাষায়বসনধারী, কেহ কেহ কাষায়বসনধারী ও বদ্ধকেশচূড়, কেহ কেহ জটাধারী ও বল্কলচীবরধর, কেহ কেহ চর্ম্মবসনধারী, এবং কেহ কেহ রশ্মি (রজ্জু) পরিধান করে;—এই সমস্ত মনুষ্য নানা প্রকারে পৃথিবীতে বিচরণ

এবমেব খো মহারাজ, সত্তা যেব তে সব্বে, তেসং নানাবণ্ণেন গব্ভাবক্কন্তি হোতি। এবং যোনিবসেন সত্তানং গব্ভাবক্কন্তি হোতি।

'কথং কুলবসেন সত্তানং গব্ভাবক্কন্তি হোতি? কুলং নাম মহারাজ, চত্তারি কুলানি—অণ্ডজং, জলাবুজং, সংসেদজং, ওপপাতিকং। যদি তত্থ গন্ধব্বো যতো
৫ কুতোচি আগন্ত্বা অণ্ডজে কুলে উপ্পজ্জতি, সো তত্থ অণ্ডজো হোতি,—পে—জলাবুজে কুলে, সংসেদজকুলে, ওপপাতিকে কুলে উপ্পজ্জতি, সো তত্থ ওপপাতিকো হোতি। তেসু তেসু কুলেসু তাদিসা যেব সত্তা সম্ভবন্তি। যথা মহারাজ, হিমবতি নেরুপব্বতং যে কেচি মিগপক্খিনো উপেন্তি, সব্বে তে সকবণ্ণং বিজহিত্বা সুবণ্ণবণ্ণা হোন্তি; এবমেব খো মহারাজ, যো কোচি গন্ধব্বো যতো কুতোচি আগন্ত্বা অণ্ডজং যোনিং
১০ উপগন্ত্বা সভাববণ্ণং বিজহিত্বা অণ্ডজো হোতি,—পে—জলাবুজং, সংসেদজং, ওপপাতিকং যোনিং উপগন্ত্বা সভাববণ্ণং বিজহিত্বা ওপপাতিকো হোতি। এবং কুলবসেন সত্তানং গব্ভাবক্কন্তি হোতি।

করিয়া থাকে; এইরূপই মহারাজ, তাহারা সকলে জীবই, এবং নানাপ্রকারে তাহাদের গর্ভসঞ্চার হয়। এইরূপে যোনিবশে জীবগণের গর্ভসঞ্চার হইয়া থাকে।

১৫ 'কুলবশে কিরূপে জীবগণের গর্ভসঞ্চার হয়? মহারাজ, কুল চারি প্রকার,—অণ্ডজ, জরায়ুজ, স্বেদজ ও ঔপপাতিক। যে-কোন স্থান হইতে আগমন করিয়া গন্ধর্ব্ব যদি তাহাদের মধ্যে অণ্ডজকুলে উৎপন্ন হয়, তবে সে সেখানে অণ্ডজ। এইরূপ জরায়ুজকুলে উৎপন্ন হইলে জরায়ুজ, স্বেদজকুলে উৎপন্ন হইলে স্বেদজ, ও ঔপপাতিককুলে উৎপন্ন হইলে উপপাতিক হয়।—সেই সেই কুলে সেইরূপই জীব
২০ উৎপন্ন হয়। মহারাজ, যেমন হিমালয়ের মেরুপর্ব্বতে (তন্নামক শিখরে) যে-কোন মৃগপক্ষিগণ আগমন করে, তাহারা সকলে স্বকীয় বর্ণ পরিত্যাগ করিয়া স্বর্ণবর্ণ হয়, এইরূপই মহারাজ, যে-কোন গন্ধর্ব্ব যে-কোন স্থান হইতে আগমন করিয়া (যদি) অণ্ডজ-যোনিতে উপস্থিত হয়, সে স্বাভাবিক আকার পরিত্যাগ করিয়া অণ্ডজ হয়; এইরূপ জরায়ুজ, স্বেদজ ও ঔপপাতিক যোনিতে উপস্থিত হইয়া স্বাভাবিক আকার পরিত্যাগ
২৫ পূর্ব্বক জরায়ুজ, স্বেদজ ও ঔপপাতিক হয়। কুলবশে এই প্রকারে জীবগণের গর্ভ সঞ্চার হয়।

'কথং আয়াচনবসেন সত্তানং গব্‌ভাবক্কন্তি হোতি? ইধ মহারাজ, কুলং হোতি অপুত্তকং বহুসাপতেয্যং সদ্ধং পসন্নং সীলবন্তং কল্যাণধম্মং তপনিস্সিতং; দেবপুত্তো চ উস্সন্নকুসলমূলো চবনধম্মো হোতি। অথ সক্কো দেবানমিন্দো তস্স কুলস্স অনু-কম্পায় তং দেবপুত্তং আযাচতি—"পণিধেহি মারিস, কুলস্স অমুকস্স মহেসিয়া

৫ কুচ্ছি'ন্তি।" সো তস্স আযাচনহেতু তং কুলং পণিধেতি। যথা মহারাজ, মনুস্সা পুঞ্ঞকামা সমণং মনোভাবনীয়ং আযাচিত্বা গেহং উপনেন্তি—অয়ং উপগন্ত্বা সব্বস্স সুখাবহো ভবিস্সতীতি, এবমেব খো মহারাজ, সক্কো দেবানমিন্দো তং দেবপুত্তং আযাচিত্বা তং কুলং উপনেতি। এবমাযাচনবসেন সত্তানং গব্‌ভাবক্কন্তি হোতি।

৫৪। 'সামো মহারাজ, কুমারো সক্কেন দেবানমিন্দেন আযাচিতো পারিকায়

১০ তাপসিয়া কুচ্ছিং ওক্কন্তো। সামো মহারাজ, কুমারো কতপুঞ্ঞো, মাতাপিতরো সীলবন্তো কল্যাণধম্মা, আযাচকো সমত্থো, তিণ্ণং চেতোপণিধিয়া সামো কুমারো নিব্বত্তো। ইধ মহারাজ, নয়কুসলো পুরিসো সুকট্ঠে অনূপখেত্তে বীজং রোপেয্য, অপি নু তস্স বীজস্স অন্তরায়ং বিবজ্জেন্তস্স বুদ্ধিয়া কোচি অন্তরায়ো ভবেয্যাতি?'

যাচ্ঞাবশে কিরূপে জীবগণের গর্ভসঞ্চার হয়? মহারাজ, লোকে এরূপ কুল

১৫ থাকে, যাহা অপুত্রক, অথচ বহুধন, শ্রদ্ধাযুক্ত, প্রসন্ন, শীলবিশিষ্ট, কল্যাণধর্ম্মযুক্ত, ও তপোনিষ্ঠ; এবং এরূপ দেবপুত্রও থাকে, যাহার কুশলমূল উৎসন্ন হইয়া গিয়াছে, এবং যাহাকে (স্বর্গ হইতে) চ্যুত হইতে হইবে। পরে দেবেন্দ্র শক্র সেই কুলের প্রতি অনু-কম্পাহেতু দেবপুত্রকে যাচ্ঞা করেন—"আর্য্য, অমুক কুলের মহিষীর কুক্ষিতে জন্ম গ্রহণ করিবার (জন্য) ইচ্ছা করুন।" তিনি তাঁহার যাচ্ঞা হেতু সেই কুলকে

২০ ইচ্ছা করেন। যেমন মহারাজ, পুণ্যকাম মনুষ্যগণ কোনো শ্রমণের নিকট মনের চিন্তিত বিষয় যাচ্ঞা করিয়া তাঁহাকে গৃহে লইয়া যায় যে, ইনি উপস্থিত হইয়া সমস্ত কুলের সুখাবহ হইবেন; এইরূপই মহারাজ, দেবেন্দ্র শক্র সেই দেবপুত্রকে যাচ্ঞা করিয়া ঐ কুলে লইয়া যান। এইরূপে যাচ্ঞাবশে জীবগণের গর্ভসঞ্চার হয়।

৫৪। মহারাজ, কুমার শ্যাম দেবেন্দ্র শক্র দ্বারা যাচিত হইয়া পারিকা তাপসীর কুক্ষিতে

২৫ সঞ্চরিত হইয়াছিলেন। কুমার শ্যাম কৃতপুণ্য, মাতা-পিতা শীলবান্ ও কল্যাণ-ধর্ম্মযুক্ত, এবং যাচকও সমর্থ; মহারাজ এই তিনের চিত্তপ্রণিধানে কুমার শ্যাম উৎপন্ন হন। মহারাজ, লোকে যদি কোন নীতিকুশল পুরুষ সুকৃষ্ট জলবহুল ক্ষেত্রে বীজ রোপণ করে, তবে বিঘ্নবিবর্জ্জনকারী সেই বীজের বৃদ্ধিবিষয়ে কি কোন অন্তরায় হইবে?'

'নহি ভন্তে ; নিরুপঘাতং ভন্তে, বীজং খিপ্পং সংবিরূহেয্যা'তি।'

'এবমেব খো মহারাজ, সামো কুমারো মুত্তো উপ্পত্ত'ন্তরায়েহি তিণ্ণং চেতোপণিধিয়া নিব্বত্তো। অপি নু খো মহারাজ, সুতপুব্বং তয়া ইসীনং মনোপদোসেন ইদ্ধো ফীতো মহাজনপদো সজনো সমুচ্ছিন্নো'তি ?'

৫ 'আম ভন্তে ; সুয়তি মহিয়া দণ্ডকারঞ্ঞং মেজ্ঝারঞ্ঞং কলিঙ্গারঞ্ঞং মাতঙ্গারঞ্ঞং, সব্বন্তং অরঞ্ঞং অরঞ্ঞভূতং, সব্বে'পে'তে জনপদা ইসীনং মনোপদোসেন খয়ং গতা'তি।'

'যদি মহারাজ, তেসং মনোপদোসেন সুসমিদ্ধা জনপদা উচ্ছিজ্জন্তি, অপি নু তেসং মনোপসাদেন কিঞ্চি নিব্বত্তেয্যা'তি ?'

১০ 'আম ভন্তে'তি।'

'তেন হি মহারাজ, সামো কুমারো তিণ্ণং বলবন্তানং চেতোপসাদেন নিব্বত্তো—ইসিনিম্মিতো, দেবনিম্মিতো, পুঞ্ঞনিম্মিতো'তি। এবমেতং মহারাজ, ধারেহি। তয়ো'মে মহারাজ, দেবপুত্তা সক্কেন দেবানমিন্দেন আযাচিতং কুলং উপ্পন্না ; কতমে তয়ো ? সামো কুমারো, মহাপণাদো, কুসরাজা ; তয়ো'পে'তে বোধিসত্তা'তি।'

---

১৫ 'না ভদন্ত ; বীজ উপঘাতশূন্য হইয়া সত্বরে সংবিরূঢ় হইবে।'

'এইরূপই মহারাজ, কুমার শ্যাম উৎপত্তির অন্তরায় হইতে মুক্ত হইয়া তিনজনের চিত্তপ্রণিধানে উৎপন্ন হইয়াছিলেন। মহারাজ, আপনি কি পূর্ব্বে শ্রবণ করিয়াছেন যে, ঋষিগণের মনের প্রদ্বেষ হেতু সমৃদ্ধ-উন্নত মহান্‌ জনপদসমূহ লোকের সহিত সমুচ্ছিন্ন হইয়া গিয়াছে ?'

২০ 'হাঁ ভদন্ত ; শুনা যায় যে পৃথিবীতে দণ্ডকারণ্য, মেধ্যারণ্য, কলিঙ্গারণ্য ও মাতঙ্গারণ্য, এই সমস্ত অরণ্য (আজকাল) অরণ্যভূত হইয়াছে, কিন্তু এই সমস্তই জনপদ ছিল, ঋষিগণের মনের প্রদ্বেষ হেতু ক্ষয় প্রাপ্ত হইয়াছে।'

'মহারাজ, যদি তাঁহাদের মনের প্রদ্বেষে সুসমৃদ্ধ জনপদসমূহ উচ্ছিন্ন হইয়া যায়, তবে কি তাঁহাদের চিত্তের প্রসাদে কিছু উৎপন্ন হইতে পারে না ?'

২৫ 'হাঁ ভদন্ত ; (হইতে পারে)।'

'তাহা হইলে মহারাজ, কুমার শ্যাম তিনজন বলবান্‌ ব্যক্তির চিত্তপ্রসাদে উৎপন্ন হইয়াছেন ; তিনি ঋষিনির্ম্মিত, দেবনির্ম্মিত ও পুণ্যনির্ম্মিত। মহারাজ এইরূপ ইহা অবধারণ করুন। মহারাজ, এই তিন জন দেবপুত্র দেবেন্দ্র শক্র দ্বারা যাচিত কুলে উৎপন্ন হইয়াছেন ; কে কে তিন জন ? কুমার শ্যাম, মহাপ্রণাদ ও কুশ-
৩০ রাজা ;—ইঁহারা তিন জনই বোধিসত্ত্ব।'

'সুনিদ্দিট্ঠা ভন্তে নাগসেন, গব্ভাবক্কন্তি, সুকথিতং কারণং, অন্ধকারো আলোকো কতো, জটা বিজটিতা, নিচ্ছুন্না পরপ্পবাদা! এবমেতং, তথা সম্পটিচ্ছামীতি!'

৫৫। 'ভন্তে নাগাসন, ভাসিতম্'পে'তং ভগবতা—"পঞ্চে'ব'দানি আনন্দ, বস্‌স-সতানি সদ্ধম্মো ঠস্‌সতীতি।" পুন চ পরিনিব্বানসময়ে সুভদ্দেন পরিব্বাজকেন

৫ পঞ্হং পুট্ঠেন ভগবতা ভণিতং—"ইমে চ সুভদ্দ, ভিক্খূ সম্মা বিহরেয্যুং, অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্‌সা'তি।" অসেসবচনমেতং নিস্‌সেসবচনমেতং নিপ্পরিয়ায়-বচনমেতং। যদি ভন্তে নাগসেন, তথাগতেন ভণিতং—"পঞ্চে'ব'দানি আনন্দ, বস্‌সসতানি সদ্ধম্মো ঠস্‌সতীতি," তেন হি, "অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্‌সা'তি" যং বচনং তং মিচ্ছা। যদি তথাগতেন ভণিতং "অসুঞ্ঞো লোকো

১০ অরহন্তেহি অস্‌সাতি," তেন হি "পঞ্চে'ব'দানি আনন্দ, বস্‌সসতানি সদ্ধম্মো ঠস্‌সতীতি" তম্'পি বচনং মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো,

'ভদন্ত নাগসেন, গর্ভসঞ্চারকে আপনি সুন্দররূপে নির্দ্দেশ করিয়াছেন! তাহার কারণকে সুন্দররূপে বলিয়াছেন! অন্ধকারকে আলোক করিয়াছেন, জটিলতা অপাবৃত করিয়াছেন! প্রতিপক্ষবাদ নিস্তব্ধ হইয়াছে! ইহা এইরূপই, আমি এইরূপই

১৫ স্বীকার করিতেছি।'

সদ্ধর্ম্মের স্থিতিকাল

৫৫। 'ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, এখন পঞ্চশত বৎসর সদ্ধর্ম্ম থাকিবে।" আবার পরিনির্ব্বাণসময়ে পরিব্রাজক সুভদ্রের দ্বারা পৃষ্ট হইয়া ভগবান্ বলিয়াছেন—"সুভদ্র, এই ভিক্ষুগণ যদি সম্যগ্‌রূপে বিহরণ করে, তবে সংসার অর্হৎ-শূন্য হইবে না।" ইহা তাঁহার অশেষ, নিঃশেষ ও নিষ্পর্য্যায় বচন। ভদন্ত

২০ নাগসেন, যদি তথাগত বলিয়া থাকেন—"আনন্দ, এখন পঞ্চশত বৎসর সদ্ধর্ম্ম থাকিবে," তাহা হইলে, "সংসার অর্হৎ-শূন্য হইবে না" এই যে কথা, তাহা মিথ্যা। আবার তথাগত যদি বলিয়া থাকেন "সংসার অর্হৎ-শূন্য হইবে না," তবে "আনন্দ, এখন পঞ্চশত বৎসর সদ্ধর্ম্ম থাকিবে," এই যে কথা, তাহাও মিথ্যা। ইহাও উভয়কোটিক প্রশ্ন, গহন হইতেও গহনতর, বলবান্ হইতে বলবত্তর, এবং গ্রন্থিযুক্ত হইতেও

গহনতো'পি গহনতরো, বলবতো'পি বলবতরো, গন্ঠিতো'পি গন্ঠিতরো; সো তব্বা-
নুপ্পত্তো, তত্থ তে ঞাণবলবিপ্‌ফারং দস্‌সেহি, মকরো বিয় সাগর'ব্‌ভন্তরগতোতি।'

৫৬। ভাসিতম্‌'পে'তম্‌ মহারাজ, ভগবতা—"পঞ্চে'ব'দানি আনন্দ, বস্‌সসতানি
সদ্ধম্মো ঠস্‌সতীতি।" পরিনিব্বানসময়ে চ সুভদ্দস্‌স পরিব্‌বাজকস্‌স ভণিতং—
৫ "ইমে চ সুভদ্দ, ভিক্‌খূ সম্মা বিহরেয়্যুং, অসুঞ্‌ঞো লোকো অরহন্তেহি অস্‌সাতি।"
তঞ্চ পন মহারাজ, ভগবতো বচনং নানত্থঞ্চে'ব হোতি নানাব্যঞ্জনঞ্চ। অয়ং সাসন-
পরিচ্ছেদো, অয়ং পটিপত্তিপরিদীপনা'তি দূরং বিবজ্জিতা তে উভো অঞ্‌ঞমঞ্‌ঞং।
যথা মহারাজ, নভং পঠবিতো দূরং বিবজ্জিতং, নিরয়ং সগ্‌গতো দূরং বিবজ্জিতং, কুসলং
অকুসলতো দূরং বিবজ্জিতং, সুখং দুক্‌খতো দূরং বিবজ্জিতং, এবমেব খো মহারাজ,
১০ তে উভো অঞ্‌ঞমঞ্‌ঞং দূরং বিবজ্জিতা। অপি চ মহারাজ, মা তে পুচ্ছা মোঘা
অস্‌স, রসতো তে সংসন্দেত্বা কথয়িস্‌সামি।

৫৭। "পঞ্চে'ব' দানি আনন্দ, বস্‌সসতানি সদ্ধম্মো ঠস্‌সতীতি" যং ভগবা আহ, তং
খয়ং পরিদীপয়ন্তো সেসকং পরিচ্ছিন্দি—"বস্‌সসহস্‌সং আনন্দ, সদ্ধম্মো তিট্‌ঠেয্য,
সচে ভিক্‌খুনিয়ো ন পব্‌বজেয়্যুং, পঞ্চে'ব'দানি আনন্দ, বস্‌সসতানি সদ্ধম্মো

১৫ গ্রন্থিযুক্ততর। সেই প্রশ্ন আপনার নিকট উপস্থিত হইয়াছে। আপনি তদ্বিষয়ে
সাগরাভ্যন্তরগত মকরের ন্যায় আপনার জ্ঞানবলের বিস্তার প্রদর্শন করুন!'

৫৬। 'মহারাজ, ভগবান্‌ ইহাও বলিয়াছেন—"আনন্দ এখন পঞ্চশত বৎসর সদ্ধর্ম্ম
থাকিবে," এবং পরিনির্ব্বাণ সময়ে পরিব্রাজক সুভদ্রকেও বলিয়াছেন—"সুভদ্র,
এই ভিক্ষুগণ যদি সম্যগ্‌ভাবে বিহরণ করে, তবে সংসার অর্হৎ-শূন্য হইবে না।"
২০ কিন্তু মহারাজ, ভগবানের সেই বাক্য ভিন্নার্থক ও ভিন্নাভিপ্রায়যুক্ত। একটি শাসনের
পরিচ্ছেদ (সীমা), ও অপরটি প্রতিপত্তির (আচারশীলপ্রভৃতির) পরিপ্রকাশ (বুঝাইতেছে);
অতএব তাহারা উভয়ে পরস্পর দূরবিভিন্ন। যেমন মহারাজ, আকাশ পৃথিবী হইতে
দূরবিভিন্ন, নিরয় স্বর্গ হইতে দূরবিভিন্ন, কুশল অকুশল হইতে দূরবিভিন্ন, ও সুখ
দুঃখ হইতে দূরবিভিন্ন, এই প্রকারই মহারাজ, তাহারা উভয়ে পরস্পর দূরবিভিন্ন।
২৫ তথাপি মহারাজ, আপনার প্রশ্ন যেন ব্যর্থ না হয়, আমি তাহার রস (অর্থাৎ তাৎপর্য্য)
নির্গত করিয়া আপনাকে বলিব।

৫৭। 'ভগবান্‌ যে বলিয়াছেন, "আনন্দ, এখন পঞ্চশত বৎসরই সদ্ধর্ম্ম থাকিবে"
তাহাতে তিনি (সদ্ধর্ম্মের) ক্ষয়কে পরিপ্রকাশ করিয়া তাহার অবশেষকে পরি-
চ্ছিন্ন করিয়া দিয়াছেন—"আনন্দ, সহস্র বৎসর সদ্ধর্ম্ম থাকিবে, যদি ভিক্ষুনীগণ

ঠস্সতীতি।" অপি নু খো মহারাজ ভগবা এবং বদন্তো সদ্ধম্মস্স অন্তরধানং বা বদেতি অভিসময়ং বা পটিক্কোসতীতি।'

'নহি ভন্তে'তি।'

'নট্ঠং মহারাজ পরিকিত্তয়ন্তো সেসকং পরিদীপয়ন্তো পরিচ্ছিন্দি। যথা মহারাজ, ৫ পুরিসো নট্ঠাম্নিকো সব্বসেসকং গহেত্বা জনস্স পরিদীপেয্য—"এত্তকং মে ভণ্ডং নট্ঠং, ইদং সেসক'ন্তি", এবমেব খো মহারাজ,ভগবা নট্ঠং পরিদীপয়ন্তো সেসকং দেবমনুস্সানং কথেসি—"পঞ্চেব' দানি আনন্দ,বস্সসতানি সদ্ধম্মো ঠস্সতীতি।" যং পন মহারাজ,ভগবতা ভণিতং—"পঞ্চে'ব'দানি আনন্দ, বস্সসতানি সদ্ধম্মো ঠস্সতীতি" সাসনপরিচ্ছেদো এসো; যং পন পরিনিব্বানসময়ে সুভদ্দস্স পরিব্বাজকস্স সমণে পরিকিত্তয়ন্তো আহ ১০ —"ইমে চ সুভদ্দ, ভিক্খু সম্মা বিহরেয্যুং, অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্সাতি" পটিপত্তিপরিদীপনা এসা। ত্বং পন তং পরিচ্ছেদঞ্চ পরিদীপনঞ্চ একরসং করোসি। যদি পন তে ছন্দো একরসং কত্বা কথয়িস্সামি, সাধুকং সুণোহি, মনসি করোহি অবিমনমানসো।

প্রব্রজিত না হয়; কিন্তু এখন পঞ্চ শত বৎসরই সদ্ধর্ম্ম থাকিবে।" মহারাজ,এইরূপ বলিয়া ভগবান্ কি সদ্ধর্ম্মের অন্তর্দ্ধান বলিতেছেন, অথবা তদ্বিষয়ক অন্তর্দৃষ্টির নিন্দা ১৫ করিতেছেন?'

'না ভদন্ত।'

'মহারাজ, ভগবান্ (তাহার দ্বারা) যাহা নষ্ট, তাহার পরিচ্ছেদ করিয়া দিয়াছেন। যেমন মহারাজ, কোন পুরুষের আয় নষ্ট হইলে, সে সর্ব্বশেষ বস্তুকে গ্রহণ করিয়া লোকের নিকট প্রকাশ করে—"আমার এত ধন নষ্ট হইয়া গিয়াছে, এবং ইহা ২০ আছে," এইরূপই মহারাজ, ভগবান্ নষ্টকে প্রকাশ করিয়া দেবমনুষ্যের নিকটে অবশিষ্টকে বলিয়াছেন—"আনন্দ, এখন পঞ্চ শত বৎসরই সদ্ধর্ম্ম থাকিবে।" ইহাতে তিনি শাসনের পরিচ্ছেদ করিয়াছেন। আর যে পরিনির্ব্বাণের সময় শ্রমণগণকে লক্ষ্য করিয়া পরিব্রাজক সুভদ্রকে বলিয়াছেন—"সুভদ্র, এই ভিক্ষুগণ যদি সম্যগ্‌ভাবে বিহরণ করে, তাহা হইলে সংসার অর্হৎ-শূন্য হইবে না," ইহা প্রতিপত্তির পরিপ্রকাশ। ২৫ আপনি কিন্তু সেই পরিচ্ছেদ ও পরিপ্রকাশকে একাভিপ্রায়যুক্ত করিতেছেন। আপনার যদি ইচ্ছা হয়, একাভিপ্রায়যুক্ত করিয়াই আমি তাহা বলিব, আপনি ভাল করিয়া শুনুন, ও অবিমনা হইয়া তাহা মনে করুন।

৫৮। 'ইধ মহারাজ, তলাকো ভবেয্য নবসলিলসম্পুণ্ণো সমুখমুত্তরিয়মানো পরিচ্ছিন্নো পরিবটুমকতো; অপরিয়াদিন্নে যেব তস্মিং তলাকে উদকু'পরি মহামেঘো অপরাপরং অনুপ্পবন্ধন্তো অভিবস্সেয্য; অপি নু খো মহারাজ, তস্মিং তলাকে উদকং পরিক্খয়ং পরিয়াদানং গচ্ছেয্যা'তি।'

৫ 'নহি ভন্তে'তি।'

'কেন কারণেন মহারাজা'তি?'

'মেঘস্স ভন্তে, অনুপ্পবন্ধনায়া'তি।'

'এবমেব খো মহারাজ, জিনসাসনবরসদ্ধম্মতলাকো আচারসীলগুণবত্তপটিপত্তিবিমলনবসলিলসম্পুণ্ণো উত্তরিয়মানো ভব'গ্গমভিভবিত্বা ঠিতো হোতি। যদি তত্থ বুদ্ধপুত্তা

১০ আচারসীলগুণবত্তপটিপত্তিমেঘবস্সং অপরাপরং অনুপ্পবন্ধাপেয্যুং অভিবস্সাপেয্যুং, এবমিদং জিনসাসনবরসদ্ধম্মতলাকো চিরং দীঘমদ্ধানং তিট্ঠেয্য, অরহন্তেহি চ লোকো অসুঞ্ঞো ভবেয্য। ইমমত্থং ভগবতা সন্ধায় ভাসিতং—"ইমে চ সুভদ্দ, ভিক্খূ সম্মা বিহরেয্যুং, অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্সা'তি।

৫৮। 'মহারাজ, এখানে এমন যদি এক তড়াগ থাকে, যাহা নবসলিলে সম্পূর্ণ ও

১৫ মুখপর্য্যন্ত উচ্ছলিত, এবং যাহা পরিচ্ছিন্ন ও চতুর্দ্দিকে বাঁধযুক্ত, এবং যদি সেই তড়াগের (জল) শেষ না হইতেই তাহাতে জলের উপর উপর্য্যুপরি অনুক্রমে মহামেঘ বর্ষণ করে, তবে কি মহারাজ, সেই তড়াগের জল পরিক্ষয় ও শেষ প্রাপ্ত হয়?'

'না ভদন্ত।'

'কি কারণে মহারাজ?'

২০ 'ভদন্ত, মেঘের অনুক্রমে প্রবর্ত্তন হেতু।'

'এই প্রকারই মহারাজ, শ্রেষ্ঠ জিনশাসনের সদ্ধর্ম্মতড়াগ আচার-শীল-গুণ-বৃত্তাত্মক প্রতিপত্তিরূপ বিমলনবসলিলে পরিপূর্ণ ও উচ্ছলিত হইয়া ভবাগ্রকেও অভিভব করিয়া অবস্থিত রহিয়াছে। বুদ্ধপুত্রগণ যদি তাহাতে আচার-শীল-গুণ-বৃত্তাত্মক প্রতিপত্তিরূপ মেঘবর্ষণকে উপর্য্যুপরি অনুক্রমে প্রবর্ত্তিত করেন, (সেই মেঘকে)

২৫ অভিবর্ষণ করান, তাহা হইলে শ্রেষ্ঠ জিনশাসনের সদ্ধর্ম্মতড়াগ চিরদীর্ঘ কাল অবস্থান করিবে, এবং সংসার অর্হৎ-শূন্য হইবে না। এই অর্থ অভিপ্রায় করিয়া ভগবান্ বলিয়াছেন—"সুভদ্র, এই ভিক্ষুগণ যদি সম্যগ্‌ভাবে বিহরণ করে, তবে সংসার অর্হৎ-শূন্য হইবে না।"

৫৯। 'ইধ পন মহারাজ, মহতিমহাঅগ্গিক্খন্ধে জলমানে অপরাপরং সুক্খ-তিণকট্ঠগোময়ানি উপসংহরেয্যুং, অপি নু খো সো মহারাজ, অগ্গিক্খন্ধো নিব্বাযেয্যা'তি ?'

'নহি ভন্তে; ভিয্যো ভিয্যো সো অগ্গিক্খন্ধো জলেয্য, ভিয্যো ভিয্যো
৫ পভাসেয্যা'তি।'

'এবমেব খো মহারাজ, দসসহস্সম্হি লোকধাতুয়া জিনসাসনবরং আচারসীল-গুণবত্তপটিপত্তিয়া জলতি পভাসতি। যদি পন মহারাজ তদুত্তরিং বুদ্ধপুত্তা পঞ্চহি পধানিয়'ঙ্গেহি সমন্নাগতা সততমপ্পমত্তা পদহেয্যুং, তীসু সিক্খাসু ছন্দজাতা সিক্খেয্যুং, চারিত্তঞ্চ বারিত্তঞ্চ সীলং সমত্তং পরিপূরেয্যুং, এবমিদং জিনসাসন-
১০ বরং ভিয্যো ভিয্যো চিরং দীঘমদ্ধানং তিট্ঠেয্য, অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্সা'তি, ইমমত্থং ভগবতা সন্ধায় ভাসিতং—"ইমে চ সুভদ্দ, ভিক্খূ সম্মা বিহরেয্যুং, অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্সা'তি।'

৬০। ইধ পন মহারাজ, সিনিদ্ধসমসুমজ্জিতসপ্পভাসবিমলাদাসং সণ্হসুখুম-

৫৯। 'মহারাজ, লোকেরা যদি এখানে কোন এক জলন্ত মহান্ অগ্নিরাশিতে
১৫ উপর্য্যুপরি শুষ্ক তৃণ, কাষ্ঠ ও গোময়সমূহ নিক্ষেপ করে, তবে কি সেই অগ্নিরাশি নির্ব্বাণ হইবে ?'

'না ভদন্ত; সেই অগ্নিরাশি ভূয়োভূয়ঃ জ্বলিত হইবে, ও ভূয়োভূয়ঃ প্রভাসিত হইয়া উঠিবে।'

'এইরূপই মহারাজ, শ্রেষ্ঠ জিনশাসন দশসহস্র লোকধাতুতে আচার-শীল-গুণ-
২০ বৃত্তাত্মক প্রতিপত্তিতে জ্বলিত ও প্রভাসিত হইতেছে। তদুপরি বুদ্ধপুত্রগণ যদি পঞ্চবিধ প্রধানরূপ অঙ্গে সমন্বিত হইয়া ও নিয়ত অপ্রমত্ত থাকিয়া -সমুচিত প্রয়াস (প্রধান) করেন, ইচ্ছাপূর্ব্বক শিক্ষাত্রয়ে শিক্ষালাভ করেন, এবং আচরণীয় ও নিবার-ণীয় শীলসমূহকে পরিপূর্ণ করেন, তাহা হইলে, এইরূপে শ্রেষ্ঠ জিনশাসন ভূয়োভূয়ঃ দীর্ঘকাল অবস্থান করিবে ও সংসার অর্হৎ-শূন্য হইবে না। ইহাই অভিপ্রায় করিয়া
২৫ ভগবান্ বলিয়াছেন—"সুভদ্র, এই ভিক্ষুগণ যদি সম্যগ্ভাবে বিহরণ করে, তবে লোক অর্হৎ-শূন্য হইবে না।"

৬০। মহারাজ, লোকেরা যদি এখানে কোন স্নিগ্ধ-সমান-সম্মার্জ্জিত প্রভাসযুক্ত

গেরুকচুণ্ণেন অপরাপরং মজ্জেয্যুং, অপি নু খো মহারাজ, তস্মিং আদাসে মলকদ্দম-রজোজল্লং জাযেয্যা'তি ?'

'নহি ভন্তে ; অঞ্ঞদত্থু বিমলতরং যেব ভবেয্যা'তি।'

'এবমেব খো মহারাজ, জিনসাসনবরং পকতিনিম্মলং ব্যপগতকিলেসমল-
৫ রজোজল্লং। যদি তং বুদ্ধপুত্তা আচারশীলগুণবত্তপটিপত্তিসল্লেখধুতগুণেন জিন-সাসনবরং সল্লিখেয্যুং, এবমিদং জিনসাসনবরং চিরং দীঘমদ্ধানং তিট্ঠেয্য, অসুঞ্ঞো চ লোকো অরহন্তেহি অস্সা'তি। ইমমত্থং ভগবতা সন্ধায় ভাসিতং—"ইমে চ সুভদ্দ, ভিক্খূ সম্মা বিহরেয্যুং; অসুঞ্ঞো লোকো অরহন্তেহি অস্সা'তি।" পটিপত্তিমূলকং মহারাজ, সত্থু সাসনং, পটিপত্তিসারকং, পটিপত্তিয়া অনন্তরহিতায়
১০ তিট্ঠতীতি।'

৬১। 'ভন্তে নাগসেন, সদ্ধম্ম'ন্তরধান'ন্তি যং বদেসি, কতমং তং সদ্ধম্ম'ন্তরধান'ন্তি ?'

'তীণি'মানি মহারাজ, সাসন'ন্তরধানানি। কতমানি তীণি ? অধিগম'ন্তরধানং, পটিপত্ত'ন্তরধানং, লিঙ্গ'ন্তরধানং। অধিগমে মহারাজ, অন্তরহিতে সুপ্পটিপন্নসসাপি ধম্মাভিসময়ো ন হোতি, পটিপত্তিয়া অন্তরহিতায় সিক্খাপদপঞ্ঞত্তি অন্তরধায়তি,

---

১৫ বিমল দর্পণকে শ্লক্ষ্ণ-সূক্ষ্ম গৈরিকচূর্ণ দ্বারা উপর্য্যুপরি মার্জ্জনা করে, তবে কি সেই দর্পণে মল, কর্দ্দম, ও ধূলিমালিন্য জাত হইতে পারে ?'

'না ভদন্ত ; বরং তাহা বিমলতরই হইবে।'

'এইরূপই মহারাজ, শ্রেষ্ঠ জিনশাসন স্বভাবত নির্ম্মল, এবং ক্লেশের মলরূপ রজো-মালিন্য ইহা হইতে ব্যপগত। বুদ্ধপুত্রগণ আচার, শীল, গুণ, ও বৃত্ত-রূপ প্রতিপত্তির
২০ সংঘর্ষণে দোষাপগমহেতু সমুৎপন্ন গুণের দ্বারা যদি ইহাকে সংঘর্ষণ করে, তাহা হইলে সেই জিনশাসনবর চির-দীর্ঘ কাল অবস্থান করিবে, এবং সংসার অর্হৎ-শূন্য হইবে না। ভগবান্ এই অর্থ অভিপ্রায় করিয়া বলিয়াছেন—"সুভদ্র, এই ভিক্ষুগণ যদি সম্যগ্‌রূপে বিহরণ করে, তবে লোক অর্হৎ-শূন্য হইবে না।" মহারাজ, শাস্তার শাসন প্রতিপত্তি-মূলক, এবং প্রতিপত্তি ইহার সার ; প্রতিপত্তি অন্তর্হিত না হইলে ইহা বর্ত্তমান
২৫ থাকে।'

৬১। 'ভদন্ত নগেসেন, আপনি যে সদ্ধর্ম্মের অন্তর্দ্ধানের কথা বলিতেছেন, সেই সদ্ধর্ম্মের অন্তর্দ্ধান কি ?'

'মহারাজ, শাসনের অন্তর্দ্ধান তিন প্রকার। কি তিন প্রকার ? (শাসনের) অধি-গমের (অববোধের) অন্তর্দ্ধান, প্রতিপত্তির অন্তর্দ্ধান, ও লক্ষণের অন্তর্দ্ধান। মহারাজ,
৩০ অধিগম অন্তর্হিত হইলে সুপ্রতিপন্ন ব্যক্তিরও ধর্ম্মলাভ হয় না ; প্রতিপত্তি অন্তর্হিত

লিঙ্গং যেব তিট্‌ঠতি, লিঙ্গে অন্তরহিতে পবেণু'পচ্ছেদো হোতি। ইমানি খো মহারাজ, তীণি অন্তরধানানী'তি।'

'সুবিঞ্ঞাপিতো ভন্তে নাগসেন, পঞ্‌হো; গম্ভীরো উত্তানীকতো, গণ্ঠি ভিন্নো, পরপ্পবাদা ভগ্‌গা নিপ্পভা কতা, ত্বং গণিবরবসভমাসজ্জা'তি।'

৫ ৬২। 'ভন্তে নাগসেন, তথাগতো সব্বং অকুসলং ঝাপেত্বা সব্বঞ্ঞুতং পত্তো, উদাহু সাবসেসে অকুসলে সব্বঞ্ঞুতং পত্তো'তি?'

'সব্বং মহারাজ, অকুসলং ঝাপেত্বা ভগবা সব্বঞ্ঞুতং পত্তো। ন'থি ভগবতো সেসকং অকুসল'ন্তি।'

'কিম্পন ভন্তে, দুক্‌খা বেদনা তথাগতস্‌স কায়ে উপ্পন্নপুব্‌বে'তি?'

১০ 'আম মহারাজ; রাজগহে ভগবতো পাদো সকলিকায় খতো, লোহিতপক্‌খন্দিকা-বাধো উপ্পন্নো, কায়ে অভিসন্নে জীবকেন বিরেকো কারিতো, বাতাবাধে উপ্পন্নে উপ-ট্‌ঠাকেন থেরেন উণ্‌হোদকং পরিয়িট্‌ঠ'ন্তি।'

হইলে শিক্ষাপদের উপদেশ অন্তর্হিত হয়, কেবল লক্ষণ থাকে; এবং লক্ষণ অন্তর্হিত হইলে সম্প্রদায় অন্তর্হিত হয়। মহারাজ এই তিন প্রকার অন্তর্দ্ধান।'

১৫ 'ভদন্ত নাগসেন, আপনি সুন্দররূপে প্রশ্ন বুঝাইয়া দিয়াছেন, গম্ভীরকে উত্তান (উচ্চ) করিয়াছেন, গ্রন্থিকে ভেদ করিয়া দিয়াছেন; এবং হে গণিবরবৃষভ, আপনাকে প্রাপ্ত হইয়া পরপক্ষীয় প্রবাদ নষ্ট হইয়াছে, ভগ্ন হইয়াছে ও নিষ্প্রভ কৃত হইয়াছে!'

বুদ্ধের পাপশূন্যতা

৬২। 'ভদন্ত, নাগসেন, তথাগত কি সমস্ত পাপ দগ্ধ করিয়া সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত ২০ হইয়াছিলেন, অথবা পাপ অবশিষ্ট থাকিতেই সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হইয়াছিলেন?'

'মহারাজ, ভগবান্ সমস্ত পাপ দগ্ধ করিয়া সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হইয়াছিলেন, তাঁহার পাপ অবশিষ্ট ছিল না।'

'ভদন্ত, তথাগতের শরীরে কি দুঃখবেদনা উৎপন্ন হইয়াছিল?'

'হাঁ মহারাজ; রাজগৃহে (প্রস্তর-) খণ্ডে তাঁহার পদ ক্ষত হইয়াছিল, লোহিত-২৫ প্রস্যন্দিকা-নামক পীড়া উৎপন্ন হইয়াছিল, শরীর অবসন্ন হইলে জীবক তাঁহার বিরেচন করাইয়াছিলেন, এবং বাতব্যাধি হওয়ায় পরিচারক স্থবির (আনন্দ) তাঁহাকে উষ্ণোদক প্রদান করিয়াছিলেন।'

'যদি ভন্তে নাগসেন, তথাগতো সব্বং অকুসলং ঝাপেত্বা সব্বঞ্ঞুতং পত্তো, তেন হি, ভগবতো পাদো সকলিকায় খতো, লোহিতপক্খন্দিকা চ আবাধো উপ্পন্নো'তি যং বচনং তং মিচ্ছা। যদি "তথাগতস্স পাদো সকলিকায় খতো, লোহিতপক্খন্দিকা চ আবাধো উপ্পন্নো," তেন হি, তথাগতো "সব্ব অকুসলং ঝাপেত্বা সব্বঞ্ঞুতং
৫ পত্তো'তি" তম্'পি বচনং মিচ্ছা; ন'ত্থি ভন্তে, বিনা কম্মেন বেদয়িতং, সব্বন্তং বেদয়িতং কম্মমূলকং, কম্মেনে'ব বেদিয়তি। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো তবানুপ্পত্তো, সো তয়া নিব্বাহিতব্বো'তি।'

৬৩। 'নহি মহারাজ, সব্বন্তং বেদয়িতং কম্মমূলকং। অট্‌ঠহি মহারাজ কারণেহি বেদয়িতানি উপ্পজ্জন্তি, যেহি কারণেহি পুথুসত্তা বেদনা বেদিয়ন্তি। কতমেহি
১০ অট্‌ঠহি? বাতসমুট্‌ঠানানি'পি খো মহারাজ, ইধে'কচ্চানি বেদয়িতানি উপ্পজ্জন্তি, পিত্তসমুট্‌ঠানানি'পি খো মহারাজ,—পে—, সেম্হসমুট্‌ঠানানি'পি খো মহারাজ,—পে—, সন্নিপাতিকানি'পি খো মহারাজ,—পে—, উতুপরিণামজানি'পি খো মহারাজ,—পে—, বিসমপরিহারজানি'পি খো মহারাজ,—পে—, ওপক্কমিকানি'পি খো মহারাজ,—পে—, কম্মবিপাকজানি'পি খো মহারাজ, ইধেকচ্চানি বেদয়িতানি
১৫ উপ্পজ্জন্তি। ইমেহি খো মহারাজ, অট্‌ঠহি কারণেহি পুথুসত্তা বেদনা বেদিয়ন্তি।

'ভদন্ত নাগসেন, যদি তথাগত সমস্ত পাপ দগ্ধ করিয়া সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হইয়া থাকেন, তাহা হইলে (প্রস্তর-) খণ্ডে ভগবানের পদ ক্ষত হইয়াছিল, ও লোহিতপ্রস্যন্দিকা পীড়া উৎপন্ন হইয়াছিল, এই যে কথা, তাহা মিথ্যা; আর যদি (প্রস্তর-) খণ্ডে তথাগতের পদ ক্ষত হইয়া থাকে, ও লোহিতপ্রস্যন্দিকা পীড়া উৎপন্ন হইয়া থাকে,
২০ তবে তথাগত সমস্ত পাপ দগ্ধ করিয়া সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হইয়াছিলেন, এই-সেই কথাও মিথ্যা। ভদন্ত, কর্ম্ম বিনা (সুখ-দুঃখ) বেদনা হয় না; সমস্ত বেদনাই কর্ম্মমূলক, কর্ম্মেরই দ্বারা বেদনা করা যায়। (অতএব) ইহাও উভয়কোটিক প্রশ্ন, ইহা আপনার নিকটে উপস্থিত হইয়াছে, আপনাকে ইহার সমাধান করিতে হইবে।'

৬৩। 'মহারাজ, সমস্ত বেদনাই কর্ম্মমূলক নহে। অষ্ট কারণে মহারাজ, বেদনা-
২৫ সমূহ উৎপন্ন হয়, যে সকল কারণে ভিন্ন-ভিন্ন জীব বেদনা অনুভব করিয়া থাকে। কোন অষ্ট কারণে? মহারাজ, একরূপ বেদনা উৎপন্ন হয়, যাহা বায়ু হইতে জাত হইয়া থাকে; এই প্রকার একরূপ বেদনা পিত্তজাত, একরূপ শ্লেষ্মজাত, একরূপ সান্নিপাতিক, একরূপ ঋতুপরিণামজ, একরূপ বিষমপরিহাজ, একরূপ ঔপক্রমিক, ও একরূপ কর্ম্মবিপাকজ। এই অষ্ট কারণে মহারাজ, ভিন্ন-ভিন্ন জীব বেদনা অনুভব করে।

তথ যে তে সত্তে কম্মং বিবাধতি, তে ইমে সত্তা কারণং পটিবাহন্তি, তেসং তং বচনং মিচ্ছা'তি।'

'ভন্তে নাগসেন, যঞ্চ বাতিকং, যঞ্চ পিত্তিকং, যঞ্চ সেম্হিকং, যঞ্চ সন্নিপাতিকং, যঞ্চ উতুপরিণামজং, যঞ্চ বিসমপরিহারজং, যঞ্চ ওপক্কমিকং, সব্বে তে কম্মসমুট্ঠানা

৫ যেব, কম্মেনে'ব তে সব্বে সম্ভবন্তী'তি।'

'যদি মহারাজ, তে'পি সব্বে কম্মসমুট্ঠানা'ব আবাধা ভবেয্যুং, ন তেসং কোট্ঠাসতো লক্খণানি ভবেয্যুং। বাতো খো মহারাজ, কুপ্পমানো দসবিধেন কুপ্পতি—সীতেন, উণ্হেন, জিঘচ্ছায়, পিপাসায়, অতিভুত্তেন, ঠানেন, পধানেন, আধাবনেন, উপক্কমেন, কম্মবিপাকেন। তত্র যে তে নববিধা, ন তে অতীতে ন অনাগতে,

১০ বত্তমানকে ভবে উপ্পজ্জন্তি ; তস্মা ন বত্তব্বা—কম্মসম্ভবা সব্বা বেদনা'তি। পিত্তং মহারাজ, কুপ্পমানং তিবিধেন কুপ্পতি—সীতেন, উণ্হেন, বিসমভোজনেন। সেম্হং মহারাজ, কুপ্পমানং তিবিধেন কুপ্পতি, সীতেন, উণ্হেন, অন্নপানেন। যো চ মহারাজ, বাতো, যঞ্চ পিত্তং, যঞ্চ সেম্হং তেহি তেহি কোপেহি কুপ্পিত্বা মিস্সীহুত্বা সকং

তাহাতে যাঁহারা বলিয়া থাকেন যে, (কেবল) কর্ম্মই জীব সকলকে প্রপীড়িত

১৫ করে, তাঁহারা (বর্ণিত) কারণকে অস্বীকার করেন, তাঁহাদের সেই কথা মিথ্যা।'

'ভদন্ত নাগসেন, ঐ যে বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, ঋতুপরিণামজ, বিষমপরিহারজ ও ঔপক্রমিক বেদনা, তৎসমুদয় কর্ম্মেই সমুত্থিত, তাহারা সকলে কর্ম্মেই সম্ভূত হয়।'

'যদি মহারাজ, ঐ সমস্ত পীড়া কর্ম্মসমুত্থিতই হয়, তবে পৃথক্ পৃথক্ তাহাদের

২০ লক্ষণ হইতে পারে না। মহারাজ, বায়ু কুপ্যমান হইলে দশবিধ কারণে কুপিত হয়—শীত, উষ্ণ, বুভুক্ষা, পিপাসা, অতিভোজন, (অতি-) স্থিতি (দণ্ডায়মান হইয়া থাকা), (অতি-) প্রযত্ন, আধাবন, উপক্রম ও কর্ম্মবিপাক। তাহার মধ্যে (এই) নববিধ কারণ অতীত ও অনাগত জন্মে উৎপন্ন হয় না, (অর্থাৎ কার্য্যকর হয় না), কিন্তু বর্ত্তমান জন্মেই উৎপন্ন হইয়া থাকে। তজ্জন্য ইহা বলা উচিত নয় যে,

২৫ সমস্ত বেদনাই কর্ম্মসম্ভব। মহারাজ, পিত্ত কুপ্যমান হইলে ত্রিবিধ কারণে কুপিত হয়—শীত, উষ্ণ ও বিষমভোজনে। শ্লেষ্মা ত্রিবিধ কারণে কুপিত হয়—শীত, উষ্ণ ও অন্নপানে। মহারাজ, এই যে বাত, পিত্ত ও শ্লেষ্মা (ইহাদের কোন একটি) সেই সেই কারণে কুপিত হইয়া ও (অন্য দুইএর সহিত) মিশ্রিত হইয়া নিজের

সকং বেদনং আকড্ঢতি। উতুপরিণামজা মহারাজ, বেদনা উতুপরিণামেন উপ্পজ্জতি; বিসমপরিহারজা বেদনা বিসমপরিহারেন উপ্পজ্জতি; ওপক্কমিকা মহারাজ, বেদনা অত্থি কিরিয়া, অত্থি কম্মবিপাকা; কম্মবিপাকজা বেদনা পুব্বে কতেন কম্মেন উপ্পজ্জতি। ইতি খো মহারাজ, অপ্পং কম্মবিপাকজং, বহুতরং অবসেসং।
৫ তত্থ বালা "সব্বং কম্মবিপাকজং যেবা'তি" অতিধাবন্তি। তং কম্মং ন সক্কা বিনা বুদ্ধঞ্ঞাণেন ব্যবত্থানং কাতুং।

৬৪। 'যং পন মহারাজ, ভগবতো পাদো সকলিকায় খতো, তং বেদয়িতং নে'ব বাতসমুট্ঠানং, ন সন্নিপাতিকং ন উতুপরিণামজং, ন বিসমপরিহারজং, ন কম্মবিপাকজং, ওপক্কমিকং যেব। দেবদত্তো হি মহারাজ, বহূনি জাতিসতসহস্সানি তথাগতে আঘাতং
১০ বন্ধি। সো তেন আঘাতেন মহতিং গরুং সিলং গহেত্বা মত্থকে পাতেস্সামীতি মুঞ্চি। অথ'ঞ্ঞে দ্বে সেলা আগন্ত্বা তং সিলং তথাগতং অসম্পত্তং যেব সম্পটি'চ্ছিংসু, তায়ং পহারেন পপটিকা ভিজ্জিত্বা ভগবতো পাদে পতিত্বা রুহিরং

নিজের বেদনাকে আকর্ষণ অর্থাৎ উপস্থাপন করে। ঋতুপরিণামজ বেদনা ঋতুপরিণামে উৎপন্ন হয়; বিষমপরিহারজ বেদনা বিষমপরিহারে উৎপন্ন হয়; ঔপক্রমিক
১৫ বেদনা ও ক্রিয়া কর্ম্মের বিপাকে উৎপন্ন হয়; এবং কর্ম্মবিপাকজ বেদনা পূর্ব্বকৃত কর্ম্মে উৎপন্ন হয়। অতএব মহারাজ, কর্ম্মবিপাকজ (বেদনা) অল্প, এবং অবশিষ্ট (বেদনা) বহুতর। তদ্বিষয়ে মূঢ়েরা যে বলে—"সমস্তই কর্ম্মবিপাকজ", ইহাতে তাহারা অতিধাবন করে (অর্থাৎ সীমা অতিক্রম করিয়া অত্যধিক বলে)। বুদ্ধজ্ঞান ভিন্ন কেহ কর্ম্মকে ব্যবস্থাপিত করিতে (অর্থাৎ কর্ম্ম কতদূর কি করিতে
২০ পারে ইহার নির্ণয় করিতে) পারে না।

৬৪। 'মহারাজ, ভগবানের চরণ যে (প্রস্তর-) খণ্ড দ্বারা ক্ষত হইয়াছিল, সেই বেদনা বাত-পিত্ত-শ্লেষ্ম-সমুত্থিত নহে, সান্নিপাতিক নহে, ঋতুপরিণামজ নহে, বিষমপরিহারজ নহে, ও কর্ম্মবিপাকজও নহে, কিন্তু ঔপক্রমিকই। মহারাজ, দেবদত্ত বহুশতসহস্র জন্ম হইতে তথাগতের প্রতি কোপ বন্ধন করিতেছিলেন। তিনি সেই
২৫ কোপে বিশাল গুরু শিলাকে গ্রহণপূর্ব্বক (তথাগতের) "মস্তকে পাতিত করিব" এই মনে করিয়া মোচন করেন। অনন্তর অপর দুইটি শৈল আগমন করিয়া, ঐ শিলা

উপ্পাদেসি। কম্মবিপাকতো বা মহারাজ, ভগবতো এসা বেদনা নিব্বত্তা কিরিয়াতো বা, ততু'দ্ধং ন'ত্থ'ঞ্ঞা বেদনা। যথা মহারাজ, খেত্তদুট্ঠতায় বা বীজং ন সম্ভবতি, বীজদুট্ঠতায় বা, এবমেব খো মহারাজ, কম্মবিপাকতো বা ভগবতো এসা বেদনা নিব্বত্তা কিরিয়াতো বা, ততু'দ্ধং ন'ত্থ'ঞ্ঞা বেদনা। যথা বা পন
৫ মহারাজ, কোট্ঠদুট্ঠতায় বা ভোজনং বিসমং পরিণমতে, আহারদুট্ঠতায় বা, এবমেব খো মহারাজ, কম্মবিপাকতো বা ভগবতো এসা বেদনা নিব্বত্তা কিরিয়াতো বা, ততু'দ্ধং ন'ত্থ'ঞ্ঞা বেদনা।

৬৫। অপিচ মহারাজ, ন'ত্থি ভগবতো কম্মবিপাকজা বেদনা, ন'ত্থি বিসম-পরিহারজা বেদনা, অবসেসেহি সমুট্ঠানেহি ভগবতো বেদনা উপ্পজ্জতি। তায়
১০ চ পন বেদনায় ন সক্কা ভগবন্তং জীবিতা বোরোপেতুং। নিপতন্তি মহারাজ, ইমস্মিং চতুমহাভূতিকে কায়ে ইট্ঠানিট্ঠা সুভাসুভা বেদনা। ইধ মহারাজ, আকাসে খিত্তো লেড্ডু মহাপঠবিয়া নিপততি; অপি নু খো সো মহারাজ, লেড্ডু পুব্বে কতেন মহাপঠবিয়া নিপততীতি ?'

তথাগতকে না লাগিতেই, তাহাকে গ্রহণ করে, এবং তাহাতে প্রহারহেতু এক টুকরা
১৫ ভাঙ্গিয়া তথাগতের পদে পতিত হয় ও রুধির উৎপাদন করে। মহারাজ, ভগবানের এই বেদনা কর্ম্মবিপাকে, অথবা কোন ক্রিয়ায় উৎপন্ন, তদ্ভিন্ন আর কোন বেদনা নহে। মহারাজ, যেমন ক্ষেত্রদোষ হেতু, অথবা বীজদোষ হেতু বীজ জন্মায় না, এইরূপই মহারাজ, তথাগতের এই বেদনা কর্ম্মবিপাকে, বা কোন ক্রিয়ায় উৎপন্ন, তদ্ভিন্ন অপর কোন বেদনা নহে। অথবা যেমন মহারাজ,
২০ উদরদোষহেতু অথবা আহারদোষহেতু ভোজন বিষমরূপে পরিণত হয়, এই প্রকারই মহারাজ, ভগবানের এই বেদনা কর্ম্মবিপাকে, বা কোন ক্রিয়ায় উৎপন্ন, তদ্ভিন্ন অপর কোন বেদনা নাই।

৬৫। 'আরও, মহারাজ, ভগবানের কর্ম্মবিপাকজ ও বিষমপরিহারজ বেদনা নাই, কিন্তু অবশিষ্ট কারণে তাঁহার বেদনা উৎপন্ন হয়। কিন্তু সেই বেদনা
২৫ ভগবান্‌কে জীবনভ্রষ্ট করিতে পারে না। মহারাজ, এই চতুর্মহাভূতময় শরীরে ইষ্টানিষ্ট, শুভাশুভ বেদনাসমূহ সমাগত হয়। মহারাজ, এই আকাশে ক্ষিপ্ত লোষ্ট মহাপৃথিবীতে নিপতিত হয়। কিন্তু মহারাজ, সেই লোষ্ট যে মহাপৃথিবীতে নিপতিত হয়, তাহা কি মহাপৃথিবীর কোন কর্ম্ম বশতঃ ?

'নহি ভন্তে; ন'ত্থি সো ভন্তে হেতু মহাপঠবিয়া, যেন হেতুনা মহাপঠবী কুসলাকুসলানং বিপাকং পটিসংবেদেয্য, পচ্চুপ্পন্নেন ভন্তে অকম্মকেন হেতুনা সো লেড্ডু মহাপঠবিয়ং নিপততীতি।'

'যথা মহারাজ, মহাপঠবী, এবং তথাগতো দট্ঠব্বো, যথা লেড্ডু পুব্বে
৫ অকতনে মহাপঠবিয়ং নিপততি, এবমেব খো মহারাজ, তথাগতস্স পুব্বে অকতেন সা সকলিকা পাদে নিপতিতা।

৬৬। 'ইধ পন মহারাজ, মনুস্সা মহাপঠবিং ভিন্দন্তি চ খণন্তি চ; অপি নু খো তে মহারাজ, মনুস্সা পুব্বে কতেন মহাপঠবিং ভিন্দন্তি চ খণন্তি চা'তি?'

'নহি ভন্তে'তি।'

১০ 'এবমেব খো মহারাজ, যা সা সকলিকা ভগবতো পাদে নিপতিতা, ন সা পুব্বে কতেন ভগবতো পাদে নিপতিতা। যো'পি মহারাজ, ভগবতো লোহিতপক্খন্দিকাবাধো উপ্পন্নো, সো'পি আবাধো ন পুব্বে কতেন উপ্পন্নো, সন্নিপাতিকেনে'ব উপ্পন্নো। যে কেচি মহারাজ, ভগবতো কায়িকা আবাধা উপ্পন্না, ন তে কম্মা-

'না ভদন্ত; মহাপৃথিবীর সে কারণ নাই, যে কারণে সে কুশল-অকুশল কোন
১৫ বিপাক বা ফলকে অনুভব করিতে পারে। সেই লোষ্ট যে মহাপৃথিবীতে নিপতিত হয় তাহা কর্ম্মভিন্ন কোন বর্ত্তমান কারণে।'

'মহারাজ, যেমন মহাপৃথিবী, তথাগত সেইরূপ দ্রষ্টব্য; যেমন লোষ্ট পূর্ব্বকৃত কর্ম্মাভাবে মহাপৃথিবীতে নিপতিত হয়, এইরূপই মহারাজ, তথাগতের পূর্ব্বকৃত কর্ম্মাভাবেই সেই (প্রস্তর)-খণ্ড পদে নিপতিত হইয়াছিল।

২০ ৬৬। 'মহারাজ, এই লোকে মনুষ্যগণ মহাপৃথিবীকে বিদারণ ও খনন করে; কিন্তু মনুষ্যগণ যে মহাপৃথিবীকে বিদারণ ও খনন করে, মহারাজ, ইহা কি মহাপৃথিবীর পূর্ব্বকৃত কর্ম্মহেতু?'

'না ভদন্ত।'

'এইরূপই মহারাজ, সেই যে (প্রস্তর)-খণ্ড ভগবানের পদে নিপতিত হইয়াছিল, তাহা
২৫ পূর্ব্বকৃত কর্ম্মহেতু তাঁহার পদে নিপতিত হয় নাই। মহারাজ, ভগবানের যে লোহিত-প্রস্যন্দিকা ব্যাধি উৎপন্ন হইয়াছিল, সেই ব্যাধিও পূর্ব্বকৃত কর্ম্মে উৎপন্ন হয় নাই, তাহা (বায়ু-পিত্ত-কফের) সন্নিপাতহেতু উৎপন্ন হইয়াছিল। ভগবানের যে-কোন

ভিনিব্বত্তা; ছন্নং এতেসং সমুট্‌ঠানানং অঞ্ঞতরতো নিব্বত্তা। ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা দেবাতিদেবেন সংযুত্তনিকায়বরলঞ্চকে মোলিয়সীবকে বেয্যাকরণে—"পিত্তসমুট্‌ঠানানি'পি খো সীবক ইধে'কচ্চানি বেদয়িতানি উপ্পজ্জন্তি। সামম্'পি খো এতং সীবক, বেদিতব্বং যথা পিত্তসমুট্‌ঠানানি'পি ইধে'কচ্চানি বেদয়িতানি উপ্পজ্জন্তি। লোকস্স'পি খো এতং সীবক, সচ্চসম্মতং যথা পিত্তসমুট্‌ঠানানি'পি ইধে'কচ্চানি বেদয়িতানি উপ্পজ্জন্তি। তত্র সীবক, যে তে সমণব্রাহ্মণা এবংবাদিনো এবংদিট্‌ঠিনো—"যং কিঞ্চায়ং পুরিসপুগ্‌গলো পটিসংবেদেতি সুখং বা দুক্‌খং বা অদুক্‌খমসুখং বা সব্বন্তং পুব্বে কতহেতূ'তি", যঞ্চ সামঞ্ঞাতং তঞ্চ অতিধাবন্তি, যঞ্চ লোকে সচ্চসম্মতং তঞ্চ অতিধাবন্তি, তস্মা তেসং সমণব্রাহ্মণানং মিচ্ছা'তি বদামি। সেম্হসমুট্‌ঠানানি'পি খো সীবক, ইধেক'চ্চানি বেদয়িতানি উপ্পজ্জন্তি, বাতসমুট্‌ঠানানি'পি খো সীবক,—সন্নিপাতিকানি'পি খো সীবক,—উতুপরিণামজানি'পি খো সীবক,—বিসমপরিহারজানি'পি খো সীবক, ওপক্কমিকানি'পি

কায়িক ব্যাধি উৎপন্ন হইয়াছিল, মহারাজ, তৎসমুদয় কর্ম্মোৎপন্ন নহে, কিন্তু (পূর্ব্বোক্ত); ঐ ছয় কারণের অন্যতম হইতে উৎপন্ন। মহারাজ, দেবাতিদেব ভগবান্ (লোকগণের) শ্রেষ্ঠোপহারস্বরূপ সংযুক্তনিকায়ের "মোলিয়সীবক" নামক "বেয্যাকরণে" ইহা বলিয়াছেন—"সীবক, এখানে একরূপ পিত্তজ বেদনাও উৎপন্ন হয়। স্বয়ংও তোমার ইহা জানা উচিত যে, এই লোকে একরূপ পিত্তজ বেদনাও উৎপন্ন হয়। সীবক, লোকেরও ইহা সত্যসম্মত যে, এই সংসারে একরূপ পিত্তজ বেদনাও উৎপন্ন হইয়া থাকে। তদ্বিষয়ে যে সকল শ্রমণ ও ব্রাহ্মণ এই প্রকার বলেন ও এই প্রকার মতাবলম্বী যে,—এই লোক যাহা কিছু সুখ, বা দুঃখ, বা অদুঃখ-অসুখ অনুভব করে, তৎসমুদয় পূর্ব্বকৃত কর্ম্মে হইয়া থাকে, তাঁহারা যাহা স্বয়ং জানিয়াছেন, তাহাও অতিক্রম করিয়া গমন করেন, এবং যাহা লোকে সত্য-সম্মত, তাহাও অতিক্রম করিয়া গমন করেন; সেই জন্য আমি বলি যে, সেই শ্রমণ-ব্রাহ্মণগণের বাক্য মিথ্যা। সীবক, এই লোকে শ্লেষ্মজ, বাতজ, সান্নি-পাতিক, ঋতুপরিণামজ, বিষমপরিহারজ, ঔপক্রমিক, ও কর্ম্মবিপাকজ এই এক-এক-রূপ বেদনা উৎপন্ন হইয়া থাকে। সীবক, ইহা তোমার স্বয়ং জানা উচিত যে, কর্ম্মবিপাকজ প্রভৃতি এক-এক-রূপ বেদনা উৎপন্ন হইয়া থাকে, এবং লোকেরও

খো সীবক,—কম্মবিপাকজানি' পি খো সীবক, ইধেকচ্চানি বেদয়িতানি উপজ্জন্তি। সামম্'পি খো এতং সীবক, বেদিতব্বং যথা কম্মবিপাকজানি'পি ইধেকচ্চানি বেদয়িতানি উপ্পজ্জন্তি। তত্র সীবক, যে তে সমণব্রাহ্মণা এবং বাদিনো এবংদিট্‌ঠিনো—"যং কিঞ্চায়ং পুরিসপুগ্গলো পটিসংবেদেতি সুখং বা দুক্খং বা অদুক্খমসুখং বা,
৫ সব্বন্তং পুব্বে কতহেতূ'তি" ', যঞ্চ সামঞ্ঞাতং তঞ্চ অতিধাবন্তি, যঞ্চ লোকে সচ্চসম্মতং তঞ্চ অতিধাবন্তি, তস্মা তেসং সমণব্রাহ্মণানং মিচ্ছা'তি বদামীতি। ইতি'পি মহারাজ, ন সব্বা বেদনা কম্মবিপাকজা। সব্বং মহারাজ, অকুসলং ঝাপেত্বা ভগবা সব্বঞ্ঞুতং পত্তো'তি এবমেতং ধারেহীতি।'

'সাধু ভন্তে নাগসেন, এবমেতং ; তথা সম্পটিচ্ছামীতি ?'

১০ ৬৭। 'ভন্তে নাগসেন, তুম্হে ভণথ—'যং কিঞ্চি করণীয়ং তথাগতস্স সব্বন্তং বোধিয়া যেব মূলে পরিনিট্‌ঠিতং, ন'ত্থি তথাগতস্স উত্তরিং করণীয়ং কতস্স বা পটিচয়ো'তি।" ইদঞ্চ তেমাসং পটিসল্লানং দিস্সতি। যদি ভন্তে নাগসেন, যং

ইহা সত্যসম্মত যে, পূর্ব্বোক্ত কর্ম্মবিপাকজ প্রভৃতি এক-এক-রূপ বেদনা উৎপন্ন হয়। সীবক, তদ্বিষয়ে যে সকল শ্রমণ ও ব্রাহ্মণ এই প্রকার বলেন, ও এই প্রকার
১৫ মতাবলম্বী যে, এই লোক যাহা কিছু সুখ, বা দুঃখ, অথবা অদুঃখ অসুখ অনুভব করে, তৎসমুদয় পূর্ব্বকৃত কর্ম্মে হইয়া থাকে, তাঁহারা যাহা স্বয়ং জানিয়াছেন তাহা অতিক্রম করিয়া গমন করেন, এবং যাহা লোক সত্যসম্মত তাহাও অতিক্রম করিয়া গমন করেন। সেই জন্য আমি বলি যে, সেই শ্রমণ ও ব্রাহ্মণগণের ঐ কথা মিথ্যা।" এই প্রকারে মহারাজ, সমস্ত বেদনই কর্ম্মবিপাকজ নহে। (অতএব) মহারাজ,
২০ ভগবান্ সমস্ত পাপকে দগ্ধ করিয়া সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হইয়াছিলেন—ইহা আপনি এইরূপ অবধারণ করুন।'

'সাধু ভদন্ত নাগসেন ! ইহা এইরূপই, আমি এইরূপে ইহা স্বীকার করিতেছি।'

বুদ্ধের ধ্যানলীনতা

৬৭। 'ভদন্ত নাগসেন, আপনারা বলেন—"তথাগতের যাহা কিছু করণীয় ছিল
২৫ তৎসমস্ত বোধিমূলেই সমাপ্ত হইয়াছিল ; তাহার পরে তথাগতের কোন করণীয়, বা কোন কৃত কর্ম্মের (অবশিষ্টাংশের) প্রতিসংগ্রহ ছিল না। কিন্তু এই তাঁহার

কিঞ্চি করণীয়ং তথাগতস্স সব্বন্তং বোধিয়া যেব মূলে পরিনিট্ঠিতং, ন'ত্থি তথাগতস্স উত্তরিং করণীয়ং, কতস্স বা পটিচয়ো", তেন হি, তেমাসং পটিসল্লীনো'তি যং বচনং, তং মিচ্ছা। যদি তেমাসং পটিসল্লীনো, তেন হি, "যং কিঞ্চি করণীয়ং তথাগতস্স সব্বন্তং বোধিয়া যেব মূলে পরিনিট্ঠিতং'ন্তি" তম্'পি

৫ বচনং মিচ্ছা। ন'ত্থি কতকরণীয়স্স পটিসল্লানং, সকরণীয়স্সে'ব পটিসল্লানং। যথা নাম ব্যাধিতস্সে'ব ভেসজ্জেন করণীয়ং হোতি, অব্যাধিতস্স কিং ভেসজ্জেন? ছাতস্সে'ব ভোজনেন করণীয়ং হোতি, অচ্ছাতস্স কিং ভোজনেন? এবমেব খো ভন্তে নাগসেন, ন'ত্থি কতকরণীয়স্স পটিসল্লানং, সকরণীয়স্সে'ব পটিসল্লানং। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো তবানুপ্পত্তো। সো তয়া নিব্বাহিতব্বো'তি।'

১০ ৬৮। '"যং কিঞ্চি মহারাজ, করণীয়ং তথাগতস্স সব্বন্তং বোধিয়া যেব মূলে পরিনিট্ঠিতং, ন'ত্থি তথাগতস্স উত্তরিং করণীয়ং, কতস্স বা পটিচয়ো।" ভগবা চ তেমাসং পটিসল্লীনো। পটিসল্লানং খো মহারাজ, বহুগুণং। সব্বে'পি তথাগতা

ত্রৈমাসিক ধ্যানলীনতা দেখা যাইতেছে। যদি ভদন্ত নাগসেন, তথাগতের যাহা কিছু করণীয়, তৎসমুদয় বোধিমূলেই সমাপ্ত হইয়াছিল, তাহার পরে তথাগতের কোন

১৫ করণীয়, বা কৃত কর্ম্মের (কোন অবশিষ্টাংশের) সংগ্রহ নাই; তবে তিনি তিনমাস ধ্যানলীন ছিলেন, এই যে কথা, তাহা মিথ্যা। আবার যদি তিনি তিন মাস ধ্যানলীন থাকেন, তবে, "তথাগতের যাহা কিছু করণীয়, তৎসমুদয় বোধিমূলেই সমাপ্ত হইয়াছিল, পরে কোন করণীয়, বা কৃত কর্ম্মের (কোন অবশিষ্টাংশের) সংগ্রহ নাই" —এই যে কথা, তাহাও মিথ্যা। যাহার করণীয় কৃত হইয়াছে, তাহার আর ধ্যান-

২০ লীনতা হয় না; যাহার করণীয় আছে, তাহার ধ্যানলীনতা হইতে পারে। যেমন পীড়িত ব্যক্তিরই ঔষধের কার্য্য থাকে, অপীড়িতের ঔষধে কি হয়? ক্ষুধিত ব্যক্তিরই ভোজনে কার্য্য থাকে, অক্ষুধিতের ভোজনে কি হয়? এই প্রকারই ভদন্ত নাগসেন, যে কৃতকরণীয়, তাহার ধ্যানলীনতা হয় না। ইহাও উভয়কোটিক প্রশ্ন, এবং ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে; আপনাকে ইহার সমাধান করিতে

২৫ হইবে।'

৬৮। 'মহারাজ ভগবানের যাহা কিছু করণীয়, তৎসমুদয় বোধিমূলেই সমাপ্ত হইয়াছিল, পরে তাঁহার কোন করণীয়, বা কৃত কর্ম্মের (কোন অবশিষ্টাংশের) সংগ্রহ নাই; এবং ভগবান্ তিন মাস ধ্যানলীন ছিলেন। মহারাজ, ধ্যানলীনতার বহু গুণ। সমস্ত তথা-

পটিসল্লীয়িত্বা সব্বঞ্ঞুতং পত্তা, তং তে সুকতগুণমনুস্সরন্তা পটিসল্লানং সেবন্তি। যথা মহারাজ, পুরিসো রঞ্ঞো সন্তিকা লদ্ধবরো পটিলদ্ধসভোগো তং সুকতগুণ-মনুস্সরন্তো অপরাপরং রঞ্ঞো উপট্ঠানং এতি, এবমেব খো মহারাজ, সব্বে'পি তথাগতা পটিসল্লীয়িত্বা সব্বঞ্ঞুতং পত্তা, তং তে সুকতগুণমনুস্সরন্তা পটিসল্লানং
৫ সেবন্তি। যথা বা পন মহারাজ, পুরিসো আতুরো দুক্খিতো বাল্হগিলানো ভিসক্ক-মুপসেবিত্বা সোত্থিমনুপ্পত্তো তং সুকতগুণমনুস্সরন্তো অপরাপরং ভিসক্কমুপসেবতি, এবমেব খো মহারাজ, সব্বে'পি তথাগতা পটিসল্লীয়িত্বা সব্বঞ্ঞুতং পত্তা তং তে সুকতগুণমনুস্সরন্তা পটিসল্লানং সেবন্তি।

৬৯। 'অট্ঠবীসতি খো পনে'মে মহারাজ, পটিসল্লানগুণা, যে গুণে সমনুপস্সন্তা
১০ তথাগতা পটিসল্লানং সেবন্তি। কতমে অট্ঠবীসতি? ইধ মহারাজ, পটিসল্লানং পটিসল্লীয়মানং রক্খতি, আয়ুং বড্ঢেতি, বলং দেতি, বজ্জং পিদহতি, অযসমপনেতি, অরতিং বিনোদেতি, রতিমুপদহতি, ভয়মপনেতি, বেসারজ্জং করোতি, কোসজ্জমপনেতি, বিরিয়মভিজনেতি, রাগমপনেতি, দোসমপনেতি, মোহমপনেতি, মানং নিহন্তি, বিতক্কং

গতই ধ্যানলীন হইয়া সর্ব্বজ্ঞতা প্রাপ্ত হইয়াছিলেন; তাঁহারা ধ্যানলীনতার সুকৃত-গুণ
১৫ স্মরণ করিয়া তাহা সেবন করিয়া থাকেন। যেমন মহারাজ, কোনো লোক রাজার নিকটে শ্রেষ্ঠোত্তম ভোগ লাভ করিয়া, তাহার সুকৃত-গুণ স্মরণপূর্ব্বক আরও রাজার উপস্থান করে, এইরূপই মহারাজ, সমস্ত তথাগতই ধ্যানলীন হইয়া সর্ব্বজ্ঞতা প্রাপ্ত হইয়া-ছেন, এবং তাঁহারা সেই সুকৃত-গুণ স্মরণ করিয়া তাহা সেবন করেন। অথবা যেমন মহারাজ, কোন আতুর-দুঃখিত অত্যন্তপীড়িত ব্যক্তি চিকিৎসকের উপস্থান করিয়া
২০ তাহাতে স্বস্তি প্রাপ্ত হয়, এবং সেই সুকৃত-গুণ স্মরণ করিয়া পরে-পরে চিকিৎ-সকের উপস্থান করে; এই প্রকারই মহারাজ, সমস্ত তথাগতই ধ্যানলীন হইয়া সর্ব্বজ্ঞতা প্রাপ্ত হইয়াছেন, এবং তাঁহারা সেই সুকৃত-গুণ স্মরণ করিয়া ধ্যানলীনতা সেবন করেন।

৬৯। 'মহারাজ ধ্যানলীনতার এই অষ্টাবিংশতি গুণ, যে সকল গুণকে দর্শন করিয়া
২৫ তথাগতগণ তাহা সেবন করেন। সেই অষ্টাবিংশতি গুণ কি? মহারাজ, যে ব্যক্তি ধ্যান-লীনতায় প্রবৃত্ত হয় ধ্যানলীনতা তাহাকে রক্ষা করে, তাহার আয়ুর্বৃদ্ধি করে, বল দান করে, দোষ আচ্ছাদন করে, অযশ অপনয়ন করে ও যশ উপনীত করে, অপ্রীতি খণ্ডন করে ও প্রীতি উপস্থাপিত করে, ভয় অপনীত করে, বৈশারদ্য সম্পাদন করে,

ভঞ্জতি, চিত্তং একগ্গং করোতি, মানসং স্নেহয়তি, হাসং জনেতি, গরুকং করোতি, লাভমুপ্পাদয়তি, নমস্সিয়ং করোতি, পীতিং পাপেতি, পামোজ্জং করোতি, সঙ্খারানং সভাবং দস্সয়তি, ভবপটিসন্ধিং উগ্ঘাটেতি, সব্বসামঞ্ঞং দেতি। ইমে খো মহারাজ, অট্ঠবীসতি পটিসল্লানগুণা যে গুণে সমনুপস্সন্তা তথাগতা পটিসল্লানং
৫ সেবন্তি। অপিচ খো মহারাজ, তথাগতা সন্তং সুখং সমাপত্তিরতিমনুভবিতুকামা পটিসল্লানং সেবন্তি পরিয়োসিতসঙ্কপ্পা।

৭০। 'চতুহি খো মহারাজ, কারণেহি তথাগতা পটিসল্লানং সেবন্তি। কতমেহি চতুহি? বিহারফাসুতায়'পি মহারাজ, তথাগতা পটিসল্লানং সেবন্তি, অনবজ্জগুণবহুলতায়'পি তথাগতা পটিসল্লানং সেবন্তি, অসেস-অরিয়বীথিতো'পি তথাগতা পটিসল্লানং
১০ সেবন্তি, সব্ববুদ্ধানং থুতথোমিতবণ্ণিতপসত্থতো'পি তথাগতা পটিসল্লানং সেবন্তি। ইমেহি খো মহারাজ, চতুহি কারণেহি তথাগতা পটিসল্লানং সেবন্তি, ন সকরণীয়তায়, ন

আলস্য অপনয়ন করে, বীর্য্য উৎপাদন করে, রাগ দ্বেষ ও মোহ অপনয়ন করে, মান নিহত করে, বিতর্ক ভগ্ন করে, চিত্তকে একাগ্র করে, মনকে স্নেহযুক্ত করে, আনন্দ উৎপাদন করে, তাহাকে গুরু করে, লাভ উৎপাদন করে, (সাধককে)
১৫ নমস্য করিয়া দেয়, প্রীতিতে লইয়া যায়, প্রমোদ সম্পাদন করে, ভৌতিক পদার্থসমূহের স্বভাব দেখাইয়া দেয়, সংসারে জন্মগ্রহণকে বিনষ্ট করে, ও সমগ্র শ্রমণতা অর্পণ করে। মহারাজ, ধ্যানলীনতায় এই অষ্টাবিংশতি গুণ, যাহা দর্শন করিয়া তথাগতগণ ধ্যানলীনতা সেবন করেন। আরও মহারাজ, সিদ্ধসঙ্কল্প তথাগতগণ নির্ব্বাণরূপ সুখ, ও ধ্যানাবস্থাজনিত প্রীতি অনুভব করিবার কামনা করিয়া ধ্যান-
২০ লীনতা সেবন করেন।

৭০। 'মহারাজ, তথাগতগণ চারি কারণে ধ্যানলীনতা সেবন করেন। কোন চারি কারণে? সুখ বিহরণের জন্যও মহারাজ, তথাগতগণ ধ্যানলীনতা সেবন করেন; অনবদ্যগুণবাহুল্যের জন্যও, ইহা অশেষ আর্য্য (ব্যবহারের) পথ বলিয়াও, এবং ইহা (সকলের) স্তুত, প্রশংসিত, বর্ণিত ও প্রশস্ত বলিয়াও তথাগতগণ ধ্যান-
২৫ লীনতা সেবন করেন। এইরূপে মহারাজ তথাগতগণ ধ্যানলীনতা সেবন করিয়া থাকেন, করণীয় কিছু থাকে বলিয়া নহে, বা কৃত কর্ম্মের (কোন অসম্পূর্ণ অংশ

কতমস্স বা পটিচয়ায়, অথ খো গুণবিসেসদস্সাবিতায় তথাগতা পটিসল্লানং সেবন্তীতি।'

'সাধু ভন্তে নাগসেন! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি।'

৭১। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—"তথাগতস্স খো আনন্দ,
৫ চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা যানিকতা বত্থুকতা অনুট্ঠিতা পরিচিতা সুসমারদ্ধা। আকঙ্খমানো আনন্দ, তথাগতো কপ্পং বা তিট্ঠেয্য কপ্পাবসেসং বা'তি।" পুন চ ভণিতং—"ইতো তিণ্ণং মাসানং অচ্চয়েন তথাগতো পরিনিব্বায়িস্সতীতি।" যদি ভন্তে নাগসেন, ভগবতা ভণিতং—"তথাগতস্স খো আনন্দ, চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা—পে—কপ্পাবসেসং বা'তি," তেন হি তেমাসপরিচ্ছেদো মিচ্ছা।
১০ যদি তথাগতেন ভণিতং—"ইতো তিণ্ণং মাসানং অচ্চয়েন তথাগতো পরিনিব্বায়িস্সতীতি", তেন হি "তথাগতস্স খো আনন্দ, চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা—পে—

বিশেষের) সংগ্রহ জন্যও নহে; কিন্তু (ধ্যানলীনতার) গুণবিশেষ দর্শন করা হেতু তাহা সেবন করেন।'

'সাধু ভদন্ত নাগসেন! ইহা এই রকমই; আমি এইরূপেই স্বীকার করিতেছি।'

বুদ্ধের আয়ুঃ

১৫ ৭১। 'ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, তথাগতের চারিটি ঋদ্ধিপাদ ভাবিত, বর্দ্ধিত, পরিচিত ও সুসমারব্ধ আছে, যাহাদিগকে তিনি ব্যবহারের উপায় ও আশ্রয় স্বরূপ (যান ও বাস্তু) করিয়াছেন। আনন্দ, তথাগত ইচ্ছা করিলে (এই) কল্প পর্যান্ত, অথবা অবশিষ্ট কল্প পর্য্যন্ত (জীবিত) থাকিতে পারেন।" তিনি আবার বলিয়াছেন—"এখন হইতে মাসত্রয় অতীত হইলে তথাগত পরিনির্ব্বাণ
২০ প্রাপ্ত হইবেন।" ভদন্ত নাগসেন, ভগবান্ যদি বলিয়া থাকেন—"আনন্দ, তথাগতের চারিটি ঋদ্ধিপাদ ভাবিত....(তিনি) অবশিষ্ট কল্প পর্য্যন্ত (জীবিত) থাকিতে পারেন," তাহা হইলে, মাসত্রয়ের সীমা নির্দ্ধারণ মিথ্যা। আর যদি তথাগত বলিয়া থাকেন "এখন হইতে মাসত্রয় অতীত হইলে তথাগত পরিনির্ব্বাণ প্রাপ্ত হইবেন," তবে, "আনন্দ, তথাগতের চারিটি ঋদ্ধিপাদ ভাবিত .....(তিনি) অবশিষ্ট কল্পপর্য্যন্ত (জীবিত)
২৫ থাকিতে পারেন,"—এই যে কথা, তাহাও মিথ্যা! তথাগতগণ অস্থানে গর্জ্জন

কপ্পাবসেসং বা'তি", তম্'পি বচনং মিচ্ছা। ন'থি তথাগতানং অট্ঠানে গজ্জিতং, অমোঘবচনা বুদ্ধা ভগবন্তো তথবচনা অদ্বেজ্ঝবচনা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো গম্ভীরো সুনিপুণো দুন্নিজ্ঝাপয়ো, সো তবানুপ্পত্তো, ভিন্দে'তং দিট্ঠিজালং একংসে ঠপয়, ভিন্দ পরপ্পবাদ'ন্তি।'

৫ ৭২। 'ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"তথাগতস্স খো আনন্দ, চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা—পে—কপ্পাবসেসং বা'তি।" তেমাসপরিচ্ছেদো চ ভণিতো। সো চ পন কপ্পো আয়ুকপ্পো বুচ্চতি। ন মহারাজ, ভগবা অত্তনো বলং কিত্তয়মানো এবমাহ, ইদ্ধিবলং পন মহারাজ, ভগবা পরিকিত্তয়মানো এবমাহ—"তথাগতস্স খো আনন্দ, চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা—পে—কপ্পাবসেসং বা'তি।' যথা মহারাজ, ১০ রঞ্ঞো অস্সাজানিয়ো ভবেয্য সীঘগতি অনিলজবো, তস্স রাজা জববলং পরিকিত্তয়ন্তো সনেগমজনপদভটবলথব্রাহ্মণগহপতিক-অমচ্চজনমজ্ঝে এবং বদেয্য—"আকঙ্খমানো মে ভো অয়ং হয়বরো সাগরজলপরিযন্তং মহিং অনুবিচরিত্বা খণেন ইধাগচ্ছেয্যা'তি," ন চ তং জবগতিং তস্সং পরিসায়ং দস্সেয্য, বিজ্জতি চ সো জবো

করেন না; ভগবান্ বুদ্ধগণের বাক্য অমোঘ, সত্য ও দ্বৈধরহিত। অতএব ইহাও ১৫ উভয়কোটিক প্রশ্ন, গম্ভীর ও নিপুণ, এবং ইহাকে বুঝাইয়া দেওয়া শক্ত। ইহা আপনার নিকটে উপস্থিত হইয়াছে। (বিরুদ্ধ) দর্শনজাল ভেদ করিয়া একদিকে স্থাপন করুন, পরকীয় প্রবাদকে ভেদ করুন।'

৭২। 'মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, তথাগতের চারিটি ঋদ্ধিপাদ ভাবিত......(তিনি) অবশিষ্ট কল্প পর্যান্ত (জীবিত) থাকিতে পারেন;" এবং তিনি ২০ মাসত্রয়ের সীমা নির্দ্ধারণ করিয়াছেন। কিন্তু তিনি যে 'কল্প' বলিয়াছেন, তাহা তাঁহার আয়ু-রূপ কল্প উক্ত হইয়াছে। মহারাজ, ভগবান্ নিজের বল কীর্ত্তন করিয়া এরূপ বলেন নাই; তিনি ঋদ্ধির বল কীর্ত্তন করিয়া এইরূপ বলিয়াছেন—"আনন্দ, তথাগতের চারিটি ঋদ্ধিপাদ ভাবিত ···, (তিনি) অবশিষ্ট কল্প পর্য্যন্ত (জীবিত) থাকিতে পারেন।" যেমন মহারাজ, যদি কোন রাজার বায়ুবেগশালী, শীঘ্রগতি, ২৫ সাধুবাহী অশ্ব থাকে, আর যদি রাজা তাহার বল কীর্ত্তন করিয়া পৌর-জানপদ, যোদ্ধা-দৌবারিক, ব্রাহ্মণ-গৃহপতি, ও অমাত্য লোকগণের মধ্যে এরূপ বলেন—"এই আমার অশ্বশ্রেষ্ঠ যদি ইচ্ছা করে, তবে সাগরজলপর্য্যন্ত পৃথিবীকে অনুক্রমে বিচরণ করিয়া ক্ষণমধ্যে এখানে আসিতে পারে!" আর যদিও তিনি সেই পরিষদে তাহার বেগগতি

তস্স, সমত্থো চ সো থণেন সাগরজলপরিয়ন্তং মহিং অনুবিচরিতুং ; এবমেব খো মহারাজ, ভগবা অত্তনো ইদ্ধিবলং পরিকিত্তয়মানো এবমাহ, তম্'পি তেবিজ্জানং ছলভিঞ্ঞানং অরহন্তানং বিমলখীণাসবানং দেবমনুস্সানঞ্চ মজ্ঝে নিসীদিত্বা ভণিতং —"তথাগতস্স খো আনন্দ, চত্তারো ইদ্ধিপাদা ভাবিতা বহুলীকতা যানিকতা বত্থুকতা
৫ অনুট্ঠিতা পরিচিতা সুসমারদ্ধা ; আকঙ্খমানো আনন্দ, তথাগতো কপ্পং বা তিট্ঠেয্য কপ্পাবসেসং বা'তি।" বিজ্জতি চ তং মহারাজ, ইদ্ধিবলং ভগবতো, সমত্থো চ ভগবা ইদ্ধিবলেন কপ্পং বা ঠাতুং কপ্পাবসেসং বা, ন চ ভগবা তং ইদ্ধিবলং তস্সং পরিসায়ং দস্সেতি। অনত্থিকো মহারাজ, ভগবা সব্বভবেহি, গরহিতা চ তথাগতস্স সব্বভবা ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"সেয্যথাপি ভিক্খবে, অপ্পমত্তকো'পি গূথো
১০ দুগ্গন্ধো হোতি, এবমেব খো অহং ভিক্খবে অপ্পমত্তকম্' পি ভবং ন বণ্ণেমি, অন্তমসো অচ্ছরাসঙ্ঘাতমত্তম্'পীতি।" অপি নু খো মহারাজ, ভগবা সব্বভবগতিযোনিয়ো গূথসমং দিস্বা ইদ্ধিবলং নিস্সায় ভবেসু ছন্দরাগং করেয্যা'তি ?'

প্রদর্শন করেন না, তাহা হইলেও তাহার সেই বেগ আছে, এবং সে ক্ষণমধ্যে সাগরজলপর্যান্ত পৃথিবীকে অনুক্রমে বিচরণ করিতে সমর্থ হয় ; এই প্রকারই মহারাজ,
১৫ ভগবান্ ঋদ্ধিবল কীর্ত্তন করিয়া এরূপ বলিয়াছেন, এবং তাহা তিনি ত্রৈবিদ্য, ষড়্বিধ-অভিজ্ঞাযুক্ত অর্হদ্গণের এবং বিমল ও ক্ষীণাসব দেব ও মনুষ্যগণের মধ্যে বলিয়াছেন—"আনন্দ, তথাগতের চারিটি ঋদ্ধিপাদ ভাবিত, বর্দ্ধিত, অনুষ্ঠিত, পরিচিত ও সুসমারব্ধ আছে, যাহাদিগকে তিনি ব্যবহারের উপায় ও আশ্রয়-স্বরূপ করিয়াছেন। আনন্দ, তথাগত ইচ্ছা করিলে (এই) কল্প পর্য্যন্ত, অথবা অবশিষ্ট কল্প পর্য্যন্ত (জীবিত)
২০ থাকিতে পারেন।" মহারাজ, ভগবানের সেই ঋদ্ধিবল আছে, এবং তিনি তাহার দ্বারা (এই) কল্প, বা অবশিষ্ট কল্প পর্য্যন্ত (জীবিত) থাকিতে সমর্থ। কিন্তু তাহা হইলেও ভগবান্ সেই পরিষদে ঋদ্ধিবল দেখান নি। মহারাজ, ভগবান্ (ভবিষ্যৎ) নিখিল জন্মেরই প্রার্থী ছিলেন না ; তথাগত নিখিল জন্মকেই নিন্দা করিয়া গিয়াছেন। মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—"ভিক্ষুগণ, যেমন অল্পপরিমাণও মল
২৫ দুর্গন্ধ হয়, সেইরূপ অল্পপরিমাণও জন্মকে ভিক্ষুগণ, আমি প্রশংসা করি না,—এমন কি ততটুকু সময়ের জন্যও নহে, যাহাতে আঙুলে তুড়ি বাজান যাইতে পারে।" মহারাজ, ভগবান্ জন্মসমূহের গতি ও কারণকে মলের ন্যায় দর্শন করিয়া, ঋদ্ধিবল আশ্রয়ে কি জন্মের প্রতি ইচ্ছা বা অনুরাগ করিতে পারেন ?'

'নহি ভন্তে'তি ।'

'তেন হি মহারাজ, ভগবা ইদ্ধিবলং পরিকিত্তয়মানো এবরূপং বুদ্ধসীহনাদং অভি-নদতীতি ।'

'সাধু ভন্তে নাগসেন ! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি ।'

৫ পঠমো বগ্গো ।

'না ভদন্ত ।'

'তাহা হইলে, মহারাজ, ভগবান্ ঋদ্ধিবল কীর্ত্তন করিয়া এইরূপ বুদ্ধ-সিংহনাদ উচ্চারণ করিয়াছিলেন (অর্থাৎ এইরূপ সাহসিক বুদ্ধবাক্য উচ্চারণ করিয়াছিলেন) ।'

'সাধু ভদন্ত নাগসেন ! ইহা এই প্রকারই ; এবং আমি ইহা এইরূপই স্বীকার

১০ করিতেছি ।'

ইতি প্রথম বর্গ ।

১। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—"অভিঞ্ঞায়াহং ভিক্খবে, ধম্মং দেসেমি, নো অনভিঞ্ঞায়া'তি।" পুন চ বিনয়পঞ্ঞত্তিয়া ভণিতং—"আকঙ্খমানো আনন্দ, সঙ্ঘো মম'চ্চয়েন খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি সমূহনতূ'তি।" কিন্নু খো ভন্তে নাগসেন, খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি দুপ্পঞ্ঞত্তানি, উদাহু

৫ অবত্থুস্মিং অজানিত্বা পঞ্ঞত্তানি, যং ভগবা অত্তনো অচ্চয়েন খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি সমূহনাপেতি। যদি ভন্তে নাগসেন, ভগবতা ভণিতং—"অভিঞ্ঞায়াহং ভিক্খবে, ধম্মং দেসেমি, নো অনভিঞ্ঞায়া'তি," তেন হি "আকঙ্খমানো আনন্দ, সঙ্ঘো মম'চ্চয়েন খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি সমূহনতূ'তি" যং বচনং তং মিচ্ছা। যদি তথাগতেন বিনয়পঞ্ঞত্তিয়া এবং ভণিতং—"আকঙ্খমানো আনন্দ, সঙ্ঘো মম'-

১০ চ্চয়েন খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি সমূহনতূ'তি," তেন হি "অভিঞ্ঞায়াহং ভিক্খবে ধম্মং দেসেমি, নো অনভিঞ্ঞায়া'তি" তম্'পি বচনং মিচ্ছা। অয়ম্'পি

চতুর্থ পরিচ্ছেদ

দ্বিতীয় বর্গ

বুদ্ধের উপদেশ জ্ঞানপূর্বক

১৫ ১। 'ভদন্ত নাগসেন, ভগবান ইহাও বলিয়াছেন—"ভিক্ষুগণ, আমি বিশেষরূপে জানিয়া ধর্ম্ম উপদেশ করি, না জানিয়া নহে।" আবার বিনয়-উপদেশ বিষয়ে তিনি বলিয়াছেন—"আনন্দ, আমার অভাবে সঙ্ঘ ইচ্ছা করিলে ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ উঠাইয়া দিবেন।" ভদন্ত নাগসেন, ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ কি তিনি ভুল করিয়া উপদেশ করিয়াছিলেন? অথবা না জানিয়া অকারণে উপদেশ করিয়াছিলেন, যে

২০ জন্য ভগবান্ নিজের অভাবে সেই ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ উঠাইয়া দিতেছেন? যদি ভদন্ত নাগসেন, ভগবান্ বলিয়া থাকেন—"ভিক্ষুগণ, আমি বিশেষরূপে জানিয়া ধর্ম্ম উপদেশ করি, না জানিয়া নহে, তাহা হইলে, "আনন্দ, আমার অভাবে সঙ্ঘ ইচ্ছা করিলে ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ উঠাইয়া দিবেন,"—এই যে কথা, তাহা মিথ্যা। আবার যদি তথাগত বিনয়-উপদেশ বিষয়ে বলিয়া থাকেন—"আনন্দ,

২৫ আমার অভাবে ইচ্ছা করিলে সঙ্ঘ ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ উঠাইয়া দিবেন, তাহা হইলে, "ভিক্ষুগণ, আমি বিশেষরূপে জানিয়া ধর্ম্ম উপদেশ করি, না জানিয়া নহে," এই যে কথা, তাহাও মিথ্যা। ইহাও উভয়কোটিক প্রশ্ন সূক্ষ্ম, সূক্ষ্ম ও

উভতোকোটিকো পঞ্হো সম্পত্তো সুখুমো সুনিপুণো গম্ভীরো সুগম্ভীরো দুন্নিজ্ঝাপয়ো, সো তবানুপ্পত্তো, তত্থ তে ঞাণবলবিপ্ফারং দস্সেহীতি।'

২। 'ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"অভিঞ্ঞায়াহম্ভিক্খবে ধম্মং দেসেমি, নো অনভিঞ্ঞায়া'তি।" বিনয়পঞ্ঞত্তিয়া'পি এবং ভণিতং—"আকঙ্খমানো আনন্দ, সঙ্ঘো মম'চ্চয়েন খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি সমূহনতু'তি।" তং পন মহারাজ, তথাগতো ভিক্খূ বীমংসমানো আহ—"উক্কলিস্সন্তি নু খো মম সাবকা ময়া বিস্সজ্জাপিয়মানা মম'চ্চয়েন খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি, উদাহু আদিয়িস্সন্তীতি।" যথা মহারাজ, চক্কবত্তিরাজা পুত্তে এবং বদেয্য,—"অয়ং খো তাতা, মহাজনপদো সব্ব-দিসাসু সাগরপরিযন্তো, দুক্করো তাতা, তাবতকেন বলেন ধারেতুং; এথ তুম্হে তাতা, মম'চ্চয়েন পচ্চন্তে দেসে পজহথা'তি;" অপি নু খো তে মহারাজ, কুমারা পিতু অচ্চয়েন হত্থগতে জনপদে সব্বে তে পচ্চন্তে পচ্চন্তে দেসে মুঞ্চেয্যু'ন্তি?'

ভন্তে; রাজানো ভন্তে লুদ্ধতরা, কুমারা রজ্জলোভেন তদুত্তরিং দিগুণ-তিগুণং জ[illegible]পদং পরিকড্ঢেয্যুং, কিম্পন তে হত্থগতং জনপদং মুঞ্চেয্যু'ন্তি!'

সুনিপুণ, গম্ভীর ও সুগম্ভীর, এবং ইহাকে বুঝাইয়া দেওয়া শক্ত। ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে; আপনি ইহাতে নিজের জ্ঞানবলের বিস্তার প্রদর্শন করুন।'

২। মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—"ভিক্ষুগণ, আমি বিশেষরূপ জানিয়া ধর্ম্ম উপদেশ করি, না জানিয়া নহে।" এবং বিনয়-উপদেশেও তিনি বলিয়াছেন—"আনন্দ, আমার অভাবে ইচ্ছা করিলে সঙ্ঘ ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ উঠাইয়া দিতে পারিবেন।" কিন্তু মহারাজ, তথাগত ভিক্ষুগণকে পরীক্ষাপূর্ব্বক নির্ণয় করিবার জন্য তাহা বলিয়াছেন যে, আমার দ্বারা ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহবিসর্জ্জনে অনুজ্ঞাত হইয়াও আমার শ্রাবকগণ আমার অভাবে তাহা পরিত্যাগ করিবে, অথবা গ্রহণ করিবে। যেমন, মহারাজ, যদি কোন চক্রবর্ত্তী রাজা পুত্রগণকে এইরূপ বলেন—"বৎসগণ, এই মহান্ জনপদ সর্ব্বদিকেই সাগরপর্য্যন্ত; (উপস্থিত) তাবন্মাত্র সৈন্যের দ্বারা ইহাকে পালন করা দুষ্কর। অতএব বৎসগণ, আমার অভাবে সীমান্তে অবস্থিত দেশগুলিকে তোমরা পরিত্যাগ করিবে;" তাহা হইলে মহারাজ, পিতার অভাবে জনপদ হস্তগত হইলে সেই কুমারগণ কি সীমান্তবর্ত্তী দেশগুলিকে পরিত্যাগ করিবে?'

'না ভদন্ত; রাজারা অত্যন্ত লুব্ধ; কুমারগণ রাজ্যলোভে তাহারও পরে দ্বিগুণ-ত্রিগুণ জনপদকে আকর্ষণ করিয়া লইবে; তাহারা আবার হস্তগত জনপদকে পরিত্যাগ করিবে!'

'এবমেব খো মহারাজ, তথাগতো ভিক্খূ বীমংসমানো এবমাহ—"আকঙ্খমানো আনন্দ, সঙ্ঘো মমচ্চয়েন খুদ্দানুখুদ্দানি সিক্খাপদানি সমূহনতূ'তি।" দুক্খপরিমুত্তিয়া মহারাজ, বুদ্ধপুত্তা ধম্মলোভেন অঞ্ঞম্'পি উত্তরিং দিয়ড্ঢং সিক্খাপদসতং গোপেয়্যুং, কিম্পন পকতিপঞ্ঞত্তং সিক্খাপদং মুঞ্চেয়্যু'ন্তি ?'

৫ ৩। 'ভন্তে নাগসেন, যং ভগবা আহ—"খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানীতি," এত্থায়ং জনো সম্মূল্হো বিমতিজাতো অধিকতো সংসয়পক্খন্নো—কতমানি তানি খুদ্দকানি সিক্খাপদানি, কতমানি অনুখুদ্দকানি সিক্খাপদানীতি।'

'দুক্কটং মহারাজ, খুদ্দকং সিক্খাপদং, দুব্ভাসিতং অনুখুদ্দকং সিক্খাপদং; ইমানি দ্বে খুদ্দানুখুদ্দকানি সিক্খাপদানি। পুব্বকেহি'পি মহারাজ, মহাথেরেহি এত্থ

১০ বিমতি উপ্পাদিতা, তেহি'পি একজ্ঝং ন কতো ধম্মসণ্ঠিতিপরিয়ায়ে ভগবতা এসো পঞ্হো উপদিট্ঠো'তি।'

'এই প্রকারই মহারাজ, তথাগত ভিক্ষুগণকে পরীক্ষা দ্বারা নির্ণয় করিবার জন্য এরূপ বলিয়াছেন—"আনন্দ, আমার অভাবে সঙ্ঘ ইচ্ছা করিলে ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদ-সমূহ উঠাইয়া দিতে পারিবেন।" মহারাজ, বুদ্ধপুত্রগণ ধর্ম্মলোভহেতু দুঃখ হইতে

১৫ পরিমুক্তির জন্য যখন আরও অন্য আড়াই শত শিক্ষাপদ রক্ষা করিতে পারেন, তখন (ভগবান্) যে শিক্ষাপদ স্বভাবত উপদেশ করিয়া গিয়াছেন, তাহাকে কি আবার পরিত্যাগ করিবেন ?'

৩। 'ভদন্ত নাগসেন, ভগবান্ বলিয়াছেন "ক্ষুদ্রানুক্ষুদ্র শিক্ষাপদসমূহ," ইহাতে লোক সম্মোহপ্রাপ্ত হয়, বিরুদ্ধবুদ্ধি হয়, বিচারোদ্যত হয়, এবং সংশয়নিপতিত হয়

২০ যে, কোন শিক্ষাপদগুলি ক্ষুদ্র, এবং কোন শিক্ষাপদগুলি অনুক্ষুদ্র।'

'মহারাজ, "দুষ্কৃত" (অর্থাৎ কর্ম্মসম্বন্ধে ক্ষুদ্রাপরাধবিষয়ক) শিক্ষাপদ ক্ষুদ্র, এবং "দুর্ভাষিত" (অর্থাৎ বাক্যসম্বন্ধে ক্ষুদ্রাপরাধবিষয়ক) শিক্ষাপদ অনুক্ষুদ্র; এই দুই শিক্ষাপদসমূহ ক্ষুদ্র ও অনুক্ষুদ্র। মহারাজ, প্রাচীন মহাস্থবিরগণও ইহাতে বৈমত্য উৎপাদন করিয়াছিলেন; ভগবান্ ধর্ম্মসংস্থিতিদেশনায় এই বিষয় উপদেশ

২৫ করিয়াছিলেন, কিন্তু তাঁহারাও ইহা একরূপে (মীমাংসা) করিতে পারেন নাই।'

'চিরনিক্‌খিত্তং ভন্তে নাগসেন, জিনরহস্‌সং অজ্জে'তরহি লোকে বিবটং পাকটং কত'ন্তি!'

৪। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—"ন'ত্থা'নন্দ, তথাগতস্‌স ধম্মেসু আচরিয়মুট্‌ঠীতি।" পুন চ থেরেন মালুঙ্ক্যাপুত্তেন পঞ্‌হং পুট্‌ঠো ন ব্যাকাসি। এসো

৫ খো ভন্তে নাগসেন, পঞ্‌হো দ্বয়ন্তো একন্তনিস্‌সিতো ভবিস্‌সতি, অজাননেন বা গুয্‌হকরণেন বা। যদি ভন্তে নাগসেন ভগবতা ভণিতং—"ন'ত্থা'নন্দ, তথাগতস্‌স ধম্মেসু আচরিয়মুট্‌ঠীতি," তেন হি থেরস্‌স মালুঙ্ক্যাপুত্তস্‌স অজানন্তেন ন ব্যাকতং। যদি জানন্তেন ন ব্যাকতং, তেন হি অত্থি তথাগতস্‌স ধম্মেসু আচরিয়মুট্‌ঠি। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্‌হো তবানুপ্পত্তো, সো তয়া নিব্‌বাহিতব্‌বো'তি।'

১০ ৫। 'ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"ন'ত্থা'নন্দ, তথাগতস্‌স ধম্মেসু

'ভদন্ত নাগসেন, বুদ্ধের যে রহস্য দীর্ঘকাল হইতে নিক্ষিপ্ত (অর্থাৎ প্রচ্ছন্ন) ছিল, আজ এখন তাহা সংসারে বিবৃত ও প্রকট করা হইল!'

ধর্ম্মোপদেশে বুদ্ধের রহস্যরক্ষা

৪। 'ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, ধর্ম্মবিষয়ে তথাগতের আচার্য্যমুষ্টি নাই (অর্থাৎ যেমন আচার্য্যেরা শিষ্যগনকে কোন বিষয়ের উপদেশ দিতে

১৫ গিয়া কিছু হাতে রাখিয়া দেন, তথাগতের সেইরূপ কিছু ছিল না)।" কিন্তু স্থবির মালুঙ্ক্যাপুত্রের দ্বারা পৃষ্ট হইয়া তিনি তাঁহার প্রশ্নের ব্যাখ্যা করেন নাই। ভদন্ত নাগসেন, এই প্রশ্নের শেষ (উত্তর) দুইটি; ইহার একটিকে আশ্রয় করিতে হইবে;—হয় তিনি তাহা জানিতেন না, অথবা তাহা গোপন করিয়াছেন। ভদন্ত নাগসেন, ভগবান্ যদি বলিয়া থাকেন—"আনন্দ, ধর্ম্মবিষয়ে তথাগতের আচার্য্যমুষ্টি

২০ নাই," তবে, তিনি জানিতেন না বলিয়া স্থবির মালুঙ্ক্যাপুত্রের প্রশ্নের ব্যাখ্যা করেন নাই। আর যদি জানিয়া তিনি ব্যাখ্যা করেন নাই, তবে, (বলিতে হয়) ধর্ম্মবিষয়ে তথাগতের আচার্য্যমুষ্টি আছে। ইহাও উভয়কোটিক প্রশ্ন, এবং ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে; আপনাকে ইহার নিষ্পত্তি করিতে হইবে।'

৫। মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, ধর্ম্মবিষয়ে তথাগতের আচার্য্য-

আচরিয়মুট্‌ঠীতি।" অব্যাকতো চ থেরেন মালুঙ্ক্যাপুত্তেন পুচ্ছিতো পঞ্‌হো। তঞ্চ পন ন অজাননেন, ন গুয়্‌হকরণেন। চত্তারি'মানি মহারাজ, পঞ্‌হব্যাকরণানি। কতমানি চত্তারি? একংসব্যাকরণীয়ো পঞ্‌হো, বিভজ্জ ব্যাকরণীয়ো পঞ্‌হো, পটিপুচ্ছা-ব্যাকরণীয়ো পঞ্‌হো, ঠপনীয়ো পঞ্‌হো।

'কতমো চ মহারাজ, একংসব্যাকরণীয়ো পঞ্‌হো? রূপং অনিচ্চ'ন্তি একংস-
৫ ব্যাকরণীয়ো পঞ্‌হো; বেদনা অনিচ্চা'তি, সঞ্‌ঞা অনিচ্চা'তি, সঙ্খারা অনিচ্চা'তি, বিঞ্‌ঞাণং অনিচ্চ'ন্তি একংসব্যাকরণীয়ো পঞ্‌হো; অয়ং একংসব্যাকরণীয়ো পঞ্‌হো।

'কতমো বিভজ্জ ব্যাকরণীয়ো পঞ্‌হো? অনিচ্চং পন রূপ'ন্তি বিভজ্জ ব্যাকরণীয়ো পঞ্‌হো; অনিচ্চা পন বেদনা'তি, অনিচ্চা পন সঞ্‌ঞা'তি, অনিচ্চা পন সঙ্খারা'তি, অনিচ্চং পন বিঞ্‌ঞাণ'ন্তি বিভজ্জ ব্যাকরণীয়ো পঞ্‌হো; অয়ং বিভজ্জ
১০ ব্যাকরণীয়ো পঞ্‌হো।

'কতমো পটিপুচ্ছাব্যাকরণীয়ো পঞ্‌হো? কিন্নু খো চক্‌খুনা সব্বং বিজানাতীতি, অয়ং পটিপুচ্ছাব্যাকরণীয়ো পঞ্‌হো।

মুক্তি নাই; এবং তিনি স্থবির মালুঙ্ক্যাপুত্রের দ্বারা পৃষ্ট হইয়া তাঁহার প্রশ্নের ব্যাখ্যা করেন নাই। কিন্তু তাহা না জানার জন্য, বা গোপন করিবার জন্য নহে। মহারাজ,
১৫ প্রশ্নের ব্যাখ্যা চারি প্রকারের; কি কি চারি প্রকার? কোনো প্রশ্নের একান্তরূপে (অর্থাৎ সম্যগ্‌ভাবে একতর সিদ্ধান্ত স্থির করিয়া) ব্যাখ্যা করিতে হয়; কোনো প্রশ্নকে বিভাগ (অর্থাৎ বিশ্লেষণ) করিয়া ব্যাখ্যা করিতে হয়, কোনো প্রশ্নকে প্রতিপ্রশ্ন দ্বারা (অর্থাৎ প্রশ্নকারীকেই প্রশ্ন করিয়া) ব্যাখ্যা করিতে হয়; এবং কোন প্রশ্ন স্থাপনীয় (অর্থাৎ উত্তর না দিয়া এক দিকে স্থাপনীয় বর্জ্জনীয়,)।

২০ 'মহারাজ, যাহা একান্তরূপে ব্যাখ্যা করিতে হয়, সেই প্রশ্ন কি? "রূপ অনিত্য?" এই প্রশ্নকে একান্তরূপে ব্যাখ্যা করিতে হয়; এই প্রকার "বেদনা অনিত্য," "সংজ্ঞা অনিত্য," সংস্কারসমূহ অনিত্য," "বিজ্ঞান অনিত্য," এই সকল প্রশ্নকে একান্তরূপে ব্যাখ্যা করিতে হয়।

'কোন প্রশ্নকে বিভাগ করিয়া ব্যাখ্যা করিতে হয়? "রূপ কি অনিত্য?" এই
২৫ প্রশ্নকে বিভাগ করিয়া ব্যাখ্যা করিতে হয়। এইরূপ "বেদনা কি অনিত্য "সংজ্ঞা কি অনিত্য?" "সংস্কারসমূহ কি অনিত্য?" "বেদনা কি অনিত্য?" এই সমস্ত প্রশ্নকে বিভাগ করিয়া ব্যাখ্যা করিতে হয়।

'কোন প্রশ্নকে প্রতিপ্রশ্ন দ্বারা ব্যাখ্যা করিতে হয়? "চক্ষু দ্বারা কি সমস্ত জানা যায়?" এই প্রশ্নকে প্রতিপ্রশ্ন দ্বারা ব্যাখ্যা করিতে হয়।

'কতমো ঠপনীয়ো পঞ্‌হো? সস্‌সতো লোকো'তি ঠপনীয়ো পঞ্‌হো; অসস্‌সতো লোকো'তি, অন্তবা লোকো'তি, অনন্তবা লোকো'তি, অন্তবা চ অনন্তবা চ লোকো'তি. নে'ব'ন্তবা নানন্তবা লোকো'তি, তং জীবং তং সরীর'ন্তি, অঞ্‌ঞং জীবং অঞ্‌ঞং সরীর'ন্তি, হোতি তথাগতো পরম্মরণা'তি, ন হোতি তথাগতো পরম্মরণা'তি, ৫ হোতি চ ন চ হোতি তথাগতো পরম্মরণা, নে'ব হোতি ন ন হোতি তথাগতো পরম্মরণা'তি ঠপনীয়ো পঞ্‌হো; অয়ং ঠপনীয়ো পঞ্‌হো।

'ভগবা মহারাজ, থেরসস মালুঙ্ক্যাপুত্তস্‌স তং ঠপনীয়ং পঞ্‌হং ন ব্যাকাসি। সো পন পঞ্‌হো কিঙ্কারণং ঠপনীয়ো? নো তস্‌স দীপনায় হেতু বা কারণং বা অত্থি; তস্মা সো পঞ্‌হো ঠপনীয়ো। ন'ত্থি বুদ্ধানং ভগবন্তানং অকারণমহেতুকং ১০ গিরমুদীরণন্তি।'

'সাধু ভন্তে নাগসেন! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি।'

৬। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—

"সব্বে তসন্তি দণ্ডস্‌স সব্বে ভায়ন্তি মচ্চুনো'তি।"—

'কোন প্রশ্ন স্থাপনীয়? "লোক (সংসার) কি শাশ্বত?" এই প্রশ্ন স্থাপনীয়। ১৫ "লোক কি অশাশ্বত?" "লোকের কি অন্ত আছে? "লোকের কি অন্ত নাই? লোক কি অন্তবান্ ও অনন্তবান্ (উভয়ই)?" "লোক অন্তবানও নহে, অনন্তবান্ও নহে?" "তাহাই জীব ও তাহাই শরীর (অর্থাৎ জীব ও শরীর অনন্য)?" "তথাগত কি মরণের পর থাকেন?" "তথাগত কি মরণের পর থাকেন না?" "তথাগত কি মরণের পর থাকেন ও থাকেন না (উভয়ই)?" "তথাগত কি মরণের পর ২০ থাকেনও না, না-থাকেনও না?" এই প্রশ্ন স্থাপনীয়।

'মহারাজ, ভগবান্ স্থবির মালুঙ্ক্যাপুত্রের সেই স্থাপনীয় প্রশ্নের ব্যাখ্যা করেন নাই। সেই প্রশ্ন কি কারণে স্থাপনীয়? যেহেতু তাহাকে প্রকাশ (অর্থাৎ ব্যাখ্যা) করিবার কোন হেতু বা কারণ নাই; সেই জন্য তাহা স্থাপনীয় প্রশ্ন। বুদ্ধ ভগবদ্‌গণ অকারণে অহেতুতে বাক্য উচ্চারণ করেন না।'

২৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

মৃত্যু ভয়

'ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—

"সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ'তে।"

পুন চ ভণিতং—"অরহা সব্বভয়মতিক্কন্তো'তি।" কিন্নু খো ভন্তে নাগসেন, অরহা দণ্ডভয়া তসতি? নিরয়ে বা নেরয়িকা সত্তা জলিতা কঠিতা তত্তা সন্তত্তা তম্হা জলিত'-গ্গিজালকা মহানিরয়া চবমানা মচ্চুনো ভায়ন্তি? যদি ভন্তে নাগসেন, ভগবতা ভণিতং—"সব্বে তসন্তি দণ্ডস্স সব্বে ভায়ন্তি মচ্চুনো'তি," তেন হি "অরহা
৫ সব্বভয়মতিক্কন্তো'তি" যং বচনং তং মিচ্ছা। যদি ভগবতা ভণিতং—"অরহা সব্ব-ভয়মতিক্কন্তো'তি", তেন হি "সব্বে তসন্তি দণ্ডস্স সব্বে ভায়ন্তি মচ্চুনো'তি" তম্পি বচনং মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো তবানুপ্পত্তো; সো তয়া নিব্বাহি-তব্বো'তি।'

৭। 'নেতং মহারাজ, বচনং ভগবতা অরহন্তে উপাদায় ভণিতং—"সব্বে তসন্তি
১০ দণ্ডস্স সব্বে ভায়ন্তি মচ্চুনো'তি।" ঠপিতো অরহা অস্মিং বত্থুস্মিং, সমূহতো ভয়-হেতু অরহতো। যে তে মহারাজ, সত্তা সকিলেসা, যেসঞ্চ অধিমত্তা অত্তানুদিট্ঠি, যে চ সুখদুক্খেসু উন্নতাবনতা, তে উপাদায় ভগবতা ভণিতং—"সব্বে তসন্তি

আবার তিনি বলিয়াছেন—"অর্হৎ সমস্ত ভয়কে অতিক্রম করিয়াছেন।" ভদন্ত নাগসেন, অর্হৎ কি দণ্ডভয়ে ত্রাস পান? অথবা নিরয়ে যে সকল নৈরয়িক জীব
১৫ জ্বলিত, কথিত, তপ্ত ও সন্তপ্ত হইয়া থাকে, তাহারা যখন জ্বলিতাগ্নিজ্বালাযুক্ত মহানিরয় হইত চ্যুত হয়, তখন কি মৃত্যু হইতে ভীত হয়? ভদন্ত নাগসেন, ভগবান্ যদি বলিয়া থাকেন—"সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ'তে," তাহা হইলে, "অর্হৎ সমস্ত ভয়কে অতিক্রম করিয়াছেন," এই যে কথা তাহা মিথ্যা; (আবার) ভগবান্ যদি বলিয়া থাকেন "অর্হৎ সমস্ত ভয়কে অতিক্রম করিয়াছেন,"
২০ তাহা হইলে "সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ'তে,"—এই যে কথা, তাহাও মিথ্যা। ইহাও উভয়কোটিক প্রশ্ন, এবং ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে, আপনাকে ইহার নিষ্পত্তি করিতে হইবে।'

৭। 'মহারাজ, ভগবান্ অর্হদ্গণকে লক্ষ্য করিয়া একথা বলেন নাই যে, "সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ'তে"; অর্হৎ সে কথায় পরিত্যক্ত হইয়াছিলেন,
২৫ কেননা, অর্হতের ভয়হেতু সম্যক্রূপে নিহত। কিন্তু মহারাজ, যে সকল জীবের ক্লেশ (পাপ) বর্ত্তমান, যাহাদের নিজের প্রতি দৃষ্টি অতিমাত্র, এবং যাহারা সুখ-দুঃখে উন্নত-অবনত হয়, তাহাদিগকে লক্ষ্য করিয়া ভগবান্ বলিয়াছেন—"সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ'তে।" মহারাজ, অর্হতের সমস্ত গতি (অর্থাৎ জন্মাবস্থা) উপচ্ছিন্ন হইয়াছে, উৎপত্তিস্থান বিধ্বস্ত হইয়াছে, পুনর্জন্ম উপহত হই-

দণ্ডস্‌স, সব্‌বে ভায়ন্তি মচ্চুনো’তি।” অরহতো মহারাজ, সব্‌বগতি উপচ্ছিন্না, যোনি বিদ্ধংসিতা, পটিসন্ধি উপহতা, ভগ্‌গা ফাসূ, সমূহতা সব্‌বভবালয়া, সমুচ্ছিন্না সব্‌বসঙ্খারা, হতং কুসলাকুসলং, অবীজং বিঞ্ঞাণং কতং, দড্‌ঢা সব্‌বকিলেসা, অতিবত্তা লোকধম্মা। তস্মা অরহা ন সন্তসন্তি সব্‌বভয়েহি।

৫ ৮। ‘ইধ মহারাজ, রঞ্ঞো চত্তারো মহামত্তা ভবেয়্যুং অনুত্তরা লদ্ধযসা বিস্‌সাসিকা, ঠপিতা মহতি ইস্‌সরিয়ে ঠানে। অথ রাজা কিস্মিচি করণীয় সমুপ্পন্নে যাবতা সকবিজিতে সব্‌বজনস্‌স আণাপেয্য—“সব্‌বে’ব মে বলিং করন্তু; সাধেথ তুম্‌হে চত্তারো মহামত্তা তং করণীয়’ন্তি ;” অপি নু খো মহারাজ, তেসং চতুন্নং মহামত্তানং বলিভয়া সন্তাসো উপ্পজ্জেয্যা’তি ?’

১০ ‘ন হি ভন্তে’তি।’

‘কেন কারণেন মহারাজা’তি ?’

‘ঠপিতা তে ভন্তে, রঞ্ঞা উত্তমে ঠানে, ন’ত্থি তেসং বলি, সমতিক্কন্তবলিনো তে। অবসেসে উপদায় রঞ্ঞা আণাপিতং—“সব্‌বে’ব মে বলিং করোন্তু’তি।”

য়াছে, (জীবন-গৃহের) কাষ্ঠদণ্ডসমূহ ভগ্ন হইয়াছে, নিখিল ভবগৃহ সম্যক্‌রূপে হত

১৫ হইয়াছে, সমস্ত সংস্কার সমুচ্ছিন্ন হইয়াছে, কুশল-অকুশল হত হইয়াছে, অবিদ্যা বিহত হইয়াছে, বিজ্ঞান বীজহীন কৃত হইয়াছে, ক্লেশসমূহ দগ্ধ হইয়াছে, এবং সমস্ত লোকধর্ম্ম অতিক্রান্ত হইয়াছে। সেই জন্য অর্হৎ সমস্ত ভয়েই সন্ত্রস্ত হন না।

৮। ‘মহারাজ, (মনে করুন) এখানে রাজার চারিজন প্রধান অমাত্য আছেন; তাঁহারা (রাজার প্রতি) অনুরক্ত, যশস্বী ও বিশ্বাসী; এবং মহৎ ঐশ্বর্য্যপদে স্থাপিত।

২০ এখন কোন কার্য্য উপস্থিত হইলে রাজা যদি নিজের বিজিত স্থানের সমস্ত লোকের সম্বন্ধে এইরূপ আজ্ঞা করেন—“তোমরা সকলে আমাকে কর প্রদান কর; এবং তোমরা আমার চারিজন প্রধান অমাত্য সেই কার্য্য সাধন কর;” তবে মহারাজ, সেই চারিজন প্রধান অমাত্যের করভয়ে কি সন্ত্রাস উৎপন্ন হইবে ?’

‘না ভদন্ত।’

২৫ ‘কি কারণে মহারাজ ?’

‘ভদন্ত, তাঁহারা রাজকর্ত্তৃক উত্তম স্থানে স্থাপিত; তাঁহাদের কর নাই, তাঁহারা করকে অতিক্রম করিয়াছেন। (তাঁহাদিগকে ছাড়িয়া) অবশিষ্ট লোককে লক্ষ্য করিয়া রাজা আজ্ঞা করিয়াছিলেন—“তোমরা সকলে আমাকে কর প্রদান কর।”

'এবমেব খো মহারাজ, নে'তং বচনং ভগবতা অরহন্তে উপাদায় ভণিতং, ঠপিতো অরহা তস্মিং বত্থুস্মিং, সমূহতো ভয়হেতু অরহতো। যে তে মহারাজ সত্তা সকিলেসা, যেসঞ্চ অধিমত্তা অত্তানুদিট্ঠি, যে চ সুখদুক্খেসু উন্নতাবনতা, তে উপাদায় ভগবতা ভণিতং—"সব্বে তসন্তি দণ্ডস্স, সব্বে ভায়ন্তি মচ্চুনো'তি।" তস্মা অরহা ন তসতি
৫ সব্বভয়েহীতি।'

৯। 'নে'তং ভন্তে নাগসেন, বচনং সাবসেসং, নিরবসেসবচনমিদং সব্বেতি; তত্থ মে উত্তরিং কারণং ব্রূহি তং বচনং পতিট্ঠাপেতু'ন্তি।'

'ইধ মহারাজ, গামে গামসামিকো আণাপকং আণাপেয্য—"এহি ভো আণাপক, যাবতা গামে গামিকা, তে সব্বে সীঘং মম সন্তিকে সন্নিপাতেহীতি।" সো "সাধু
১০ সামীতি" সম্পটি'চ্ছিত্বা গামমজ্ঝে ঠত্বা তিক্খত্তুং সদ্দমনুসাবেয্য—"যাবতা গামে গামিকা তে সব্বে সীঘসীঘং সামিনো সন্তিকে সন্নিপতন্তু'তি," ততো তে গামিকা আণাপকস্স বচনেন তুরিততুরিতা সন্নিপতিত্বা গামসামিকস্স আরোচেন্তি—"সন্নিপতিতা

'এই প্রকারই মহারাজ, ভগবান্ অর্হদ্গণকে লক্ষ্য করিয়া এ কথা বলেন নাই, সে কথায় অর্হৎ পরিত্যক্ত হইয়াছিলেন; কেননা অর্হতের ভয়হেতু সম্যক্‌রূপে হত
১৫ হইয়াছে। মহারাজ, সেই যে সকল জীবের ক্লেশ বর্তমান, যাহাদের নিজের প্রতি দৃষ্টি অতিমাত্র, ও যাহারা সুখ-দুঃখে উন্নত-অবনত হয়, তাহাদিগকে লক্ষ্য করিয়া ভগবান্ বলিয়াছেন—"সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ'তে।" তজ্জন্য সমস্ত ভয়েই অর্হৎ ত্রাস প্রাপ্ত হন না।'

৯। 'ভদন্ত নাগসেন, "সকলে" এই কথাটি সাবশেষ নহে, এ কথাটি নিরবশেষ
২০ (অর্থাৎ ইহা কতকগুলিকে বুঝাইবে, আর অবশিষ্ট কতক বুঝাইবে না, তাহা নহে; ইহা সমগ্রকেই বুঝায়)। অতএব তদ্বিষয়ে ঐ কথাটিকে প্রতিষ্ঠিত রাখিবার জন্য আপনি আমাকে পরবর্তী কারণ বলুন।'

'মহারাজ, এখানে যদি কোন গ্রামে গ্রামস্বামী আজ্ঞাপককে (যে স্বামীর আজ্ঞা গ্রাম মধ্যে প্রচার করে, তাঁহাকে) আজ্ঞা করেন—"ওহে আজ্ঞাপক, এস, গ্রামে যে পরিমাণ
২৫ গ্রামবাসী আছে, তাহাদিগকে সকলকে আমার নিকটে শীঘ্র সম্মিলিত কর।" সে "স্বামী, ভাল" এই বলিয়া (আদেশ) গ্রহণপূর্ব্বক গ্রামমধ্যে আসিয়া তিনবার (এই) শব্দ শুনাইবে—"গ্রামে যে পরিমাণ গ্রামবাসী আছে, তাহারা সকলে শীঘ্র-শীঘ্র স্বামীর

নামি, সব্বে গামিকা, যন্তে করণীয়ং তং করোহীতি।” ইতি সো মহারাজ, গামসমিকো কুটিপুরিসে সন্নিপাতেন্তো সব্বে গাম্মিকে আণাপেতি, তে চ আণত্তা ন সব্বে সন্নিপতন্তি, কুটিপুরিসা যেব সন্নিপতন্তি, এত্তকা যেব মে গামিকা’তি গামসামিকো চ তথা সম্পটি’চ্ছতি; অঞ্ঞে বহুতরা অনাগতা ইত্থিপুরিসা দাসিদাসা ভতকা কম্মকরা

৫ গামিকা গিলানা গোমহিসা অজেলকা সুবানা; যে অনাগতা সব্বে তে অগণিতা, কুটিপুরিসে যেব উপাদায় আণাপিতত্তা—“সব্বে সন্নিপতন্তু’তি।” এবমেব খো মহারাজ, নে’তং বচনং ভগবতা অরহন্তে উপাদায় ভণিতং, ঠপিতো অরহা তস্মিং বত্থুস্মিং, সমূহতো ভয়হেতু অরহতো। যে তে মহারাজ, সত্তা সকিলেসা, যেসঞ্চ অধিমত্তা অত্তানুদিট্ঠি, যে চ সুখদুক্খেসু উন্নতাবনতা, তে উপাদায় ভগবতা ভণিতং—“সব্বে

১০ তসন্তি দণ্ডস্স সব্বে ভায়ন্তি মচ্চুনো’তি।” তস্মা অরহা ন তসন্তি সব্বভয়েহি।

১০। ‘অত্থি মহারাজ, সাবসেসং বচনং সাবসেসো অত্থো, অত্থি সাবসেসং বচনং

নিকটে সম্মিলিত হউক।” তদনন্তর সেই গ্রামবাসিগণ আজ্ঞাপকের কথায় শীঘ্র-শীঘ্র সম্মিলিত হইয়া গ্রামস্বামীকে বলে—“স্বামী, সমস্ত গ্রামবাসিগণ সম্মিলিত হইয়াছে, আপনার যাহা কার্য্য আছে, করুন।” মহারাজ, গ্রামস্বামী এইরূপে গৃহের

১৫ প্রধান ব্যক্তিগণকে (গৃহপতিগণকে) সম্মিলিত করাইবার জন্য সমস্ত গ্রামবাসীকে আজ্ঞা করেন, তাহারাও আজ্ঞপ্ত হইয়া সকলে সম্মিলিত হয় না,—গৃহের প্রধান ব্যক্তিগণই সম্মিলিত হয়, এবং গ্রামস্বামীও “এতগুলিই আমার গ্রামবাসী” এই মনে করিয়া সেইরূপ গ্রহণ করেন। কিন্তু অন্য বহুতর স্ত্রী-পুরুষ, দাসী-দাস, ভৃত্য-কর্ম্মকর, ভ্রমণ-কারী-রোগী, গো-মহিষ, ছাগ-মেষ ও কুকুর আসে না; যাহারা আসে না, সে সকলকে

২০ গণনা করা হয় না, কেননা, গৃহের প্রধান ব্যক্তিগণকে লক্ষ্য করিয়া আজ্ঞা দেওয়া হইয়াছিল—“সকলে সম্মিলিত হউক।” এই প্রকারই মহারাজ, ভগবান্ অর্হৎকে লক্ষ্য করিয়া এ কথা বলেন নাই, সে কথায় অর্হৎ পরিত্যক্ত হইয়াছিলেন, কেননা, অর্হতের সমস্ত ভয়হেতু সম্যক্‌রূপে হত হইয়াছে। মহারাজ, যে সকল জীবের ক্লেশ বর্ত্তমান, যাহাদের নিজের প্রতি দৃষ্টি অত্যধিক, ও যাহারা সুখ-দুঃখে উন্নত-অবনত,

২৫ সেই সকলকে লক্ষ্য করিয়া ভগবান্ বলিয়াছেন—“সবে ত্রস্ত দণ্ডে, সবে ভীত মৃত্যু হ’তে।” তজ্জন্য সকল ভয়েই অর্হৎ ত্রাস প্রাপ্ত হন না।

১০। মহারাজ, এমন সাবশেষ কথা আছে, যাহার অর্থ সাবশেষ হয়; আবার

নিরবসেসো অত্থো ; অত্থি নিরবসেসং বচনং সাবসেসো অত্থো, অত্থি নিরবসেসং বচনং নিরবসেসো অত্থো ; তেন তেন অত্থো সম্পটি'চ্ছিতব্‌বো। পঞ্চবিধেন মহারাজ, অত্থো সম্পটি'চ্ছিতব্‌বো—আহচ্চপদেন খো মহারাজ, রসেন, আচরিয়বংসতায়, অধিপ্পায়া, কারণু'ত্তরিয়তায়। এত্থ হি আহচ্চপদ'ন্তি সুত্তং অধিপ্পেতং, রসো'তি সুত্তানুলোমং, ৫ আচরিয়বংসো'তি আচরিয়বাদো, অধিপ্পায়ো'তি অত্তনো মতি, কারণু'ত্তরিয়তা'তি ইমেহি চতুহি সমেতং কারণং। ইমে হি খো মহারাজ, পঞ্চহি কারণেহি অত্থো সম্পটি'চ্ছিতব্‌বো। এবমেসো পঞ্‌হো সুবিনিচ্ছিতো হোতীতি।'

১১। 'হোতু ভন্তে নাগসেন, তথা তং সম্পটি'চ্ছামি, ঠপিতো হোতু অরহা তস্মিং বত্থুস্মিং, তসন্তু অবসেসা সত্তা। নিরয়ে পন নেরয়িকা সত্তা দুক্‌খা তিপ্পা কটুকা ১০ বেদনা বেদিয়মানা, জলিতপজ্জলিতসব্‌ব'ঙ্গপচ্চঙ্গা রুণ্ণকারুঞ্ঞকন্দিতপরিদেবিত-লালপ্পিতমুখা, অসয়্‌হতিব্‌বদুক্‌খাভিভূতা, অত্তাণা, অসরণা, অসরণীভূতা, অনপ্প-সোকাতুরা, অন্তিমপচ্ছিমগতিকা, একন্তসোকপরায়না, উণ্হতিক্‌খিণচণ্ডখরতপন-

এমনও সাবশেষ কথা আছে, যাহার অর্থ নিরবশেষ। এমন নিরবশেষ কথা আছে, যাহার অর্থ সাবশেষ ; আবার এমনও নিরবশেষ কথা আছে, যাহার অর্থ নিরবশেষ। ১৫ অতএব সেই সেই রূপেই অর্থ গ্রহণ করিতে হয়। মহারাজ পঞ্চ প্রকারে অর্থগ্রহণ করিতে হয়, যথা—পদযোজনা দ্বারা, রস দ্বারা, আচার্য্যবংশ দ্বারা অভিপ্রায় দ্বারা, ও কারণশ্রেষ্ঠত্ব দ্বারা। এখানে পদযোজনা-শব্দে সূত্র (অর্থাৎ সূত্রলব্ধ অর্থ) অভিপ্রেত হইয়াছে, রস-শব্দে সূত্রের অনুকূল ভাব, আচার্য্যবংশ-শব্দে আচার্য্যবাদ (অর্থাৎ আচার্য্যেরা যাহা বলেন), অভিপ্রায়-শব্দে নিজের মতি ২০ (অর্থাৎ বুদ্ধি), এবং কারণশ্রেষ্ঠত্ব-শব্দে এই (পূর্ব্বোক্ত) চারিটির সহিত সঙ্গত কারণ ; মহারাজ এই পঞ্চবিধ কারণের দ্বারা অর্থ গ্রহণ করিতে হয়। এবং এই প্রকারেই এই প্রশ্নের (উত্তর) সুনিশ্চিত হয়।'

১১। 'হউক ভদন্ত নাগসেন, সেইরূপেই আমি তাহা স্বীকার করিতেছি ; সেই কথায় অর্হৎ পরিত্যক্ত হউন, এবং অবশিষ্ট জীবেরা ত্রাস প্রাপ্ত হউক। কিন্তু নিরয়ে ২৫ সেই নৈরয়িক জীবেরা—যাহারা দুঃখকর তীব্র ও কটু বেদনাসমূহ অনুভব করে, যাহাদের অঙ্গপ্রত্যঙ্গসমূহ জ্বলিত-প্রজ্বলিত, যাহাদের মুখ রোদন, কারুণ্য, ক্রন্দন, পরিদেবনা ও অনুতাপে পরিপূর্ণ, যাহারা অসহ্য তীব্র দুঃখের দ্বারা অভিভূত, যাহাদের ত্রাণ নাই, শরণ নাই, অবলম্বন নাই, যাহারা অনল্প শোকে আতুর, যাহাদের অন্তিম চরম দশা উপস্থিত, যাহারা একান্ত শোকপরায়ণ, যাহারা উষ্ণ তীক্ষ্ণ চণ্ড প্রখর ও

তেজবন্তা, ভীমভয়জনকনিনাদমহাসদ্দা, সংসিব্বিতছব্বিধজালামালাকুলা, সমন্তা সতযোজনানুফরণ'চ্চিবেগা, কদরিয়া তপনা মহানিরয়া চবমানা মচ্চুনো ভায়ন্তীতি ?'

'আম মহারাজা'তি।'

৫ 'নন্বু ভন্তে নাগসেন, নিরয়ো এক'ন্তদুক্খবেদনিয়ো; কিস্স পন তে নেরয়িকা সত্তা এক'ন্তদুক্খবেদনিয়া নিরয়া চবমানা মচ্চুনো ভায়ন্তি? কিস্স নিরয়ে রমন্তীতি ?'

'ন তে মহারাজ, নেরয়িকা সত্তা নিরয়ে রমন্তি, মুচ্চিতুকামা'ব তে নিরয়া; মরণস্সে'সো মহারাজ, আনুভাবো, যেন তেসং সন্তাসো উপ্পজ্জতীতি।'

১০ 'এতং খো ভন্তে নাগসেন, ন সদ্দহিস্সামি যং মুচ্চিতুকামানং চুতিয়া সন্তাসো উপ্পজ্জতি; হাসনীয়ং ভন্তে নাগসেন, তং ঠানং যং তে পত্থিতং লভন্তি। কারণেন মং সঞ্ঞাপেহীতি।'

তাপকর (অগ্নি) তেজের দ্বারা যুক্ত, যাহারা ভীম-ভয়ানক চীৎকার ও মহাশব্দ করিতেছে, এবং যাহারা সংস্যূত ষড়্বিধ জ্বালায় আকুল, সেই সমস্ত জীব—চারিদিকে

১৫ শতযোজনপর্য্যন্ত স্ফুরণকারী অগ্নি-জ্বালার বেগযুক্ত কদর্য্য তাপপ্রদ মহানিরয় হইতে চ্যুত হইবার সময় কি মৃত্যু হইতে ভয় প্রাপ্ত হয় ?'

'হাঁ মহারাজ।'

'ভদন্ত নাগসেন, নিরয়ে ত একান্ত দুঃখ অনুভব করিতে হয়, তবে কি জন্য নৈরয়িক জীবসমূহ তাদৃশ নিরয় হইতে চ্যুত হইবার সময় মৃত্যু হইতে ভয় প্রাপ্ত

২০ হয় ? কেন, তাহারা কি নিরয়ে (আনন্দে) বিহার করে ?'

'মহারাজ, নৈরয়িক জীবসমূহ নিরয়ে বিহার করে না; তাহারা নিরয় হইতে মুক্তিকেই ইচ্ছা করে। কিন্তু মহারাজ, যাহা দ্বারা তাহাদের সন্ত্রাস উৎপন্ন হয়, তাহা মরণেরই প্রভাব।'

'ভদন্ত নাগসেন, ইহা আমি শ্রদ্ধা করি না যে, (নিরয় হইতে) মুক্তিকামগণের

২৫ (তথা হইতে) চ্যুতি হওয়ায় সন্ত্রাস উৎপন্ন হয়। ভদন্ত নাগসেন, তাহারা যে-প্রার্থিত স্থান লাভ করে, তাহা ত আনন্দযোগ্য হইবে। আপনি কারণ দ্বারা আমাকে বুঝাইয়া দিন।'

১২। 'মরণ'ন্তি খো মহারাজ, এতং অদিট্‌ঠসচ্চানং তাসনিয়ং ঠানং; এখায়ং জনো তসতি চ উব্‌বিজ্জতি চ। যো চ মহারাজ, কণ্‌হসপ্পস্‌স ভায়তি, সো মরণস্‌স ভায়ন্তো কণ্‌হসপ্পস্‌স ভায়তি, যো চ হত্থিস্‌স ভায়তি—পে—সীহস্‌স, ব্যগ্ঘস্‌স, দীপিস্‌স, অচ্ছস্‌স, তরচ্ছস্‌স, মহিসস্‌স, গবযস্‌স, অগ্‌গিস্‌স, উদকস্‌স, খাণুকস্‌স, কণ্টকস্‌স ভায়তি, যো চ সত্তিয়া ভায়তি, সো মরণস্‌স ভায়ন্তো সত্তিয়া ভায়তি। মরণস্‌সে'সো মহারাজ, সরসভাবতেজো; তস্‌স সরসভাবতেজেন সকিলেসা সত্তা মরণস্‌স তসন্তি ভায়ন্তি। মুচ্চিতুকামা'পি মহারাজ, নেরয়িকা সত্তা মরণস্‌স তসন্তি ভায়ন্তি।

১৩। 'ইধ মহারাজ, পুরিসস্‌স কায়ে মেদোগণ্ঠি উপ্পজ্জেয্য, সো তেন রোগেন দুক্‌খিতো উপদ্দবা পরিমুচ্চিতুকামো ভিসক্কং সল্লকত্তং আমন্তাপেয্য, তস্‌স সো ভিসক্কো সল্লকত্তো সম্পটি'চ্ছিত্বা তস্‌স রোগস্‌স উদ্ধরণায় উপকরণং উপট্‌ঠাপেয্য— সত্থকং তিখিণং করেয্য, দহনসলাকা অগ্‌গিম্‌হি পক্‌খিপেয্য, খারলবণং নিসদায়

১২। 'মহারাজ, যাহারা সত্যকে (অথবা চতুর্ব্বিধ আর্য্যসত্যকে) দর্শন করে নাই, তাহাদের সম্বন্ধে 'মরণ' ইহা একটি ত্রাসযোগ্য স্থান; এই লোক ইহাতে ভীত ও উদ্বিগ্ন হয়। মহারাজ, যে ব্যক্তি কৃষ্ণসর্প হইতে ভয় পায়, সে মরণ হইতে ভয় পাইয়াই কৃষ্ণসর্প হইতে ভয় পায়। যে ব্যক্তি হস্তী হইতে, বা সিংহ, ব্যাঘ্র, দ্বীপী, ভল্লুক, তরক্ষু, মহিষ, গবয়, অগ্নি, জল, স্থাণু, কণ্টক বা শক্তি (অস্ত্র) হইতে ভয় প্রাপ্ত হয়, সে মৃত্যু হইতে ভয় প্রাপ্ত হইয়াই তাহা হইতে ভয় প্রাপ্ত হয়। মহারাজ, মরণের ইহা স্বাভাবিক তেজ। মরণের স্বাভাবিক তেজহেতু ক্লেশযুক্ত জীবগণ মরণ হইতে ত্রাস প্রাপ্ত হয়, ভয় প্রাপ্ত হয়। মুক্তিকাম হইলেও মহারাজ, নৈরয়িক জীবগণ ত্রস্ত ও ভীত হয়।

১৩। 'মহারাজ, এখানে যদি কোন লোকের শরীরে মেদোগ্রন্থি (মেদোরোগ-জনিত স্ফোটক) উৎপন্ন হয়, তবে সে সেই রোগে দুঃখিত হইয়া উপদ্রব হইতে পরিমুক্তিকামনায় শল্যকর্ত্তা (অস্ত্রপ্রয়োগকারী) চিকিৎসককে আহ্বান করায়, শল্যকর্ত্তা চিকিৎসক তাহার (আহ্বান) স্বীকার করিয়া তাহার রোগের উদ্ধারের জন্য উপকরণসমূহ উপস্থাপিত করিবেন; তিনি শস্ত্র তীক্ষ্ণ করিবেন, দহনশলাকা অগ্নিতে (গরম করিবার জন্য) প্রক্ষিপ্ত করিবেন, এবং ক্ষার-লবণ শিলপাটায় পেষণ করাইবেন; মহারাজ, (সেই মেদোগ্রন্থিকে) তীক্ষ্ণ শস্ত্র দ্বারা ছেদন করায়, শলাকা-

পিংসাপেয্য ; অপি নু খো মহারাজ, তস্স আতুরস্স তিখিণসত্থকচ্ছেদনেন যমক-সলাকাদহনেন খারলোণপ্পবেসনেন তাসো উপ্পজ্জেয্যা’তি ?’

‘আম ভন্তে’তি।’

‘ইতি মহারাজ, তস্স আতুরস্স রোগা মুচ্চিতুকামস্সাপি বেদনাভয়া সন্তাসো উপ্পজ্জতি। এবমেব খো মহারাজ, নিরয়া মুচ্চিতুকামানম্’পি নেরয়িকানং সত্তানং মরণভয়া সন্তাসো উপ্পজ্জতি।

১৪। ‘ইধ মহারাজ, পুরিসো ইস্সরাপরাধিকো বদ্ধো সঙ্খলিকবন্ধনেন গব্ভে পক্খিত্তো পরিমুচ্চিতুকামো অস্স, তমেনং সো ইস্সরো মোচেতুকামো পক্কোসাপেয্য ; অপি নু খো মহারাজ, তস্স ইস্সরাপরাধিকস্স পুরিসস্স কতদোসো অহ’ন্তি জানন্তস্স ইস্সরদস্সনেন সন্তাসো উপ্পজ্জেয্যা’তি ?’

‘আম ভন্তে’তি।’

‘ইতি মহারাজ, তস্স ইস্সরাপরাধিকস্স পুরিসস্স মুচ্চিতুকামস্সাপি ইস্সরভয়া সন্তাসো উপ্পজ্জতি। এবমেব খো মহারাজ, নিরয়া মুচ্চিতুকামানম্’পি নেরয়িকানং সত্তানং মরণভয়া সন্তাসো উপ্পজ্জতীতি।’

যুগ্মদ্বারা দহন করায়, এবং (তাহাতে) ক্ষার-লবণ প্রবেশ করায় কি সেই আতুরের ত্রাস উৎপন্ন হইবে ?’

‘হাঁ ভদন্ত।’

‘এইরূপে মহারাজ, রোগ হইতে মুক্তিকাম সেই আতুরের বেদনাভয়ে যেমন সন্ত্রাস উৎপন্ন হয়, এই প্রকারেই মহারাজ, নিরয় হইতে মুক্তিকাম হইলেও নৈরয়িক জীবগণের মরণভয়ে সন্ত্রাস উৎপন্ন হয়।

১৪। ‘মহারাজ, এখানে যদি কোনো লোক প্রভুর নিকট অপরাধ করিয়া বদ্ধ ও শৃঙ্খলাবন্ধনে গর্ভগৃহে প্রক্ষিপ্ত হইয়া পরিমুক্তি ইচ্ছা করে, এবং সেই প্রভু যদি মোচন করিবার জন্য তাহাকে আহ্বান করান, তবে মহারাজ, প্রভুর নিকটে সেই অপরাধী ব্যক্তির—যে জানে যে, ‘আমি দোষ করিয়াছি’,—প্রভুর দর্শনে সন্ত্রাস উৎপন্ন হইবে ?’

‘হাঁ ভদন্ত।’

‘এইরূপে মহারাজ, প্রভুর নিকটে সেই অপরাধী ব্যক্তি মুক্তিকাম হইলেও, প্রভুর দর্শনে যেমন তাহার সন্ত্রাস উৎপন্ন হয়, এইরূপই মহারাজ, নিরয় হইতে মুক্তি-কাম হইলেও, নৈরয়িক জীবগণের মরণভয়ে সন্ত্রাস উৎপন্ন হয়।’

'অপরম্'পি ভন্তে, উত্তরিং কারণং ব্রূহি, যেনাহং কারণেন ওকপ্পেয্য'ন্তি।'

'ইধ মহারাজ, পুরিসো দট্ঠবিসেন আসীবিসেন দট্ঠো ভবেয্য, সো তেন বিস-বিকারেন পতেয্য উপ্পতেয্য, বট্টেয্য পবট্টেয্য; অথ'ঞ্ঞতরো পুরিসো বলবন্তেন মন্তপদেন তং দট্ঠবিসং আসীবিসং আনেত্বা তং দট্ঠবিসং পচ্চাচমাপেয্য; অপি নু

৫ খো মহারাজ, তস্স বিসগতস্স পুরিসস্স তস্মিং দট্ঠবিসে সপ্পে সোত্থিহেতু উপ-গচ্ছন্তে সন্তাসো উপ্পজ্জেয্যা'তি?'

'আম ভন্তে'তি।'

'ইতি মহারাজ, তথারূপে অহিম্হি সোত্থিহেতু'পি উপগচ্ছন্তে তস্স সন্তাসো উপ্পজ্জতি; এবমেব খো মহারাজ, নিরয়া পরিমুচ্চিতুকামানম্'পি নেরয়িকানং সত্তানং

১০ মরণভয়া সন্তাসো উপ্পজ্জতি। অনিট্ঠং মহারাজ, সব্বসত্তানং মরণং, তস্মা নেরয়িকা সত্তা নিরয়া পরিমুচ্চিতুকামা'পি মচ্চুনো ভায়ন্তীতি।'

'সাধু ভন্তে নাগসেন! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি।'

'ভদন্ত, আরও পরবর্তী কারণ বলুন, যাহাতে আমি (ইহা) সম্ভাবনা করিতে পারি।'

১৫ 'মহারাজ, এখানে যদি কোন পুরুষ বিষধর আশীবিষ দ্বারা দষ্ট হইয়া, বিষবিকারে উঠে-পড়ে ও ওলট্-পালট্ করে, এবং পরে অন্য কোনো লোক বলবৎ মন্ত্রপদের দ্বারা যদি সেই বিষধর সর্পকে আনয়ন করিয়া সেই বিষকে তাহারই দ্বারা আবার পান করায়, তবে, মহারাজ, যখন সেই বিষধর সর্প তাহার স্বস্তির জন্য তাহার নিকট উপস্থিত হয়, তখন কি সেই লোকটির সন্ত্রাস উৎপন্ন হয়?'

২০ 'হাঁ ভদন্ত।'

'মহারাজ, এইরূপে যেমন স্বস্তির জন্য হইলেও তাদৃশ সর্পে তাহার সন্ত্রাস উপস্থিত হয়, এই প্রকারই মহারাজ, নিরয় হইতে পরিমুক্তিকাম হইলেও নৈরয়িক জীবসমূহের মরণভয়ে সন্ত্রাস উপস্থিত হয়। মহারাজ, মরণ সমস্ত জীবের অনভিলষিত; তজ্জন্য নৈরয়িক জীবগণ নিরয় হইতে পরিমুক্তিকাম হইলেও মৃত্যু হইতে ভীত হয়।'

২৫ 'সাধু ভদন্ত নাগসেন! ইহা এইরূপ; আমি এই প্রকারই স্বীকার করিতেছি।'

১৫। 'ভন্তে নাগসেন, ভাসিতম্'পে'তং ভগবতা—

"ন অন্তলিক্খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্বতানং বিবরং পবিস্স।
ন বিজ্জতী সো জগতি-প্পদেসো
৫ যত্থ-ট্ঠিতো মুচ্চেয্য মচ্চুপাসা'তি॥"

পুন চ ভগবতা পরিত্তা চ উদ্দিট্ঠা ; সেয্যথীদং—রতনসুত্তং, খন্ধপরিত্তং, মোর-পরিত্তং, ধজগ্গপরিত্তং, আটানাটিয়পরিত্তং, অঙ্গুলিমালপরিত্তং। যদি ভন্তে নাগ-সেন, আকাসগতো'পি সমুদ্দমজ্ঝগতো'পি পাসাদকুটিলেণগুহাপব্ভারদরীবিলবিবর-পব্বত'ন্তরগতো'পি ন মুচ্চতি মচ্চুপাসা, তেন হি পরিত্তকম্মং মিচ্ছা। যদি পরিত্ত-
১০ করণেন মচ্চুপাসা পরিমুত্তি ভবতি, তেন হি "ন অন্তলিক্খে—পে—মচ্চুপাসা'তি" তম্'পি বচনং মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো গণ্ঠিতো'পি গণ্ঠিতরো তবানুপ্পত্তো, সো তয়া নিব্বাহিতব্বো'তি।'

১৬। 'ভাসিতম্'পে'তং মহারাজ ভগবতা—

মৃত্যুপাশ ও পরিত্র

১৫ ১৫। ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—

"নহে অন্তরীক্ষে, নহে সমুদ্রের মাঝে,
পর্ব্বতের বিবরেতে প্রবেশিয়া নহে ;
নহে বিদ্যমান সেই প্রদেশ জগতে,
যেখানে থাকিয়া মৃত্যুপাশমুক্ত হবে।"

২০ আবার ভগবান্ পরিত্রাসমূহও কীর্ত্তন করিয়াছেন, যথা—রত্নসূত্র, স্কন্ধপরিত্র, ময়ূরপরিত্র, ধ্বজাগ্রপরিত্র, আটানাটীয়পরিত্র, ও অঙ্গুলীমালপরিত্র। ভদন্ত নাগসেন, যদি আকাশে গেলেও, সমুদ্রমধ্যে গেলেও অথবা প্রাসাদ-কুটী, গহ্বর-গুহা, শৃঙ্গ-দরী, বিল-বিবর, বা পর্ব্বতাভ্যন্তরে গেলেও মৃত্যুপাশ হইতে মুক্ত হওয়া যায় না, তাহা হইলে পরিত্র-কার্য্য মিথ্যা। আর যদি পরিত্র-অনুষ্ঠানে মৃত্যুপাশ হইতে পরিমুক্ত
২৫ হওয়া যায়, তবে, "নহে অন্তরীক্ষে......" ইত্যাদি কথাও মিথ্যা। ইহাও গ্রন্থিল হইতেও গ্রন্থিলতর উভয়কোটিক প্রশ্ন ; ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে, আপনাকে ইহার নিষ্পত্তি করিতে হইবে।'

'মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—

"ন অন্তলিক্খে ন সমুদ্দমজ্ঝে
ন পব্বতানং বিবরং পবিস্স।
ন বিজ্জতী সো জগতি-প্পদেসো
যত্থ-ট্ঠিতো মুঞ্চেয্য মচ্চুপাসা'তি॥"

৫ পরিত্তা চ ভগবতা উদ্দিট্ঠা। তঞ্চ পন সাবসেসাযুকস্স বয়সম্পন্নস্স অপেতকম্মাবরণস্স; ন'ত্থি মহারাজ খীণাযুকস্স ঠিতিয়া কিরিয়া বা উপক্কমো বা। যথা মহারাজ, মতস্স রুক্খস্স সুক্খস্স কোলাপস্স নিস্নেহস্স উপরুদ্ধজীবিতস্স গতাযুসঙ্খারস্স কুম্ভসহস্সেন'পি উদকে আকিরন্তে অল্লত্তং বা পল্লবিতহরিতভাবো বা ন ভবেয্য, এবমেব খো মহারাজ, ভেসজ্জপরিত্তকম্মেন ন'ত্থি খীণাযুকস্স ঠিতিয়া

১০ কিরিয়া উপক্কমো বা। যানি তানি মহারাজ, মহিয়া ওসধানি ভেসজ্জানি, তানি'পি খীণাযুকস্স অকিচ্চকরানি ভবন্তি; সাবসেসাযুকং মহারাজ, বয়সম্পন্নং অপেতকম্মাবরণং পরিত্তং রক্খতি গোপেতি; তস্স'ত্থায় ভগবতা পরিত্তা উদ্দিট্ঠা। যথা মহারাজ, কস্সকো পরিপক্কে ধঞ্ঞে, মতে সস্সনালে উদকপ্পবেসং বারেয্য, যং পন সস্সং তরুণং

"নহে অন্তরীক্ষে, নহে সমুদ্রের মাঝে,
১৫ পর্ব্বতের বিবরেতে প্রবেশিয়া নহে;
নহে বিদ্যমান সেই প্রদেশ জগতে,
যেখানে থাকিয়া মৃত্যুপাশমুক্ত হবে।"

এবং পরিত্রা-সমূহও কীর্ত্তন করিয়াছেন। কিন্তু ইহা সেই ব্যক্তির জন্য, যাঁহার আয়ু অবশিষ্ট আছে, যিনি বয়ঃসম্পন্ন, এবং যাঁহার কর্ম্মরূপ আবরণ (প্রতিবন্ধ)

২০ অপগত। মহারাজ, ক্ষীণায়ু ব্যক্তির, স্থিতির জন্য কোন ক্রিয়া বা আরম্ভ নাই। মহারাজ, যেমন কোন শুষ্ক নিঃসার নীরস উপরুদ্ধজীবন বিগতায়ুসংস্কার মৃত বৃক্ষকে সহস্র কুম্ভ দ্বারা আনীত জলে আকীর্ণ করিলেও তাহার আর্দ্রতা, বা পল্লবিততা, বা হরিতভাব হয় না; এইরূপই মহারাজ, যাহার আয়ু ক্ষীণ হইয়া গিয়াছে, ভৈষজ্যকর্ম্ম বা পরিত্রকর্ম্ম দ্বারা তাহার স্থিতির জন্য কোন ক্রিয়া বা আরম্ভ হয় না।

২৫ মহারাজ, পৃথিবীতে যে সমস্ত ঔষধ বা ভৈষজ্য আছে, ক্ষীণায়ু ব্যক্তির তাহারা কোন কার্য্যই করে না। মহারাজ, যে ব্যক্তি আয়ুবিশিষ্ট ও বয়ঃসম্পন্ন, এবং যাহার কর্ম্মরূপ আবরণ অপগত, তাহাকেই পরিত্র রক্ষা ও ত্রাণ করে; ভগবান্ তাহার জন্যই পরিত্র কীর্ত্তন করিয়াছেন। মহারাজ, যেমন ধান্য পরিপক্ক হইয়া শস্য

মেঘসন্নিভং বয়সম্পন্নং, তং উদকবড্ঢিয়া বড্ঢতেতি, এবমেব খো মহারাজ, খীণায়ুকস্স ভেসজ্জপরিত্তকিরিয়া ঠপিতা পটিক্খিত্তা ; যে পন তে মনুস্সা সাবসেসায়ুকা বয়সম্পন্না, তেসং অথায় পরিত্তভেসজ্জানি ভণিতানি, তে পরিত্তভেসজ্জেহি বড্ঢন্তীতি।'

১৭। 'যদি ভন্তে নাগসেন, খীণায়ুকো মরতি, সাবসেসায়ুকো জীবতি, তেন হি পরিত্তভেসজ্জানি নিরত্থকানি হোন্তীতি।'

'দিট্ঠপুব্বো পন তয়া মহারাজ, কোচি রোগো ভেসজ্জেহি পতিনিবত্তিতো'তি ?'

'আম ভন্তে ; অনেকসতানি দিট্ঠানীতি।'

'তেন হি মহারাজ, পরিত্তভেসজ্জকিরিয়া নিরত্থিকা'তি যং বচনং তং মিচ্ছা ভবতীতি।'

'দিস্সন্তি ভন্তে নাগসেন, বেজ্জানং উপকমে ভেসজ্জপানানুলেপা, তেন তেসং উপকমেন রোগো পতিনিবত্ততীতি।'

'পরিত্তানি'পি মহারাজ, পবত্তয়মানানং সদ্দো সুয়তি, জিব্হা সুক্খতি, হদয়ং

প্রাণ মৃত হইলে কৃষক (ক্ষেত্রে) জল প্রবেশ নিবারণ করে, কিন্তু যে শস্য তরুণ ও মেঘসন্নিভ (শ্যামল) এবং বয়ঃসম্পন্ন, তাহা (কৃষকের) জলের বৃদ্ধিতে বৃদ্ধিপ্রাপ্ত হয় ; এইরূপই মহারাজ, ক্ষীণায়ু ব্যক্তির ভৈষজ্য ও পরিত্র কর্ম্ম পরিত্যাক্ত ও নিরস্ত করা হইয়াছে ; কিন্তু যে সকল মনুষ্য সাবশেষায়ু ও বয়ঃসম্পন্ন, তাহাদেরই জন্য পরিত্র ও ভৈষজ্য-সমূহ হইয়াছে, তাহারা পরিত্র ও ভৈষজ্য সমূহের দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে।'

১৭। 'ভদন্ত নাগসেন, যদি ক্ষীণায়ু ব্যক্তি মৃত হয়, আর সাবশেষায়ু ব্যক্তি জীবিত থাকে, তাহা হইলে পরিত্র ও ভৈষজ্যসমূহ নিরর্থক।'

'মহারাজ, আপনি কি পূর্ব্বে এমন কোন রোগ দেখিয়াছেন, যাহা ভৈষজ্যসমূহের দ্বারা প্রতিনিবর্ত্তিত হইয়াছিল ?'

'হাঁ ভদন্ত ; অনেক শত দর্শন করিয়াছি।'

'তাহা হইলে মহারাজ, পরিত্র ও ভৈষজ্য-ক্রিয়াসমূহ নিরর্থক, এই যে কথা, তাহা মিথ্যা।'

'ভদন্ত নাগসেন, বৈদ্যগণের কার্য্যে ভৈষজ্য পান ও অনুলেপন দেখিতে পাওয়া যায় ; এবং তাঁহাদের সেই কার্য্য দ্বারা রোগ প্রতিনিবৃত্ত হয়।'

'মহারাজ, যাহারা পরিত্রসমূহ উচ্চারণ করে, তাহাদেরও শব্দ শুনিতে পাওয়া যায়,

ব্যাবট্টতি, কণ্ঠো আকুরতি; তেন তেনং পবত্তেন সব্বব্যাধযো বূপসমন্তি, সব্বা ঈতিয়ো অপগচ্ছন্তি। দিট্ঠপুব্বো পন তয়া মহারাজ, কোচি অহিনা দট্ঠো মন্তপদেন বিসং পাবিয়মানো, বিসং চিক্খসন্তো উদ্ধমধো আচময়মানো'তি?'

'আম ভন্তে; অজ্জে'তরহি'পি তং লোকে বত্ততী'তি।'

৫ 'তেন হি মহারাজ, পরিত্তভেসজ্জকিরিয়া নিরত্থিকা'তি যং বচনং, তং মিচ্ছা ভবতি। কতপরিত্তং হি মহারাজ, পুরিসং ডসিতুকামো অহি ন ডসতি, বিবটং মুখং পিদহতি; চোরানং উক্খিত্তলগুলম্'পি ন সম্ভবতি, তে লগুলং মুঞ্চিত্বা পেমং করোন্তি; কুপিতো'পি হত্থিনাগো সমাগন্ত্বা উপরমতি; পজ্জলিতমহা-অগ্গিক্খন্ধো'পি উপগন্ত্বা নিব্বায়তি; বিসং হলাহলম্'পি খাযিতং অগদং সম্পজ্জতি, আহার'ত্থং বা

১০ ফরতি; বধকা হন্তুকামা উপগন্ত্বা দাসভূতা সম্পজ্জন্তি; অক্কন্তো'পি পাসো ন সংবরতি।

১৮। 'ভূতপুব্বং তয়া মহারাজ, মোরস্স কতপরিত্তস্স বস্সসতানি লুদ্দকো নাসক্খি পাসং উপনেতুং, অকতপরিত্তস্স তং যেব দিবসং পাসং উপনেসী'তি?'

জিহ্বা শুষ্ক হয়, হৃদয় চঞ্চল হয়, এবং কণ্ঠ শব্দিত হয়, এবং সেই উচ্চারণের দ্বারা

১৫ তাহাদের সমস্ত ব্যাধি উপশান্ত হয়, এবং সমস্ত উপদ্রব অপগত হয়। মহারাজ, আপনি কি পূর্ব্বে এমন কোন সর্পদষ্ট ব্যক্তিকে দেখিয়াছেন, যাহার বিষ মন্ত্রপ্রভাবে (সেই দংশনকারী সর্পের দ্বারাই পান করান) হয়, এবং যে ব্যক্তি বিষ (শরীরের) উপরে বা নীচে আছে ইহা বলিবার জন্য (ঔষধবিশেষ) পান করে?'

'হাঁ ভদন্ত; আজ এখনো লোকে তাহা বর্ত্তমান আছে।'

২০ 'তাহা হইলে মহারাজ, পরিত্র ও ভৈষজ্য-ক্রিয়া নিরর্থক, এই যে কথা, তাহা মিথ্যা। মহারাজ, যে ব্যক্তি পরিত্র করিয়াছে, সর্প তাহাকে দংশন করিতে ইচ্ছা করিয়াও দংশন করে না, তাহার বিবৃত বদনকে বন্ধ করিয়া ফেলে; তাহার নিকটে চৌরগণের লগুড়ের উৎক্ষিপ্ত হইবার সম্ভাবনা থাকে না, তাহারা লগুড় নিক্ষেপ করিয়া তাহার সহিত প্রণয় করে; কুপিত হস্তিশ্রেষ্ঠও তাহার নিকট সমাগত হইয়া থামিয়া যায়; প্রজ্বলিত

২৫ মহান্ অগ্নিরাশিও সমাগত হইয়া নির্ব্বাণ হয়; তিনি হলাহল বিষ পান করিলেও তাহা অরোগ্যকর হয়, বা খাদ্যরূপে পরিণত হয়; বধেচ্ছু হত্যাকারিগণ সমাগত হইয়া দাসভূত হইয়া পড়ে; এবং পাশ গৃহীত হইলেও তাহা বন্ধন করে না।

১৮। 'মহারাজ, আপনি কি পূর্ব্বে শুনিয়াছেন যে, ময়ূর পরিত্র করায় ব্যাধ সপ্ত শত বৎসর পর্য্যন্ত পাশ উপস্থাপিত করিতে পারে নাই, কিন্তু পরিত্র না করায় সেই

৩০ দিনই সে পাশ উপস্থাপিত করিয়াছিল?'

'আম ভন্তে, সূয়তি; অব্ভুগ্গতো সো সদ্দো সদেবকে লোকে'তি।'

'তেন হি মহারাজ, পরিত্তভেসজ্জকিরিয়া নিরত্থিকা'তি যং বচনং, তং মিচ্ছা ভবতি। ভূতপুব্বং পন তয়া মহারাজ, দানবো ভরিয়ং পরিরক্খন্তো সমুগ্গে পক্খিপিত্বা গিলিত্বা কুচ্ছিনা পরিহরতি; অথেকো বিজ্জাধরো তস্স দানবস্স মুখেন

৫ পবিসিত্বা তায় সদ্ধিং অভিরমতি; যদা সো দানবো অঞ্ঞাসি, অথ সমুগ্গং বমিত্বা বিবরি, সহ সমুগ্গে বিবটে বিজ্জাধরো যেন কামং পক্কমীতি?'

'আম ভন্তে, সূয়তি; অব্ভুগ্গতো সো'পি সদ্দো সদেবকে লোকে'তি।'

'নমু সো মহারাজ, বিজ্জাধরো পরিত্তবলেন গহণা মুত্তো'তি?'

'আম ভন্তে'তি।'

১০ 'তেন হি মহারাজ, অত্থি পরিত্তবলং। ভূতপুব্বং তয়া মহারাজ, অপরো বিজ্জাধরো বারাণসিরঞ্ঞো অন্তেপুরে মহেসিয়া সদ্ধিং সম্পদুট্ঠো গহণং পত্তো সমানো খণেন অদস্সনং গতো মন্তবলেনা'তি?'

'হাঁ ভদন্ত; শুনিতে পাওয়া যায়, সদেব (মনুষ্য-) লোকে সেই শব্দ অভ্যুদ্গত হইয়াছে।'

১৫ 'তাহা হইলে মহারাজ, পরিত্র ও ভৈষজ্য-ক্রিয়া নিরর্থক, এই যে কথা, তাহা মিথ্যা। মহারাজ, আপনি কি পূর্ব্বে শুনিয়াছেন যে, কোন দানব স্ত্রীকে (ব্যভিচার হইতে) রক্ষা করিবার জন্য কৌটার মধ্যে নিক্ষিপ্ত করিয়া গিলিয়া ফেলিয়াছিল ও সেইরূপে কুক্ষি দ্বারা তাহাকে বহন করিতেছিল; অনন্তর এক বিদ্যাধর সেই দানবের মুখের দ্বারা প্রবেশ করিয়া তাহার (সেই স্ত্রীর) সহিত কেলি করিতে থাকে,

২০ এবং সেই দানব যখন তাহা জানিতে পারিল, তখন ঐ কৌটা বমন করিয়া খুলিয়া ফেলিল, ও কৌটা খুলা হইলেই বিদ্যাধর যথেচ্ছরূপে চলিয়া গিয়াছিল?'

'হাঁ ভদন্ত; শুনিতে পাওয়া যায়, সদেব (মনুষ্য-) লোকে এই শব্দ অভ্যুদ্গত হইয়াছে।'

'মহারাজ, সেই বিদ্যাধর কি পরিত্র-বলে (দানবকর্ত্তৃক) গ্রহণ হইতে মুক্ত

২৫ হইয়াছিল?'

'হাঁ ভদন্ত।'

'তাহা হইলে মহারাজ, পরিত্রের বল আছে। আপনি কি মহারাজ, পূর্ব্বে শ্রবণ করিয়াছেন যে, অপর এক বিদ্যাধর বারাণসীরাজের অন্তঃপুরে মহিষীর সহিত সম্প্রদুষ্ট হইয়া যখন গৃহীত হয়, তখন মন্ত্রবলে ক্ষণমধ্যেই অদৃষ্ট হইয়া গিয়াছিল?'

'আম ভন্তে, সুয়্যতীতি।'

'ননু সো মহারাজ, বিজ্জাধরো পরিত্তবলেন গহণা মুত্তো'তি ?'

'আম ভন্তে'তি।'

'তেন হি মহারাজ, অত্থি পরিত্তবল'ন্তি।'

৫ ১৯। 'ভন্তে নাগসেন, কিং সব্বে যেব পরিত্তং রক্খতীতি ?'

'একচ্চে মহারাজ, রক্খতি, একচ্চে ন রক্খতীতি।'

'তেন হি ভন্তে নাগসেন, পরিত্তং ন সব্ব'ত্থিক'ন্তি ?'

'অপি নু খো মহারাজ, ভোজনং সব্বেসং জীবিতং রক্খতীতি ?'

'একচ্চে ভন্তে, রক্খতি, একচ্চে ন রক্খতীতি।'

১০ 'কিং কারণা'তি ?'

'যতো ভন্তে, একচ্চে তং যেব ভোজনং অতিভুঞ্জিত্বা বিসূচিকায় মরতীতি।'

'তেন হি মহারাজ, ভোজনং ন সব্বেসং জীবিতং রক্খতীতি।'

'দ্বীহি ভন্তে নাগসেন, কারণেহি ভোজনং জীবিতং হরতি, অতিভুত্তেন বা উস্মা-দুব্বলতায় বা; আয়ুদদং ভন্তে নাগসেন, ভোজনং দুরুপচারেন জীবিতং হরতীতি।'

---

১৫ 'হাঁ ভদন্ত; শুনিতে পাওয়া যায়।'

'মহারাজ, সেই বিদ্যাধর কি পরিত্রবলে গ্রহণ হইতে মুক্ত হইয়াছিল ?'

'হাঁ ভদন্ত।'

'তাহা হইলে মহারাজ, পরিত্রবল আছে।'

১৯। 'ভদন্ত নাগসেন, পরিত্র কি সকলকেই রক্ষা করে ?'

২০ 'কাহাকো কাহাকো রক্ষা করে, এবং কাহাকো কহাকো রক্ষা করে না।'

'তাহা হইলে ভদন্ত নাগসেন, পরিত্র সকলের প্রয়োজনের নহে ?'

'মহারাজ, ভোজন কি সকলেরই জীবনকে রক্ষা করে ?'

'ভদন্ত, কাহাকো কাহাকো রক্ষা করে, এবং কাহাকো কাহাকো রক্ষা করে না।'

'কি কারণে ?'

২৫ 'ভদন্ত, যেহেতু কেহ কেহ সেই ভোজন অতিরিক্ত মাত্রায় ভোজন করিয়া বিসূচিকায় মৃত হয়।'

'তাহা হইলে মহারাজ, ভোজন সকলের জীবনকে রক্ষা করে না।'

'ভদন্ত নাগসেন, দুই কারণে ভোজন জীবন হরণ করে; অতি ভোজনে, অথবা (জাঠরাগ্নির) তাপের দুর্ব্বলতায়। ভদন্ত নাগসেন, ভোজন আয়ুপ্রদ হইলেও

৩০ দুরুপচারে জীবন হরণ করে।'

'এবমেব খো মহারাজ, পরিত্তং একচ্চে রক্খতি, একচ্চে ন রক্খতি। তীহি মহারাজ কারণেহি পরিত্তং ন রক্খতি—কম্মাবরণেন, কিলেসাবরণেন, অসদ্দহনতায়। সত্তানুরক্খনং মহারাজ, পরিত্তং অত্তনা কতেন আরক্খং জহতি। যথা মহারাজ, মাতা পুত্তং কুচ্ছিগতং পোসেতি, হিতেন উপচারেণ জনেতি, জনয়িত্বা অসুচিমল-
৫ সিঙ্ঘাণিকমপনেত্বা উত্তমবরসুগন্ধং উপলিম্পতি, পরে অক্কোসন্তে বা পহরন্তে বা আকম্পিতহদয়া আকড্ঢিত্বা সামিনো উপনেতি। যদি পন তস্সা পুত্তো অপরদ্ধো হোতি বেলাতিবত্তো, অথ নং সা দণ্ডমুগ্গরজানুমুট্ঠীহি হনতি পোথেতি; অপি নু খো মহারাজ, তস্স মাতা লভতি আকড্ঢন-পরিকড্ঢনং গাহং সামিনো উপনয়নং কাতু'ন্তি?'

১০ 'নহি ভন্তে'তি।'

'কেন কারণেন মহারাজা'তি?'

'অত্তনো ভন্তে, অপরাধেনা'তি।'

'এই প্রকারই মহারাজ, পরিত্র কাহাকো কাহাকো রক্ষা করে, এবং কাহাকো কাহাকো রক্ষা করে না। মহারাজ, তিন কারণে পরিত্র রক্ষা করে না; কর্মপ্রতিবন্ধে,
১৫ ক্লেশপ্রতিবন্ধে, এবং শ্রদ্ধাহীনতায়। মহারাজ, পরিত্র জীবগণের রক্ষক হইলেও (জীবগণের) নিজের কার্য্যে রক্ষা করা ত্যাগ করে। মাতা যেমন মহারাজ, কুক্ষিতে পুত্রকে পোষণ করে ও হিতকর উপচারে প্রসব করে, এবং প্রসব করিয়া অশুচি মল ও সিঙ্ঘাণকে অপনীত করিয়া উত্তম ও শ্রেষ্ঠ সুগন্ধ দ্বারা লিপ্ত করে; এবং অপর ব্যক্তিরা আক্রোশ করিলে বা প্রহার করিলে আকম্পিতহৃদয় হইয়া তাহাদিগকে
২০ আকর্ষণ করিয়া স্বামীর নিকট উপস্থাপিত করে। কিন্তু যদি (কখন) তাহার পুত্রই অপরাধী ও মর্য্যাদাতিক্রমকারী হয়, তাহা হইলে সে তাহাকে দণ্ড, মুদ্গর, জানু ও মুষ্টির দ্বারা আঘাত ও প্রহার করে; মহারাজ, (সেই সময়ে) স্বামীর নিকট উপনীত করিবার জন্য তাহার মাতাকে কি আকর্ষণ-পরিকর্ষণও গ্রহণ করিতে হয়?

২৫ 'না ভদন্ত।'

'কি কারণে মহারাজ?'

'ভদন্ত, (বালকের) নিজের অপরাধ হেতু।'

'এবমেব খো মহারাজ, সত্তানং আরক্‌খং পরিত্তং অত্তনো অপরাধেন বঞ্ঝং করোতীতি।'

'সাধু ভন্তে নাগসেন! সুবিনিচ্ছিতো পঞ্‌হো, গহনং অগহনং কতং, অন্ধকারো আলোকো কতো, বিনিবেঠিতং দিট্‌ঠিজালং ত্বং গণিবরপবরমাসজ্জা'তি!'

---

৫ ২০। 'ভন্তে নাগসেন, তুম্‌হে ভণথ—"লাভী তথাগতো চীবরপিণ্ডপাতসেনাসন-গিলানপচ্চয়ভেসজ্জপরিক্‌খারান'ন্তি।" পুন চ তথাগতো পঞ্চসালং ব্রাহ্মণগামং পিণ্ডায় পবিসিত্বা কিঞ্চিদেব অলভিত্বা যথাধোতেন পত্তেন নিক্‌খন্তো'তি। যদি ভন্তে নাগসেন, তথাগতো লাভী চীবরপিণ্ডপাতসেনাসেনগিলানপচ্চয়ভেসজ্জ-পরিক্‌খারানং, তেন হি পঞ্চসালং ব্রাহ্মণগামং পিণ্ডায় পবিসিত্বা কিঞ্চিদেব অলভিত্বা

১০ 'এই প্রকারই মহারাজ, পবিত্র জীবগণের স্বকীয় অপরাধ হেতু রক্ষণকে বন্ধ্য করিয়া দেয়।'

'সাধু ভদন্ত নাগসেন! প্রশ্নের সুনির্ণয় করিয়া দিয়াছেন, গহনকে অগহন করিয়া দিয়াছেন, অন্ধকারকে আলোক করিয়াছেন! এবং হে গণিবরপ্রবর, আপনাকে প্রাপ্ত হইয়া কুমত-জাল অনাবৃত হইয়াছে!'

১৫ বুদ্ধের খাদ্যলাভ ও মার

২০। 'ভদন্ত নাগসেন, আপনারা বলিয়া থাকেন—"তথাগত চীবর, পিণ্ডপাত, শয়নাসনস্থান, রোগাবস্থায় অপেক্ষিত ঔষধ ও আবশ্যক দ্রব্যসমূহ লাভ করিয়া থাকেন;" আবার (আপনারা বলেন)—"তথাগত পঞ্চশাল-নামক ব্রাহ্মণগ্রামে পিণ্ডের জন্য প্রবেশপূর্ব্বক কিছু লাভ না করিয়া যথাধৌত পাত্রেই নিষ্ক্রান্ত হইয়া-২০ ছিলেন।" ভদন্ত নাগসেন, "যদি তথাগত চীবর, পিণ্ডপাত, শয়নাসনস্থান, রোগাবস্থায় অপেক্ষিত ঔষধ ও আবশ্যক দ্রব্যসমূহ লাভ করিয়া থাকেন," তবে, "তথাগত পঞ্চশাল-নামক ব্রাহ্মণগ্রামে পিণ্ডের জন্য প্রবেশপূর্ব্বক কিছু লাভ না করিয়া যথাধৌত পাত্রেই নিষ্ক্রান্ত হইয়াছিলেন," এই যে কথা, তাহা মিথ্যা। যদি তিনি পঞ্চশাল-নামক ব্রাহ্মণগ্রামে পিণ্ডের জন্য প্রবেশপূর্ব্বক কিছু লাভ না

যথাধোতেন পত্তেন নিক্খন্তো'তি যং বচনং তং মিচ্ছা। যদি পঞ্চসালং ব্রাহ্মণগামং পিণ্ডায় পবিসিত্বা কিঞ্চিদেব অলভিত্বা যথাধোতেন পত্তেন নিক্খন্তো, তেন হি "লাভী তথাগতো চীবরপিণ্ডপাতসেনাসনগিলানপচ্চয়ভেসজ্জপরিক্খারান'ন্তি" তম্'পি বচনং মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো সুমহন্তো দুন্নিব্বেধো তবানুপ্পত্তো,
৫ সো তয়া নিব্বাহিতব্বো'তি।'

২১। 'লাভী মহারাজ, তথাগতো চীবরপিণ্ডপাতসেনাসনগিলানপচ্চয়ভেসজ্জ-পরিক্খারানং; পঞ্চসালঞ্চ ব্রাহ্মণগামং পিণ্ডায় পবিসিত্বা কিঞ্চিদেব অলভিত্বা, যথাধোতেন পত্তেন নিক্খন্তো। তঞ্চ পন মারস্স পাপিমতো কারণা'তি।'

'তেন হি ভন্তে নাগসেন, ভগবতো গণনপথং বীতিবত্তকপ্পে অভিসঙ্খতং কুসলং
১০ কি'ন্তি নিট্ঠিতং? অধুনু'ট্ঠিতেন মারেন পাপিমতা তং কুসলং বলবেগবিহারং কি'ন্তি পিহিতং? তেন হি ভন্তে নাগসেন, তস্মিং বত্থুস্মিং দ্বীসু ঠানেসু উপবাদো আগচ্ছতি—কুসলতো'পি অকুসলং বলবতরং হোতি, বুদ্ধবলতো'পি মারবলং বলবতরং হোতীতি। তেন হি রুক্খস্স মূলতো'পি অগ্গং ভারতরং হোতি, গুণসম্পরিকিণ্ণতো'পি পাপিয়ং বলবতরং হোতীতি।'

১৫ করিয়া যথাধৌত পাত্রে নিষ্ক্রান্ত হইয়া থাকেন, তবে, "তথাগত চীবর, পিণ্ডপাত, শয়নাসনস্থান, রোগাবস্থায় অপেক্ষিত ঔষধ, ও আবশ্যক দ্রব্যসমূহ পাইয়া থাকেন," এই যে কথা, তাহাও মিথ্যা। ইহাও দুর্নির্ভেদ সুমহান্ উভয়কোটিক প্রশ্ন, ইহা আপনার নিকট উপস্থিত হইয়াছে, আপনাকে ইহার নিষ্পত্তি করিতে হইবে।'

২১। 'মহারাজ তথাগত চীবর, পিণ্ডপাত, শয়নাসনস্থান, রোগাবস্থায় অপেক্ষিত
২০ ঔষধ ও আবশ্যক দ্রব্যসমূহ লাভ করিয়া থাকেন; এবং পঞ্চশাল ব্রাহ্মণগ্রামে পিণ্ডের জন্য প্রবেশপূর্ব্বক কিছু লাভ না করিয়া যথাধৌত পাত্রে নিষ্ক্রান্ত হইয়াছিলেন। কিন্তু তাহা পাপী মারের জন্য।'

'তাহা হইলে ভদন্ত নাগসেন, ভগবানের গণনাপথাতীত কল্প মধ্যে অভিসংস্কৃত কুশল কি (সেই সময়ে) শেষ হইয়া গিয়াছিল? অধুনা উৎপন্ন পাপী মার দ্বারা
২৫ বলবেগবিহরণকারী সেই কুশল কি আচ্ছাদিত হইয়া গিয়াছিল? তাহা হইলে ভদন্ত নাগসেন, সেই বস্তুতে (বিষয়ে) দুই স্থানে দোষ আগমন করে—কুশল হইতেও অকুশল বলবত্তর, এবং বুদ্ধবল অপেক্ষাও মারবল বলবত্তর। (এবং ইহাই হইলে বলিতে হইবে)—বৃক্ষের মূল হইতে অগ্র অধিকতর ভারবিশিষ্ট, এবং গুণসমাকীর্ণ অপেক্ষা ও পাপতর (বস্তু) বলবত্তর!'

'ন মহারাজ, তাবতকেন কুসলতো'পি অকুসলং বলবন্তরং নাম হোতি, বুদ্ধবলতো চ মারবলং বলবন্তরং নাম হোতি। অপি চে'ত্থ কারণং ইচ্ছিতব্বং। যথা মহারাজ, পুরিসো রঞ্ঞো চক্কবত্তিস্‌স মধুং বা, মধুপিণ্ডিকং বা, অঞ্ঞং বা উপায়নং অভিহরেয্য; তমেনং রঞ্ঞো দ্বারপাল এবং বদেয্য,—অকালো ভো অয়ং রঞ্ঞো
৫ দস্‌সনায়, তেন হি ভো তব উপায়নং গহেত্বা সীঘসীঘং পটিনিবত্ত পুরে তব রাজা দণ্ডং ধারেস্‌সতীতি; ততো সো পুরিসো দণ্ডভয়া তসিতো উব্বিগ্‌গো তং উপায়নং আদায় সীঘসীঘং পটিনিবত্তেয্য; অপি নু খো সো মহারাজ, চক্কবত্তী তাবতকেন উপায়নবিকলমত্তকেন দ্বারপালতো দুব্বলতরো নাম হোতি, অঞ্ঞং বা পন কিঞ্চি উপায়নং ন লভেয্যা'তি?'
১০ 'নহি ভন্তে; ইস্‌সাপকতো সো ভন্তে, দ্বারপালো উপায়নং নিবারেসি, অঞ্ঞেন পন দ্বারেন সতসহস্‌সগুণম্'পি রঞ্ঞো উপায়নং উপেতীতি।'

'এবমেব খো মহারাজ, ইস্‌সাপকতো মারো পাপিমা পঞ্চসালকে ব্রাহ্মণগহপতিকে অন্বাবিসি; অঞ্ঞানি পন অনেকানি দেবতাসতসহস্‌সানি অমতং দিব্বং ওজং

'মহারাজ, তাহাতেই কুশল অপেক্ষা অকুশল বলবত্তর, বা বুদ্ধবল হইতে মারবল
১৫ বলবত্তর হয় না। কিন্তু (তাহা হইলেও) এ বিষয়ে কারণ বাঞ্ছনীয়। মহারাজ, কোন ব্যক্তি চক্রবর্ত্তী রাজার নিকট মধু, বা মধুপিণ্ডিকা (মধুচক্র), বা অপর কোন উপহার লইয়া যাইবে; তখন রাজার দ্বারপাল ইহাকে যদি এই বলে—"ওহে, রাজদর্শনের ইহা অকাল; অতএব তুমি তোমার উপহার গ্রহণ করিয়া রাজা তোমাকে দণ্ডপ্রদান করিবার পূর্ব্বেই শীঘ্র-শীঘ্র প্রতিনিবৃত্ত হও;" তবে সেই ব্যক্তি দণ্ডভয়ে
২০ ত্রস্ত ও উদ্বিগ্ন হইয়া সেই উপহার গ্রহণ করিয়া শীঘ্র-শীঘ্র প্রতিনিবৃত্ত হইবে। মহারাজ, সেই চক্রবর্ত্তী কি তাবন্মাত্র উপহার-গ্রহণে বিকলতাহেতু দ্বারপাল হইতে দুর্ব্বলতর হইবেন, না আর তিনি কখন কোন উপহার গ্রহণ করিবেন না?'

'না ভদন্ত; সেই দ্বারপাল ঈর্ষ্যাহেতু অপকারী হইয়া ঐ উপহারকে নিষেধ করিয়াছিল, কিন্তু অপর দ্বার দিয়া শতসহস্রগুণও উপহার রাজার নিকট উপস্থিত হয়।'
২৫ 'এই প্রকারেই মহারাজ, ঈর্ষ্যাহেতু অপকারী পাপ মার ব্রাহ্মণগৃহপতিযুক্ত পঞ্চশালক গ্রামে অনুপ্রবিষ্ট হইয়াছিল, কিন্তু অপর অনেক শতসহস্র দেবতা দিব্য ও

গহেত্বা উপগতানি—ভগবতো কায়ে ওজং ওদহিস্সামীতি, ভগবন্তং নমস্সমানা পঞ্জলিকা ঠিতানীতি।'

২৩। 'হোতু ভন্তে নাগসেন, সুলভা ভগবতো চত্তারো পচ্চয়া লোকে উত্তমপুরিসস্স, যাচিতো'ব ভগবা দেবমনুস্সেহি চত্তারো পচ্চয়ে পরিভুঞ্জতি। অপি চ খো পন মারস্স যো অধিপ্পায়ো সো তাবতকেন সিদ্ধো, যং সো ভগবতো ভোজনস্স অন্তরায়মকাসি। এত্থ মে ভন্তে, কঙ্খা ন ছিজ্জতি, বিমতিজাতো'হং তত্থ সংসয়পক্খন্নো, ন মে তত্থ মানসং পক্খন্দতি যং তথাগতস্স অরহতো সম্মাসম্বুদ্ধস্স সদেবকে লোকে অগ্গপুগ্গলবরস্স কুসলবরপুঞ্ঞসম্ভবস্স অসমস্স অনুপমস্স অপ্পটিসমস্স ছবকং লামকং পরিত্তং পাপমনরিয়ং মারো লাভ'ন্তরায়ং অকাসীতি।'

২৪। 'চত্তারো খো মহারাজ, অন্তরায়া;—অদিট্ঠ'ন্তরায়ো, উদ্দিস্সকট'ন্তরায়ো, উপক্খট'ন্তরায়ো, পরিভোগ'ন্তরায়ো'তি। তত্থ অদিট্ঠ'ন্তরায়ো নাম অনোদিস্স অদস্সনেন অভিসঙ্খটং কোচি অন্তরায়ং করোতি—কিং পরস্স দিন্নেনা'তি, অয়ং

বলপ্রদ অমৃত গ্রহণপূর্ব্বক উপস্থিত হইয়া, আমরা ভগবানের শরীরে বল অবস্থাপিত করিব, এই মনে করিয়া অঞ্জলিবন্ধনপূর্ব্বক তাঁহাকে নমস্কার করিয়া দাঁড়াইয়াছিল।'

২৩। 'হউক ভদন্ত নাগসেন, লোকে (সেই) উত্তমপুরুষ ভগবানের চতুর্ব্বিধ প্রয়োজনীয় দ্রব্য সুলভ, তিনি দেব ও মনুষ্যগণ দ্বারা যাচিত হইয়া চতুর্ব্বিধ প্রয়োজনীয় দ্রব্য উপভোগ করিতে পারেন। কিন্তু তাহা হইলেও, মারের যে অভিপ্রায়, তাহা ত সিদ্ধ হইয়াছিল; কেননা, সে ভগবানের ভোজনের অন্তরায় করিয়াছিল। ভদন্ত নাগসেন, এ বিষয়ে আমার সন্দেহ ছিন্ন হইতেছে না, আমার বৈমত্য জাত হইয়াছে, আমি সংশয়নিপতিত হইয়াছি, আমার মন সরিতেছে না (অর্থাৎ মনে ভাল বোধ হইতেছে না) যে, সদেব (মনুষ্য-) লোকে অগ্রগণ্য পুরুষবর, কুশল ও উত্তম পুণ্যের উৎপাদনকরী, অসম, অনুপম, অপ্রতিসমান, সম্যক্‌সম্বুদ্ধ অর্হৎ তথাগতের কোনো দ্রব্যলাভসম্বন্ধে তুচ্ছ, হীন, ক্ষুদ্র, অনার্য্য ও পাপ (জীব) মার অন্তরায় করিয়াছিল।'

২৪। 'মহারাজ, অন্তরায় চারিটি; যথা, অদৃষ্টান্তরায়, উদ্দেশপূর্ব্বক-কৃতান্তরায়, উপস্কৃতান্তরায় ও পরিভোগান্তরায়। তাহাদের মধ্যে অদৃষ্টান্তরায় এই :—দান প্রদান করিবার জন্য কিছু অভিসংস্কৃত (অর্থাৎ প্রস্তুত) হইলে, (যাঁহাকে তাহা প্রদত্ত হইবে

অদিট্‌ঠ’ন্তরায়ো নাম। কতমো উদ্দিস্‌সকট’ন্তরায়ো? ইধে’কচ্চং পুগ্‌গলং উপ-
দিসিত্বা উদ্দিস্‌স ভোজনং পটিযত্তং হোতি, তং কোচি অন্তরায়ং করোতি, অয়ং
উদ্দিস্‌সকট’ন্তরায়ো নাম। কতমো উপক্‌খট’ন্তরায়ো? ইধ যং কিঞ্চি উপক্‌খটং
হোতি অপ্পটিগ্‌গহীতং, তত্থ কোচি অন্তরায়ং করোতি, অয়ং উপক্‌খট’ন্তরায়ো
৫ নাম। কতমো পরিভোগ’ন্তরায়ো? ইধ যং কিঞ্চি পরিভোগং, তত্থ কোচি
অন্তরায়ং করোতি, অয়ং পরিভোগ’ন্তরায়ো নাম। ইমে খো মহারাজ, চত্তারো
অন্তরায়া।

২৫। ‘যং পন মারো পাপিমা পঞ্চসালকে ব্রাহ্মণগহপতিকে অন্বাবিসি, তং নে’ব
ভগবতো পরিভোগং, ন উপক্‌খটং, ন উদ্দিস্‌সকটং; অনাগতং অসম্পত্তং অদস্‌সনেন
১০ অন্তরায়ং কতং। তং পন নে’কস্‌স ভগবতো যেব, অথ খো যে তেন সময়েন নিক্‌খন্তা
অব্‌ভাগতা সব্‌বে’পি তে তং দিবসং ভোজনং ন লভিংসু। নাহং তং মহারাজ,
পস্‌সামি সদেবকে লোকে সমারকে সস্‌সমণব্রাহ্মণিয়া পজায় সদেবমনুস্‌সায় যো তস্‌স

তাঁহাকে) লক্ষ্য না করিয়া বা দর্শন না করিয়া কেহ এই বলিয়া বিঘ্ন উৎপাদন করে
যে, "পরকে দিয়া কি হইবে!" ইহার নাম অদৃষ্টান্তরায়। উদ্দেশপূর্ব্বক-কৃতান্তরায়
১৫ কি? কোন ব্যক্তিবিশেষের উদ্দেশে ভোজন প্রস্তুত করা হইলে কেহ (আসিয়া)
তাহাতে বিঘ্ন উৎপাদন করে; ইহার নাম উদ্দেশপূর্ব্বক-কৃতান্তরায়। উপস্কৃতান্তরায়
কি? (দানের জন্য) যাহা-কিছু উপস্কৃত (সজ্জিত) হইলে তাহা গ্রহণ করিবার
পূর্ব্বেই কেহ তাহাতে বিঘ্ন উৎপাদন করে; ইহার নাম উপস্কৃতান্তরায়। পরিভোগা-
ন্তরায় কি? (প্রদত্ত উপভোগ্য সামগ্রীর) যাহা-কিছু পরিভোগ (উপভোগ)
২০ তাহাতে কেহ বিঘ্ন উৎপাদন করে; ইহার নাম পরিভোগান্তরায়। মহারাজ, চারিটি
অন্তরায় এই।

২৫। ‘আর পাপ মার যখন পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতিগণের মধ্যে প্রবেশ
করে, তখন, ভগবানের উপভোগ ছিল না, বা তাহা তাঁহার উদ্দেশে কৃত ও সজ্জিত
হয় নাই; তখন অনাগত ও অনুপস্থিত ব্যক্তির জন্য অদর্শনেই অন্তরায় (অদৃষ্টা-
২৫ ন্তরায়) করা হইয়াছিল। এবং তাহা এক ভগবানেরই নহে, সেই সময় যাহারা
(গ্রাম হইতে) নিক্রান্ত হইয়াছিল ও (গ্রামে) অভ্যাগত হইয়াছিল, তাহারা সকলেই
সেই দিন ভোজন প্রাপ্ত হয় নাই। মহারাজ, সদেব সমার ও সব্রহ্ম সংসারে, এবং
সশ্রমণব্রাহ্মণ ও সদেবমনুষ্য প্রজার মধ্যে সেই ব্যক্তিকে আমি দেখিতেছি না, যে

ভগবতো উদ্দিস্সকটং উপক্খটং পরিভোগং অন্তরায়ং করেয্য ; সচে কোচি ইস্সায় উদ্দিস্সকটং উপক্খটং পরিভোগং অন্তরায়ং করেয্য, ফলেয্য তস্স মুদ্ধা সতধা বা সহস্সধা বা।

২৬। 'চত্তারো'মে মহারাজ, তথাগতস্স কেনচি অনাবরণীয়া গুণা ; কতমে
৫ চত্তারো ? লাভো মহারাজ, ভগবতো উদ্দিস্সকটো উপক্খটো ন সক্কা কেনচি অন্তরায়ং কাতুং ; সরীরানুগতা মহারাজ, ভগবতো ব্যামপ্পভা ন সক্কা কেনচি অন্তরায়ং কাতুং ; সব্বঞ্ঞুতং মহারাজ, ভগবতো ঞাণরতনং ন সক্কা কেনচি অন্তরায়ং কাতুং ; জীবিতং মহারাজ, ভগবতো ন সক্কা কেনচি অন্তরায়ং কাতুং ; ইমে খো মহারাজ, চত্তারো তথাগতস্স কেনচি অনাবরণীয়া গুণা। সব্বে'পে'তে মহারাজ, গুণা
১০ একরসা অরোগা অকুপ্পা অপরূপক্কমা, অফুসানি কিরিযানি। অদস্সনেন মহারাজ, মারো পাপিমা নিলীয়িত্বা পঞ্চসালকে ব্রাহ্মণগহপতিকে অন্বাবিসি। যথা মহারাজ, রঞ্ঞো পচ্চন্তে দেসে বিসমে অদস্সনেন নিলীয়িত্বা চোরা পন্থং দূসেন্তি,

ভগবানের উদ্দেশে কৃত ও তাঁহার জন্য সজ্জিত দ্রব্যের ও তাঁহার উপভোগের অন্তরায় করিতে পারে ; যদি কেহ ঈর্ষ্যাবশত তাঁহার উদ্দেশে কৃত ও সজ্জিত দ্রব্যের এবং
১৫ তাঁহার উপভোগের অন্তরায় করে, তবে তাহার মস্তক শতভাগে বা সহস্রভাগে ফাটিয়া যায়।

২৬। 'মহারাজ ভগবানের এই চারিটি গুণ আছে, যাহাদিগকে কেহই আবরণ করিতে পারে না ; কোন চারিটি ? মহারাজ, যে লভ্য বস্তু ভগবানের উদ্দেশে করা হইয়াছে বা সজ্জিত হইয়াছে, তাহার কেহ বিঘ্ন করিতে পারে না। মহারাজ,
২০ ভগবানের যে শরীরসম্বন্ধ ব্যাম- (অর্থাৎ ৩া০ হাত) পরিমাণ প্রভা, তাহার কেহ বিঘ্ন করিতে পারে না। মহারাজ, ভগবানের যে সর্ব্বজ্ঞত্ব-জ্ঞানরত্ন আছে, তাহার কেহ বিঘ্ন করিতে পারে না। এবং মহারাজ, ভগবানের যে জীবন, তাহার কেহ বিঘ্ন করিতে পারে না। তথাগতের এই চারিটি গুণ মহারাজ ; ইহাদিগকে কেহ আবরণ করিতে পারে না। মহারাজ, এই সমস্ত গুণই একরসবিশিষ্ট, অভঞ্জনীয়, অক্ষোভণীয়
২৫ ও অন্য ব্যক্তি ইহাদিগকে আক্রমণ করিতে পারে না, এবং কেহ স্পর্শ করিতে পারে না। মহারাজ, পাপ মার অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতির মধ্যে প্রবেশ করিয়াছিল। যেমন মহারাজ, চোরেরা যদি কোন রাজার দুর্গম প্রত্যন্ত দেশে অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পথকে দূষিত করে,

যদি পন রাজা তে চোরে পস্‌সেয্য, অপি নু খো তে চোরা সোত্থিং লভেয্যু'ন্তি ?'

'নহি ভন্তে ; ফরসুনা ফালাপেয্য সতধা বা সহস্‌সধা বা'তি।'

'এবমেব খো মহারাজ অদস্‌সনেন মারো পাপিমা নিলীয়িত্বা পঞ্চসালকে ব্রাহ্মণগহ-
৫ পতিকে অন্বাবিসি। যথা বা পন মহারাজ, ইত্থী সপতিকা অদস্‌সনেন নিলীয়িত্বা পরপুরিসং সেবতি, এবমেব খো মহারাজ, অদস্‌সনেন মারো পাপিমা নিলীয়িত্বা পঞ্চসালকে ব্রাহ্মণগহপতিকে অন্বাবিসি। যদি মহারাজ, ইত্থী সামিকস্‌স সম্মুখা পরপুরিসং সেবতি, অপি নু খো সা ইত্থী সোত্থিং লভেয্যা'তি ?'

'নহি ভন্তে ; হনেয্যাপি তং ভন্তে সামিকো,' বধেয্যাপি, বন্ধেয্যাপি, দাসিত্তং বা
১০ উপনয়েয্যা'তি।'

'এবমেব খো মহারাজ, অদস্‌সনেন মারো পাপিমা নিলীয়িত্বা পঞ্চসালকে ব্রাহ্মণগহ-পতিকে অন্বাবিসি। যদি মহারাজ, মারো পাপিমা ভগবতো উদ্দিস্‌সকটং উপকৃথটং পরিভোগং অন্তরায়ং করেয্য, ফলেয্য তস্‌স মুদ্ধা সতধা বা সহস্‌সধা বা'তি।'

আর রাজা সেই চোর দেখিতে পান, তাহা হইলে কি ঐ চোরেরা স্বস্তি লাভ
১৫ করিতে পারে ?'

'না ভদন্ত ; তিনি (রাজা) পরশু দ্বারা শতভাগে বা সহস্রভাগে তাহাদিগকে খণ্ডিত করাইতে পারেন ।'

'এই প্রকারই মহারাজ, পাপ মার অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতিগণের মধ্যে প্রবেশ করিয়াছিল। অথবা যেমন মহারাজ, কোন সধবা
২০ স্ত্রী অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পরপুরুষকে সেবন করে, এইরূপই মহারাজ, পাপ মার অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতিগণের মধ্যে প্রবেশ করিয়াছিল। মহারাজ, স্ত্রী যদি স্বামীর সম্মুখে পরপুরুষ সেবন করে, তাহা হইলে কি সেই স্ত্রী স্বস্তি লাভ করিতে পারে ?'

'না ভদন্ত ; স্বামী তাহাকে হননও (প্রহারও) করিতে পারে, বধও করিতে
২৫ পারে, বন্ধনও করিতে পারে, অথবা দাসীও করিতে পারে।'

'এই প্রকারই মহারাজ, পাপ মার অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতিগণের মধ্যে প্রবিষ্ট হইয়াছিল। পাপ মার যদি মহারাজ, তথাগতের উদ্দেশে কৃত ও সজ্জিত দ্রব্যের, অথবা উপভোগের কোন বিঘ্ন উৎপাদন করিত, তাহা হইলে শতভাগে বা সহস্রভাগে তাহার মস্তক ফাটিয়া যাইত।'

'এবমেতং ভন্তে নাগসেন, চোরিকায় কতং মারেন পাপিমতা, নিলীয়িত্বা মারো পাপিমা পঞ্চসালকে ব্রাহ্মণগহপতিকে অন্বাবিসি। সচে সো ভন্তে, মারো পাপিমা ভগবতো উদ্দিস্সকটং উপকৃখটং পরিভোগং অন্তরায়ং করেয্য, মুদ্ধা বাস্স ফলেয্য সতধা বা সহস্সধা বা, কায়ো বাস্স ভুসমুট্‌ঠি বিয় বিকিরেয্য। সাধু ভন্তে নাগসেন !
৫ এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি।'

২৭। 'ভন্তে নাগসেন, তুম্হে ভণথ—"যো অজানন্তো পাণাতিপাতং করোতি সো বলবতরং অপুঞ্ঞং পসবতীতি।" পুন চ ভগবতা বিনয়পঞ্ঞত্তিয়া ভণিতং— "অনাপত্তি অজানন্তস্সা'তি।" যদি ভন্তে নাগসেন, অজানিত্বা পাণাতিপাতং করোন্তো বলবতরং অপুঞ্ঞং পসবতি, তেন হি "অনাপত্তি অজানন্তস্সা'তি" যং
১০ বচনং তং মিচ্ছা। যদি "অনাপত্তি অজানন্তস্সা'তি," তেন হি অজানিত্বা পাণাতিপাতং

'ভদন্ত নাগসেন, ইহা এইরূপই; পাপ মার তাহা চৌর্য্যের দ্বারা করিয়াছিল, পাপ মার অন্তর্হিতভাবে লুক্কায়িত হইয়া পঞ্চশালবাসী ব্রাহ্মণ ও গৃহপতিগণের মধ্যে প্রবেশ করিয়াছিল। ভদন্ত, সেই পাপ মার যদি ভগবানের উদ্দেশে কৃত ও সজ্জিত দ্রব্যের, অথবা উপভোগের অন্তরায় করিত, তাহা হইলে তাহার মস্তক শতভাগে বা
১৫ সহস্রভাগে ফাটিয়া যাইত, অথবা শরীর ভুষি-মুষ্টির ন্যায় বিকীর্ণ হইত। সাধু ভদন্ত নাগসেন! ইহা এইরূপই; আমি এইপ্রকারই স্বীকার করিতেছি।'

জ্ঞানকৃত ও অজ্ঞানকৃত পাপ

২৭। 'ভদন্ত নাগসেন, আপনারা বলিয়া থাকেন—"যে না জানিয়া প্রাণাতিপাত করে, সে বলবত্তর অপুণ্য প্রসব করে।" আবার ভগবান্ বিনয়প্রজ্ঞপ্তির মধ্যে
২০ বলিয়াছেন—"যে জানে না, তাহার দোষ হয় না।" ভদন্ত নাগসেন, যদি "যে ব্যক্তি না জানিয়া প্রাণাতিপাত করে, সে বলবত্তর অপুণ্য প্রসব করে," তবে, "যে জানে না, তাহার দোষ হয় না,"—এই যে কথা তাহা মিথ্যা। আবার যদি (ভগবান্ বলিয়া থাকেন) যে, "যে জানে না, তাহার দোষ হয় না," তাহা হইলে "যে না জানিয়া প্রাণাতিপাত করে, সে বলবত্তর অপুণ্য প্রসব করে"—এই যে কথা তাহাও

করোন্তো বলবতরং অপুঞ্‌ঞং পসবতীতি তম্‌'পি বচনং মিচ্ছা। অয়ম্‌'পি উভতো-কোটিকো পঞ্‌হো দুরুত্তরো দুরতিক্কমো তবানুপ্পত্তো, সো তয়া নিব্বাহিতব্বো'তি।'

২৮। 'ভাসিতম্‌'পে'তং মহারাজ, ভগবতা—"যো অজানন্তো পাণাতিপাতং করোতি, সো বলবতরং অপুঞ্‌ঞং পসবতীতি।" পুন চ বিনয়পঞ্‌ঞত্তিয়াপি ৫ ভগবতা ভণিতং—"অনাপত্তি অজানন্তস্‌সা'তি।" তত্থ অত্থ'ন্তরং অত্থি; কতমং অত্থ'ন্তরং? অত্থি মহারাজ, আপত্তি সঞ্‌ঞাবিমোক্‌খা, অত্থি আপত্তি নো সঞ্‌ঞা-বিমোক্‌খা। যায়ং মহারাজ, আপত্তি সঞ্‌ঞাবিমোক্‌খা, তং আপত্তিং আরব্ভ ভগবতা ভণিতং—"অনাপত্তি অজানন্তস্‌সা'তি।"

'সাধু ভন্তে নাগসেন! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি।'

---

১০ ২৯। 'ভন্তে নাগসেন, ভাসিতম্‌'পে'তং ভগবতা—"তথাগতস্‌স খো আনন্দ, ন এবং হোতি—অহং ভিক্‌খুসঙ্ঘং পরিহরিস্‌সামীতি বা, মমু'দ্দেসিকো ভিক্‌খু-সঙ্ঘো'তি বা'তি।" পুন চ মেত্তেয্যস্‌স ভগবতো সভাবগুণং পরিদীপয়মানেন এবং

মিথ্যা। ইহাও উভয়কোটিক প্রশ্ন, এবং দুরুত্তর ও দুরতিক্রমণীয়; ইহা আপনার নিকটে উপস্থিত হইয়াছে, আপনাকে ইহার সমাধান করিতে হইবে।'

১৫ ২৮। 'মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—"যে না জানিয়া প্রাণাতিপাত করে, সে বলবত্তর অপুণ্য প্রসব করে;" আবার ভগবান্ বিনয়প্রজ্ঞপ্তিতেও বলিয়াছেন—"যে জানে না, তাহার দোষ হয় না।" কিন্তু তাহাতে অর্থান্তর আছে। কি অর্থান্তর? মহারাজ, এরূপ দোষ আছে যাহা (চিত্তের) বিনা সম্মতিতে উৎপন্ন হয়, এবং এরূপ দোষও আছে, যাহা (চিত্তের) সম্মতি না থাকিলে হয় না। মহারাজ, এই যে ২০ দোষ (চিত্তের) বিনা সম্মতিতে উৎপন্ন হয়, তাহার সম্বন্ধেই ভগবান্ বলিয়াছেন—"যে জানে না, তাহার দোষ হয় না।"'

'সাধু ভদন্ত নাগসেন! ইহা এইরূপই; আমি এইরূপই ইহা স্বীকার করিয়াছি।"

তথাগতের সঙ্ঘপরিচালন

২৯। 'ভদন্ত নাগসেন, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, তথাগতের এরূপ ২৫ বুদ্ধি হয় না যে, আমি ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিব, বা ভিক্ষুসঙ্ঘ আমার উদ্দেশে চলিবে।" আবার ভগবান্ মৈত্রেয়ের স্বভাবগুণ প্রকাশ করিতে করিতে তিনি এই-

ভণিতং—"সো অনেকসহস্সং ভিক্খুসঙ্ঘং পরিহরিস্সতি, সেয্যথাপি অহং এতরহি অনেকসতং ভিক্খুসঙ্ঘং পরিহরামীতি।" যদি ভন্তে নাগসেন, ভগবতা ভণিতং—"তথাগতস্স খো আনন্দ, ন এবং হোতি অহং ভিক্খুসঙ্ঘং পরিহরামীতি বা, মমু'দ্দেসিকো ভিক্খুসঙ্ঘো'তি বা'তি," তেন হি "অনেকসতং ভিক্খুসঙ্ঘং পরিহরা-
৫ মীতি" যং বচনং তং মিচ্ছা। যদি তথাগতেন ভণিতং—"সেয্যথাপি অহং এতরহি অনেকসতং ভিক্খুসঙ্ঘং পরিহরামীতি," তেন হি "তথাগতস্স খো আনন্দ, ন এবং হোতি—অহং ভিক্খুসঙ্ঘং পরিহরামীতি বা, মমু'দ্দেসিকো ভিক্খুসঙ্ঘো'তি বা'তি" তম্'পি বচনং মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্হো তবানুপ্পত্তো, সো তয়া নিব্বাহিতব্বো'তি।'

১০ ৩০। 'ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"তথাগতস্স খো আনন্দ ন এবং হোতি অহং ভিক্খুসঙ্ঘং পরিহরামীতি বা, মমু'দ্দেসিকো ভিক্খুসঙ্ঘো'তি বা'তি।" মেত্তেয্যস্সাপি ভগবতো সভাবগুণং পরিদীপয়মানেন ভগবতা ভণিতং—"সো অনেক-

রূপ বলিয়াছেন—"আমি যেমন এখন অনেকশত ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিতেছি, তিনি (মৈত্রেয় বুদ্ধ) সেইরূপ অনেকসহস্র ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিবেন।"
১৫ ভদন্ত নাগসেন, ভগবান্ যদি বলিয়া থাকেন—"আনন্দ, তথাগতের এরূপ বুদ্ধি হয় না যে, আমি ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করি, বা ভিক্ষুসঙ্ঘ আমাকে উদ্দেশ করিয়া চলিবে," তাহা হইলে, "আমি অনেকশত ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিতেছি,"—এই যে বচন, তাহা মিথ্যা। আবার তথাগত যদি বলিয়া থাকেন—"আমি যেমন এখন অনেকশত ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিতেছি," তাহা হইলে, "আনন্দ, তথা-
২০ গতের এরূপ বুদ্ধি হয় না যে, আমি ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিব, বা ভিক্ষুসঙ্ঘ আমাকে উদ্দেশ করিয়া চলিবে,"—এই বচন মিথ্যা। ইহাও উভয়কোটিক প্রশ্ন, এবং আপনার নিকটে ইহা উপস্থিত হইয়াছে। আপনাকে ইহার সমাধান করিতে হইবে।'

৩০। 'মহারাজ, ভগবান্ ইহাও বলিয়াছেন—"আনন্দ, তথাগতের এরূপ বুদ্ধি হয়
২৫ না যে, "আমি ভিক্ষুসঙ্ঘকে পরিচালিত করিব, বা ভিক্ষুসঙ্ঘ আমাকে উদ্দেশ করিয়া চলিবে;" এবং ভগবান্ মৈত্রেয়ের স্বভাবগুণ প্রকাশ করিতে করিতেও ভগবান্ বলিয়া-

সহস্সং ভিক্খুসঙ্ঘং পরিহরিস্সতি, সেয্যথাপি অহং এতরহি অনেকসতং ভিক্খুসঙ্ঘং পরিহরামীতি।" এতস্মিঞ্চ মহারাজ পঞ্হে একো অত্থো সাবসেসো, একো অত্থো নিরবসেসো। ন মহারাজ, তথাগতো পরিসায় অনুগামিকো, পরিসা পন তথাগতস্স অনুগামিকা। সম্মুতি মহারাজ, এসা—অহ'ন্তি মমা'তি, ন পরম'ত্থো এসো।
৫ বিগতং মহারাজ, তথাগতস্স পেমং, বিগতো সিনেহো; ময্হ'ন্তি'পি তথাগতস্স গহণং ন'ত্থি, উপাদায় পন অবস্সয়ো হোতি। যথা মহারাজ, পঠবী ভুম্মট্ঠানং সত্তানং পতিট্ঠা হোতি উপস্সয়ং হোতি, পঠবিট্ঠা চে'তে সত্তা, ন চ মহাপঠবিয়া ময্হে'তে'তি অপেক্খা হোতি, এবমেব খো মহারাজ, তথাগতো সব্বসত্তানং পতিট্ঠা হোতি উপস্সয়ং, তথাগতট্ঠা চে'তে সত্তা, ন চ তথাগতস্স
১০ ময্হে'তে'তি অপেক্খা হোতি। যথা বা পন মহ'তিমহামেঘো অভিবস্সন্তো তিণরুক্খপসুমনুস্সানং বুদ্ধিং দেতি, সন্ততিমনুপালেতি, বুট্ঠু'পজীবিনো চে'তে সত্তা সব্বে, ন চ মহামেঘস্স মযহে'তে'তি অপেক্খা হোতি, এবমেব খো মহারাজ, তথাগতো সব্বসত্তানং কুসলধম্মে জনেতি, অনুপালেতি, সত্থু'পজীবিনো

ছেন—"আমি যেমন এখন অনেকশত ভিক্ষুসঙ্ঘ পরিচালিত করিতেছি, তিনি
১৫ সেইরূপ অনেকসহস্র ভিক্ষুসঙ্ঘ পরিচালিত করিবেন।" মহারাজ, এই প্রশ্নে একটি অর্থ সাবশেষ (অর্থাৎ সাপেক্ষ), এবং একটি অর্থ নিরবশেষ (নিরপেক্ষ)। মহারাজ, তথাগত (ভিক্ষু-) পরিষদের অনুগামী নহে, কিন্তু পরিষদই তথাগতের অনুগামী। মহারাজ, "আমি" ও "আমার," ইহা (কেবল) ব্যবহার, ইহা পরমার্থ নহে। মহারাজ, তথাগতের প্রেম (আসক্তি) বিগত, স্নেহ বিগত; তথাগতের "আমার" বলিয়া
২০ উপলব্ধি নাই, কিন্তু তিনি গৃহীত হইয়া (অন্যের) আশ্রয় হইয়া থাকেন। মহারাজ, পৃথিবী যেমন ভূমিস্থিত জীবগণের প্রতিষ্ঠা ও আশ্রয়, এবং এই জীবগণ পৃথিবীস্থিত, কিন্তু মহাপৃথিবীর "ইহারা আমার" এই বলিয়া কোন অপেক্ষা থাকে না; এইরূপই মহারাজ, তথাগত সর্ব্বজীবের প্রতিষ্ঠা ও আশ্রয়, এই সমস্ত জীব তথাগতের অশ্রিত, কিন্তু তথাগতের "ইহারা আমার" এই বলিয়া কোন অপেক্ষা নাই।
২৫ অথবা যেমন অতিমহান্ মেঘ বর্ষণ করিয়া তৃণ-বৃক্ষ ও পশু-মনুষ্যের বৃদ্ধি সম্পাদন করে, ও (তাহাতে তাহাদের) সন্ততিকে রক্ষা করিয়া থাকে, এবং এই সমস্ত জীব বৃষ্টি-উপজীবী হয়, কিন্তু সেই মহামেঘের "ইহারা আমার" এই বলিয়া কোন অপেক্ষা থাকে না, এইরূপই মহারাজ, তথাগত সর্ব্বজীবের কুশল ধর্ম্ম উৎপাদন করেন ও তাহাদিগকে রক্ষা করেন, এবং এই সমস্ত জীব শাস্তার উপজীবী, কিন্তু তথাগতের

চে'ত্তে সত্তা সব্বে, ন চ তথাগতস্স মম্‌হে'তে'তি অপেক্‌খা হোতি। তং কিস্স হেতু? অত্তানুদিট্‌ঠিয়া পহীনত্তা'তি।'

'সাধু ভন্তে নাগসেন! সুনিব্বেঠিতো পঞ্‌হো বহুবিধেহি কারণেহি, গম্ভীরো উত্তানীকতো, গণ্‌ঠি ভিন্নো, গহনং অগহনং কতং, অন্ধকারো আলোকো কতো, ভগ্‌গা ৫ পরপ্পবাদা, জিনপুত্তানং চক্‌খুং উপ্পাদিত'ন্তি!'

৩১। 'ভন্তে নাগসেন, তুম্‌হে ভণথ—"তথাগতো অভেজ্জপরিসো'তি।" পুন চ ভণথ—"দেবদত্তেন একপ্পহারং পঞ্চ ভিক্‌খুসতানি ভিন্নানীতি।" যদি ভন্তে নাগসেন, তথাগতো অভেজ্জপরিসো, তেন হি "দেবদত্তেন একপ্পহারং পঞ্চ ভিক্‌খুসতানি ভিন্নানীতি যং বচনং তং মিচ্ছা। যদি "দেবদত্তেন একপ্পহারং পঞ্চ ভিক্‌খুসতানি ১০ ভিন্নানি," তেন হি "তথাগতো অভেজ্জপরিসো'তি" তম্'পি বচনং মিচ্ছা। অয়ম্'পি উভতোকোটিকো পঞ্‌হো তবানুপ্পত্তো গম্ভীরো দুন্নিবেঠিয়ো, গণ্‌ঠিতো'পি গণ্‌ঠিতরো।

"ইহারা আমার" বলিয়া কোন অপেক্ষা নাই। কি জন্য? কারণ তাঁহার আত্মানুদৃষ্টি (আমার বলিয়া দেখা) প্রহীণ হইয়াছে।'

'সাধু ভদন্ত নাগসেন! আপনি প্রশ্নকে উত্তমরূপে নিঃশেষরূপে বিবৃত করিয়াছেন, ১৫ গম্ভীরকে উত্তান করিয়াছেন, গ্রন্থিকে বিদীর্ণ ও গহনকে অগহন করিয়াছেন, অন্ধকারকে আলোক করিয়াছেন, পরকীয়বাদসমূহকে ভগ্ন করিয়াছেন, জিনপুত্রগণের চক্ষু উৎপাদন করিয়াছেন!'

পরিষদের ভেদ

৩১। 'ভদন্ত নাগসেন, আপনারা বলেন—"তথাগতের পরিষৎ অভেদ্য।" আবার ২০ বলিয়া থাকেন—"দেবদত্ত এক প্রহারে পঞ্চশত ভিক্ষুকে ভেদ করিয়াছিল।" ভদন্ত নাগসেন, যদি "তথাগতের পরিষৎ অভেদ্য," তাহা হইলে "দেবদত্ত এক প্রহারে পঞ্চ শত ভিক্ষুকে ভেদ করিয়াছিল," এই যে কথা, তাহা মিথ্যা। (আবার) যদি দেবদত্ত এক প্রহারে পঞ্চ শত ভিক্ষুকে ভেদ করিয়াছিল," তাহা হইলে "তথাগতের পরিষৎ অভেদ্য," এই কথাও মিথ্যা। ইহাও উভয়কোটিক প্রশ্ন, ইহা আপনার নিকট উপস্থিত- ২৫ হইয়াছে, ইহা গম্ভীর ও দুর্বিবরণীয়, গ্রন্থি হইতে গ্রন্থিতর; এই লোক ইহাতে আবৃত

এত্থায়ং জনো আবটো নিবুতো পিহিতো পরিয়োনদ্ধো, এত্থ তব ঞাণবলং দস্সেহি পরবাদেসূ'তি ?'

৩২। 'অভেজ্জপরিসো মহারাজ তথাগতো, দেবদত্তেন চ একপ্পহারং পঞ্চ ভিক্খুসতানি ভিন্নানি। তঞ্চ পন ভেদকস্স বলেন, ভেদকে বিজ্জমানে ন'ত্থি মহারাজ অভেজ্জং নাম। ভেদকে সতি মাতাপি পুত্তেন ভিজ্জতি, পুত্তো'পি মাতরা ভিজ্জতি; পিতাপি পুত্তেন ভিজ্জতি, পুত্তো'পি পিতরা ভিজ্জতি; ভাতাপি ভগিনিয়া ভিজ্জতি, ভগিনী'পি ভাতরা ভিজ্জতি; সহায়ো'পি সহায়েন ভিজ্জতি; নাবাপি নানাদারুসঙ্ঘটিতা উম্মিবেগসম্পহারেন ভিজ্জতি; রুক্খো'পি মধুরপ্পসম্পন্নফলো অনিলবেগাভিহতো ভিজ্জতি, সুবণ্ণম্'পি জাতিবন্তং লোহেন ভিজ্জতি। অপি চ মহারাজ, নে'সো অধিপ্পায়ো বিঞ্ঞূনং, নে'সা বুদ্ধানং অধিমুত্তি, নে'সো পণ্ডিতানং ছন্দো—তথাগতো ভেজ্জপরিসো'তি। অপিচে'ত্থ কারণং অত্থি, যেন কারণেন তথাগতো বুচ্চতি অভেজ্জপরিসো'তি। কতমং এত্থ কারণং ? তথাগতস্স মহারাজ, কতেন আদানেন বা, অপ্পিয়বচনেন বা, অনত্থচরিয়ায় ব,

পরিবৃত, আবেষ্টিত-আচ্ছাদিত ও পরিনিবদ্ধ হইয়া রহিয়াছে; পরকীয়বাদসমূহের

১৫ মধ্যে আপনি আপনার জ্ঞানবল প্রদর্শন করুন!'

৩২। 'মহারাজ, তথাগতের পরিষৎ অভেদ্য, এবং দেবদত্ত এক প্রহারে পঞ্চ শত ভিক্ষুকে ভেদ করিয়াছিল। কিন্তু তাহা ভেদকের বলে; মহারাজ, ভেদক বিদ্যমান থাকিলে অভেদ্য বলিয়া (কিছু) নাই। ভেদক থাকিলে মাতাও পুত্রের সহিত ভিন্ন হয়, পুত্রও মাতার সহিত ভিন্ন হয়; পিতাও পুত্রের সহিত ভিন্ন হয়,

২০ পুত্রও পিতার সহিত ভিন্ন হয়; ভ্রাতাও ভগিনীর সহিত ভিন্ন হয়, ভগিনীও ভ্রাতার সহিত ভিন্ন হয়; সহায়ও সহায়ের সহিত ভিন্ন হয়; নানাদারুসংঘটিত নৌকাও উর্মিবেগসম্প্রহারে ভিন্ন হয়; মধুসদৃশসম্পন্ন-(পক্ব)-ফল-শালী বৃক্ষও বায়ু-বেগাভিহত হইয়া ভিন্ন হয়; এবং উৎকৃষ্ট জাতির সুবর্ণও লৌহ দ্বারা ভিন্ন হয়। কিন্তু মহারাজ, বিজ্ঞগণের ইহা অভিপ্রায় নহে, বুদ্ধগণের ইহা আশয় নহে, এবং

২৫ পণ্ডিতগণের ইহা ভাবও নহে যে, তথাগতের পরিষৎ ভেদ্য। তথাগতের পরিষৎকে অভেদ্য বলা হয় কেন, তাহার কারণ আছে। কি কারণ ? মহারাজ, তথাগতের কোন দানগ্রহণ, বা অপ্রিয়বচন, বা অনর্থাচরণ, বা অসমানভাব, অথবা অপর কোন

অপমান'ত্ততায় বা, যতো কুতোচি চরিয়ং চরন্তস্স'পি পরিসা ভিন্না'তি ন সুতপুব্বং। তেন কারণেন তথাগতো বুচ্চতি অভেজ্জপরিসো'তি। তয়াপে'তং মহারাজ, ঞাতব্বং অত্থি কিঞ্চি নব'ঙ্গে বুদ্ধবচনে সুত্তাগতং—ইমিনা নাম কারণেন বোধিসত্তস্স কতেন তথাগতস্স পরিসা ভিন্না'তি ?'

'ন'ত্থি ভন্তে ; নো চে'তং লোকে দিস্সতি, নো'পি সুয়তি। সাধু ভন্তে নাগসেন ! এবমেতং, তথা সম্পটি'চ্ছামীতি।'

দুতিয়ো বগ্গো।

আচরণে পরিষৎ ভিন্ন হইয়াছে, ইহা পূর্ব্বে শ্রবণ করা যায় নাই ; এবং সেইজন্যই বলা হয় যে, তথাগতের পরিষৎ অভেদ্য। মহারাজ, আপনিও ইহা জানিবেন যে, নবাঙ্গ ১০ বুদ্ধবচনের মধ্যে এমন কি কিছু সূত্রের মধ্যে আগত হইয়াছে যে, বোধিসত্ত্বের কৃত এই কারণে তথাগতের পরিষৎ ভিন্ন হইয়াছে ?'

'না ভদন্ত ; লোকে ইহা দেখা যায় না, শুনাও যায় না। সাধু ভদন্ত নাগসেন ! ইহা এইরূপই ; আমি এইরূপই স্বীকার করিয়াছি।'

দ্বিতীয় বর্গ সমাপ্ত।